A SHORT VIEW

OF THE

WHOLE SCRIPTURE HISTORY

INCLUDING

AN ACCOUNT OF THE JEWS,

FROM THE TIME OF NEHEMIAH TO THAT OF JESUS

IN TWENTY-FOUR LECTURES,

WITH QUESTIONS AND ANSWERS ON EACH LECTURE,

BY MRS. TRIMMER.

TRANSLATED INTO BENGALEE,

BY

BABOO DWARKANAUTH BANERJEA,

Catechist, S. P. G.

WITH SOME ADDITIONAL MATTER.

CALCUTTA;

PRINTED BY BANAMALI DAS, NO. 8, N. E. TANK-SQUARE.

1843.

DEDICATION.

To the Rev. K. M. Banerjea, Minister of Christ Church, Cornwallis Square.

y Dear Sir,

In having obtained your permission to inscribe he following pages to you, I deem myself happy; or, whether I consider your situation as that of he first Native Minister of Bengal, or your usefulness in the department of translations, I think here are few persons to whom I could so approriately dedicate a Bengalee performance.

But what has induced me most to render you his humble though sincere tribute of respect, is he readiness with which you approved my intenion of publishing the work as soon as it was nnounced to you.

It were easy to lengthen this dedication by an numeration of your several excellent qualities, lid I not fear lest, by doing so, I should offer iolence to your feelings. I would, therefore, onclude with this earnest wish and prayer, that our life may be yet long spared to us, and that ou may still, as you have hitherto done, prove ourself a shining and burning light in your eneration.

I am, my dear sir,

Yours very sincerely

D. N. Banerjea

PREFACE.

The best excuse the translator has to offer to the public for undertaking a task which might otherwise have been well left to persons of more experience and better abilities, is the want he has often felt of helps of this kind for the instruction of Native Christians. The remark, however, is not made with a view to depreciate in any measure the several Bengalee publications with which we have been favored from time to time. These are all good and useful in their own places; but what is asserted here is that the Native Churches in Bengal have not yet been provided with a complete set of books in the vernacular languages, for the purpose of religious education. The truth of the assertion must be manifest to all who are engaged in this educational department of missionary labour. That there is, therefore, a great necessity for productions of this sort, at a time like the present, when hundreds and thousands may be numbered in several Native congregations, may perhaps be questioned only by those who either undervalue the advantages of education *in toto*, or contend for giving an exclusive English education to the people of this country. But however feasible and expedient such a plan of instruction might be deemed for the few of a promising character among the converts, and however fine the theory may appear of Anglicising the Natives, yet the greater part of them

must be taught through the medium of their own language, if any knowledge is to be actually imparted to them. The preparation, then, of a number of suitable treatises in Bengalee, for the use of Native Christians of this Presidency, becomes a matter of great importance as well as of duty. And this is the more necessary when we recollect that the majority of Readers and Assistant Teachers in the different missions are men of very little, if of any, information.

The chief reason why the translator preferred Mrs. Trimmer's Book to the other popular treatises is the simple and catechetical form in which it has been drawn. This intimation will no doubt be sufficient to justify the ground of his choice before those who know the original work; but, for the information of such as are not acquainted with it, he feels it right to give the following epitome. Mrs. Trimmer treats her subject in twenty-four lectures, with questions and answers on each lecture. The first twenty-two are devoted to the history of the Old Testament, including that period which connects it with the New; and the last two contain the history of the New Testament only. It should not, however, be omitted, that in order to render this valuable compendium of Scripture History as complete and useful as the limits of this work would allow, some additions have been made at the end of every lecture, with the characteristic mark of a crochet [ ]. Liberty has also been taken, for the sake of greater accuracy, to make slight alterations in certain places

From the circumstance of there being no authorized standard version of SS., the translator felt no small difficulty in the rendering of Scriptural names of persons, places, &c. But it is proper to mention that throughout this Book he has consulted the Serampore and Calcutta versions, and has much pleasure in stating that, with the exception of a few instances, he has followed one or other of these respectable and learned authorities.

As to the principle according to which this translation has been made, little need be said by the translator. Perspicuity has been the paramount consideration with him. On this account if he has not always tied himself up to a stiff, literal rendering, he hopes he has not proceeded to the opposite extreme of a pure paraphrase. In doing so he has acted in some measure in accordance with the sentiment couched in the well known words of that most polished Roman poet:

> Nec verbum verbo curabis reddere fidus
> Interpres ————————————

That the Author of every good and perfect gift may bless this humble effort, and make it an instrument of imparting an increased knowledge of Scripture History to those for whom it is principally intended, is, finally, the translator's fervent prayer.

Howrah, July 19, 1843.

ধর্ম্মগ্রন্থের ইতিহাসবিষয়ক উপদেশকথা।

প্রথম উপদেশ।

১—পরমেশ্বর প্রথম নর আদাম্‌কে ভূমির মৃত্তিকা হইতে সৃষ্টি করিয়া তাহার অন্তরে প্রাণবায়ু প্রবেশ করাইলে পর তিনি সজীব প্রাণী হইয়া উঠিয়াছিলেন। এবং সেই দিবসে পরমেশ্বর প্রথম নারী হবাহ্‌কে আদামের এক পঞ্জর হইতে নির্ম্মাণ করিয়াছিলেন। তদনন্তর তিনি তাহাদের দুই জনকে এদেন্‌ উদ্যান নামক মনোরম্য স্থানে রাখিয়া দিয়াছিলেন এই উদ্যান ঐহিক স্বর্গ সংজ্ঞায় অর্থাৎ সুখস্থান নামে কথিত হইয়াছে। আর এই সুখস্থানের সমুদায় উত্তম দ্রব্যাদি ভোগ করিতে এবং উদ্যানস্থিত সমস্ত অন্য২ বৃক্ষের ও তন্মধ্যস্থিত অমৃত বৃক্ষের ফল ভক্ষণ করিতে পরমেশ্বর আদাম্‌ ও হবাহকে অনুমতি করিয়াছিলেন। কিন্তু এদেন্‌ উদ্যানে অমৃত বৃক্ষের নিকটে সদসৎজ্ঞান-বৃক্ষ নামে আর এক যে বৃক্ষ ছিল তাহার ফল খাইতে তিনি তাহাদিগকে নিষেধ করিয়াছিলেন কেননা যখন তিনি তাহাদিগকে অন্য সকল বৃক্ষের ফল ভোজন করিতে অনুমতি

করিয়াছিলেন তখন তিনি কহিয়াছিলেন " কিন্তু সদসংজ্ঞানের যে বৃক্ষ তাহার ফল খাইবা না কারণ যে দিনে তাহা ভোজন করিবা সে দিনে মরিবা "।

প্রশ্ন. কি হইতে পরমেশ্বর জগতের সৃষ্টি করিয়াছিলেন ?

উত্তর. কিছু হইতে নহে.

প্র. পরমেশ্বরের এই প্রকার সকল বস্তুর সৃষ্টি কিছু না হইতে করা বিবেচনা করিলে কি তাহা অতি আশ্চর্য্য বোধ হইবেক না ?

উ. হাঁ অবশ্যই হইবেক.

প্র. এই কর্ম্মকে কি কহা যায় ?

উ. সৃষ্টির কর্ম্ম কহা যায়.

প্র. নর না নারীকে পরমেশ্বর প্রথমে সৃষ্টি করিয়াছিলেন ?

উ. নরকে.

প্র. কি হইতে তিনি তাহাকে সৃষ্টি করিয়াছিলেন ?

উ. ভূমির মৃত্তিকা হইতে.

প্র. তিনি তাহার অন্তরে কি প্রবেশ করাইয়াছিলেন ?

উ. প্রাণবায়ু প্রবেশ করাইয়াছিলেন.

প্র. তাহা করাইলে পর মনুষ্য কি হইয়া উঠিয়াছিলেন ?

উ. তিনি সজীব প্রাণী হইয়া উঠিয়াছিলেন.

প্র. পরমেশ্বর মনুষ্যকে সৃষ্টি করিয়া কোথায় রাখিয়া দিয়াছিলেন ?

উ. এদেন্ উদ্যানেতে রাখিয়া দিয়াছিলেন.

প্র. এদেন্ উদ্যান কি নামেতে বিখ্যাত হইয়াছে ?

উ. ঐহিক স্বর্গ নামে বিখ্যাত হইয়াছে.

প্র. স্বর্গ সংজ্ঞার অর্থ কি ?

উ. তাহার অর্থ সুখস্থান.

প্র. এদেন্ উদ্যানের মধ্যস্থলে যে দুই বৃক্ষ ছিল তাহাদের নাম কি২ ?

উ. অমৃত বৃক্ষ ও সদসংজ্ঞান বৃক্ষ.

প্র. এই বৃক্ষদ্বয়ের মধ্যে কোন্ বৃক্ষের ফল ভোজন করিতে পরমেশ্বর মনুষ্যকে নিষেধ করিয়াছিলেন ?

উ. সদসৎ জ্ঞানের বৃক্ষের ফল.

প্র. মনুষ্য তাহা ভোজন করিলে পর তাহার কিরূপ শাস্তি পাইবার কথা পরমেশ্বর কহিয়াছিলেন ?

উ. তাহার মরণরূপ শাস্তি পাইবার কথা.

প্র. আদাম্ স্বেচ্ছানুসারে কিং ভোগ করিতে অনুমতি পাইয়াছিলেন ?

উ. পূর্ব্বোক্ত বৃক্ষ ব্যতীত অন্য যে২ বৃক্ষ এদেন্ উদ্যানেতে ছিল সে সমস্ত ভোগ করিতে অনুমতি পাইয়াছিলেন

২— যে দুরাত্মা শয়তান ও ভূত নামে বিখ্যাত হইয়াছে সে প্রথমে এক জন তেজোময় দিব্য দূত ছিল কিন্তু আপনি অন্য২ অনেক গুলিন দূতেরদের সমভিব্যাহারে পরমেশ্বরের বিপক্ষে বিরুদ্ধাচার করিলে পর তিনি তাহাকে ও তাহার সহচরগণকে স্বর্গ হইতে দূরীকরণ পূর্ব্বক অনন্ত যন্ত্রণা ভোগের নিমিত্তে দুঃখ স্থানে বাস করিতে দণ্ডাজ্ঞা করিয়াছেন এই যাতনা স্থানের নাম নরক। ভূত ও তাহার দূতেরা পরমেশ্বরের ও সর্ব্বসুশীলতার দ্বেষ করিয়া থাকে এবং কোন প্রাণিকে সুখভোগ করিতে দেখিতে পারে না অতএব যখন সে আদাম্ ও খবাহ্কে এদেন্ সুখস্থানে বাস করিতে দেখিয়াছিল তখন সে আশু তাহাদের সৌভাগ্যের হানি করিতে ও তাহাদিগকে নিজ যন্ত্রণার স্থলে আনিতে চেষ্টা পাইবার মনস্থ করিয়াছিল এবং আপনার মনস্কামনা পূর্ণ করিবার জন্য তাহাদিগকে পরমেশ্বরের আজ্ঞা লঙ্ঘন করিতে

কুপ্রবৃত্তি দিতে প্রতিজ্ঞা করিয়াছিল। কিন্তু সে প্রতারক ও মিথ্যাবাদী এবং আপন ব্যাপার সকল শঠতাপূর্ব্বক সাধন করিতে ভাল বাসে সুতরাং সে নিজমূর্ত্তিত্যাগ করত সর্পের ছদ্মবেশে তাহাদের নিকটে প্রকাশ পাইয়াছিল তাহাতে মনুষ্যজাতি ভিন্ন অন্য কোন জীবের বাক্‌শক্তি নাই ইহা খবাহ্ বিবেচনা না করিয়া জ্ঞানবৃক্ষের ফলের বিষয়ে সে যে প্রশংসার কথা কহিয়াছিল তাহা বাস্তব সর্পের কথা জ্ঞান করত বিশ্বাস করিয়াছিলেন। ফলতঃ শয়তানই আপনি তাহাকে বলিয়াছিল যে "ঐ বৃক্ষের ফল সুখাদ্য ও জ্ঞানপ্রদানার্থে বাঞ্ছনীয়" আরও সে তাহাকে কহিয়াছিল "তুমি ও তোমার স্বামী উহার ফল ভোজন করিলে তোমরা অবশ্য মরিবা না বরং স্বয়ং পরমেশ্বরের ন্যায় জ্ঞানী হইবা"। যদিও সর্পের কথা পরমেশ্বরের বাক্য ও আজ্ঞার সম্যক্‌রূপে বিপরীত তত্রাপি খবাহ্ তদনুসারে নিষিদ্ধ বৃক্ষের ফল পাড়িয়া ভোজন করত তাহার কিছু আপন স্বামিকে দিলে পর তিনিও তাহা ভক্ষণ করিয়াছিলেন। এই প্রকারে তাহারা উভয়ে পাপ করিলে পরমেশ্বর তাহাদিগকে মৃত্যুবশী করিয়াছিলেন কেননা মৃত্যুই পাপের শাস্তি। তাহার পর তিনি তাহাদিগকে এদেন্ সুখস্থান হইতে দূর করিয়া দিয়াছিলেন এবং তাহারা সেই স্থানে পুনরাগমন করিয়া অমৃত বৃক্ষের ফল যেন না খাইতে পারেন এজন্যে তিনি তদ্রক্ষার্থে তেজোময় খড়্গধারী কিরূবগণকে অর্থাৎ দূতদিগকে নিযুক্ত করিয়াছিলেন। মনুষ্য যেরূপে আপনার নির্দোষাবস্থা ও সুখে বঞ্চিত হইয়া পৃথিবীতে মৃত্যু আনিয়াছিলেন তাহার এই বৃত্তান্ত। এই দুঃখের অবস্থাকেই পতনাবস্থা কহিয়া থাকে। কিন্তু এদেন্ সুখস্থান হইতে আদাম্ ও খবাহ্‌কে

দূর করিয়া দিবার পূর্ব্বে পরমেশ্বর তাহাদিগকে অনুগ্রহ পূর্ব্বক অঙ্গীকার করিয়াছিলেন "নারীর বংশে সর্পের মস্তক আঘাত করিবেক"। এই অঙ্গীকৃত বচনের অর্থ এই যে কুমারীর গর্ব্ভে ত্রাণকর্ত্তা জাত হওত ভূতের কার্য্য বিনাশ করত নরকুলকে তাহার অধীনতা হইতে উদ্ধার করিবেন।

প্রশ্ন. কে সর্পের ছদ্মবেশ ধারণ করিয়াছিল ?

উত্তর. ভূত করিয়াছিল.

প্র. ভূত কে ?

উ. সে পতিত দুরাত্মাদের অধ্যক্ষ.

প্র. সর্পের ছদ্মবেশে ভূত খবাহ্কে কি করিতে কুপ্রবৃত্তি দিয়াছিল ?

উ. সে তাহাকে জ্ঞানবৃক্ষের ফল ভক্ষণ করিতে কুপ্রবৃত্তি দিয়াছিল.

প্র. সেই ফল ভক্ষণ করিতে খবাহ্ কাহাকে লওয়াইয়াছিলেন ?

উ. আপনার স্বামিকে লওয়াইয়াছিলেন.

প্র. কে তাহার স্বামী ছিলেন ?

উ. আদাম্.

প্র. তাহারা জ্ঞানবৃক্ষের ফল ভোজন পূর্ব্বক কাঁহার আজ্ঞা লঙ্ঘন করিয়াছিলেন ?

উ. পরমেশ্বরের আজ্ঞা.

প্র. পরমেশ্বরের আজ্ঞা লঙ্ঘন করাতে তাহারা কি করিয়াছিলেন ?

উ. পাপ করিয়াছিলেন.

প্র. তাহার জন্যে পরমেশ্বর তাহাদের বিপক্ষে কি দণ্ডাজ্ঞা করিয়াছিলেন ?

উ. মরণরূপ দণ্ডাজ্ঞা করিয়াছিলেন.

প্র. আদাম্ ও খবাহ্ পাপ করিলে পর পরমেশ্বর কি তাহাদিগকে এদেন্ সুখস্থানে থাকিতে দিয়াছিলেন ?

উ. না দেন নাই.

প্র. এদেন্ সুখস্থান হইতে দূর করিয়া দিবার পূর্ব্বে পরমেশ্বর তাহাদিগকে কি অঙ্গীকার করিয়াছিলেন ?

উ. নারীর বংশে সর্পের মস্তক আঘাত করিবেক এই অঙ্গীকার করিয়াছিলেন.

প্র. নারীর বংশ এই সংজ্ঞায় কাহাকে বুঝায়?

উ. আমাদের ত্রাণকর্ত্তাকে বুঝায়.

প্র. সর্প এই সংজ্ঞায় কাহাকে বুঝায় ?

উ. ভূতকে বুঝায়.

প্র. আদাম্ ও খবাহ্ যেন অমৃত বৃক্ষের নিকটে গমন না করিতে পারেন এজন্যে পরমেশ্বর কাহারদিগের এদেন্ উদ্যানের দ্বারের রক্ষাকর্ম্মে নিযুক্ত করিয়াছিলেন ?

উ. তেজোময় খড়্গধারী ক্রিরূবগণকে.

প্র. কিরূব্গণ এই সংজ্ঞায় কাহারদিগকে বুঝায় ?

উ. দূতদিগকে বুঝায়.

৩— এদেন্ সুখস্থান হইতে আদাম্ ও খবাহ্ দূর হইলে পর কৈন্ নামে তাহাদের এক সন্তান জন্মিয়াছিল তদনন্তর হাবেল্ নামে তাহাদের আর এক সন্তান হইয়াছিলেন। হাবেল্ বয়ঃপ্রাপ্ত হইলে মেষপালকের কর্ম্ম করিতে প্রবর্ত্ত হইয়াছিলেন কিন্তু কৈন্ ভূমির চাষ কর্ম্ম অর্থাৎ কৃষকের কর্ম্ম করিত। আদাম্ ও খবাহ্ পাপ করিলে পর পরমেশ্বর মনুষ্যগণকে বলিদানের নিয়ম পালন করিতে অর্থাৎ মেষশাবক বধ করত তাঁহার উদ্দেশে নিবেদন করিয়া দিতে আজ্ঞা করিয়াছিলেন। অপর কৈন্ মেষশাবক বলিদান না করিয়া ভূমির ফলের

এক নৈবেদ্য প্রস্তুত করিয়া নিবেদন করিয়া দিয়াছিল কিন্তু হাবেল্ আপনার পালের মধ্যে হইতে এক উৎকৃষ্ট মেষশাবক আনিয়া বলিদান করিয়াছিলেন তাহাতে পরমেশ্বর সেই বলি গ্রহণ করিয়াছিলেন যেহেতুক তাহা বিহিতরূপে অর্পিত হইয়াছিল কিন্তু তিনি কৈনের নৈবেদ্য অগ্রাহ্য করিয়াছিলেন কেননা তাহা তাঁহার নিয়োগানুসারে না হইয়া তাহার আপনার মতানুসারে অর্পিত হইয়াছিল। এই সময়াবধি কৈন্ নিজ ভ্রাতার প্রতি দ্বেষ করিতে আরম্ভ করিয়াছিল এবং যখন এক দিবস তাহারা কেবল দুই জনে একত্রে ক্ষেত্রেতে ছিল কৈন্ দুষ্টতাপূর্ব্বক হাবেল্‌কে বধ করিয়াছিল আর সে মনে২ ভাবিয়াছিল যে এ দুষ্কর্ম্ম গোপনে হইবাতে কেহ তাহা দেখিতে পায় নাই। কিন্তু তাহা পরমেশ্বরের অগোচর ছিল নাই তিনি তাহাকে তন্নিমিত্তে শাস্তি দিবার অভিপ্রায়ে আপন বন্ধু বান্ধববর্গ হইতে পৃথক্ করিয়া কেবল নিজ স্ত্রীর সমভিব্যাহারে দূর করিয়া দিয়াছিলেন এবং তাহাকে সর্ব্বত্রে পর্য্যটনকারী ও ভ্রমণকারী হইয়া বেড়াইতে শাপ দিয়াছিলেন তাহাতে কেহ তাহার সহিত বাস করিতে চাহিত না। পুনশ্চ পরমেশ্বর তাহার মস্তকেতে এক চিহ্ন করিয়া দিয়াছিলেন ইহা দ্বারা লোকে তাহাকে আপন ভ্রাতার হত্যাকারী করিয়া জানিতে পারিত সুতরাং সে সদা আপনার প্রাণসংশয়ে শঙ্কাকুল থাকিত। এই প্রকারে সে অত্যন্ত দুঃখে পৃথিবীতে কাল যাপন করিয়াছিল কিন্তু তাহার সাধু ভ্রাতা হাবেল্ নিজ দুঃখভোগের জন্যে স্বর্গগমনরূপ পুরস্কার পাইয়াছিলেন।

প্রশ্ন. আদাম্ ও খবাহের প্রথম দুই সন্তানের নাম কিং ?

উত্তর. কৈন্ ও হাবেল্.

প্র. কৈন্ কি দুষ্কর্ম্ম করিয়া আপনাকে অপরাধী করিয়াছিল ?

উ. আপনার ভ্রাতার বধরূপ দুষ্কর্ম্ম.

প্র. কেন সে আপন ভ্রাতাকে বধ করিয়াছিল ?

উ. কারণ পরমেশ্বর তাহাকে ভাল বাসিতেন.

প্র. কেন পরমেশ্বর তাহাকে ভাল বাসিতেন ?

উ. কেননা তিনি সাধু ছিলেন.

প্র. কৈন্কে কি পরমেশ্বর এতাদৃশ দুষ্কর্ম্মের জন্যে শাস্তি দেন নাই ?

উ. হুঁা শাস্তি দিয়াছিলেন.

প্র. পরমেশ্বর হাবেল্কে কিরূপে পুরস্কার করিয়াছিলেন ?

উ. তাহাকে স্বর্গেতে লইয়া পুরস্কার করিয়াছিলেন.

৪— হাবেলের মরণানন্তর আদাম্ ও খবাহের শেথ্ নামে আর এক পুত্র জন্মিয়াছিলেন এই ব্যক্তি অতি সাধু মানুষ ছিলেন। তাহার পর তাহাদের পুত্র কন্যা করিয়া অন্য অনেকানেক সন্তান সন্ততি হইয়াছিল এবং এই সন্তান সন্ততিগণ বয়ঃপ্রাপ্ত হইলে তাহাদের হইতে পরম্পরা অনেক বৎসরাবধি বহু পরিবারের বৃদ্ধি হইবাতে অবশেষে পৃথিবীতে অধিক লোকারণ্য হইয়া উঠিয়াছিল। আদাম্ ৯৩০ বৎসর বাঁচিয়াছিলেন এবং তাহার সন্তান সন্ততি পৌত্র প্রপৌত্র প্রভৃতি সকলেই আধুনিক লোকাপেক্ষা অধিক দিন্ বাঁচিয়াছিলেন। শেথের বংশোদ্ভব মিথূশেলথ্ নামে এক জন মানুষ ৯৬৯ বৎসর বাঁচিয়াছিলেন এই মিথূশেলথের ন্যায় দীর্ঘায়ুঃ পৃথিবীতে কেহ হয় নাই।

শেথের বংশোদ্ভব খনোক্ নামে আর এক জন সাধু মানুষ ছিলেন তাহাকে ধর্ম্মপ্রচারক কহা যায় কেননা তিনি অন্য ব্যক্তি- দিগকে ধার্ম্মিক হইয়া কালক্ষেপ করত পরমেশ্বরের ও মনুষ্যের প্রতি কর্ত্তব্য আচার করিতে প্রবৃত্তি দিতেন। তাহার প্রতি পর- মেশ্বর এমত প্রসন্ন হইয়াছিলেন যে তিনি সশরীরে স্বর্গে গমন করিয়াছিলেন। শেথের বংশজাত আর এক ব্যক্তিকেও ধর্ম্ম প্রচারক কহা যায় তাহার নাম নোথ এই ব্যক্তির তিন পুত্র হইয়াছিল সেই পুত্রেরদের নাম শেম্ থাম্ যাফেথ্।

শেথ্ ও তাহার পরিবার পৃথিবীর যে ভাগে বসতি করিত কৈন্ তদ্ভিন্ন ভাগেতে বাস করিত তাহার ও সন্তান সন্ততি পৌত্র প্রপৌত্রাদি হইয়াছিল ইহারা সকলেই অসৎ লোক ছিল ও ইহাদের মধ্যে কতিপয় ব্যক্তি শিল্পকর ও কারিকরের কর্ম্মে অতিদক্ষ ছিল এবং ইহাদের মধ্যে এক জনের নাম যাবাল্ এই ব্যক্তি বাস করণার্থে তাম্বু গৃহের সৃষ্টি করে। আর ইহা- দের মধ্যে যূবাল্ নামে যে অন্য এক ব্যক্তি ছিল সে বীণা ও বংশী যন্ত্রের সৃষ্টি করে। পুনশ্চ ইহাদের মধ্যে যাহাকে তূবল্ কৈন্ বলে সে পিত্তল ও লৌহের যন্ত্রের সৃষ্টি করে।

প্রশ্ন. হাবেলের পরিবর্ত্তে আদাম্ ও খবাহের যে পুত্র হইয়াছিলেন তাহার নাম কি?

উত্তর. শেথ্ তাহার নাম.

প্র. পরমেশ্বর কি আদাম্‌কে অনেক বৎসর বাঁচাইয়া রাখি- য়াছিলেন?

উ. হাঁ, রাখিয়াছিলেন

প্র. কোন্ ব্যক্তি পৃথিবীতে সর্ব্বাপেক্ষা অধিক দীর্ঘায়ুঃ হইয়া বাঁচিয়াছিলেন

উ. মিথূশেলখ্.

প্র. যে সাধু ব্যক্তি সশরীরে স্বর্গে নীত হইয়াছিলেন তাহার নাম কি?

উ. খনোক্ তাহার নাম.

প্র. খনোক্‌কে কি কহা যায়?
উ. ধর্ম্মপ্রচারক কহা যায়.
প্র. কেন খনোক্ স্বর্গেতে নীত হইয়াছিলেন?
উ. কেননা পরমেশ্বর তাহার প্রতি প্রসন্ন ছিলেন.
প্র. শেথের বংশোদ্ভব যে আর এক জন সাধু ব্যক্তির তিন পুত্র ছিল তাহার নাম কি?
উ. নোখ.
প্র. নোখের পুত্রেরদের নাম কিং?
উ. শেম্ খাম্ যাফেথ্.
প্র. কৈনের সন্তান সন্ততিদের মধ্যে কেহ কি ভাল মানুষ ছিল?
উ. না ছিল না.
প্র. তাহাদের মধ্যে কেহ কি শিল্পকর ও কারিকরের কর্ম্মে দক্ষ ছিল?
উ. হাঁ ছিল.
প্র. যাবাল্ কিসের সৃষ্টি করে?
উ. তাম্বু গৃহের সৃষ্টি করে.
প্র. যূবাল্ কিসের সৃষ্টি করে?
উ. বীণা ও বংশী যন্ত্রের সৃষ্টি করে.
প্র. তূবল্ কৈন্ কিসের সৃষ্টি করে?
উ. পিত্তল ও লৌহের যন্ত্রের সৃষ্টি করে.
[প্র. পরমেশ্বর কয়দিনে সৃষ্টি কর্ম্ম সমাপ্ত করিয়াছিলেন?
উ. ছয় দিনে করিয়াছিলেন.
প্র. প্রথম দিনে তিনি কি করিয়াছিলেন?
উ. প্রথম দিনে তিনি দীপ্তিকে অন্ধকার হইতে পৃথক্ করিয়া তদুভয়ের নাম দিবা ও রাত্রি রাখিয়াছিলেন.
প্র. দ্বিতীয় দিনে তিনি কি করিয়াছিলেন?
উ. দ্বিতীয় দিনে তিনি আকাশ ও মেঘের সৃষ্টি করিয়াছিলেন.
প্র. তৃতীয় দিনে তিনি কি করিয়াছিলেন?
উ. তৃতীয় দিনে তিনি স্থলকে জলরাশি হইতে পৃথক্ করিয়া ভূমির উপরে বৃক্ষ তৃণাদি উৎপন্ন করিয়াছিলেন.

প্র. চতুর্থ দিনে তিনি কি করিয়াছিলেন ?

উ. চতুর্থ দিনে তিনি সূর্য্য চন্দ্র নক্ষত্রাদির সৃষ্টি করিয়াছিলেন.

প্র. পঞ্চম দিনে তিনি কি করিয়াছিলেন ?

উ. পঞ্চম দিনে তিনি পক্ষিগণ ও মৎস্যাদির সৃষ্টি করিয়াছিলেন.

প্র. ষষ্ঠ দিনে তিনি কি করিয়াছিলেন ?

উ. ষষ্ঠ দিনে তিনি উরোগামী জন্তু ও পশ্বাদি এবং মনুষ্যের সৃষ্টি করিয়াছিলেন.

প্র. পক্ষিগণ ও মৎস্যাদির সৃষ্টি তিনি কি হইতে করিয়াছিলেন ?

উ. জল হইতে করিয়াছিলেন.

প্র. উরোগামী জন্তু ও পশ্বাদি এবং মনুষ্যের সৃষ্টি তিনি কি হইতে করিয়াছিলেন ?

উ. স্থল হইতে করিয়াছিলেন.

প্র. সপ্তম দিনে তিনি কি করিয়াছিলেন ?

উ. ছয় দিনে সৃষ্টি কর্ম্ম সমাপ্ত করিয়া সপ্তম দিবসে তিনি বিশ্রাম করিয়াছিলেন অতএব তিনি সেই দিন পবিত্র শাবত অর্থাৎ বিশ্রাম বার করিয়া পালন করিতে আজ্ঞা করিয়াছিলেন.

প্র. এই বিশ্রাম বারের নাম কি ?

উ. শনিবার কিন্তু খ্রীষ্টীয় লোকেরা এক্ষণে রবিবার বিশ্রাম দিন করিয়া পালন করিয়া থাকে.]

দ্বিতীয় উপদেশ।

১—নোহের সময়ে মনুষ্য সন্তানগণ অত্যন্ত দুষ্ট হইয়া উঠিয়াছিলেন কিন্তু তিনি অতি সাধু লোক ছিলেন অতএব তাহার প্রতি পরমেশ্বরের অনুগ্রহ ছিল। পরমেশ্বর তাহাকে বলিয়াছিলেন যে জলপ্লাবনদ্বারা সকল দুষ্ট লোকদিগকে সংহার করিলে আমি তোমাকে ও তোমার পরিজনকে বাচাইয়া রাখিব। তদনন্তর তিনি তাহাকে আর্ক্ অর্থাৎ এক বিশেষ নৌকা নির্ম্মাণ করিতে আজ্ঞা করিয়াছিলেন। এই নৌকার আকৃতি গৃহের আকৃতির ন্যায় ছিল এবং যেন জল তাহার ভিতরে না যাইতে পারে এতদর্থে তাহার বাহিরে ও ভিতরে ধুনার লেপ দেওয়া গিয়াছিল। অপর জলপ্লাবনদ্বারা পৃথিবীর বিনাশের নিরূপিত সময় উপস্থিত হইলে পরমেশ্বর নোহকে আপন স্ত্রীর ও শেম্ হাম্ যাফেথ্ নামে তিন পুত্রেরদের ও পুত্রবধূগণের সমভিব্যাহারে প্রস্থান করত নৌকারোহণ করিতে আজ্ঞা করিয়াছিলেন এবং তিনি তাহাকে গমন কালে পৃথিবীস্থ তাবৎ জীব জন্তুর দুইটা২ করিয়া সঙ্গে লইয়া যাইতে আদেশ করিয়াছিলেন। আর পরমেশ্বর নোহের স্থানে সমস্ত জীব জন্তু প্রেরণ* করিয়াছিলেন যেহেতুক সেসকলকে তাহার নিজে একত্রে পাইবার সম্ভাবনা ছিল নাই। অতএব

যখন নোখ সপরিবারে নৌকারোহণ করিয়াছিলেন তখন তাহার সঙ্গে সেই জীব জন্তুগণও তথায় গমন করয়াছিল। আরও পরমেশ্বর তাহাকে সর্ব্বপ্রকার খাদ্য দ্রব্য নৌকাতে লইয়া যাইতে আদেশ করিয়াছিলেন তাহাতে যেন প্রত্যেক প্রাণী আপনার উপযুক্ত খাদ্য পাইয়া জীবন ধারণ করিতে পারে। এইরূপে তাবৎ বিষয় নিষ্পন্ন হইলে পরমেশ্বর তাহাদের সকল-কে নৌকার মধ্যে বদ্ধ করিয়া রাখিয়াছিলেন। অতঃপর পর-মেশ্বর চল্লিশ দিবা রাত্রি অবিশ্রামে ভূমির মধ্য হইতে জল উঠাইতে ও আকাশ হইতে বারি বর্ষণ করিতে আরম্ভ করিয়া-ছিলেন সুতরাং অবশেষে সমুদায় পৃথিবী জলে মগ্ন হইয়া গেলে নোখের নৌকা অতি উচ্চ পর্ব্বতের চড়ার উপরে ভাসিয়াছিল। আর নোখ ব্যতিরেকেও তাহার সহিত যাহারা নৌকাতে ছিল তাহারা ভিন্ন পৃথিবীস্থ তাবৎ প্রাণী জলপ্লাবনের দ্বারা বিনষ্ট হইয়াছিল। তদনন্তর পরমেশ্বর প্রচণ্ড বায়ু বহাইবাতে জল শুকাইয়া গিয়াছিল এবং বৃষ্টির নিবৃত্তি হইলে পর পৃথিবী শুষ্ক হইয়াছে কি না তাহা জানিবার জন্যে নোখ নৌকা হইতে বাহিরে এক দাঁড়কাক উড়াইয়া দিয়াছিলেন কিন্তু সে পক্ষী পুনর্ব্বার তাহার নিকটে আগমন করে নাই। ইহার সাত দিন পরে তিনি আরবার নৌকা হইতে বাহিরে এক ঘুঘুকে উড়াইয়া দিলে সে চঞ্চুতে করিয়া জিত বৃক্ষের এক পত্র লইয়া তাহার নিকটে ফিরিয়া আসিয়াছিল তাহাতে করিয়া তিনি জানিতে পারিয়াছিলেন যে পৃথিবীতে পুনর্ব্বার বৃক্ষাদি জন্মিতেছে। পরে সাত দিবস গত হইলে পর তিনি দ্বিতীয় বার সেই ঘুঘুকে উড়াইয়া দিলে সে পৃথিবীকে সুখদ পাইয়া তাহার

নিকটে নৌকাতে আর ফিরিয়া আসে নাই। পরন্তু যখন পৃথিবী সম্যক্‌রূপে শুষ্ক হইয়াছিল তখন পরমেশ্বর নোখকে আজ্ঞা করিয়াছিলেন তুমি আপন পরিজনের সমভিব্যাহারে অন্যং জীব জন্তু সমস্ত সঙ্গে লইয়া নৌকা হইতে বাহির হইয়া যাও। অতএব তাহারা সকলে শুষ্ক ভূমিতে নামিলে পর তিনি তাঁহার উদ্দেশে হোম করিয়াছিলেন এই হোম যে তাঁহার গোচরে গ্রাহ্য হইবেক তাহা তিনি পূর্ব্বে জানিতেন। আর আপনাদের আশ্চর্য্য উদ্ধারের নিমিত্ত তিনি ও তাহার পরিজন পরমেশ্বরের ধন্যবাদ করিয়াছিলেন। ইহার পর পরমেশ্বর তাহাদের ও সমস্ত প্রাণির সহিত নিয়ম করত অঙ্গীকার করিয়াছিলেন যে আমি আর কখন জলপ্লাবনদ্বারা পৃথিবীর বিনাশ করিব না। এতদ্ভিন্ন পরমেশ্বর নোখকে কহিয়াছিলেন আমি যে নিয়ম স্থির করিলাম তাহার চিহ্নস্বরূপে আপন ধনুক মেঘে স্থাপন করিব তাহাতে যেন জলপ্লাবনের কথা লোকে কদাচ বিস্মৃত না হয়। এই ধনুককে খধনুঃ কহা যায়।

প্রশ্ন. যখন পৃথিবীর অন্য সকল মানুষ দুষ্ট হইয়াছিল তখন কোন্ ব্যক্তি নিজ পরিবারের সহিত পরমেশ্বরের উপাসনা করিয়াছিলেন ?

উত্তর. নোখ করিয়াছিলেন.

প্র. পরমেশ্বর কি তাহার প্রতি অনুগ্রহ প্রকাশ করিয়াছিলেন ?

উ. হাঁ, করিয়াছিলেন.

প্র. পরমেশ্বর আপনার কি করিবার কথা তাহাকে জ্ঞাপন করিয়াছিলেন ?

উ. পরমেশ্বর পৃথিবীর উপর জলপ্লাবন আনিবার কথা তাহাকে জ্ঞাপন করিয়াছিলেন.

প্র. তিনি তাহাকে কি নির্ম্মাণ করিতে আদেশ করিয়াছিলেন ?

উ. আর্ক অর্থাৎ এক বিশেষ নৌকা.

প্র. নোখ কি তাহা করিয়াছিলেন ?

উ. হাঁ, করিয়াছিলেন.

প্র. কোন২ স্ত্রী ও পুরুষ লোকদিগকে সঙ্গে করিয়া লইয়া নৌকারোহণ করিতে তাহাকে পরমেশ্বর আজ্ঞা করিয়াছিলেন ?

উ. আপনার স্ত্রীকে ও পুত্রেরদিগকে এবং পুত্রবধূগণকে.

প্র. জীব জন্তুর কয়টা২ করিয়া সঙ্গে লইতে পরমেশ্বর তাহাকে আজ্ঞা করিয়াছিলেন ?

উ. প্রত্যেক জাতির দুইটা২ করিয়া সঙ্গে লইতে আজ্ঞা করিয়াছিলেন.

প্র. নোখ কেমন করিয়া তাহাদিগকে একত্রে পাইয়াছিলেন ?

উ. পরমেশ্বর তাহাদিগকে তাহার নিকটে প্রেরণ করিয়াছিলেন.

প্র. এই সকল জীব জন্তুর আহারার্থে নোখকে কিং খাদ্য দ্রব্য সঙ্গে লইতে হইয়াছিল ?

উ. সর্ব্বপ্রকার খাদ্য দ্রব্য.

প্র. পরমেশ্বর তাহাকে যাহা২ আজ্ঞা করিয়াছিলেন সে সমস্ত কি তিনি করিয়াছিলেন ?

উ. হাঁ করিয়াছিলেন.

প্র. নোখ ও তাহার পরিজন এবং জীব জন্তু সমস্ত নৌকারোহণ করিলে পর পরমেশ্বর কি করিয়াছিলেন ?

উ. তিনি তাহাদিগকে তাহার মধ্যে বদ্ধ করিয়া রাখিয়াছিলেন.

প্র. কি প্রকারে জলপ্লাবন হইয়াছিল ?

উ. পৃথিবীতে চল্লিশ দিবা রাত্রি অবিশ্রামে বৃষ্টি হইয়ে তাহা হইয়াছিল.

প্র. সমুদায় পৃথিবী কি জলে মগ্ন হইয়াছিল ?

উ. হাঁ। হইয়াছিল.

প্র. নোখের নৌকা কি হইয়াছিল ?

উ. তাহা অত্যুচ্চ পর্ব্বতের চূড়ার উপরে ভাসিয়াছিল.

প্র. জলপ্লাবনদ্বারা কিং বিনষ্ট হইয়াছিল?

উ. সমস্ত জীবজন্তু বিনষ্ট হইয়াছিল.

প্র. মনুষ্যকুলের মধ্যে কি কেহ তাহা হইতে রক্ষা পান নাই ?

উ. হাঁ কেবল নোখ ও তাহার নৌকাস্থিত সঙ্গিগণ রক্ষা পাইয়াছিলেন.

প্র. কয় জন লোক নৌকাতে ছিলেন ?

উ. অষ্ট জন লোক তাহাতে ছিলেন.

প্র. তাহারা কেং ?

উ. নোখ ও তাহার স্ত্রী এবং তাহার তিন পুত্র ও তাহাদের তিন স্ত্রী.

প্র. যাহারা নৌকাতে ছিল পরমেশ্বর কি তাহাদের তত্ত্বাবধারণ করিয়াছিলেন?

উ. হাঁ। তিনি তাহা করিয়াছিলেন.

প্র. সকল দুষ্ট লোক জলপ্লাবনদ্বারা বিনষ্ট হইলে পর পৃথিবীর উপরে জল শুকাইবার জন্যে পরমেশ্বর কি প্রেরণ করিয়াছিলেন ?

উ. তিনি প্রবল বায়ু প্রেরণ করিয়াছিলেন.

প্র. কোন্ পক্ষিকে নোখ প্রথমবার নৌকাহইতে বাহিরে উড়াইয়া দিয়াছিলেন ?

উ. তিনি প্রথম বার এক দাঁড়কাককে উড়াইয়া দিয়াছিলেন.

প্র. সে পক্ষী কি তাহার নিকটে ফিরিয়া গিয়াছিল ?

উ. না সে যায় নাই.

প্র. তিনি অন্য এক কোন্ পক্ষিকে নৌকা হইতে বাহিরে উড়াইয়া দিয়াছিলেন?

উ. তিনি এক ঘুঘুকে উড়াইয়া দিয়াছিলেন.

প্র. যখন সেই ঘুঘু আর বার তাহার নিকটে ফিরিয়া আসিয়াছিল তখন সে নিজ চঞ্চুতে করিয়া কি আনিয়াছিল?

উ. সে জিত বৃক্ষের এক পত্র আনিয়াছিল.

প্র. সে কি তৃতীয়বার ফিরিয়া আসিয়াছিল?

উ. না সে আসে নাই.

প্র. নোখ এবং তাহার সঙ্গিগণে কি পৃথিবীকে পুনর্ব্বার শুষ্ক দেখিয়া হৃষ্টচিত্ত হন্ নাই?

উ. হাঁ হইয়াছিলেন.

প্র. নৌকাতে নোখকে এবং তাহার পরিজনকে পরমেশ্বরের তত্ত্বাবধারণ করাতে কি উপলব্ধি হইতেছে?

উ. এই উপলব্ধি হইতেছে যে তিনি দুষ্ট লোকদিগকে ঘৃণা করিয়া থাকেন.

প্র. জলপ্লাবনানন্তর নোখ কি নৌকা হইতে বাহির হইয়া গিয়াছিলেন?

উ. হাঁ তিনি গিয়াছিলেন.

প্র. নোখ নৌকা হইতে বাহির হইয়া আইলে পর পরমেশ্বর কি অঙ্গীকার করিয়াছিলেন?

উ. তিনি এই অঙ্গীকার করিয়াছিলেন যে আমি আর কখন জলপ্লাবনদ্বারা পৃথিবীর বিনাশ করিব না.

প্র. এই অঙ্গীকারের কি কোন চিহ্ন তিনি স্থির করিয়াছিলেন?

উ. হাঁ তিনি ধধনুককে তাহার চিহ্ন করিয়া স্থির করিয়াছিলেন.

২—জলপ্লাবনের পরে নোখের তিন পুত্ত্র শেম্ খাম্ যাফেথের সন্তান সন্ততি হইয়াছিল এবং এই সন্তান সন্ততিগণে বয়ঃপ্রাপ্ত হইলে তাহাদের হইতে পরম্পরা অনেক বৎসরাবধি বহু পরি-

বারের বৃদ্ধি হইবাতে পৃথিবীতে পুনর্ব্বার অতিশয় জনতা হইয়া উঠিয়াছিল। কিন্তু ইহাদের মধ্যে অধিকাংশ লোক অতি দুষ্ট ও অহঙ্কৃত ছিল এবং তাহারা কহিয়াছিল "পরমেশ্বর আমাদিগকে নষ্ট করিবেন না" অতএব তাহারা এক অত্যন্ত উচ্চ গৃহ নির্ম্মাণ করিতে প্রবর্ত্ত হইয়াছিল। আর তাহারা মনে২ করিয়াছিল যে যদি কোন কালে পুনরায় জলপ্লাবন হয় তবে আমরা এই গৃহ দিয়া স্বর্গেতে আরোহণ করিব। কিন্তু পরমেশ্বর ভাষাভেদ দ্বারা তাহাদিগকে শাস্তি দিয়াছিলেন অর্থাৎ তাহারা যে২ শব্দ পূর্ব্বে জানিত সে সমস্তের তিনি তাহাদের বিস্মরণ করিয়া দিয়াছিলেন ও সকল দ্রব্যের নূতন২ সংজ্ঞা তাহাদিগকে প্রয়োগ করাইয়াছিলেন সুতরাং তাহারা পরস্পরের কথা কিছু বুঝিতে পারে নাই। এজন্য তাহারা ভিন্ন২ দল করিয়া ভিন্ন২ দেশে প্রস্থান করিয়াছিল ফলতঃ তাহাদের মধ্যে যে২ ব্যক্তি এক প্রকার কথা কহিত তাহারা একত্রে একস্থানে বসতি করিয়াছিল। এই রূপে মানুষগণ চতুর্দ্দিগে ছড়াইয়া পড়িয়াছিল তাহাতে পৃথিবীর যে অনেক২ স্থল পূর্ব্বে নরশূন্য ছিল সে সকলেতে লোকের বসতি হইয়াছিল। পূর্ব্বোক্ত ঘটনাকে বাবেলের উচ্চগৃহের স্থানে ভাষাভেদ কহা যায়।

প্রশ্ন. জলপ্লাবনের পরে পৃথিবীতে কি পুনর্ব্বার কালক্রমে অতিশয় জনতা হয় নাই ?
উত্তর. হাঁ অতিশয় জনতা হইয়াছিল.

প্র. এই জনতার মধ্যে কতিপয় ব্যক্তি কি নির্ম্মাণ করিতে মনস্থ করিয়াছিল ?
উ. এক নগর ও এক উচ্চগৃহ.

প্র. তাহারা এই গৃহ কত উচ্চ করিয়া নির্ম্মাণ করিতে মনস্থ করিয়াছিল ?

উ. এতাদৃশ উচ্চ যে তাহাতে করিয়া যেন গগণ স্পর্শ করিতে পারে.

প্র. পরমেশ্বর তাহাদিগকে শাস্তি দিবার জন্য কি করিয়াছিলেন ?

উ. তিনি তাহাদের ভাষার ভেদ করিয়াছিলেন.

প্র. তাহাদের ভাষার ভেদ করিয়াছিলেন ইহার অর্থ কি ?

উ. ইহার অর্থ এই যে তিনি তাহাদিগকে আপনাদের পূর্ব্বের কথা সকল বিস্মরণ° করাইয়াছিলেন এবং তাহাদিগকে সমস্ত দ্রব্যের নূতন২ সংজ্ঞা প্রয়োগ করাইয়াছিলেন.

প্র. ভাষাভেদেতে করিয়া কি তাহাদিগকে পরস্পর পৃথক্ করে নাই ?

উ. হাঁ ভাষা ভেদেতে করিয়া তাহা করিয়াছিল.

প্র. তাহাদের মধ্যে কোন্২ লোকেরা একত্রে বসতি করিয়াছিল ?

উ. যে২ ব্যাক্ত এক প্রকার ভাষা কহিত তাহারাই একত্রে বসতি করিয়াছিল. .

প্র. তাহাদের মধ্যে এই সকল ভিন্ন২ দল কি পৃথিবীর ভিন্ন২ দেশে প্রস্থান করিয়াছিল ?

উ. হাঁ ইহারা ভিন্ন২ দেশে প্রস্থান করিয়াছিল.

প্র. তাহারা যে উচ্চ গৃহ নির্ম্মাণ করিতেপ্রবর্ত্ত হইয়াছিল তাহার নাম কি ?

উ. তাহার নাম বাবেলের উচ্চ গৃহ.

[প্র. নোখের পিতার নাম কি ?

উ. লেমেক্ তাহার নাম.

প্র. তিনি আপন পুত্র নোখের বিষয়ে কি ভবিষ্যৎ কথা কহিয়াছিলেন ?

উ. এই ভবিষ্যৎ কথা কহিয়াছিলেন যে আদামের পাপ প্রযুক্ত শাপগ্রস্ত ভূমি নোখেতে আশীঃপ্রাপ্ত হইবেক

প্র. যাহাকে মেঘ ধনুক কহে তাহা কি জলপ্লাবনের পুর্ব্বে উদয় হইত ?

উ. হাঁ তাহা অবশ্যই উদয় হইত যেহেতুক স্বাভাবিক কারণ বশতঃ তাহার উৎপত্তি হইয়া থাকে.

প্র. শেমের বংশ হইতে পৃথিবীর কোন২ জাতির উৎপত্তি হইয়াছে ?

উ. পারসী, সুরীয়, যিহুদী, প্রভৃতি আসিয়া খণ্ডের অন্য২ জাতির উৎপত্তি হইয়াছে.

প্র. খামের বংশ হইতে পৃথিবীর কোন্২ জাতির উৎপত্তি হইয়াছে ?

উ. কিনানীয় পিলেষ্টীয় ও আসিয়া খণ্ডের অন্য কএক জাতির এবং মিসরীয় ও আফ্রিকা খণ্ডস্থ অন্য২ লোকের উৎপত্তি হইয়াছে.

প্র. যাফেথের বংশ হইতে পৃথিবীর কোন্২ জাতির উৎপত্তি হইয়াছে ?

উ. জের্ম্মাণ গ্রীক প্রভৃতি ইউরোপ খণ্ডের অন্য২ জাতির উৎপত্তি হইয়াছে.

প্র. নোখের নৌকা জলে ভাসিয়া২ অবশেষে কোথায় স্থগিত হইয়াছিল ?

উ. তাহা অরারাট্ নামক পর্ব্বতোপরি স্থগিত হইয়াছিল.

প্র. পুর্ব্বোক্ত বৃহৎ নগর ও উচ্চ গৃহ নির্ম্মাণ করণে তন্নির্ম্মাণ কারিদের কি অভিপ্রায় ছিল ?

উ. তাহাদের এই অভিপ্রায় ছিল যে তাহারা যেন পৃথিবীর নানা স্থলে ছিন্নভিন্ন না হইয়া সকলে একত্রে বাস করিতে পারে.

প্র. সেই সময়ে কাহার বংশোদ্ভব লোকের মধ্যে পরমেশ্বরের প্রকৃত উপাসনা ছিল ?

উ. বোধ হয় তাহা শেমের বংশোদ্ভব লোকের মধ্যেতে ছিল কারণ আদি পুস্তকের একাদশ অধ্যায়ের ষড়্বিংশতি পদেতে পরমেশ্বর শেমের প্রভু পরমেশ্বর বলিয়া বিখ্যাত হইয়াছেন.

প্র. তবে কি থাম্ ও যাফেথের বংশোদ্ভব কোন লোকের মধ্যে তাঁহা ছিল নাই ?

উ. বোধ হয় ঐ বংশদ্বয়ের কোন২ মানুষেরদের মধ্যে তাহা ছিল কারণ কিনানীয় রাজা মলকীষেদেক্ ও পিলেষ্টীয় রাজা অবীমেলেক্ ইহারা উভয়েই ধর্ম্মভীত ও সাধু মানুষ ছিলেন.]

তৃতীয় উপদেশ।

১—জলপ্লাবনের অনেক দিন পরে নোখের তিন পুত্র হইতে যে সকল জাতির উৎপত্তি হইয়াছিল, তাহারা মিথ্যা দেবদেবীর প্রতিমা পূজা করিত কিন্তু সেই সময়ে কেবল অব্রাহাম্ নামে এক ব্যক্তি অতি সাধু মানুষ ছিলেন। তিনি মেসপটমিয়া দেশে বাস করিতেন এবং পরমেশ্বর তাহাকে কহিয়াছিলেন আমি যে দেশের কথা তোমাকে কহিয়া দি তুমি আপন দেশ পরিত্যাগ করিয়া সেই দেশে চলিয়া যাও। আর আমার এই আজ্ঞা পালন করিলে আমি তোমাহইতে এমত এক মহা জাতি উৎপন্ন করিব যে তাহার সংখ্যা গগণস্থ নক্ষত্রগণের ও সমুদ্রের বালুকার সংখ্যার ন্যায় হইবে। পুনশ্চ তিনি তাহাকে বলিয়াছিলেন তোমাতে পৃথিবীর সমুদায় লোকে আশীঃপ্রাপ্ত হইবেক এই কথার অর্থ এই যে অব্রাহামের বংশে জগতের অঙ্গীকৃত ত্রাণকর্ত্তা জন্মিবেন। তদনন্তর পরমেশ্বরের অজ্ঞানুসারে অব্রাহাম্ আপন স্ত্রী সারাহের ও ভ্রাতুষ্পুত্র লোটের সমভিব্যাহারে মেসপটমিয়া হইতে প্রস্থান করিয়াছিলেন এবং প্রস্থান করণ কালে তিনি ভৃত্যবর্গ ও দ্রব্যাদি সঙ্গে করিয়া লইয়া গিয়াছিলেন। আর তাহার পশ্বাদি স্বর্ণ রূপা দাসদাসী করিয়া বহু বিষয় হইয়াছিল। অপর তিনি দেশে২ ভ্রমণ করত যে স্থানে তাম্বু বসাইয়াছিলেন সেই স্থানেতেই দেবদেবীর পূজা ত্যাগ করিয়া পরমেশ্বরের উদ্দেশে হোম করিয়াছিলেন। লোটও পরমে-

শ্বরের উপাসক ছিলেন এবং তিনি সিদোম্ নামে নগরেতে বসতি করিতেন। আর অমোরাহ্ নামক অন্য এক যে নগর ছিল তাহার ও সিদোমের লোকেরা ঘোরতর পাপিষ্ঠ ছিল। অতএব পরমেশ্বর আকাশ হইতে সগন্ধক অগ্নি বৃষ্টি করিয়া তাহাদিগকে সংহার করিবার মনস্থ করিয়াছিলেন। কিন্তু নিজ মনস্থ পূর্ণ করিবার পূর্ব্বে তিনি দুই জন দূতকে সিদোমে প্রেরণ করিয়াছিলেন তাহাতে তাহারা যেন তথায় যাইয়া লোট্ ও তাহার পরিজনকে সাধারণ বিনাশ হইতে রক্ষা করেন কারণ লোট্ সাধু মানুষ ছিলেন। এই হেতুক তিনি আপন স্ত্রী ও দুই কন্যাকে সঙ্গে লইয়া দূতেরদের সমভিব্যাহারে সেই স্থান হইতে প্রস্থান করিয়াছিলেন। কিন্তু তাহার স্ত্রী দূতেরদের কথায় বিশ্বাস না করিয়া প্রস্থান করিতে২ সিদোমের প্রতি পশ্চাদ্দৃষ্টি করিবাতে লবণ স্তম্ভ হইয়া গিয়াছিল। পরে লোট্ ও তাহার কন্যারা অন্য এক নিরাপদ স্থানে গমন করিলে পরমেশ্বর সিদোম্ ও অমোরাহ্ নগরদ্বয়কে আকাশ হইতে সগন্ধক অগ্নিবৃষ্টিদ্বারা দগ্ধ করিয়াছিলেন তাহাতে তন্মধ্যস্থ তাবৎ দুষ্ট লোক পুড়িয়া মরিয়াছিল। এই ব্যাপার হইতে প্রতিপন্ন হইতেছে পরমেশ্বর দুষ্ট আচারকে কিরূপ ঘৃণা করিয়া থাকেন।

প্রশ্ন. পরমেশ্বর কোন্ ব্যক্তিকে আপন দেশ হইতে বাহির হইয়া যাইতে আহ্বান করিয়াছিলেন?

উত্তর. তিনি অব্রাহাম্কে তাহা করিতে আহ্বান করিয়াছিলেন.

প্র. অব্রাহামের সময়ে সকল জাতি কাহার পূজা করিত?

উ. তাহারা প্রতিমার পূজা করিত.

প্র. কাহার প্রতিমা।

উ. মিথ্যা দেবতার প্রতিমা.

প্র. অব্রাহাম্ যেন মিথ্যা দেবতার উপাসনা না করেন ইহার জন্যে পরমেশ্বর কি করিয়াছিলেন?

উ. ইহার জন্যে তিনি তাহাকে আপন দেশ ও জ্ঞাতিবর্গ হইতে অন্য স্থানে প্রেরণ করিয়াছিলেন.

প্র. অব্রাহাম্ পরমেশ্বরের আজ্ঞানুসারে তাঁহা কর্ত্তৃক নির্দ্দিষ্ট দেশে গেলে তিনি তাহার বিষয়ে কি করিবার অঙ্গীকার করিয়াছিলেন?

উ. তাহা হইতে এক মহা জাতি উৎপন্ন করিবার ও তাহাতে পৃথিবীস্থ তাবৎ লোকদিগকে বর দিবার অঙ্গীকার তিনি করিয়াছিলেন.

প্র. পরমেশ্বরের কথানুসারে কি অব্রাহাম্ করিয়াছিলেন?

উ. হঁ। তিনি তাহা করিয়াছিলেন.

প্র. যখন তিনি আপন দেশ হইতে প্রস্থান করেন তখন তাহার সহিত আর কেহ গমন করিয়াছিলেন?

উ. তাহার স্ত্রী সারাহ্ ও ভ্রাতুষ্পুত্র লোট্.

প্র. কোন্ দেশে গমন করিতে পরমেশ্বর তাহাকে আদেশ করিয়াছিলেন?

উ. কিনান্ দেশে.

প্র. অব্রাহাম্ ও লোট্ নিয়ত কি কিনানেতে একত্রে বাস করিয়াছিলেন?

উ. না তাহারা একত্রে বাস করেন নাই.

প্র. লোট্ কোথায় বসতি করিয়াছিলেন?

উ. তিনি সিদোম্ নগরেতে বসতি করিয়াছিলেন.

প্র. সিদোমের নিকটে যে এক বৃহৎ নগর ছিল তাহার নাম কি?

উ. তাহার নাম অমোরাহ্.

প্র. সিদোম্ ও অমোরাহের মানুষেরা কিপ্রকার লোক ছিল?

উ. তাহারা বড় পাপিষ্ঠ লোক ছিল.

প্র. সিদোম্ ও অমোরাহস্থ লোকদের দুষ্ট আচারের নিমিত্ত পরমেশ্বর কি করিতে প্রতিজ্ঞা করিয়াছিলেন?

উ. তিনি সগন্ধক অগ্নি বৃষ্টি দ্বারা তাহাদিগকে নষ্ট করিতে প্রতিজ্ঞা করিয়াছিলেন.

প্র. ঐ দুই নগরের ভাবি বিনাশের কথা লোট্‌কে জ্ঞাপন করণার্থে তাহার স্থানে কাহারা প্রেরিত হইয়াছিলেন?

উ. তাহার স্থানে দূতদ্বয় প্রেরিত হইয়াছিলেন.

প্র. এই দূতেরা কি লোট্‌কে সিদোম্ হইতে বাহির করিয়া আনিয়াছিলেন?

উ. হাঁ তাহারা তাহা করিয়াছিলেন.

প্র. কেন পরমেশ্বর লোট্ ও তাহার পরিজনকে রক্ষা করিয়াছিলেন?

উ. কারণ তিনি এক জন সাধু মানুষ ছিলেন.

প্র. তাহার সঙ্গে কেং প্রস্থান করিয়াছিল?

উ. তাহার স্ত্রী ও কন্যাদ্বয় তাহা করিয়াছিল.

প্র. লোটের স্ত্রীর কি দশা হইয়াছিল?

উ. সে লবণের স্তম্ভ হইয়া গিয়াছিল.

প্র. কেন সে লবণ স্তম্ভ হইয়া গিয়াছিল?

উ. কেননা সে সিদোমে ফিরে যাইতে ইচ্ছা করিয়াছিল.

প্র. পরমেশ্বর সিদোম্ নগর কি প্রকারে নষ্ট করিয়াছিলেন?

উ. তিনি তাহা আকাশ হইতে সগন্ধক অগ্নিবৃষ্টি দ্বারা নষ্ট করিয়াছিলেন.

২—অব্রাহামের যে পুত্র ইশ্মাএল্ নামে বিখ্যাত হইয়াছে তাহার মাতার নাম হাগার্ এই হাগার্ সারাহের দাসী ছিল এবং অব্রাহামের স্ত্রীদের মধ্যে এক জন গণ্যা বটে। কিন্তু পরমেশ্বর অব্রাহাম্কে অঙ্গীকার করিয়াছিলেন তোমার যে স্ত্রীর নাম সারাহ্ তাহার গর্ব্ভে বৃদ্ধাবস্থাতে এক পুত্র সন্তান জন্মিবেক ও সেই সন্তান হইতে এক বড় জাতি উৎপন্ন হইবেক। পরমেশ্বরের এই অঙ্গীকারানুসারে সারাহ্ এক পুত্র প্রসব হইয়াছিলেন এবং অব্-রাহাম্ তাহার নাম ইস্থাক্ রাখিয়াছিলেন কারণ তিনি এই নাম রাখিবার আজ্ঞা পরমেশ্বর হইতে পাইয়াছিলেন। পরে যখন ইস্থাক্ স্তন পান করা ত্যাগ করিয়াছিলেন তখন ইশ্মা-এল্ বড় বালক হইয়া উঠিয়াছিল এবং সে ইস্থাকের প্রতি অশিষ্ট ব্যবহার করিলে সারাহ্ বিরক্তা হইয়াছিলেন ও ক্রোধ করত অব্রাহাম্কে কহিয়াছিলেন তুমি অত্যবশ্য ইশ্মাএল্ ও তাহার মাতা হাগার্কে বাটীর বাহির করিয়া দেও। এপ্রযুক্ত অব্রাহামের বড় শোক হইয়াছিল কিন্তু পরমেশ্বর তাহাকে সারাহের অভিমতানুসারে করিতে আজ্ঞা করিয়াছিলেন। আরও তিনি তাহাকে বলিয়াছিলেন আমি ইশ্মাএলের তত্ত্বাবধারণ করিব ও তাহা হইতে এক বড় জাতি উৎপন্ন করিব। অতএব অব্রাহাম্ পরমেশ্বরের এই অঙ্গীকৃত কথাতে বিশ্বাস করিয়া হাগার ও ইশ্মাএল্কে বিদায় করিয়া দিয়াছিলেন এবং বিদায় কালীন তিনি তাহাদিগকে কিছু রুটী ও এক পাত্র জল ব্যতীত অন্য কোন দ্রব্য দেন নাই। যখন ইশ্মাএল্ পথে যাইতেছিল তখন সে মৃতপ্রায় হইয়াছিল তত্রাপি পরমেশ্বর তত্ত্বাবধারণ

পূর্ব্বক তাহাকে রক্ষা করিয়াছিলেন। অপর কালক্রমে তাহা হইতে এক মহা জাতি উৎপন্ন হইয়াছিল এই জাতি আরবীয় লোক নামে এক্ষণে বিখ্যাত হইয়াছে।

প্রশ্ন. অব্রাহামের যে স্ত্রী সারাহের দাসী ছিল তাহার নাম কি?

উত্তর. হাগার্ তাহার নাম.

প্র. তাহার পুত্রের নাম কি?

উ. ইশ্মাএল্ তাহার নাম.

প্র. কাহার বৃদ্ধাবস্থাতে সন্তান প্রসব হইবার কথা পরমেশ্বর অব্রাহাম্‌কে কহিয়াছিলেন?

উ. তাহার স্ত্রী সারাহের সন্তান প্রসব হইবার কথা তিনি তাহাকে কহিয়াছিলেন.

প্র. পরমেশ্বরের অঙ্গীকারানুসারে সারাহের কি এক পুত্র সন্তান হইয়াছিল?

উ. হাঁ তাহা হইয়াছিল.

প্র. অব্রাহাম্ সারাহের গর্ব্ভজাত সন্তানের কি নাম রাখিয়াছিলেন

উ. তিনি তাহার নাম ইস্‌থাক্ রাখিয়াছিলেন

প্র. যে দিবসে ইস্‌থাক্ স্তনপান ত্যাগ করিয়াছিলেন সে দিবসে ইশ্মাএল্ তাহার সহিত কি রূপ ব্যবহার করিয়াছিল?

উ. সে তাহাকে পরিহাস করিয়াছিল.

প্র. তৎপ্রযুক্ত সারাহ্ অব্রাহাম্‌কে কি করিতে অনুরোধ করিয়াছিলেন?

উ. হাগার্ ও ইশ্মাএল্‌কে যেন অব্রাহাম্ বিদায় করিয়া দেন ইহার জন্য তিনি তাহাকে অনুরোধ করিয়াছিলেন.

প্র. অব্রাহাম্ কি তাহা করিতে ভাল বাসিয়াছিলেন?

উ. না তিনি তাহা করিতে ভাল বাসেন নাই.

প্র. ইশ্মাএল্ হইতে পরমেশ্বর কি করিতে অঙ্গীকার করিয়াছিলেন?

উ. তিনি তাহাহইতে এক মহা জাতি উৎপন্ন করিতে অঙ্গীকার করিয়াছিলেন.

প্র. যখন অব্রাহাম্ হাগার্ ও ইশ্মাএল্কে বিদায় করিয়া দিয়াছিলেন তখন তিনি তাহাদের সঙ্গে কি দিয়া তাহাদিগকে বিদায় করিয়াছিলেন?

উ. কিছু রুটী ও এক পাত্র জল মাত্র.

প্র. পরমেশ্বর কি ইশ্মাএলের তত্ত্বাবধারণ করিয়াছিলেন?

উ. হাঁ তিনি তাহা করিয়াছিলেন.

প্র. তাহা হইতে কি এক মহা জাতি উৎপন্ন হইয়াছিল?

উ. হাঁ তাহাহইতে এক মহা জাতি উৎপন্ন হইয়াছিল.

[প্র. প্রথমে অব্রাহাম্ ও সারাহের কি২ নাম ছিল?

উ. প্রথমে তাহাদের নাম সারৈ ও অব্রাম্ ছিল.

প্র. কখন তাহাদের নামের পরিবর্ত্ত হইয়াছিল?

উ. যৎকালে পরমেশ্বর তাহাদিগের হইতে বহু লোকের উৎপত্তির কথা অঙ্গীকার করিয়াছিলেন তখন তাহাদের নামের পরিবর্ত্ত হইয়াছিল.

প্র. অব্রাহামের পিতার নাম কি?

উ. তেরখ্ তাহার নাম.

প্র. তেরথ্ কি আপন পুত্র অব্রাহামের সহিত কিনান্ দেশে আসিয়াছিলেন?

উ. না তিনি তথায় আসেন নাই কারণ খারাণেতে তাহার পরলোকগমন হইয়াছিল.

প্র. তেরথের অন্য দুই পুত্রের নাম কি২?

উ. নাখোর্ ও হারাণ্ তাহাদের নাম.

প্র. এই হারাণ্ কি লোটের পিতা?

উ. হাঁ ইনিই লোটের পিতা.

প্র. লোট্ পূর্ব্বদিকে গিয়া সিদোম্ নগরেতে বাস করিলে, অব্রাহাম্ কোথায় বসতি করিয়াছিলেন?

উ. অব্রাহাম্ পশ্চিম দিকে গিয়া পিলেষ্টীয়দের দেশে গিরারেতে বসতি করিয়াছিলেন.

প্র. অব্রাহাম্ কি লোটকে কোন বিশেষ সঙ্কট হইতে উদ্ধার করিয়াছিলেন?

উ. হাঁ তিনি তাহা করিয়াছিলেন.

প্র. কি সঙ্কটেতে লোট্ পড়িয়াছিলেন?

উ. যৎকালে সিদোমের রাজাকে তাহার বিপক্ষগণ যুদ্ধে পরাজয় করিয়াছিল তখন তাহারা অন্য২ লোকদের সহিত লোট্কে বন্দী করিয়া লইয়া গিয়াছিল কিন্তু অব্রাহাম্ তাহাকে তাহাদের হস্ত হইতে নিস্তার করিয়াছিলেন.

প্র. এই সময়ে কোন্ মহান্ ব্যক্তির সহিত অব্রাহামের সাক্ষাৎ হইয়াছিল?

উ. মলকীষেদেকের সহিত তাহার সাক্ষাৎ হইয়াছিল.

প্র. এই মলকীষেদেক্ কে ?

উ. ইনি শালামের রাজা ও সর্ব্বোপরিস্থ পরমেশ্বরের যাজক.

প্র. ইহাকে কি করিয়া পৌল প্রেরিত ধর্ম্ম গ্রন্থে প্রতিপন্ন করিয়াছেন?

উ. তিনি ইহাকে যাজকতা বিষয়ে খ্রীষ্টের প্রতিরূপ করিয়া প্রতিপন্ন করিয়াছেন.

প্র. সিদোম্ প্রভৃতি নগরের বিনাশের কালে সিদোমের রক্ষার জন্য কোন ব্যক্তি কি পরমেশ্বরের নিকটে প্রতিসাধনা করিয়াছিলেন ?

উ. হাঁ অবরাহাম্ তাহা করিয়াছিলেন এবং ঐ নগরে সেই সময়ে দশ জন ধার্ম্মিক মানুষ থাকিলে পরমেশ্বর তাহার রক্ষার কথা অঙ্গীকার করিয়াছিলেন.

প্র. লোটের দুই কন্যার যে দুইপুত্র হইয়াছিল তাহাদের নাম কি২ ?

উ. মোয়াব্ ও বেন্-অম্মি তাহাদের নাম.

প্র. এই ব্যক্তিদ্বয় কোন্২ জাতির আদি পুরুষ ছিল ?

উ. ইহারা মোয়াবীয় ও অম্মোনীয় জাতিদের আদি পুরুষ ছিল.

প্র. পরে এই দুই জাতি কি পরমেশ্বরের লোক ইস্রায়েলের বিপক্ষতা করিয়াছিল ?

উ. হাঁ ইহারা তাহাদের গুরুতর বিপক্ষতা করিয়াছিল.]

চতুর্থ উপদেশ

—১ অব্‌রাহাম্‌ আপন পুত্র ইস্‌থাক্‌কে বড় ভাল বাসি-তেন বটে কিন্তু পরমেশ্বরের প্রতি তাহার তদধিক ভক্তি ছিল। আর পরমেশ্বর তাহার অন্তরের ভাব উত্তমরূপে জানিতেন অতএব তিনি তাহার ভক্তি প্রকাশ করিবার জন্য ও পৃথিবীতে তাহাকে বিশ্বাসী লোকের দৃষ্টান্ত স্বরূপে প্রতিপন্ন করিবার অভিপ্রায়ে নিজ প্রিয় পুত্র ইস্‌থাককে মোরীয়াহ্‌ দেশে লইয়া গিয়া দগ্ধবলিরূপে অর্পণ করিতে আজ্ঞা করিয়াছিলেন। এই হেতুক পরদিবস প্রত্যুষে অব্‌রাহাম্‌আপন পুত্র ইস্‌থাক্‌কে সঙ্গে করিয়া দুই জন যুবা দাসের সমভিব্যাহারে মোরীয়াহ্‌দেশে যাইবার নিমিত্তে যাত্রা করিয়াছিলেন। অপর পথে যাইতেই ইস্‌থাক্‌ আপনার পিতাকে জিজ্ঞাসা করিয়াছিলেন এখানে অগ্নি ও কাষ্ঠ প্রস্তুত দেখিতেছি কিন্তু হোমার্থে মেষশাবক কোথায় তাহাতে অব্‌রাহাম্‌ উত্তর করিয়াছিলেন পরমেশ্বর আপনি হোমার্থে মেষশাবক যোগাইয়া দিবেন। পরে তাহারা পরমেশ্বর কর্ত্তৃক নির্দিষ্ট স্থানে উপস্থিত হইলে অব্‌রাহাম্‌ যুবা ভৃত্যদিগকে ত্যাগ করত ইস্‌থাক্‌কে সঙ্গে লইয়া এক যজ্ঞবেদি নির্ম্মাণানন্তর তদুপরি কাষ্ঠ সাজাইয়া তাহাকে বান্ধিয়া কাষ্ঠের উপরে রাখিয়াছিলেন। তদনন্তর তিনি হস্ত বিস্তার করিয়া নিজ

পুত্রকে বধ করণার্থে খড়্গ গ্রহণ করিয়াছিলেন। কারণ তিনি বিশ্বাস করিয়াছিলেন যে পরমেশ্বর আমার প্রতি যাহা অঙ্গীকার করিয়াছেন তাহার অন্যথা তিনি কদাপি করিবেন না বরং তাহার রক্ষা জন্য ইস্‌হাক্‌কে পুনর্ব্বার সজীব করিবেন। সুতরাং যদিও এ বিষয়ে পরমেশ্বরের আজ্ঞা পালন করাতে অব্‌রাহামের অতিশয় দুঃখ হইবার সম্ভাবনা ছিল তথাচ তিনি তাহা করিতে প্রতিজ্ঞা করিয়াছিলেন। আর পরমেশ্বরেতে তাহার এরূপ বিশ্বাস করা বৃথা হয় নাই কেননা এব্যাপারে তাহাকে পরীক্ষা করাই কেবল তাঁহার অভিপ্রেত ছিল। অতএব অব্‌রাহাম্‌ হস্তবিস্তার করিয়া খড়্গ গ্রহণ করিয়াছেন এমন সময়ে পরমেশ্বর তাহাকে ডাকিয়া কহিয়াছিলেন তুমি আপন পুত্রকে বধ করিও না যে হেতুক তুমি আপনার বিশ্বাস যথেষ্ট দেখাইয়াছ। ইহার পর পরমেশ্বর অব্‌রাহামের আজ্ঞাবহতার নিমিত্তে তাহাকে পুরস্কার দিবার জন্য পুর্ব্বোক্ত অঙ্গীকার পুনরায় করিয়াছিলেন। যথা তোমা হইতে এক মহা জাতি উৎপন্ন হইবেক ও তোমাতে পৃথিবীস্থ তাবৎ লোক আশীঃপ্রাপ্ত হইবেক।

প্রশ্ন. অব্‌রাহাম্‌কে কি করিতে পরমেশ্বর আজ্ঞা করিয়াছিলেন?

উত্তর. তিনি তাহাকে আপন পুত্র ইস্‌হাককে দগ্ধবলিরূপে অর্পণ করিতে আজ্ঞা করিয়াছিলেন.

প্র. কেন পরমেশ্বর অব্‌রাহাম্‌কে তাহা করিতে আজ্ঞা করিয়াছিলেন?

উ. পরমেশ্বর তাহার পরীক্ষা করিবার জন্যে তাহা করিয়াছিলেন.

প্র. এই কার্য্য নিষ্পন্ন করিতে কোন্ স্থানে যাইতে আব্রাহাম্ আজ্ঞা পাইয়াছিলেন?

উ. তিনি মোরীয়াহ্ দেশে যাইতে আজ্ঞা পাইয়াছিলেন.

প্র. অব্রাহাম্ কি এই দেশে যাইবার জন্য যাত্রা করিয়াছিলেন?

উ. হাঁ তিনি তাহা করিয়াছিলেন.

প্র. তাহার সহিত আর কেং যাত্রা করিয়াছিলেন?

উ. ইস্খাক্ ও তাহার দুই জন ভৃত্য.

প্র. যখন অব্রাহাম্ ও ইস্খাক্ নির্দ্দিষ্ট স্থানে উপস্থিত হইয়াছিলেন তখন অব্রাহাম্ কি করিয়াছিলেন?

উ. তখন তিনি ইস্খাক্কে বান্ধিয়া বেদির উপরে রাখিয়া তাহাকে বধ করণার্থে হস্তবিস্তার করত খড়্গ গ্রহণ করিয়াছিলেন.

প্র. তবে কি তিনি তাহাকে বাস্তব বধ করিয়াছিলেন।

উ. না তৎকালে পরমেশ্বরের দূত স্বর্গ হইতে তাহাকে সম্বোধন করিবাতে, তাহা তিনি করেন নাই.

প্র. দূত তাহাকে কি করিতে বারণ করিয়াছিলেন?

উ. তিনি তাহাকে নিজ পুত্রকে বধ করিতে বারণ করিয়াছিলেন.

প্র. অব্রাহাম্ আপন পুত্রকে অর্পণ করিতে প্রস্তুত হইবাতে পরমেশ্বর তাহাকে পুরস্কার করিবার অভিপ্রায়ে পুনর্ব্বার তাহার বিষয়ে কি অঙ্গীকার করিয়াছিলেন?

উ. তাহা হইতে এক মহা জাতি উৎপন্ন করিতে এবং তাহাতে পৃথিবীর তাবৎ মানুষকে বর প্রদান করিতে তিনি পুনর্ব্বার অঙ্গীকার করিয়াছিলেন.

২— সারাহ্ ১২০ বৎসর বাঁচিয়াছিলেন এবং তাহার মরণ হইলে পর অবরাহাম্ ও ইস্‌খাক্ উভয়ে তাহার বিয়োগের জন্য অত্যন্ত বিলাপ করিয়াছিলেন। সেই সময়ে কিনান্ দেশে অব্‌রাহামের নিজের এক বিন্দুমাত্র ভূমি ছিল না। অতএব সারাহের কবর দেওয়া অন্য কোন স্থানে স্থির না করিতে পারাতে তিনি খেতীয় এফ্‌রোণ্‌কে মক্‌পেলাহ্ গুহ ও তদ্ভুক্ত ক্ষেত্র আপনার স্থানে বিক্রয় করিতে লওয়াইয়াছিলেন তাহাতে করিয়া যেন তিনি তথায় নিজের এক কবরভূমি প্রস্তুত করিতে পারেন। পরে এই গুহ ও ক্ষেত্রের মূল্য দিলে পর তিনি সারাহ্‌কে মক্‌পেলাহে কবর দিয়াছিলেন।

প্রশ্ন. সারাহের কবর কোথায় হইয়াছিল ?

উত্তর. মক্‌পেলাহ্ গুহাতে তাহা হইয়াছিল.

প্র. মক্‌পেলাহ্ কোথায় ছিল ?

উ. তাহা কিনান্ দেশে ছিল.

প্র. অব্‌রাহাম্ কিপ্রকারে সেই গুহার অধিকার পাইয়াছিলেন ?

উ. তিনি তাহা খেতীয় এফ্‌রোণ্ হইতে ক্রয় করিয়া লইয়াছিলেন.

৩— সারাহের মৃত্যুর পরে অব্‌রাহাম্ অতিশয় বৃদ্ধ হইবাতে আপন পুত্রের বিবাহ দিতে মনস্থ করিয়াছিলেন কিন্তু তিনি তাহার বিবাহ দুষ্টাচারি দেবপূজকেরদের কন্যাদের মধ্যে কাহার সহিত দিতে ভাল বাসেন নাই। অতএব যে দূর দেশে আপনার কতিপয় জ্ঞাতি কুটুম্ব বাস করিত ও সম্যক্‌রূপে পরমেশ্বরকে বিস্মরণ করে নাই সেই স্থানে তিনি এক জন বিশ্বাসী ভৃত্য

ও কর্ম্মাধ্যক্ষকে প্রেরণ করিয়াছিলেন। এই কর্ম্মাধ্যক্ষ আপনি উষ্ট্রারূঢ় হইয়া অন্য২ উটের উপরে নানা দ্রব্যাদি লইয়া যাত্রা করিয়াছিলেন। পরে পশুগণ জল পান না করত অনেক পথ গমনানন্তর ক্লিষ্ট হওত তৃষ্ণার্ত্ত হইবাতে তিনি এক কূপের নিকটে অবস্থিতি করিয়াছিলেন। অতঃপর তিনি হাঁটু গাড়িয়া পরমেশ্বরের উদ্দেশে এই প্রার্থনা করিয়াছিলেন যে ইস্‌হাকের সহিত যে কন্যার বিবাহ হইবেক সেই কন্যা যেন তথায় আসিয়া তাহার নিমিত্ত কূপ হইতে জল তুলিয়া দেন। সেই দেশস্থ লোক-দের মধ্যে তৎকালে এমত রীতি ছিল যে স্ত্রী লোকেরা মেষ ও অন্য২ পশ্বাদির জন্যে কূপহইতে জল তুলিতে গমন করিত যে হেতুক তাহাদের মধ্যে কোন পুষ্করিণী ছিল নাই সুতরাং সরো-বরে গিয়া তাহারা জল পান করিতে পারিত না।

অব্‌রাহামের কর্ম্মাধ্যক্ষের প্রার্থনা সমাপ্ত হইলে পর তাহার নিকটে রিব্‌কাহ্‌ মেষাদিকে জলপান করাইতে আসিয়া উপ-স্থিত হইয়াছিলেন। অপর রিব্‌কাহ্‌ কর্ম্মাধ্যক্ষকে অনুগ্রহ পূর্ব্বক তাহার আপনার জন্যে ও উটেদের নিমিত্তে জল দিতে চাহিয়া-ছিলেন তাহাতে কর্ম্মাধ্যক্ষ তাহার নাম জিজ্ঞাসা করিবাতে জানিতে পারিয়াছিলেন যে সে বালিকা আপন স্বামী অব্‌রা-হামের ভ্রাতুষ্পুত্র বিথুয়েলের কন্যা সুতরাং ইহাতে করিয়া তিনি অত্যন্ত আহ্লাদিত হইয়াছিলেন। অনন্তর কর্ম্মাধ্যক্ষ রিব্‌কাহের সঙ্গে তাহার পিতার গৃহে গমন করিলে পর তাহাকে আপনার সহিত লইয়া যাইতে অনুমতি পাইয়াছিলেন। আর রিব্‌কাহ্‌ আপনিও ইসহাক্‌কে বিবাহ করিতে সম্মতা ছিলেন অতএব তিনি অব্‌রাহামের ভৃত্যের সহিত প্রস্থান করিয়া-

ছিলেন। পরে ইস্‌থাক্ এক দিন সন্ধ্যাকালে ক্ষেত্রেতে ভ্রমণ করিতেছেন ইতিমধ্যে তিনি কর্ম্মাধ্যক্ষের উটসমূহকে অগ্রে২ আসিতে দেখিয়াছিলেন। কিন্তু রিব্‌কাহ্ এক জন পুরুষ মানুষকে আপনাদের সহিত সাক্ষাৎ করিবার জন্যে আগমন করিতে দেখিয়া অব্‌রাহামের কর্ম্মাধ্যক্ষকে জিজ্ঞাসা করিয়াছিলেন ইনি কে তাহাতে তিনি উত্তর করিয়াছিলেন ইনি আমার স্বামির পুত্র। তিনি এই কথা বলিবামাত্র রিব্‌কাহ্ উষ্ট্রহইতে নামিয়া নিজমুখে ঘোম্‌টা লাগাইয়া দিয়াছিলেন কেননা সে সময়ে এ প্রকার রীতি ছিল। আর ইহার কিঞ্চিৎকাল গতে ইস্‌থাকের সহিত রিব্‌কাহের বিবাহ হইয়াছিল। এই রূপে অব্‌রাহাম্ যে মনস্কামনা করিয়াছিলেন অর্থাৎ কিনানীয় দুষ্ট স্ত্রীলোকদের মধ্যে কাহাকে আপনার পুত্রবধূ না করিয়া আপন জ্ঞাতি কুটুম্ববর্গ মধ্য হইতে এক কন্যা আনাইয়া নিজ পুত্রের বিবাহ দিবেন তাহা পরিপূর্ণ হইয়াছিল।

প্রশ্ন. অব্‌রাহাম্ নিজ পুত্রের বিবাহ দিবার জন্য কোন্ দেশ হইতে এক কন্যা আনিতে আপন কর্ম্মাধ্যক্ষকে প্রেরণ করিয়াছিলেন?

উত্তর. যে দেশে তাহার আপনার জ্ঞাতি কুটুম্বগণ ছিল সেই দেশ হইতে.

প্র. কেন তিনি কিনান্ দেশস্থ কোন স্ত্রীলোকের সহিত ইস্‌থাকের বিবাহ দিতে ভাল বাসেন নাই?

উ. কারণ ঐ দেশস্থ লোকেরা দেবদেবীর পুজা করিত.

প্র· অব্রাহামের কর্ম্মাধ্যক্ষ আপনার প্রতি কি করিতে পরমেশ্বরকে প্রার্থনা করিয়াছিলেন ?

উ. তিনি তাহাকে আপনার যাত্রাভিপ্রায় সিদ্ধ করিতে প্রার্থনা করিয়াছিলেন.

প্র. তিনি অব্রাহামের জ্ঞাতি কুটুম্বগণের দেশের নিকটে আসিয়া উপস্থিত হইলে যে যুবতী স্ত্রীলোকের সহিত তাহার সাক্ষাৎ হইয়াছিল তাহার নাম কি ?

উ. রিবকাহ্ তাহার নাম.

প্র. তিনি কাহার কন্যা ছিলেন ?

উ. তিনি অব্রাহামের ভ্রাতুষ্পুত্র বিথূয়েলের কন্যা ছিলেন.

প্র. তাহার ভ্রাতার নাম কি ?

উ. লাবান তাহার নাম.

প্র. ইসথাকের সহিত রিবকাহের বিবাহ যে হয় ইহাতে রিবকাহের পিতা মাতার সম্মতি ছিল কি না ?

উ. হাঁ ইহাতে তাহাদের সম্মতি ছিল.

প্র. রিবকাহ্ কি অব্রাহামের কর্ম্মাধ্যক্ষের সঙ্গে প্রস্থান করিয়াছিলেন ?

উ. হাঁ তিনি তাহা করিয়াছিলেন.

প্র. ইস্থাকের সহিত তাহার কি বিবাহ হইয়াছিল ?

উ. হাঁ তাহা হইয়াছিল.

প্র. আপনার পুত্রের এমত ভালরূপে বিবাহ হওয়া দেখিয়া অব্রাহাম কি আনন্দিত হন নাই ?

উ. হাঁ তিনি তাহা হইয়াছিলেন.

অব্রাহাম্ ১৭৫ বৎসর বাঁচিয়াছিলেন এবং তাহার মৃত্যু হইলে তাহার পুত্রদ্বয় ইস্থাক্ ও ইশ্মাএল্ তাহাকে মক্পেলাহ্ গুহাতে কবর দিয়াছিলেন। অব্রাহাম্ যাবজ্জীবন পরমেশ্বরের উপাসনা করিয়াছিলেন এজন্য তাহাকে বিশ্বাসি

লোকদের পিতা কহা যায় ও বিশ্বাসি লোকগণকে তাহার সন্তান বলা যায়। আর তাহার মৃত্যুর পরে পরমেশ্বর ইস্‌থাক্‌কে অঙ্গীকার করিয়াছিলেন আমি তোমা হইতে এক মহাজাতি উৎপন্ন করিব এবং তাহাতে পৃথিবীস্থ তাবৎ মানুষ আশীঃপ্রাপ্ত হইবেক।

প্রশ্ন. যৎকালীন অব্‌রাহামের পরলোকগমন হয় তখন তাহার কত বয়স হইয়াছিল?

উত্তর. তখন তাহার ১৭৫ বৎসর বয়স হইয়াছিল.

প্র. কাহারা তাহার কবর দিয়াছিলেন?

উ. তাহার পুত্রদ্বয় ইস্‌থাক্‌ ও ইশ্‌মাএল্‌ তাহার কবর দিয়াছিলেন.

প্র. কোথায় তাহার কবর হইয়াছিল?

উ. মকপেলাহ্‌ গুহাতে তাহার কবর হইয়াছিল.

প্র. তাহার কবর হইবার পূর্ব্বে এই স্থানে কাহার কবর দেওয়া গিয়াছিল?

উ. তাহার স্ত্রী সারাহের কবর দেওয়া গিয়াছিল.

প্র. অব্‌রাহামের মৃত্যুর পরে পরমেশ্বর কাহাকে আশীর্ব্বাদ করিয়াছিলেন?

উ. তিনি ইস্‌থাক্‌কে আশীর্ব্বাদ করিয়াছিলেন.

প্র. পরমেশ্বরে কি অব্‌রাহাম্‌ যাবজ্জীবন বিশ্বাস করিয়াছিলেন?

উ. হাঁ যাবজ্জীবনই তিনি তাহা করিয়াছিলেন.

প্র. এজন্য তিনি কি বলিয়া বিখ্যাত হইয়াছেন?

উ. এজন্য তিনি বিশ্বাসিগণের পিতা বলিয়া বিখ্যাত হইয়াছেন.

প্র. অব্‌রাহামের সন্তান কাহারদিগকে কহা যায়?

উ. সকল বিশ্বাসি লোককে তাহার সন্তান কহা যায়.

[প্র. স্বাভাবিক মতে অসম্ভাব্য এমত কি২ বিষয়ে অব্রাহাম্ পরমেশ্বরের অঙ্গীকৃত কথায় বিশ্বাস করিয়াছিলেন ?

উ. তিনি এমত তিন বিষয়ে পরমেশ্বরের অঙ্গীকৃত কথায় বিশ্বাস করিয়াছিলেন.

প্র. প্রথমতঃ তিনি কি বিশ্বাস করিয়াছিলেন ?

উ. প্রথমতঃ তিনি এই বিশ্বাস করিয়াছিলেন যে বৃদ্ধাবস্থাতে তাহার সন্তান হইবেক.

প্র. দ্বিতীয়তঃ তিনি কি বিশ্বাস করিয়াছিলেন ?

উ. দ্বিতীয়তঃ তিনি এই বিশ্বাস করিয়াছিলেন যে কিনান্ দেশে তাহার নিজের এক পদ পরিমিত ভূমি না থাকিলেও তাহার সন্তান সন্ততিগণ সে সমুদয় দেশ অধিকার করিয়া লইবেক.

প্র. তৃতীয়তঃ তিনি কি বিশ্বাস করিয়াছিলেন ?

উ. তৃতীয়তঃ তিনি এই বিশ্বাস করিয়াছিলেন যে আপনি এক জন সামান্য মানুষ হইলেও তাহার বংশে পৃথিবীস্থ তাবৎ লোক আশীঃপ্রাপ্ত হইবেক.

প্র. যে বিশেষ ধর্ম্মানুষ্ঠান যিহূদীয় লোকের মধ্যে পুরুষানুক্রমে পালিত হইবার জন্যে পরমেশ্বর অব্রাহাম্কে আদেশ করিয়াছিলেন তাহার নাম কি ?

উ. ত্বক্ছেদ ক্রিয়া তাহার নাম

প্র. এক্ষণে কি সে ক্রিয়া পালনীয়া ?

উ. না এক্ষণে তাহা পালনীয়া নহে যেহেতুক নূতন নিয়ম সংস্থাপন হইবাতে তাহার ও অন্য২ যিহূদীয় ক্রিয়া কলাপের লোপ হইয়াছে.

প্র. বিথূয়েলের পিতা মাতার নাম কি? ?

উ. তাহার পিতার নাম নাখোর্ ও তাহার মাতার নাম মিল্কাহ্.

প্র. সারাহের মৃত্যুর পর অব্রাহাম্ কি পুনরায় বিবাহ করিয়াছিলেন?

উ. হাঁ তাহার মৃত্যুর পর তিনি কিটূরাহ্ নাম্নী এক স্ত্রী লোককে বিবাহ করিয়াছি-লেন.

প্র. অব্রাহামের ভৃত্যের নাম কি?

উ. তাহার নাম য়েলী-এষের্.]

পঞ্চম উপদেশ।

১—ইস্‌হাক্ ও রিব্‌কাহের দুই পুত্র সন্তান হইয়াছিল এই সন্তানদের নাম যাকোব্ ও এষৌ। মৃগয়া বৃত্তিতে এষৌর অতিশয় অনুরাগ ছিল এবং সে পরমেশ্বরের উপাসনা কিম্বা তাঁহার অঙ্গীকৃত কথার যথোচিত আদর করিত নাই কিন্তু যাকোব্ তাঁহাকে ত্রাস পূর্ব্বক প্রেম করিতেন। আর অব্রাহাম্ ও ইস্‌হাক্ হইতে যে মহা জাতির উৎপত্তি হওনের ও কিনান্ দেশাধিকার করণের কথা ছিল যাকোব্ সেই জাতির আদি পুরুষ হইবার আকাঙ্ক্ষা করিয়াছিলেন। বস্তুতঃ রিব্‌কাহের পুত্রদ্বয় জন্মিবার পূর্ব্বেই পরমেশ্বর তাহাকে অঙ্গীকার করিয়াছিলেন যে যাকোবের বংশীয় লোকে সেই দেশের অধিকার পাইবেক। পরন্তু যাকোব্ শঙ্কা করিয়াছিলেন পাছে এষৌ পূর্ব্বোক্ত অধিকার প্রাপ্ত হয় যেহেতুক সে তাহার পিতার জ্যেষ্ঠ পুত্র ছিল। অনন্তর যখন এক দিবস যাকোব্ এক বাসন উত্তম ব্যঞ্জন ভোজন করিতে যাইতেছিলেন তৎকালীন এষৌ মৃগয়া হইতে ক্লান্ত ও ক্ষুধার্ত্ত হইয়া গৃহে প্রত্যাগমন করত তাহার নিকটে ঐ ব্যঞ্জনের কিঞ্চিদংশ চাহিলে তিনি তাহাকে বলিয়াছিলেন যদি তুমি আমার স্থানে আপনার জ্যেষ্ঠাধিকার অর্থাৎ কিনান্ দেশাধিকার বিক্রয় কর তবে আমি তোমাকে

এই ব্যঞ্জন দিব। অপর এষৌ তদ্রূপ করিতে সম্মত হইয়া এক বাসন ব্যঞ্জনের নিমিত্তে আপনাকে জ্যেষ্ঠাধিকারে বঞ্চিত করিয়াছিল। সে যাহা হউক যাকোবের নিজ ভ্রাতার সঙ্গে এমত পণ করা উচিত ছিল না বরঞ্চ পরমেশ্বরের অঙ্গীকৃত কথায় আস্থা করিয়া তাহাকে ব্যঞ্জন দেওয়া তাহার কর্ত্তব্য ছিল।

প্রশ্ন. ইস্‌থাক্ ও রিব্‌কাহের কয় পুত্র হইয়াছিল?
উত্তর. তাহাদের দুই পুত্র হইয়াছিল.
প্র. এই পুত্রদের নাম কি২?
উ. যাকোব্ ও এষৌ তাহাদের নাম.

প্র. এক বাসন ব্যঞ্জনের নিমিত্তে এষৌ যাকোবের স্থানে কি বিক্রয় করিয়াছিল?
উ. সে তাহার স্থানে আপনার জ্যেষ্ঠাধিকার বিক্রয় করিয়াছিল.

২—ইস্‌থাক্ এষৌকে ডাকিয়া কহিয়াছিলেন আমার মরণের পূর্ব্বে আমি তোমাকে আশীর্ব্বাদ করিতে আকাঙ্ক্ষা করি। এই কথা রিব্‌কাহ্ শুনিয়া মনে২ ভাবিয়াছিলেন যে কিনান্ দেশ অধিকার করিয়া লইবার যে মহা জাতির কথা আছে এষৌকে সেই জাতির আদি পুরুষ করিবার জন্যে আমার স্বামী বুঝি পরমেশ্বরের নিকটে প্রার্থনা করিতে মনস্থ করিয়াছেন। অতএব এষৌ নিজ পিতার নিমিত্তে উত্তম খাদ্য দ্রব্য প্রস্তুত করিবার অভিপ্রায়ে মাংস আনিবার জন্যে মৃগয়ায় গমন করিলে পর রিব্‌কাহ্ যাকোব্‌কে আপনার ভ্রাতার বস্ত্র পরিধান করিয়া বৃদ্ধ পিতার নিকটে আসিতে পরামর্শ দিয়াছিলেন। ইহার

তাৎপর্য্য এই ছিল যে ইস্‌থাক্ যেন যাকোব্‌কে এষৌ করিয়া বিশ্বাস করেন কারণ তিনি অন্ধ ছিলেন সুতরাং স্পর্শ ব্যতীত অন্য কোন উপায়দ্বারা তাহাকে তাহার জানিবার সম্ভাবনা ছিল নাই। অপর যাকোব্ নিজ মাতার পরামর্শানুযায়ি ব্যবহার করিলে ইস্‌থাক্ তাহাকে এষৌ বোধ করিয়া আশীর্ব্বাদ করিয়াছিলেন। এই ব্যাপারে পরমেশ্বর ইস্‌থাক্‌কে প্রতারিত হইতে দিয়াছিলেন কেননা যাকোব্ ও এষৌর জন্মের পুর্ব্বেই স্থির হইয়াছিল যে যাকোব্ আশীঃপ্রাপ্ত হইবেক। একথার অর্থ এই যে পরমেশ্বর আপনিই পূর্ব্বে স্থির করিয়াছিলেন যে যাকোবের বংশীয় লোকে কিনান্ দেশ ভোগ করিবেক কিন্তু ইস্‌থাক্ এষৌকে তাহা দিবার জন্য উদ্যত হইয়াছিলেন।

প্রশ্ন. যাকোব্‌প্রতারণাপূর্ব্বক আপন পিতা হইতে কি প্রাপ্ত হইয়াছিলেন?

উত্তর. তিনি তাহা হইতে আশীর্ব্বাদ প্রাপ্ত হইয়াছিলেন.

প্র. আশীর্ব্বাদকরণকালে ইস্‌থাক্ যাকোব্‌কে কোন্ ব্যক্তি করিয়া বোধ করিয়াছিলেন?

উ. তিনি তাহাকে তৎকালীন এষৌ করিয়া বোধ করিয়াছিলেন

প্র. ইস্‌থাক্ যে যাকোব্‌কে জানিতে পারেন নাই ইহার কারণ কি?

উ. ইহার কারণ এই যে তিনি অন্ধ ছিলেন.

প্র. যাকোব্ যে আপন বৃদ্ধ দুর্ব্বল দৃষ্টিহীন পিতাকে প্রতারণাকরিয়াছিলেন ইহার কারণ কি?

উ. ইহার কারণ এই যে তাহার মাতা তাহাকে তাহা করিতে পরামর্শ দিয়াছিলেন.

প্র. এরূপ করা কি তাহার অত্যন্ত অবিহিত ছিল না?	উ. হাঁ তাহার এরূপ করা অত্যন্ত অবিহিত ছিল বটে.

৩—এষৌ মৃগয়া হইতে প্রত্যাগমন করিলে পর মৃগ মাংসের এক বাসন উত্তম খাদ্য দ্রব্য প্রস্তুত করত আপন দুর্ব্বল অন্ধ পিতার নিকটে লইয়া গিয়া বিনতি পূর্ব্বক নিবেদন করিয়াছিল আপনি গাত্রোত্থান করিয়া এই খাদ্য দ্রব্য ভোজন করত আমাকে আশীর্ব্বাদ করুন। অতএব ইস্‌খাক্ এষৌর স্বর শ্রবণমাত্রে আপনি যে প্রতারিত হইয়াছেন ইহা শঙ্কা করিয়াছিলেন। অপর যখন এষৌ শুনিয়াছিল যে তাহার আপনার পরিবর্ত্তে যাকোব্ আশীর্ব্বাদ পাইয়াছেন তখন সে অতিশয় শোক করত রোদন করিয়াছিল এবং চিৎকার ও ক্রন্দন পূর্ব্বক কহিয়াছিল হে আমার পিতঃ আমাকেও আশীর্ব্বাদ কর। এমত হইলে পরমেশ্বর এষৌর নিমিত্তে ইস্‌খাকের মুখ হইতে এক আশীর্ব্বাদ বচন নির্গত করাইয়াছিলেন। কিন্তু যে মহা জাতির কিনান্ দেশাধিকার করিয়া লইবার কথা আছে সে জাতি আপন হইতে উৎপন্ন না হইয়া যাকোব্ হইতে উৎপন্ন হইবেক ইহা যখন এষৌ জানিতে পারিয়াছিল তখন সে অত্যন্ত ক্রোধ করত তর্জ্জন পূর্ব্বক বলিয়াছিল আমার পিতার মৃত্যুর পরেই আমি নিজ ভ্রাতা যাকোব্‌কে বধ করিব। তদনন্তর রিব্‌কাহ্ ইহা শুনিয়া থারাণেতে যাকোব্‌কে পাঠাইয়া দিতে ইস্‌খাক্‌কে পরামর্শ দিয়াছিলেন কেননা এই দূরস্থ স্থানে তাহার ভ্রাতা লাবান্ ও অন্য২ জ্ঞাতি কুটুম্বগণ বসতি করিত

আর যাকোব্ যেন সেই স্থানের কোন স্ত্রীলোককে বিবাহ্ করেন ইস্‌হাক্ তাহাকে এই আজ্ঞা করিয়াছিলেন। সুতরাং যদিও যাকোব্ নিজ পিতৃগৃহে অতিশয় সুখে কাল-যাপন করিতেছিলেন তথাচ তাঁহাকে তাহা ছাড়িয়া একাকী পদব্রজে গমন করত দূরদেশস্থ অপরিচিত মাতৃ পক্ষ কুটুম্ব-বর্গের নিকটে যাইতে হইয়াছিল। পরে তিনি সে স্থানে গিয়া উপস্থিত হইলে পর তাহারা তাহার প্রতি যথেষ্ট নির্দ্দয়তা পূর্ব্বক ব্যবহার করিয়াছিল। এইরূপে রিব্‌কাহ্ নিজ প্রিয় পুত্রকে ছাড়িয়া দিতে বাধ্য হইয়াছিলেন ও ইহার পর যাকোবের সহিত রিব্‌কাহের পুনরায় আর সাক্ষাৎ হয় নাই। বস্তুতঃ আশীর্ব্বাদ পাইবার নিমিত্তে তাহারা উভয়ে যে মিথ্যা ও প্রতারণার দোষ করিয়াছিল সেই দোষেরই ফল করিয়া তাহাদের এই দুঃখকে স্বীকার করিতে হইবেক। কিন্তু তাহাদের দৃঢ় বিশ্বাস করা উচিত ছিল যে যাকোব্‌ই আশীঃপ্রাপ্ত হইবেন কেননা পরমেশ্বর এমত অঙ্গীকার করিয়াছিলেন।

প্রশ্ন. যখন এষৌ শুনিয়াছিল যে তাহার পিতা যাকোব্‌কে তাহার পরিবর্ত্তে আশীর্ব্বাদ করিয়াছেন তখন সে কি বড় দুঃখিত হইয়াছিল?

উত্তর. হাঁ তখন সে বড় দুঃখিত হইয়াছিল বটে.

প্র. ইহার পর সে কি করিয়াছিল?

উ. ইহার পর সে রোদন করিয়াছিল.

প্র. সে তাহার আপনার প্রতি কি করিতে নিজ পিতাকে বিনতি করিয়াছিল?

উ. সে আপনাকে আশীর্ব্বাদ করিতে তাহাকে বিনতি করিয়াছিল.

প্র. ইস্থাক্ যাকোব্কে যেমত উত্তম আশীর্ব্বাদ করিয়াছিলেন তদ্রূপ উত্তম আশীর্ব্বাদ তিনি এষৌকে কি করিয়াছিলেন?

উ. না তাহা তিনি করেন নাই.

প্র. কি করিবার কথা এষৌ তর্জ্জন পূর্ব্বক বলিয়াছিল?

উ. সে যাকোব্কে বধ করিবার কথা তর্জ্জন পূর্ব্বক বলিয়াছিল.

প্র. রিবকাহ্ যাকোব্কে আপনার প্রাণ রক্ষার্থে কি বিশেষ পরামর্শ দিয়াছিলেন?

উ. তিনি তাহাকে লাবানের নিকটে পলাইয়া যাইতে পরামর্শ দিয়াছিলেন.

প্র. লাবান্ কোথায় বসতি করিত?

উ. সে থারাণেতে বসতি করিত.

প্র. যাকোবের তথায় প্রস্থান করণ বিষয়ে ইস্থাকের কি সম্মতি ছিল?

উ. হাঁ তাহাতে তাহার সম্মতি ছিল.

[প্র. যাকোব্ ও এষৌর মধ্যে কে ইস্থাকের জ্যেষ্ঠ পুত্র?

উ. এষৌ তাহার জ্যেষ্ঠ পুত্র.

প্র. এষৌ যাকোবের স্থানে জ্যেষ্ঠাধিকার বিক্রয় করত আপনাকে কেবল কিনান্ দেশাধিকার বিষয়ে কি বঞ্চিত করিয়াছিল?

উ. না উহাতে করিয়া সে আপনাকে কেবল সেই বিষয়ে বঞ্চিত করেন নাই.

প্র. তবে উহার দ্বারা সে আপনাকে আর কি বিষয়ে বঞ্চিত করিয়াছিল ?

উ. কতিপয় পণ্ডিতদের মতানুসারে সে উহার দ্বারা আপনাকে অঙ্গীকৃত ত্রাণকর্ত্তার আদি পুরুষ হওনের অধিকারেও বঞ্চিত করিয়াছিল.

প্র. এষৌর অন্য নাম কি ?

উ. য়িদোম্ তাহার অন্য নাম.

প্র. কেন তাহার এই নাম হইয়াছিল ?

উ. কারণ সে রাঙ্গা ব্যঞ্জনের নিমিত্তে আপন জ্যেষ্ঠাধিকার বিক্রয় করিয়াছিল.

প্র. তবে কি য়িদোম্ শব্দের অর্থই রাঙ্গা ?

উ. হাঁ তাহার অর্থই রাঙ্গা.

প্র. এষৌর বংশোদ্ভব লোকগণ কিনামে বিখ্যাত হইয়াছে ?

উ. তাহারা তাহার য়িদোম নামানুসারে য়িদোমীয়গণ বলিয়া বিখ্যাত হইয়াছে.

প্র. কোন্ দেশেতে খারাণ নগরী ছিল ?

উ. তাহা মিসপটামিয়া দেশেতে ছিল.

প্র. তেরখ কি সপরিজনে প্রথমাবধি খারাণে বাস করিয়াছিলেন ?

উ. না সেখানে তিনি প্রথমাবধি সপরিজনে বাস করেন নাই.

প্র. তবে প্রথমে তিনি ও তাহার পরিজন কোথায় বাস করিয়াছিলেন ?

উ. প্রথমে তাহারা কল্দীয়দের উর নগরে বাস করিয়াছিলেন.]

ষষ্ঠ উপদেশ।

১—যাকোব্ আপন পিতার গৃহ ত্যাগ করিয়া গেলে পর প্রথম দিন রাত্রিকালে নিদ্রা যাইবার নিমিত্তে কেবল এক প্রস্তর বালিশরূপে অবলম্বন করত শীতল ভূমির উপরে শয়ন করিয়াছিলেন। কিন্তু পরমেশ্বর জানিতেন যে যাকোব্ তাঁহার উপাসনা প্রকৃতরূপে করিবেন ও দেবদেবীপূজাতে কখন আসক্ত হইবেন না। অতএব তিনি যাকোবের প্রতি কৃপা-দৃষ্টি করিয়া স্বপ্নযোগে তাহাকে সান্ত্বনা করিয়াছিলেন। এই স্বপ্ন দর্শনে যাকোব্ এক সোপান দেখিয়াছিলেন এবং সেই সোপানের মূল পৃথিবীতে স্থিত ও তাহার মস্তক গগনস্পর্শী ছিল। আরও তিনি তাহাদ্বারা পরমেশ্বরের দূতগণকে উঠিতে ও নামিতে এবং স্বয়ং প্রভুকে তদুপরি দণ্ডায়মান হইয়া থাকিতে দেখিয়াছিলেন। অপর তথা হইতে পরমেশ্বর যাকোব্কে বলিয়াছিলেন আমি তোমাহইতে এক মহা জাতি উৎপন্ন করিব তুমি যে ভূমিতে শয়ন করিয়া রহিয়াছ তাহা আমি তোমাকে দিব। পুনশ্চ তিনি তাহাকে অঙ্গীকার করিয়াছিলেন তুমি যে স্থানে গমন করিবা সেই স্থানেই আমি তোমার সহায় হইব ও পুনর্ব্বার তোমাকে কিনান্ দেশে আনয়ন করিব। তদনন্তর

স্বপ্ন ভঙ্গ হইলে পর যাকোব্ গাত্রোত্থান করত পরমেশ্বরের উদ্দেশে দিব্য করিয়া এই প্রতিজ্ঞা করিয়াছিলেন যে অন্য কোন দেবতার অপেক্ষা করিব না।

প্রশ্ন. আপন পিতার গৃহ ত্যাগ করিয়া গেলে পর প্রথম দিন রাত্রিকালে যাকোব্ কোথায় নিদ্রা যাইবার নিমিত্তে শয়ন করিয়াছিলেন?

উত্তর. তিনি সে দিন রাত্রি-কালে ভূমির উপরে শয়ন করিয়াছিলেন.

প্র. তিনি কোন্ দ্রব্য বালিশ-রূপে অবলম্বন করিয়া-ছিলেন?

উ. তিনি এক প্রস্তরকে বালিশরূপে অবলম্বন করিয়া-ছিলেন.

প্র. পরমেশ্বর যাকোব্কে স্বপ্নযোগে কি অঙ্গীকার করি-য়াছিলেন?

উ. তিনি তাহা হইতে এক মহা জাতি উৎপন্ন করিবার অঙ্গী-কার তাহাকে করিয়াছিলেন.

প্র. কোন্ দেশ দিবার অঙ্গী-কার পরমেশ্বর যাকোবকে করিয়াছিলেন?

উ. যে দেশের ভূমির উপর যাকোব্ শয়ন করিয়াছিলেন সেই দেশ.

প্র. সেই দেশের নাম কি?

উ. কিনান্ তাহার নাম.

প্র. ইহা ব্যতীত আর কিছু কি পরমেশ্বর যাকোব্কে অঙ্গীকার করিয়াছিলেন?

উ. হাঁ তিনি তাহাকে আর এই অঙ্গীকার করিয়াছিলেন যে সর্ব্বত্রে আমি তোমার সহায় হইব ও আমি পুনর্ব্বার তোমাকে কিনান্ দেশেতে আনয়ন করিব.

প্র. যাকোব্ দিব্য করত কি প্রতিজ্ঞা করিয়াছিলেন?

উ. তিনি অন্য দেবতার অপেক্ষা না করিয়া কেবল পরমেশ্বরেরই অপেক্ষা করিবার প্রতিজ্ঞা করিয়াছিলেন.

প্র. এই প্রতিজ্ঞা দ্বারা যাকোব্ কি প্রতিপন্ন করিয়াছিলেন?

উ. তিনি ইহা প্রতিপন্ন করিয়াছিলেন যে তিনি কদাচ প্রতিমাপূজা করিবেন নাই.

২—স্বপ্ন ভঙ্গ হইলে পর যাকোব্ পুনর্ব্বার চলিতে আরম্ভ করিয়া অবশেষে পূর্ব্বাঞ্চলস্থ এক গ্রামে আসিয়া উপস্থিত হইয়াছিলেন। এই স্থানেতে একটা কূপ ছিল ও তাহার সমীপে তিন পাল মেষ শয়ন করিয়া ছিল এবং তথায় কএক ব্যক্তির সহিত তাহার সাক্ষাৎ হইবাতে তিনি তাহাদিগকে জিজ্ঞাসা করিয়াছিলেন তোমরা লাবান্কে জান কি না তাহাতে তাহারা তাহাকে বলিয়াছিল হাঁ আমরা তাহাকে জানি। এতদ্ভিন্ন তাহারা কহিয়াছিল যে মেষ পালকে জলপান করাইবার জন্যে লাবানের কন্যা রাখেল্ কূপের নিকটে অবিলম্বে আগমন করিবেক। অপর যাকোব্ এই লোকদের সহিত কথোপকথন করিতে২ রাখেল্ সেখানে আসিয়া উপস্থিতা হইয়াছিলেন। তদনন্তর কূপের মুখে যে প্রস্তর বসান ছিল তাহা যাকোব্ দৌড়িয়া গিয়া সরাইয়া রাখেলের মেষ পালকে জলপান করাইয়াছিলেন। পরে যাকোব্ মাতৃপক্ষ কুটুম্বদের উদ্দেশ পাওয়াতে হৃষ্টচিত্ত হইয়া রাখেল্কে চুম্বনপূর্ব্বক অশ্রুপাত করিয়াছিলেন: আর যখন রাখেল্ নিজ পিতা লাবান্কে জ্ঞাপন করিয়াছিলেন যে তোমার ভাগিনেয় যাকোব্ আসিয়া-

ছেন তখন সে যাকোবের সহিত সাক্ষাৎ করিবার জন্যে বাহিরে যাইয়া তাহাকে আপনার ভবনে আগমন করিতে নিমন্ত্রণ করিয়াছিল। কিন্তু লাবান্ যেন যাকোব্‌কে রাখিতে ভার বোধ না করেন এতদর্থে তিনি আপনাকে তাহার স্থানে এমত কর্ম্মিষ্ঠ করিয়া প্রতিপন্ন করিয়াছিলেন যে এক মাসের শেষেই সে তাহাকে বেতন দিতে চাহিয়াছিল। অতএব যাকোব্ লাবান্‌কে বলিয়াছিলেন আমি সাত বৎসর তোমার দাসত্ব কর্ম্ম করিতে সম্মত আছি যদ্যপি তুমি আমার সহিত রাখেলের বিবাহ দেও। প্রথমে লাবান্ ইহা করিতে স্বীকৃত হইয়াছিল বটে কিন্তু নিরূপিত কাল গত হইলে পর সে প্রতারণা পূর্ব্বক যাকোবের সহিত আপন জ্যেষ্ঠা কন্যার বিবাহ দিয়াছিল। এরূপ চাতুর্য্য করা দুঃখের বিষয় হইলেও তৎকালীন মানুষদের মধ্যে একাতিরিক্ত স্ত্রী বিবাহ করণের প্রথা থাকিবাতে যাকোব্ রাখেলের নিমিত্ত পুনরায় সাত বৎসর দাসত্ব বৃত্তি স্বীকার করিয়া অবশেষে তাহাকে বিবাহ করিয়াছিলেন। আর যাকোব্ লেয়াহের অপেক্ষা রাখেল্‌কে অধিক প্রেম করিতেন।

প্রশ্ন. যাকোব্ কূপের সমীপে কি চরিয়া বেড়াইতে দেখিয়াছিলেন?

উত্তর. তিনি তথায় তিনপাল মেষ চরিয়া বেড়াইতে দেখিয়াছিলেন.

প্র. সেই তিন পাল মেষ কাহার?

উ. লাবানের.

প্র. লাবান্ কে?

উ. সে রিব্‌কাহের ভ্রাতা.

প্র. সে যাকোবের কে হয়?

উ. সে তাহার মাতুল হয়.

প্র. কে মেষ সমূহকে জল-পান করাইতে বাহির হইয়া আসিয়াছিলেন?

উ. রাখেল্ বাহির হইয়া আসিয়াছিলেন.

প্র. যৎকালীন যাকোব্ রাখেলের পরিচয় পাইয়াছিলেন তখন তিনি কি করিয়াছিলেন?

উ. তখন তিনি রাখেল্কে চুম্বন করিয়া অশ্রুপাত করিয়াছিলেন.

প্র. কেন তিনি অশ্রুপাত করিয়াছিলেন?

উ. কারণ তিনি আপনাকে তাহার একজন কুটুম্ব করিয়া জানিতে পারিয়া হৃষ্টচিত্ত হইয়াছিলেন.

প্র. লাবান্ কি যাকোব্কে আনুকূল্য পুর্ব্বক অভ্যার্থনা করিয়াছিল?

উ. হাঁ সে তাহা করিয়াছিল.

প্র. যাকোবের সহিত লাবান্ কি পণ করিয়াছিল?

উ. সে তাহার সহিত এই পণ করিয়াছিল যে তাঁহাকে রাখেলের নিমিত্তে সাত বৎসর দাসত্ব কর্ম্ম করিতে হইবেক.

প্র. সে কি বাস্তব সাত বৎসরের শেষে রাখেল্কে যাকোবের প্রতি সম্প্রদান করিয়াছিল?

উ. না সে তাহা করে নাই কিন্তু লেয়াহ্ নাম্নী তাহার অন্য এক যে কন্যা ছিল তাহাকে সে যাকোবের প্রতি সম্প্রদান করিয়াছিল.

প্র. যাকোব্ লাবানের সহিত আরবার কি পণ করিয়াছিলেন?

উ. তিনি এই পণ করিয়াছিলেন যে রাখেলের নিমিত্তে পুনর্ব্বার সাত বৎসর দাসত্ব কর্ম্ম করিবেন.

প্র. তিনি কি তাহা বাস্তব করিয়াছিলেন?

উ. হাঁ তিনি বাস্তব তাহা করিয়াছিলেন.

প্র. কোন্ স্ত্রীকে যাকোব অধিক প্রেম করিতেন?

উ. তিনি রাখেলকে অধিক প্রেম করিতেন.

৩—যে বিংশতি বৎসর যাকোব্ লাবানের সঙ্গে বাস করিয়াছিলেন তাবৎ তাহাকে অত্যন্ত ক্লেশ ভোগ করিতে হইয়াছিল। লাবান্ দশবার যাকোবের বেতন পরিবর্ত্তন করে কিন্তু যাকোবের প্রতি পরমেশ্বর এমত প্রসন্ন ছিলেন যে লাবান্ বিঘ্ন জন্মাইলেও তাহার উষ্ট্র গর্দ্দভ করিয়া বহু পশ্বাদি হইয়াছিল আর তাহার অনেক দাস দাসীও ছিল। পরে লাবানের পুত্রেরা যাকোবের প্রতি দ্বেষ ও হিংসা করিতে উপক্রম করিবাতে তিনি ও তাহার পরিজন বড় অসুখ পাইয়াছিলেন। তথাচ যাবৎ পরমেশ্বর যাকোব্কে কিনান্ দেশেতে প্রত্যাগমন করিতে অনুমতি না করিয়াছিলেন সে পর্য্যন্ত তিনি তাহা করেন নাই। পরন্তু যখন পরমেশ্বর তাহাকে আজ্ঞা করিয়াছিলেন তুমি আপন পৈত্রিক দেশে বন্ধুবান্ধববর্গের নিকটে ফিরিয়া যাও ও আমি তোমার সহায় হইব তখন তিনি তথায় হইতে প্রস্থান করিতে আহ্লাদিত হইয়াছিলেন এবং তাহার স্ত্রীরাও তাহার সঙ্গে যাইতে প্রস্তুত ছিলেন। অপর এক দিবস লাবান্ ঘরে না থাকিলে যাকোব্ নিজ ভার্য্যা ও পুত্রগণকে এবং পশুপাল ও অন্য২ দ্রব্যাদি সঙ্গে লইয়া পদ্দেনাহ্—অরাম্ হইতে যাত্রা করিয়াছিলেন। অতএব লাবান্ তাহাদের প্রস্থানের কথা শুনিবামাত্র অতিশয় ক্রোধ পূর্ব্বক তাহাদের পশ্চাৎ ধাবন

করিয়াছিল। কিন্তু পরমেশ্বর তাহাকে স্বপ্নযোগে দর্শন দিয়া বলিয়াছিলেন তুমি যাকোবের মন্দ চেষ্টা করিও না। সুতরাং লাবান্ যাকোবের সঙ্গ ধরিলে পর তাহারা উভয়ে কথোপকথন করিয়াছিলেন এবং কখন কেহ কাহার মন্দ চেষ্টা করিবেন না এমত অঙ্গীকার করিয়া হৃদ্যতা ভাবে পরস্পর বিদায় লইয়াছিলেন।

প্রশ্ন. লাবান্ কি সানুকূল্য পূর্ব্বক যাকোবের প্রতি ব্যবহার করিয়াছিল?

উত্তর. না সে তাহা করে নাই.

প্র. কয়বার সে তাহার বেতন পরিবর্ত্তন করিয়াছিল?

উ. দশবার সে তাহা করিয়াছিল.

প্র. কি জন্যে সে এমত করিয়াছিল?

উ. এই জন্যে যে যাকোব্ যেন বিষয়াপন্ন না হইতে পারেন.

প্র. সে কি বাস্তব তাহার বিঘ্ন জন্মাইতে পারিয়াছিল?

উ. না সে বাস্তব তাহা করিতে পারে নাই.

প্র. কি প্রকারে যাকোব্ বিষয়াপন্ন হইয়াছিলেন?

উ. তিনি পরমেশ্বরের প্রসাদাৎ বিষয়াপন্ন হইয়াছিলেন.

প্র. লাবানের পুত্ত্রেরা তাহাকে বিষয়াপন্ন হইতে দেখিয়া কি করিয়াছিল?

উ. তাহারা তাহার সহিত কচ্‌কচি করিয়াছিল.

প্র. তাহাতে যাকোব্ ও তাহার পরিজন কি অসুখ বোধ করেন নাই?

উ. হাঁ তাহারা অসুখ বোধ করিয়াছিলেন.

প্র. ইহার পর পরমেশ্বর যাকোবকে কি করিতে আজ্ঞা করিয়াছিলেন?

উ. তিনি তাহাকে আপনার পৈত্রিক দেশে বন্ধু বান্ধবগণের নিকটে প্রত্যাগমন করিতে আজ্ঞা করিয়াছিলেন.

প্র. এরূপ করিতে তিনি কি আহ্লাদিত হন নাই?

উ. হাঁ তিনি আহ্লাদিত হইয়াছিলেন.

৪—যাকোব্ স্বদেশের নিকটে উত্তরিলে পর নিজ ভ্রাতা এষৌর বিষয়ে ভয় করিয়াছিলেন কেননা সে এক্ষণে এক জন প্রতাপান্বিত রাজা হইয়া উঠিয়াছিল। অপর যখন যাকোব্ শুনিয়াছিলেন যে এষৌ চারি শত লোকের সমভিব্যাহারে তাহার স্থানে আগমন করিতেছে তখন তিনি অত্যন্ত শঙ্কাযুক্ত হইয়াছিলেন যে হেতু তিনি মনে২ করিয়াছিলেন বুঝি পূর্ব্ব প্রতারণার জন্য সে তাহার প্রতি হিংসা করিবার মনস্থ করিয়াছে। অতএব যাকোব্ আপন কতিপয় মানুষকে বহু উপঢৌকন লইয়া এষৌর নিকটে গমন করত প্রিয় সম্বাদ পাঠাইয়াছিলেন। তদনন্তর যাকোব্ আপনার ভ্রাতার হস্ত হইতে নিস্তার পাইবার জন্য পরমেশ্বরের উদ্দেশে প্রার্থনা করিলে তিনি এষৌর অন্তঃকরণ পরিবর্ত্ত করিয়াছিলেন তাহাতে সে যাকোবের সহিত সানুকূল্য পূর্ব্বক সাক্ষাৎ করত তাহার গলা ধরিয়া চুম্বন করিয়াছিল। অবশেষে যাকোব্ সপরিবারে নিরাপদে কিনান্ দেশে আসিয়া বৃদ্ধ পিতাকে বর্ত্তমান দেখিয়াছিলেন সুতরাং তাহার প্রত্যাগমনে তাহার পিতা অতিশয় আনন্দ করিয়াছিলেন। পরন্তু কিঞ্চিৎকাল পরে ইস্হাক্ ১৮০ বৎসর

বয়সে পরলোক গমন করিলে পর তাহাঁর পুত্রদ্বয় যাকোব্ ও এষৌ মক্‌পেলাহ্ গুহাতে তাহার কবর দিয়াছিলেন। আর কিনান্ দেশে ফিরিয়া আসিবার পূর্ব্বে যাকোব্ পরমেশ্বর হইতে ইশ্‌রায়েল্ নাম প্রাপ্ত হইয়াছিলেন।

প্রশ্ন. এসময়ে যাকোবের ভ্রাতা এষৌ কি বর্ত্তমান ছিল?

উত্তর. হাঁ সে বর্ত্তমান ছিল.

প্র. যাকোব্ কি তাহার সহিত সাক্ষাৎ করিতে ভয় করেন নাই?

উ. হাঁ তিনি ভয় করিয়াছিলেন.

প্র. তিনি এষৌর নিকটে কি প্রেরণ করিয়াছিলেন?

উ. তিনি তাহার নিকটে উপঢৌকন প্রেরণ করিয়াছিলেন.

প্র. যখন এষৌ আপন ভ্রাতার সহিত সাক্ষাৎ করিতে আসিয়াছিল তখন সে কত গুলিন লোকের সমভিব্যাহারে আগমন করিয়াছিল?

উ. সে ৪০০ শত লোকের সমভিব্যাহারে আগমন করিয়াছিল.

প্র. যাকোব্ কি ইহা শুনিয়া ভীত হন নাই?

উ. হাঁ তিনি ভীত হইয়াছিলেন.

প্র. কেন তিনি আপনার ভ্রাতাকে এমত ভয় করিয়াছিলেন?

উ. কারণ তিনি তাহার সহিত পূর্ব্বে প্রতারণা করিয়াছিলেন.

প্র. যখন এষৌ যাকোবের সহিত সাক্ষাৎ করিয়াছিল তখন সে তাহার প্রতি কিরূপ ব্যবহার করিয়াছিল?

উ. সে গলা ধরিয়া তাহাকে চুম্বন করিয়াছিল.

প্র. যাকোব্ কি আপন ভ্রাতার সহিত মিল হইবাতে অত্যন্ত আহ্লাদ করেন নাই?

উ. হাঁ তিনি অত্যন্ত আহ্লাদ করিয়াছিলেন.

প্র. যখন যাকোব্ মম্রেতে প্রত্যাগমন করিয়াছিলেন তখন কি তাহার পিতা ইস্‌থাক্ বর্ত্তমান ছিলেন ?

উ. হাঁ। তখন তিনি বর্ত্তমান ছিলেন.

প্র. ইহার কিঞ্চিৎকাল পরেই ইস্‌থাক্ কি লোকান্তর গমন করিয়াছিলেন ?

উ. হাঁ। তিনি লোকান্তর গমন করিয়াছিলেন.

প্র. মরণকালীন তাহার কত বয়স হইয়াছিল ?

উ. মরণকালীন তাহার ১৮০ বৎসর বয়স হইয়াছিল.

প্র. যখন যাকোব্ কিনান্ দেশে প্রত্যাগমন করিতেছিলেন তখন তিনি পরমেশ্বর হইতে কি নাম পাইয়াছিলেন ?

উ. তখন তিনি তাহা হইতে ইশ্‌রায়েল্ নাম পাইয়াছিলেন.

৫—যখন যাকোব্ কিনান্ দেশ ত্যাগ করিয়া হারাণেতে যাত্রা করিয়াছিলেন তখন এক যষ্টি ব্যতিরেকে তাহার নিজের অন্য কিছু ছিল না। কিন্তু স্বদেশে প্রত্যাগমনকালে তাহার বার জন পুত্র সন্তান হইয়াছিল এবং তাহার বহু পশুপাল ও অনেক দাসদাসী ছিল আর তাহার প্রিয়া ভার্য্যা রাখেল্ পথিমধ্যে মরিয়াছিলেন। যাকোবের বার পুত্রদের নাম এই২ অর্থাৎ রিউবেণ্ শিমিয়োন্ লেবী যিহুদাহ্ দান্ নফ্‌তালী গাদ্ আশের্ ইশ্‌শাকর্ সিবুলূন্ যোষেফ্ বিন্‌যামিন্। এই বার ব্যক্তি কুলপতি নামে বিখ্যাত হইয়াছেন এবং ইহারাই ইশ্‌রায়েলের বার জন গোষ্ঠীপতি। আর ব্যবস্থার পূর্ব্বে ও তাহার সময়ে যে সকল পুণ্যবান্ লোক বিদ্যমান ছিলেন তাহারাও কুলপতি সংজ্ঞায় কথিত হইয়াছেন।

[প্রশ্ন. যে স্থানে যাকোব্ স্বপ্ন দেখিয়াছিলেন তাহার পূর্ব্ব নাম কি ?

উত্তর. লূস্ তাহার পূর্ব্ব নাম.

প্র. কিন্তু স্বপ্নের পর যাকোব্ তাহার কি নাম রাখিয়াছিলেন ?

উ. তিনি বৈৎ-য়েল্ অর্থাৎ ঈশ্বরগৃহ তাঁহার নাম রাখিয়াছিলেন.

প্র. কেন যাকোব্ পরমেশ্বর হইতে ইশ্রায়েল্ নাম পাইয়াছিলেন ?

উ. কারণ যদবধি তিনি পরমেশ্বর হইতে বর না পাইয়াছিলেন সে পর্য্যন্ত তিনি তাঁহাকে ছাড়িয়া দেন নাই.

প্র. ইশ্রায়েল্ এই অভিধেয়ের অর্থ কি ?

উ. ইহার অর্থ ঈশ্বরজয়ী.

প্র. তবে কি এই অভিধেয়ানুসারে য়িহুদীয় জাতিকে ইশ্রায়েল্ লোক কহা যায় ?

উ. হাঁ এই অভিধেয়ানুসারেই সেই জাতিকে ইশ্রায়েল্ লোক কহা যায়.

প্র. লেয়াহের গর্ব্ভজাত সন্তানদের নাম কি২ ?

উ. রিউবেন্ শিমিয়োন্ লেবী যিহুদাহ্ ইশ্শাকর্ সিবূলুন্ ইত্যাদি তাহাদের নাম.

প্র. রাখেলের গর্ব্ভজাত সন্তানদের নাম কি২ ?

উ. যোষেফ্ ও বিন্যামিন তাহাদের নাম.

প্র. বিল্হাহের গর্ব্ভজাত সন্তানদের নাম কি২ ?

উ. দান্ ও নফ্তালী তাহাদের নাম.

প্র. সিল্পাহের গর্ব্ভজাত সন্তানদের নাম কি২ ?

উ. গাদ্ ও আশের্ তাহাদের নাম.

প্র. এই বার জন কুলপতি-দের মধ্যে কে২ ধর্ম্মগ্রন্থের উপাখ্যানে অধিক বিখ্যাত ?

উ. লেবী যিহুদাহ্ যোষেফ্ এই তিন জন.

প্র. লেবী কি নিমিত্ত বিখ্যাত ?

উ. তিনি এই নিমিত্তে বিখ্যাত যে তাহার বংশীয় লোকদের উপরে যাজকতা ও পরমেশ্বরের সেবা সম্পর্কীয় অন্য২ কর্ম্মের ভার ছিল.

প্র. যিহুদাহ্ কি নিমিত্ত বিখ্যাত ?

উ. তিনি এই নিমিত্তে বিখ্যাত যে তাহার কুলে আমাদের ত্রাণকর্ত্তার জন্ম হইয়াছিল.

প্র. যোষেফ্ কি নিমিত্ত বিখ্যাত ?

উ. তিনি যে নিমিত্ত বিখ্যাত তাহার বৃত্তান্ত বক্ষ্যমাণ কএক উপদেশে প্রতিপন্ন হইবেক.]

সপ্তম উপদেশ।

১—যাকোবের পুত্ত্রদের মধ্যে এক জন ব্যতীত যোষেফ্ কনিষ্ঠ পুত্ত্র এবং তিনি অতি উত্তম বালক ছিলেন সুতরাং তাহার পিতা জ্যেষ্ঠ সন্তানদের অপেক্ষা তাহাকে অধিক স্নেহ করিতেন। কিন্তু ইহাতে করিয়া তাহাদের দ্বেষ জন্মাইলে পর তাহারা তাহাকে বধ করিবার মনস্থ করিয়াছিল। অতএব এক দিবস তাহাদের তত্ত্ব করিবার জন্যে তাহার পিতা তাহাকে তাহাদের নিকটে প্রেরণ করিলে তাহারা তাহাকে বধ করিবার উপক্রম করিয়াছিল। এমত হইলে রিউবেন্ সকলাপেক্ষা করুণাবিশিষ্ট হইয়া তাহাদের স্থানে বিনতি করিয়াছিলেন যে আপনারা যোষেফ্‌কে কেবল এক গর্ত্তে ফেলিয়া দেউন। এ যাচ্ঞায় তাহার এই অভিপ্রেত ছিল যে আপন নিষ্ঠুর ভ্রাতৃগণ প্রস্থান করিলে পর তিনি তাহাকে তথায় হইতে উঠাইয়া লইবেন। পরন্তু যোষেফ্ গর্ত্তেতে নিঃক্ষিপ্ত হইয়াছেন ইতিমধ্যে সেই স্থানে কতিপয় ইশ্মাএলীয় লোক আসিয়া উপস্থিত হইবাতে তাহার ভ্রাতারা তাহাকে তাহাদের নিকটে বিক্রয় করিয়াছিল। যেহেতু ঐ লোকেরা স্ত্রী পুরুষ করিয়া মানুষ ক্রয় করত ক্রীত ব্যক্তিদিগকে অশ্বের ন্যায় বিস্তর শ্রম করাইত। তদনন্তর যাকোব্ যেন প্রত্যয় করেন যে নিজ প্রিয়পুত্ত্র যোষেফ্‌কে বন্য

পশুতে নষ্ট করিয়াছে এতদর্থে তাহারা তাহার পিতৃদত্ত নানা বর্ণের উত্তম উত্তরীয় বস্ত্র রক্তে ডুবাইয়া আনিয়াছিল। এই বস্ত্র দর্শনে দুরদৃষ্টবান বৃদ্ধ কুলপতির অন্তঃকরণ শোকে বিদীর্ণ প্রায় হইয়াছিল। অপর যে মানুষেরা যোষেফ্‌কে ক্রয় করিয়াছিল তাহারা তাহাকে কিনান্‌ হইতে বহুদূরস্থ মিসর দেশে আনিলে পর সেই দেশের ফর্‌য়োহ্‌ নামা রাজার রক্ষার্থক সেনাদের অধিপতি পোটীফর্‌ তাহাদিগ হইতে তাহাকে ক্রয় করিয়া লইয়াছিলেন। পরে যোষেফ্‌ পোটীফরের নিকটে অতি বিশ্বস্তরূপে দাসত্বকর্ম্ম করিলে তিনি সন্তুষ্ট হইয়া তাহাকে আপন গৃহাধ্যক্ষের পদে নিযুক্ত করত তাহার সহিত বন্ধুর ন্যায় ব্যবহার করিয়াছিলেন। কিন্তু পোটীফরের ভার্য্যা এক জন বড় দুষ্ট স্ত্রী লোক ছিল এজন্যে সে আপনার দোষ লুকাইবার নিমিত্তে নিজ পতির স্থানে মিথ্যা কথা বলিয়া তাহার প্রত্যয় জন্মাইয়াছিল যে যোষেফ্‌ অত্যন্ত মন্দ লোক সুতরাং তিনি তাহাকে ভাল মানুষ জ্ঞান করাতে প্রবঞ্চিত হইয়াছেন। অনন্তর যোষেফ্‌ যে এক জন সাধুব্যক্তি ইহা কারারক্ষক জানিতে পারিয়া কারাস্থিত তাবৎ লোকদের ভার তাহার হস্তে সমর্পণ করত তাহার সহিত বন্ধুর ন্যায় ব্যবহার করিয়াছিলেন।

প্রশ্ন. আপন পিতার পরলোক গমন হইলে পর যাকোব্‌ কোথায় বসতি করিয়াছিলেন?
উত্তর. তিনি কিনান্‌ দেশে বসতি করিয়াছিলেন.

প্র. তাহার কয় পুত্র হইয়াছিল?
উ. বার জন পুত্র হইয়াছিল.

প্র. এই বার জন পুত্র হইতে কাহারদের উৎপত্তি হইয়াছিল?

উ. ইশ্‌রায়েলের বার গোষ্ঠীর উৎপত্তি হইয়াছিল.

প্র. যোষেফ্ কে?

উ. যাকোবের পুত্রদের মধ্যে এক জন.

প্র. তিনি কি তাহার জ্যেষ্ঠ পুত্র ছিলেন?

উ. না তিনি এক জন ব্যতীত তাহার কনিষ্ঠপুত্র ছিলেন.

প্র. তাহার ভ্রাতারা কি তাহাকে ভাল বাসিত?

উ. না তাহারা তাহাকে ভাল বাসিত না.

প্র. কেন তাহারা তাহাকে ভাল বাসিত না?

উ. কারণ তিনি নিজ পিতার প্রিয় পুত্র ছিলেন.

প্র. যোষেফ্ যেন তাহাদের সঙ্গে না থাকিতে পারেন ইহার জন্য তাহারা কি করিয়াছিল?

উ. ইহার জন্যে তাহারা তাহাকে ইশ্‌মাএলীয় লোকদের স্থানে বিক্রয় করিয়াছিল.

প্র. যাহারা তাহাকে ক্রয় করিয়াছিল তাহারা তাহাকে কোথায় লইয়া গিয়াছিল?

উ. তাহারা তাহাকে মিসর দেশে লইয়া গিয়াছিল.

প্র. সেখানে তাহারা তাহাকে লইয়া কি করিয়াছিল?

উ. সেখানে তাহারা তাহাকে পোটীফরের নিকটে বিক্রয় করিয়াছিল.

প্র. পোটীফর্ কে ছিলেন?

উ. তিনি মিসর রাজা ফরয়োহের রক্ষার্থক সেনাদের অধ্যক্ষ ছিলেন.

প্র. যোষেফ্ কি পোটীফরের স্থানে উত্তমরূপে দাসত্ব কর্ম্ম করিয়াছিলেন ?

উ. হাঁ তিনি তাহা করিয়াছিলেন.

প্র. কে তাহার বিপক্ষে মিথ্যা গুরুতর অপবাদ করিয়াছিল ?

উ. পোটীফরের ভার্য্যা তাহা করিয়াছিল.

প্র. পোটীফর্ যোষেফ্‌কে দুষ্ট মানুষ জ্ঞান করত তাহার সহিত কিরূপ ব্যবহার করিয়াছিলেন ?

উ. তিনি তাহাকে কারাগারে দিয়াছিলেন.

প্র. সেই স্থানে কে তাহার প্রতি অনুগ্রহ করিয়াছিলেন ?

উ. কারারক্ষক তাহা করিয়াছিলেন.

প্র. কাহারদের ভার কারারক্ষক যোষেফের হস্তে সমর্পণ করিয়াছিলেন ?

উ. তিনি কারাস্থিত অন্য২ ব্যক্তিদের ভার তাহার হস্তে সমর্পণ করিয়াছিলেন.

২—ফর্য়োহ্ রাজার প্রধান পানপাত্রবাহক ও প্রধান মোদক এই দুই জন ভৃত্য কারাস্থিত লোকদের সংখ্যাভুক্ত ছিল। আর তাহারা পরমেশ্বরের ইচ্ছাতে এক২ স্বপ্ন দেখিলে সেই স্বপ্নদ্বয় তাহাদের মনে ছিল। তদনন্তর পরদিবস প্রাতঃকালে যোষেফ্ তাহাদের স্থানে যাইয়া তাহাদিগকে অত্যন্ত বিষন্নবদন দেখিয়াছিলেন কেননা তাহারা আপনাদের স্বপ্ন অন্য২ সাধারণ স্বপ্নের ন্যায় নিরর্থক বোধ করে নাই। পরে তাহারা যোষেফ্‌কে আপন২ স্বপ্নের বৃত্তান্ত কহিলে তৎক্ষণাৎ পরমেশ্বর তাহাকে তাহার তাৎপর্য্য ব্যাখ্যা করিয়া দিতে সক্ষম করিয়া-

ছিলেন। অতএব তিনি মোদককে বলিয়াছিলেন তোমার স্বপ্নের অর্থ এই যে তিন দিনের মধ্যে তুমি কারাগার হইতে বাহির হইয়া উদ্বন্ধন দ্বারা মরিবা। কিন্তু তিনি পানপাত্রবাহককে বলিয়াছিলেন তোমার স্বপ্নের অর্থ এই যে তিন দিনের মধ্যে তুমি কারাগার হইতে মুক্ত হইয়া পুনর্ব্বার নিজ কর্ম্ম প্রাপ্ত হইবা। অবশেষে যোষেফ্ যদ্রূপ পূর্ব্বে বলিয়াছিলেন সেই মত ঘটিলে পর তিনি প্রধান পানপাত্রবাহককে মিনতি পূর্ব্বক বলিয়াছিলেন আমাকে স্মরণে রাখিয়া কারাগার হইতে মুক্ত করিতে চেষ্টা পাইও। কিন্তু আপন দুঃখের শেষ হইলে পর সেই পাত্রবাহক যোষেফ্কে বিস্মৃত হইয়াছিল।

প্রশ্ন. যোষেফের সহবর্ত্তি কারাস্থিত লোকেরদের মধ্যে কে২ স্বপ্ন দেখিয়াছিল?

উত্তর. ফরয়োহের প্রধান পানপাত্রবাহক ও প্রধান মোদক.

প্র. তাহাদের স্বপ্নদ্বয়েরভাবার্থ ব্যাখ্যা করিতে পরমেশ্বর কাহাকে সক্ষম করিয়াছিলেন?

উ. তিনি যোষেফ্কে তাহা করিতে সক্ষম করিয়াছিলেন.

প্র. যোষেফ্ যদ্রূপ ব্যাখ্যা করিয়াছিলেন সেই মত কি ঘটিয়াছিল?

উ. হাঁ সেই মত ঘটিয়াছিল.

৩— মিসর দেশের রাজা ফরয়োহের পানপাত্রবাহক ও মোদকের স্বপ্নের তাৎপর্য্য যোষেফ্ বুঝাইয়া দিবার দুই বৎসরের শেষেতে ফরয়োহ্ আপনি এক রাত্রির মধ্যে দুই স্বপ্ন দেখিয়াছিলেন। অপর তিনি তাহাদেরতাৎপর্য্য বুঝিতে পারেন নাই

কিন্তু তাহাদের বৃত্তান্ত মনে করিয়া রাখিয়াছিলেন। এই স্বপ্ন-দ্বয়ের মধ্যে প্রথমস্বপ্নেতে তিনি দেখিয়াছিলেন যে সাতটা হৃষ্ট পুষ্ট গোরু নদী হইতে উঠিয়াছিল ও তাহার পর আর সাতটা কৃশ গোরু উঠিয়া হৃষ্ট পুষ্ট গোরুগণকে গ্রাস করিয়াছিল। দ্বিতীয় স্বপ্নেতে তিনি দেখিয়াছিলেন যে সাত স্থূলাকার উত্তম শীষ উঠিয়াছিল ও তাহার পর আর সাত শুষ্ক ক্ষীণ শীষ উঠিয়াছিল এবং সেই সাত ক্ষীণ শীষ ঐ সাত পূর্ণ শীষকে গ্রাস করিয়াছিল।

এমত হইলে ফর্য়োহ্ মিসর দেশীয় তাবৎ জ্ঞানি লোককে ডাকিয়া আনাইয়াছিলেন তাহাতে করিয়া যেন তিনি জানিতে পারেন যে তাহারা তাহার স্বপ্ন বুঝাইয়া দিতে সক্ষম কি না। কিন্তু তাহাদের মধ্যে সকলেই আপনাদিগকে তাহা করণে অক্ষম স্বীকার করিয়াছিল। পরে ফর্য়োহের প্রধান পানপাত্রবাহকের বিষয়ে যোষেফ্ পূর্ব্বে যাহা করিয়াছিলেন সে তাহা স্মরণ করিয়া রাজার নিকটে কহিয়াছিল যে স্বপ্ন ব্যাখ্যা করিতে পারে এমত ক্ষমতাপন্ন এক ব্যক্তি কারাগারেতে আছে। অতএব ফর্য়োহ্ লোক পাঠাইয়া যোষেফ্কে কারাগার হইতে আনাইয়া আপন স্বপ্নের তাৎপর্য্য বুঝাইয়া দিতে আজ্ঞা করিয়াছিলেন। তাহাতে যোষেফ্ ফর্য়োহ্কে উত্তর করিয়া বলিয়াছিলেন" ব্যাখ্যা করা কি পরমেশ্বরের অধিকার নহে পরমেশ্বর ফর্য়োহ্কে মঙ্গল-যুক্ত উত্তর দিবেন। অপর যোষেফ্ এই কথা কহিবামাত্রেই তাহার কি বক্তব্য তাহা পরমেশ্বর তাহাকে স্মরণ করিয়া দিয়াছিলেন তাহাতে তিনি ফর্য়োহ্কে বলিয়াছিলেন যে তোমার

দুই স্বপ্নের একই তাৎপর্য্য। আরও তিনি তাহাকে কহিয়াছিলেন যে মিসর দেশেতে সাতবৎসর অতিশয় সুভক্ষ্য হইবে ও তাহার পর সেখানে সাতবৎসর দুর্ভিক্ষ হইবে ইহা তোমাকে জ্ঞাপনার্থে ঐ স্বপ্নদ্বয় প্রেরিত হইয়াছে। এতদ্ভিন্ন সাতবৎসর দুর্ভিক্ষের নিমিত্তে সাতবৎসর অতিশয় সুভক্ষ্যের সময়ে নিজ রাজ্যেতে শস্য সঞ্চয় করিয়া রাখিতে যোষেফ্ ফর্য়োহ্কে পরামর্শ দিয়াছিলেন। সুতরাং ফর্য়োহ্ তাহার প্রতি এমত সন্তুষ্ট হইয়াছিলেন যে তিনি তৎক্ষণাৎ তাহাকে রাজকীয় সূক্ষ্ম পট্টবস্ত্র পরিধান করিতে ও আপনার রথের সদৃশ এক রথেতে আরোহণ করিতে আজ্ঞা দিয়াছিলেন। অপিচ তিনি তাহাকে সমস্ত মিসর দেশের অধ্যক্ষ পদে নিযুক্ত করিয়াছিলেন তাহাতে যেন তিনি দুর্ভিক্ষের নিমিত্তে শস্য সঞ্চয় করণ বিষয়ের তত্ত্বাবধারণ করিতে পারেন। এই প্রকারে যোষেফ্ একজন দুঃখি বন্দির অবস্থা হইতে প্রধান লোক হইয়া উঠিয়াছিলেন, এবং মিসর দেশেতে ফরয়োহ রাজা ব্যতীত তাহার অপেক্ষা অন্য কেহ প্রধান ছিল নাই।

প্রশ্ন. ফর্য়োহ্ কে ছিলেন?
উত্তর. মিসর দেশের রাজা.

প্র. পরমেশ্বর হইতে তিনি কি স্বপ্ন দেখিয়াছিলেন?
উ. হাঁ তিনি তাঁহা হইতে স্বপ্ন দেখিয়াছিলেন.

প্র. ফর্য়োহ্ কিম্বা তাহার কোন জ্ঞানি মানুষ কি সেই স্বপ্নদ্বয়ের তাৎপর্য্য বুঝিতে পারিয়াছিল?
উ. না তাহারা পারে নাই.

প্র. তাহার তাৎপর্য্য বুঝা-ইয়া দিবার জন্যে ফর্‌য়োহ্‌ কাহাকে ডাকিয়া আনাইয়াছিলেন?

উ. তিনি যোষেফ্‌কে ডাকিয়া আনাইয়াছিলেন.

প্র. পরমেশ্বর কি যোষেফ্‌কে সেই স্বপ্নদ্বয়ের তাৎপর্য্য জ্ঞাপন করিয়াছিলেন?

উ. হাঁ তিনি তাহা করিয়াছিলেন.

প্র. যোষেফ্‌ ফর্‌য়োহের স্বপ্নের ভাবার্থ ব্যাখ্যা করিলে ও তাহাকে সৎপরামর্শ দিলে পর ফর্‌য়োহ্‌ তাহাকে কিরূপ পুরস্কার করিয়াছিলেন?

উ. তিনি তাহাকে সমস্ত মিসর দেশের অধ্যক্ষ পদে নিযুক্ত করিয়াছিলেন.

প্র. যাকোব্‌ যোষেফ্‌কে অন্য পুত্রদের অপেক্ষা অধিক ভাল বাসিতেন কেবল ইহার জন্যে কি তাহার ভ্রাতৃগণ তাহার প্রতি দ্বেষ করিত?

উ. না কেবল ইহার জন্যে নয় কিন্তু আরও তাহাদের ঈর্ষ্যা করণের এই এক কারণ ছিল যে যোষেফ্‌ তাহাদিগকে আপনার দুই স্বপ্নের কথা শুনান.

প্র. প্রথম স্বপ্নে যোষেফ্‌ কি দেখিয়াছিলেন?

উ. প্রথম স্বপ্নে তিনি এই দেখিয়াছিলেন যে ক্ষেত্রে আপনি নিজ ভ্রাতাদের সঙ্গে আটি বান্ধিলে পর তাহার আটি দাঁড়াইলে তাহাদের আটি সকল তাহার আটিকে প্রণাম করিয়াছিল.

প্র. দ্বিতীয় স্বপ্নে যোষেফ্ কি দেখিয়াছিলেন?

উ. দ্বিতীয় স্বপ্নে তিনি এই দেখিয়াছিলেন. যে সূর্য্য চন্দ্র ও একাদশ নক্ষত্র তাহাকে প্রণাম করিয়াছিল.

প্র. এই স্বপ্নদ্বয়েতে করিয়া কি নিজ ভ্রাতৃগণের উপরে যোষেফের প্রভুত্ব প্রতিপন্ন হইয়াছিল?

উ. হাঁ তাহা হইয়াছিল এবং তজ্জন্যই তাহারা তাহার প্রতি দ্বেষ করিতে উপক্রম করিয়াছিল.

প্র. ফর্য়োহের প্রধান পান পাত্রবাহক নিজ স্বপ্নে কি দেখিয়াছিল?

উ. সে এই দেখিয়াছিল যে এক দ্রাক্ষালতার তিন শাখা পল্লবিতা হইয়া পক্ক ফল ধরিলে সে সেই ফল পাত্রে নিঙ্গিড়াইয়া ফর্য়োহের হস্তে দিয়াছিল.

প্র. ফর্য়োহের প্রধান মোদক নিজ স্বপ্নে কি দেখিয়াছিল?

উ. সে এই দেখিয়াছিল যে তাহার মস্তকোপরি শুক্ল পিষ্টকের তিন চুপড়ি ছিল ও তাহার উপরিস্থ চুপড়িতে ফর্য়োহের ভোজনার্থ নানা প্রকার পক্কান্ন ছিল তাহাতে পক্ষিগণ আসিয়া তাহার মস্তকের উপরের চুপড়ি হইতে তাহা লইয়া ভক্ষণ করিয়াছিল.

প্র. কেন ফর্য়োহের ভার্য্যা যোষেফের মিথ্যা অপবাদ করিয়াছিল?

উ. কারণ সে তাহাকে ব্যভিচার দোষে পতিত করিবার চেষ্টা করিলে তিনি তাহাকে অনুযোগ করিয়াছিলেন.

প্র. যোষেফের ভার্য্যার নাম কি?

উ. তাহার নাম আসেনৎ.

প্র. যোষেফের দুই পুত্রের নাম কি?

উ. তাহাদের নাম মনাশেহ্ ও এফ্রায়িম্.

প্র. ইহাদের মধ্যে কে যোষেফের জ্যেষ্ঠ পুত্র ছিলেন?

উ. মনাশেহ্.

প্র. যোষেফের জীবদ্দশায় কোন্ সময়ে তাহার বিবাহ ও সন্তানাদি হইয়াছিল?

উ. যখন তিনি মিসর দেশে ঐশ্বর্য্যবান হইয়াছিলেন তখন সে সমস্ত হইয়াছিল.

অষ্টম উপদেশ।

১— যোষেফের ভাবি কথানুসারে সাতবৎসর সুভক্ষ্যের সময় উপস্থিত হইলে পর শস্যের এতদ্রূপ বাহুল্য হইয়াছিল যে মিসর দেশস্থ সকল লোক তাহা প্রচুররূপে উপপন্ন হইলে বহু অবশিষ্ট শস্য ছিল। এই শস্য যোষেফ্ যত্ন পূর্ব্বক প্রত্যেক বৎসর ভাণ্ডারে সঞ্চয় করিয়া রাখিয়াছিলেন। অনন্তর সাত বৎসরের শেষেতে যোষেফের ভবিষ্যদ্বাক্যানুসারে দুর্ভিক্ষ আরব্ধ হইয়া সমুদয় চতুর্দ্দিগস্থ দেশেতে ব্যাপিয়াছিল। তাহাতে যখন কিনান্ দেশে অতিশয় দুর্ভিক্ষ হইয়াছিল তখন মিসর দেশে শস্য পাওয়া যায় ইহা যাকোব্ শুনিয়া বিনযামিন্ ব্যতীত অন্য কএক জন পুত্রকে তথায় গমন করত কিঞ্চিৎ শস্য ক্রয় করিয়া আনিতে আজ্ঞা করিয়াছিলেন। আর তাহাকে তাহাদের সঙ্গে তাহার না পাঠাইবার কারণ এই যে তিনি ভয় করিয়াছিলেন পাছে তাহার প্রতি কোন অমঙ্গল ঘটে। পরে যোষেফের ভ্রাতারা মিসর দেশে উপস্থিত হইলে তাহারা তাহার নিকটে শস্য ক্রয় করিতে গিয়াছিল কেননা তিনি দেশাধ্যক্ষ ছিলেন। অপর তিনি তাহাদিগকে দেখিবামাত্রেই চিনিতে পারিয়াছিলেন কিন্তু তাহারা তাঁহাকে চিনিতে পারে নাই। আর যৎকালীন তাহারা তাঁহাকে ইশ্মাএলীয়

লোকদের স্থানে বিক্রয় করিয়াছিল তখন কার মত এখন তাহারা দুষ্ট মানুষ আছে কি না ইহা জানিবার অভিপ্রায়ে তিনি তাহাদের সহিত শক্ত২ কথা কহিয়া তাহাদিগকে চর করিয়া বলিয়াছিলেন। পরন্তু তাহারা যে তাঁহাকে বলিয়াছিল আমরা সকলে এক পিতার পুত্র ও আমাদের অন্য এক ভ্রাতা ঘরে আছে তাহা তিনি ছল পূর্ব্বক অপ্রত্যয় করিয়াছিলেন। পুনশ্চ তিনি তাহাদিগকে কহিয়াছিলেন যে পর্য্যন্ত প্রস্থান করত বিন্যামিন্‌কে না আনহ সে পর্য্যন্ত তোমাদিগকে অবশ্য শিমিয়োন্‌কে এখানে ছাড়িয়া যাইতে হইবেক। কিন্তু শস্য ক্রয় করিবার নিমিত্তে তাহার ভ্রাতারা যে টাকা আনিয়াছিল তাহা ও খাদ্য সামগ্রী তাহাদের ছালার মধ্যে দিতে তিনি আপন গৃহাধ্যক্ষকে আজ্ঞা করিয়াছিলেন। অতএব তাহারা ঘরে পৌঁছিলে পর আপনাদের টাকা দেখিতে পাইবাতে অত্যন্ত বিস্ময়াপন্ন হইয়াছিল। তদনন্তর মিসর দেশে যাহা২ ঘটিয়াছিল সে সমস্ত তাহারা নিজ পিতাকে জ্ঞাপন করত বলিয়াছিল যে সেই দেশাধ্যক্ষ কোটি করিয়াছেন আমরা বিন্যামিন্‌কে সঙ্গে করিয়া না লইয়া গেলে তিনি শিমিয়োন্‌কে ছাড়িয়া দিবেন নাই। তাহাদের এই কথা শুনিয়া যাকোব্ বিষন্নবদন হওত তাহাদিগকে কহিয়াছিলেন বিন্যামিনের গমন করা বিহিত নহে। যেহেতু যদি তাহার প্রতি পথিমধ্যে কোন অমঙ্গল ঘটে তবে তাহাতে করিয়া আমাকে শোক পূর্ব্বক এই পাকাচুলে পরলোকে পাঠাইবে। কিন্তু তাহারা বিন্যামিন্‌কে সঙ্গে না লইয়া মিসর দেশে যাইতে ভয় করিয়াছিল। অতএব অবশেষে তাহারা তাহাকে

আপনাদের সহিত প্রেরণ করিতে নিজ পিতাকে সম্মত করিয়াছিল। অপর তাহারা মিসর দেশে উত্তীর্ণ হইলে যোষেফের নিকটে গমন করত তাহার স্থানে বিন্যামিন্‌কে উপস্থিত করিয়াছিল। আর যে টাকা তাহারা ছালাতে পাইয়াছিল সে টাকা ও শস্য ক্রয় করণার্থে অন্য টাকা তাহাকে দিবার জন্য তাহারা সঙ্গে আনিয়াছিল। সুতরাং যোষেফ্ আপন কনিষ্ঠ ভ্রাতাকে দেখিয়া অতি হর্ষযুক্ত হইয়া শিমিয়োন্‌কে ছাড়িয়া দিয়াছিলেন এবং নিজ ভ্রাতৃবর্গকে আপনার সহিত ভোজন করিতে নিমন্ত্রণ করিয়াছিলেন ও তাহারা মিসর দেশাধ্যক্ষ কর্ত্তৃক নিমন্ত্রিত হওয়া আপনাদের বহু সম্ভ্রমের বিষয় জ্ঞান করিয়াছিল.

প্রশ্ন. যখন যোষেফ্ মিসর দেশের অধ্যক্ষ পদে নিযুক্ত হইয়াছিলেন তখন যাকোব্ ও তাহার পুত্রগণ কোথায় বাস করিতেন?

উত্তর. তাহারা কিনান্ দেশেতে বাস করিতেন.

প্র. তিনি যে সে দেশের অধ্যক্ষ হইয়াছিলেন তাহা তাঁহারা কি জানিতেন?

উ. না তাহা তাঁহারা জানিতেন নাই.

প্র. তিনি যে বর্ত্তমান ছিলেন তাহা তাঁহারা কি জানিতেন?

উ. না তাঁহারা তাহা জানিতেন নাই.

প্র. কি নিমিত্ত যোষেফের ভ্রাতারা মিসর দেশেতে গমন করিয়াছিল?

উ. শস্য ক্রয় করিবার জন্য তাহাদের পিতা তাহাদিগকে সেখানে প্রেরন করিয়াছিলেন.

প্র. বিন্যামিন্ কি তাহার অন্য দশ পুত্রদের সহিত গমন করিয়াছিলেন?

উ. না বিন্যামিন্ তাহা করেন নাই.

প্র. যোষেফের ভ্রাতৃবর্গ তাহার স্থানে আইলে তিনি কি তাহাদিগকে চিনিতে পারিয়াছিলেন?

উ. হাঁ তিনি তাহাদিগকে চিনিতে পারিয়াছিলেন.

প্র. তাহারা কি তাহাকে চিনিতে পারিয়াছিল?

উ. না তাহারা তাহাকে চিনিতে পারে নাই.

প্র. তিনি ছল পূর্ব্বক তাহাদিগকে কি করিয়া কহিয়াছিলেন?

উ. তিনি তাহাদিগকে চার করিয়া কহিয়াছিলেন.

প্র. কেন তিনি তাহা করিয়াছিলেন?

উ. তাহাদিগকে পরীক্ষা করিবার জন্য তিনি তাহা করিয়াছিলেন

প্র. তিনি অন্য ভ্রাতৃগণকে প্রস্থান করিতে অনুমতি করিয়া কাহাকে কারাগারে রাখিয়া দিয়াছিলেন?

উ. তিনি শিমিয়োন্‌কে কারাগারে রাখিয়া দিয়াছিলেন.

প্র. কেন তিনি তাহাকে কারাগারে রাখিয়া দিয়াছিলেন?

উ. অন্য ভ্রাতৃগণ যেন প্রস্থান করত বিন্যামিন্‌কে তাহার স্থানে আনে ইহার জন্যে তিনি তাহা করিয়াছিলেন.

প্র. যাকোব্ কি বিন্যামিনের নিতান্ত গমনের কথা শুনিয়া অতি দুঃখিত হন নাই?

উ. হাঁ তিনি অতি দুঃখিত হইয়াছিলেন.

প্র. তাহাতে তিনি কি বলিয়াছিলেন?

উ. তিনি বলিয়াছিলেন যে বিন্যামিনের গমন করা বিহিত নহে.

প্র. অবশেষে যাকোব্ কি বিন্যামিন্‌কে নিজ ভ্রাতাদের সমভিব্যাহারে মিসর দেশে যাত্রা করিতে সম্মতি দিয়াছিলেন?

উ. হাঁ। তিনি সম্মতি দিয়াছিলেন.

প্র. যোষেফ্ কি বিন্যামিন্‌কে দেখিয়া অতিশয় আনন্দিত হন নাই?

উ. হাঁ। তিনি অতিশয় আনন্দিত হইয়াছিলেন.

প্র. তিনি একজন এতাদৃশ বড় মানুষ হইয়া আপন ভ্রাতাদিগকে ভোজনে নিমন্ত্রণ করিলে তাহারা কি চমৎকৃত হয় নাই?

উ. হাঁ। তাহারা চমৎকৃত হইয়াছিল.

প্র. যখন যোষেফ্ বিন্যামিন্‌কে আপনার সম্মুখে দণ্ডায়মান দেখিয়াছিলেন তখন তিনি কি অত্যন্ত চঞ্চলচিত্ত হন নাই?

উ. হাঁ। তিনি তদ্রূপ হইয়াছিলেন.

প্র. তিনি কি তাহার ভ্রাতাদের সহিত সুব্যবহার করিয়া তাহাদিগকে সুখী করিয়াছিলেন?

উ. হাঁ। তিনি তাহাদিগকে সুখী করিয়াছিলেন.

প্র. তিনি কি শিমিয়োন্‌কে কারাহইতে মুক্ত করিয়াছিলেন?

উ, হাঁ। তিনি তাহাকে তথায় হইতে মুক্ত করিয়াছিলেন.

২— যোষেফ্ শঙ্কা করিয়াছিলেন বুঝি তাহার ভ্রাতৃগণ বিন্যামিনের সঙ্গে অতি নির্দয়তা পুর্ব্বক ব্যবহার করিয়া থাকে যেহেতু তাহারা তাহার আপনার সহিত পূর্ব্বে তদ্রূপ ব্যবহার করিয়াছিল। অতএব তিনি এবিষয়ে তাহাদিগকে পরীক্ষা করিবার মনস্থ করিয়া নিজ গৃহাধ্যক্ষকে পুনর্ব্বার তাহাদের প্রত্যেক জনের টাকা স্ব২ ছালার ভিতরে রাখিয়া দিতে আজ্ঞা করিয়া-

ছিলেন। কিন্তু তিনি তাহাকে বিন্যামিনের ছালার ভিতরে আপনার রূপার বাটীটি রাখিয়া দিতে আদেশ করিয়াছিলেন। তদনন্তর তাহারা কিঞ্চিৎ দূর চলিয়া গেলে পর তিনি আপন গৃহাধ্যক্ষকে অনুজ্ঞা করিয়াছিলেন তাহাদের পশ্চাৎ ধাবন করত জিজ্ঞাসা কর কেন তাহারা অসদ্ব্যবহার পূর্ব্বক আমার বাটী হরণ করিয়া লইয়া যাইতেছে। এমত হইলে তাহারা সকলেই বলিয়াছিল যে আমরা এরূপ দুষ্কর্ম্ম করি নাই তাহাতে সেই গৃহাধ্যক্ষ তাহাদের ছালার ভিতরে নিতান্ত অন্বেষণ করিয়া দেখিতে আগ্রহ করিয়াছিল এবং ইহা করিলে পর সেই বাটী বিন্যামিনের ছালার ভিতরে পাওয়া গিয়াছিল। তখন যোষেফের ভ্রাতারা আপনাদিগকে নির্দোষ করিয়া ব্যক্ত করিয়াছিল ও আপনাদের বস্ত্র চিরিয়া শোক প্রকাশ করিয়াছিল আর স্ব২ ছালা গর্দ্দভোপরি বোঝাই করিয়া পুনরায় নগরে ফিরিয়া আসিয়া তাহার গৃহেতে আনীত হইয়াছিল। পরে তাহারা যোষেফের নিকটে উপস্থিত হইয়া তাহার সম্মুখে ভূমিষ্ঠ হইলে পর যিহুদা আপনার এবং অন্য কএক জন ভ্রাতাদের নামে তাহাকে এই বলিয়াছিল যে আপনি বিন্যামিন্‌কে আমাদের পিতার স্থানে প্রত্যাগমন করিতে দিলে আমরা যাবজ্জীবন তোমার দাসত্ব কর্ম্ম করিব। এতদ্ভিন্ন যিহুদা যোষেফকে জ্ঞাপন করিয়াছিল যে যাকোব্ বিন্যামিন্‌কে স্বেচ্ছাপূর্ব্বক ছাড়িয়া দেন নাই ও আমি তাহাকে পুনরায় আপন পিতার স্থানে লইয়া যাইতে প্রতিশ্রুত আছি। সুতরাং আমার এই কনিষ্ঠ ভ্রাতাকে সঙ্গে না লইয়া আমি কোন মতে ফিরিয়া যাইতে পারিব না পাছে তাহাতে করিয়া আমি আমার পিতাকে পাকা চুলে পরলোকে গমন করাই। অতঃপর যোষেফ নিজ ভ্রাত-

বর্গের নিকটে আপনাকে পরিচিত না করিয়া আর থাকিতে পারেন নাই। অতএব তিনি স্পষ্ট করিয়া তাহাদিগকে বলিয়াছিলেন "আমি তোমাদের ভ্রাতা যোষেফ্ তোমরা আমাকে বিক্রয় করিয়াছিলা আমার পিতা কি এখনো বর্ত্তমান আছেন"। ইহার পর যোষেফ্ উচ্চৈঃস্বরে ক্রন্দন করিলে তাহার ভ্রাতারা তাহার কথার উত্তর না দিয়া মৌনীভূত হইয়াছিল কেননা তাহারা তাহার সন্দর্শনেতে উদ্বিগ্নচিত্ত হইয়াছিল। কিন্তু তিনি তাহাদের সহিত স্নেহ পূর্ব্বক কথাবার্ত্তা কহিয়াছিলেন এবং আপন বৃদ্ধ পিতার বিষয়ে জিজ্ঞাসানুবাদ পুরঃসর তাহাদিগকে বলিয়াছিলেন তোমরা যাইয়া তাঁহাকে আমার সমস্ত ঐশ্বর্য্য জ্ঞাপন করিও। অপর তিনি তাহার সহোদর ভ্রাতা বিন্যামিনের গলা ধরিয়া চুম্বন করিয়াছিলেন। আর তৎপরে তিনি অন্য ভ্রাতারদিগকে চুম্বন পূর্ব্বক কহিয়াছিলেন তোমরা ত্বরায় কিনান্ দেশে গিয়া আপনাদের পিতাকে ও ভার্য্যা এবং সন্তানগণকে লইয়া আইস তাহাতে যেন আমি তোমাদের সকলকে মিসর দেশে প্রতিপালন করিতে পারি।

প্রশ্ন. যোষেফ্ নিজ ভ্রাতাদের প্রত্যেক জনের ছালার ভিতরে শস্যের সহিত কি রাখিয়া দিতে আপনার গৃহাধ্যক্ষকে আদেশ করিয়াছিলেন?

উত্তর তাহারা শস্য ক্রয় করিবার জন্য যত টাকা আনিয়াছিল সে সমস্ত টাকা.

প্র. তিনি বিন্যামিনের ছালার ভিতরে টাকা ব্যতীত আর কি রাখিয়া দিবার আজ্ঞা করিয়াছিলেন?

উ. আপনার রূপার বাটীটি.

প্র. কেন তিনি এমন করিয়াছিলেন?

উ. অন্য ভ্রাতারা বিন্যামিন্‌কে ভালবাসে কি না ইহার পরীক্ষা করিবার নিমিত্তে তিনি তাহা করিয়াছিলেন.

প্র. বিন্যামিনের ছালার ভিতর হইতে সেই বাটীটি বাহির হইলে পর তাহারা কি অত্যন্ত দুঃখিত হয় নাই?

উ. হাঁ তাহারা বড় দুঃখিত হইয়াছিল.

প্র. যখন তাহারা পুনরায় যোষেফের নিকটে আসিয়াছিল তখন তাহারা কি করিয়াছিল?

উ. তখন তাহারা তাহার সম্মুখে ভূমিষ্ঠ হইয়া প্রণাম করিয়াছিল.

প্র. কে যোষেফের নিকটে মনোহারি বক্তৃতা করিয়াছিল?

উ. যিহুদা তাহা করিয়াছিল.

প্র. যখন যিহুদা তাহার পিতার মরিবার কথা কহিয়াছিলেন তখন যোষেফ্ কি তাহার ভ্রাতৃগণের স্থানে আপনাকে পরিচিত না করিয়া থাকিতে পারিয়াছিলেন?

উ. না তিনি থাকিতে পারেন নাই.

প্র. তিনি নিজ ভ্রাতাদের সহিত কথোপকথন করিবার পূর্ব্বে কি করিয়াছিলেন?

উ. তিনি উচ্চৈঃস্বরে ক্রন্দন করিয়াছিলেন.

প্র. কিন্তু কথোপকথন করিতে সমর্থ হইলে পর তিনি তাহাদিগকে কি বলিয়াছিলেন?

উ. আমি তোমাদের ভ্রাতা যোষেফ্ আমার পিতা কি অদ্যাবধি বর্ত্তমান আছেন এই কথা তিনি তাহাদিগকে বলিয়াছিলেন.

প্র. যোষেফ্ মিসরের অধ্যক্ষ ইহা জানিতে পারিবাতে তাহার ভ্রাতারা কি বড় উদ্বিগ্নচিত্ত হয় নাই?

উ. হাঁ তাহারা বড় উদ্বিগ্নচিত্ত হইয়াছিল.

প্র. কেন তাহারা উদ্বিগ্নচিত্ত হইয়াছিল?

উ. কারণ তাহারা যোষেফের প্রতি পুর্ব্বে অতি কুব্যবহার করিয়াছিল.

প্র. তিনি কি তাহাদের সঙ্গে স্নেহ পুর্ব্বক কথোপকথন করেন নাই?

উ. হাঁ তিনি তাহা করিয়া বরং তাহাদিগকে সান্ত্বনা করিয়াছিলেন.

প্র. তিনি তাহাদিগকে কি করিতে বলিয়াছিলেন?

উ. তিনি তাহাদিগকে প্রস্থান করিয়া আপন পিতাকে আনিতে বলিয়াছিলেন.

৩— যোষেফের কথানুসারে তাহার ভ্রাতারা যখন প্রস্থান করে তৎকালীন তিনি তাহাদের মধ্যে প্রত্যেক জনকে বস্ত্র ও টাকা করিয়া উপঢৌকন দিয়াছিলেন এবং তিনি তাহাদের সহিত আপন পিতার নিমিত্তে অনেক উপঢৌকন দ্রব্য পাঠাইয়াছিলেন ও তাহাদের আপনাদের জন্যে বহু পাথেয় সামগ্রী দিয়াছিলেন। আর তাহাদের হইতে বিদায় লইবার সময়ে তিনি তাহাদিগকে বলিয়াছিলেন সাবধান তোমরা যেন পথিমধ্যে বিবাদ করিও না। এই রূপে তাহারা মিসর দেশ হইতে প্রস্থান করিয়া কিনান্ দেশেতে আসিয়া উপস্থিত হওত আপনাদের পিতাকে জ্ঞাপন করিয়াছিলেন যে যোষেফ্ বাঁচিয়া আছেন ও সমুদয় মিসর দেশের অধ্যক্ষ পদে নিযুক্ত হইয়াছেন। তাহাতে তাহার হৃদয় জড়ীভূত হইয়াছিল যেহেতুক তিনি তাহাদিগকে বিশ্বাস করেন নাই। কিন্তু যোষেফ্ তাহাদিগকে যে২ কথা

কহিয়াছিলেন যখন তাহারা সে সমস্ত যাকোবের নিকট বলিয়াছিল ও তিনি তাহাদের সঙ্গের উপঢৌকন দ্রব্যাদি দেখিয়াছিলেন ও তাহাকে ও তাহার পরিজনকে লইয়া যাইবার নিমিত্তে যোষেফ্ কর্ত্তৃক প্রেরিত কএক শকটেতে দৃষ্টি-পাত করিয়াছিলেন তখন তাহার হৃদয় প্রফুল্ল হইয়াছিল। তাহাতে তিনি কহিয়াছিলেন আমার পুত্র যোষেফ্ অদ্যাবধি জীবৎ আছে এই যথেষ্ট আমি গিয়া মরণের পুর্ব্বে তাহার সহিত সাক্ষাৎ করিব। অপর যাকোব্ আপন পুত্রগণ ও পুত্র-বধূবর্গ ও তাহাদের সন্তান সন্ততি করিয়া সকলে ৬৬ ব্যক্তির সমভিব্যাহারে কিনান্ দেশ ত্যাগ করত মিসরে যাত্রা করিয়া-ছিলেন। পরে তাহারা মিসর দেশের নিকটবর্ত্তী হইলে যোষেফ্ নিজ শকট প্রস্তুত করিয়া লইয়া আপন পিতা ইশ্রায়েলের সহিত সাক্ষাৎ করিতে গিয়াছিলেন। আর সাক্ষাৎ হইলে তিনি তাহার গলা ধরিয়া কিঞ্চিৎকাল রোদন করিয়াছিলেন এবং ইশ্রায়েল্ও তাহার গলা ধরিয়া রোদন করত তাহার প্রতি কহিয়া-ছিলেন "এক্ষণে আমার মরণ হউক কেননা আমি তোমার মুখ দেখিয়াছি যেহেতুক তুমি অদ্যাবধি জীবৎ আছ"।

প্রশ্ন. যোষেফের কথানু-সারে তাহার ভ্রাতারা কি কিনান্ দেশে যাত্রা করিয়া-ছিল?

উত্তর. হাঁ তাহারা তথায় গমন করিয়াছিল.

প্র. বিদায় লইবার কালান তিনি তাহাদিগকে কি পরা-মর্শ দিয়াছিলেন?

উ. তিনি তাহাদিগকে পথি-মধ্যে বিবাদ না করিতে পরা-মর্শ দিয়াছিলেন.

প্র. যখন যাকোব্ শুনিয়াছিলেন যে যোষেফ্ জীবৎ আছেন ও মিসরের অধ্যক্ষ পদে নিযুক্ত হইয়াছেন তখন তিনি কি বড় মোহিত হন নাই?

উ. হাঁ তখন তিনি মোহিত হইয়াছিলেন.

প্র. মিসর দেশে গমন করেন যাকোব্ কি সম্মত হইয়াছিলেন?

উ. হাঁ তিনি সম্মত হইয়াছিলেন.

প্র. তিনি কি তাহার সমস্ত পরিবার লইয়া মিসরে গিয়াছিলেন?

উ. হাঁ তিনি তাহাদিগকে লইয়া তথায় গিয়াছিলেন.

প্র. ভার্য্যা ও সন্তানগণশুদ্ধ তাহাদের কত সংখ্যা ছিল?

উ. ৬৬ জন তাহাদের সংখ্যা ছিল.

প্র. যোষেফের আপন পিতার সহিত সাক্ষাৎ হইলে তিনি কিঁ করিয়াছিলেন?

উ. তিনি তাহার গলা ধরিয়া চুম্বন করত কিছুকাল অশ্রুপাত করিয়াছিলেন.

প্র. যাকোব্ও কি অশ্রুপাত করিয়াছিলেন?

উ. হাঁ তিনিও তদ্রূপ করিয়াছিলেন.

প্র. কেন তাঁহারা অশ্রুপাত করিয়াছিলেন?

উ. আহ্লাদ প্রযুক্ত তাঁহারা অশ্রুপাত করিয়াছিলেন.

৪— ফরয়োহ্ যোষেফের পিতা ও ভ্রাতৃগণের আগমন বিষয় শুনিয়া বিলক্ষণরূপে সন্তুষ্ট হইয়াছিলেন এবং তাহাদের বসতির জন্যে গোশেন প্রদেশ দিয়াছিলেন। এই স্থান বড় উর্ব্বরা ছিল আর যোষেফ্ তাহার পিতার রক্ষণাবেক্ষণ করিয়াছিলেন ও আপন সমস্ত জ্ঞাতির সহিত অতিসানুকূল হইয়াছিলেন।

মিসর দেশেতে যাকোব্ সুখে ১৭ বৎসর বাস করিলে পর তাহার মৃত্যু সময় সন্নিকট হইলে তিনি নিজ পুত্র যোষেফ্‌কে আজ্ঞা করিয়াছিলেন আমাকে মক্‌পেলাহ্ গুহাতে পিতৃলোক-দের কবর স্থানে কবর দিও। এপ্রকার আজ্ঞা করিবার কারণ এই ছিল যে পরমেশ্বর অব্রাহাম্ ইস্‌থাক্ ও যাকোব্ হইতে উৎপৎস্যমান জাতিকে পূর্ব্বোক্ত দেশ দিবার অঙ্গীকার করিয়া-ছিলেন। তাহাতে যোষেফ্ আপন পিতার আজ্ঞা পালন করিতে তাহার নিকটে প্রতিশ্রুত হইয়াছিলেন।

পরে যখন যাকোবের মরণকাল আসন্ন হইয়াছিল তখন তিনি নিজ সন্তানগণকে একত্রে ডাকাইয়া আনিয়া তাহাদিগকে আশীর্ব্বাদ করিয়াছিলেন এবং তাহার আশীর্ব্বাদ করণ সমাপ্ত হইলে তিনি প্রাণ ত্যাগ করিয়াছিলেন। তদনন্তর যোষেফ্ নিজ পিতার বদন ধরিয়া ক্রন্দন করত চুম্বন করিয়াছিলেন। আর যাকোবের মৃত্যুকালীন তাহার ১৪৭ বৎসর বয়স হইয়াছিল। এই রূপে ইশ্‌রায়েল্ মরিলে পর যোষেফ্ বড় সমারোহ পূর্ব্বক তাহার কবর দিয়াছিলেন। অতএব যাকোবের পুত্রগণ আপনাদের পিতার মৃত দেহ কিনান্ দেশে লইয়া গিয়া তাহাকে মক্‌পেলাহ্ গুহাতে কবর দিয়াছিল। ইহার পর যোষেফ্ ও তাহার ভ্রাতারা মিসর দেশে প্রত্যাগমন করিলে পর তাহাদের প্রতি তাহার পূর্ব্বমত স্নেহ ছিল এবং যোষেফ্ ও তাহার পিতার গোষ্ঠী মিসর দেশেতে বাস করিয়া থাকিয়াছিলেন। কিন্তু তাহার মরণের পূর্ব্বে তিনি ইশ্‌রায়েলীয় লোকদিগকে এই দিব্য করত কহাইয়া-ছিলেন যে যখন পরমেশ্বর তোমাদের প্রতি দৃষ্টিপাত করত তোমাদিগকে এই দেশ হইতে লইয়া যাইবেন তৎকালীন

তোমরা আপনাদের সহিত আমার অস্থি লইয়া যাইবা। যখন যোষেফের পরলোকগমন হয় তখন তাহার ১১০ বৎসর বয়স্ হইয়াছিল

প্রশ্ন. যাকোব্ ও তাহার পুত্রেরা কি মিসর দেশে সুখে কালক্ষেপ করিয়াছিলেন ?

উত্তর হাঁ। তাহারা সেখানে সুখে কালক্ষেপ করিয়াছিলেন.

প্র. সেই দেশের কোন্ ভাগ তাহাদের বসতির জন্যে ফরয়োহ্ রাজা দিয়াছিলেন ?

উ. তিনি তাহাদিগকে গোশেন্ [illegible] দিয়াছিলেন.

প্র. যখন যাকোব্ আপনার মরণকাল আসন্ন বোধ করিয়াছিলেন তখন তিনি যোষেফ্কে কি করিতে আজ্ঞা করিয়াছিলেন ?

উ. তখন তিনি তাহাকে তাহার পিতৃলোকদের কবর স্থানে আপনাকে কবর দিতে আজ্ঞা করিয়াছিলেন.

প্র. অব্রাহাম্ ও ইস্খাকের কবর কোথায় হইয়াছিল ?

উ. তাহা মক্পেলাহ্ গুহাতে হইয়াছিল

প্র. সেই গুহা কোন্ দেশে ছিল ?

উ. তাহা কিনান্ দেশে ছিল.

প্র. মরিবার পূর্ব্বে যাকোব্ কাহারদিগকে আশীর্ব্বাদ করিয়াছিলেন ?

উ. তিনি আপন পুত্রগণকে আশীর্ব্বাদ করিয়াছিলেন.

প্র. মৃত্যুকালীন যাকোবের বয়ঃক্রম কত হইয়াছিল

উ. তাহার ১৪৭ বৎসর বয়স হইয়াছিল.

প্র. যাকোব্ যে দিব্য করিয়াছি-লেন আমি কদাপি দেব দেবীর পূজা করিব না তাহা কি তিনি পালন করিয়াছিলেন?

উ. হাঁ তাহা তিনি পালন করিয়াছিলেন.

প্র. পরমেশ্বর যে তাহার প্রতি অঙ্গীকার করিয়া-ছিলেন তুমি যে স্থানে যাইবা আমি সেখানে তোমার সহায় হইব তাহা কি তিনি রক্ষা করিয়াছিলেন?

উ. হাঁ তিনি তদ্রূপ করিয়া-ছিলেন.

প্র. আপন পিতার মরণ হই-বাতে যোষেফ্ কি অতিশয় শোক পান নাই?

উ. হাঁ তিনি তাহা পাইয়া-ছিলেন.

প্র. তিনি কি কবর দিবার নিমিত্তে তাহার মৃত দেহ কিনান্ দেশে লইয়া গিয়া-ছিলেন?

উ. হাঁ তিনি তাহা তথায় লইয়া গিয়াছিলেন.

প্র. যাকোবের মৃত্যুর পর যোষেফ্ ও তাহার ভ্রাতারা কি মিসর দেশে থাকিয়া-ছিলেন?

উ. হাঁ তাহারা সেখানে থাকিয়াছিলেন.

প্র. যোষেফ্ তাহাদের সহিত কিরূপ ব্যবহার করিয়া-ছিলেন?

উ. তিনি তাহাদের সহিত অতিশয় স্নেহ পূর্ব্বক ব্যব-হার করিয়াছিলেন.

প্র. মরণের পূর্ব্বে তিনি আপন ভ্রাতৃগণকে কি অঙ্গী-কার করাইয়াছিলেন?

উ. তাহারা যেন আপনাদের সহিত তাহার অস্থি লইয়া যায় এই অঙ্গীকার তিনি তাহা-দিগকে করাইয়াছিলেন.

প্র. কোন দেশেতে তাহা-দিগকে পরমেশ্বরের পুনর্ব্বার লইয়া যাইবার কথা যোষেফ্ নিশ্চয় বলিয়াছিলেন?

উ. কিনান্ দেশেতে.

[প্র. যখন যাকোবের পরিজনগণ মিসর দেশে গমন করে তখন তাহাদের সংখ্যা কত ছিল?

উ. ধর্ম্ম পুস্তকের তিন স্থলে তাহাদের সংখ্যার ত্রিবিধ কথা আছে.

প্র. আদি পুস্তকের ৪৬ অধ্যায়ের ২৬ পদে তাহাদের সংখ্যা কত লেখে?

উ. সে স্থলে লেখে যে তাহারা সর্ব্বশুদ্ধ ৬৬ জন লোক ছিল.

প্র. দ্বিতীয় বাক্য পুস্তকের ১০ অধ্যায়ের ২২ পদে তাহাদের সংখ্যা কত লেখে?

উ. সে স্থলে লেখে যে তাহারা সর্ব্বশুদ্ধ ৭০ জন মানুষ ছিল.

প্র.প্রেরিতদের ক্রিয়া বিবরণ পুস্তকের ৭ অধ্যায়ের ১৪পদে তাঁহাদের সংখ্যা কত লেখে?

উ. সে স্থলে লেখে যে তাহারা সর্ব্বশুদ্ধ ৭৫ জন লোক ছিল.

প্র. তবে এই ত্রিবিধ বৃত্তান্তের সমাধা কিরূপে করিতে হইবেক?

উ. ইহার সমাধা এই রূপে করিতে হইবেক যে পূর্ব্বোক্ত তিন স্থলে যাকোবের পরিজনগণের সংখ্যার গণনা তিন প্রকারে হইয়াছে.

প্র. প্রথম স্থলে কি প্রকারে গণনা করিতে হইবেক?

উ. সে স্থলে যাকোব্ ও যোষেফ্ এবং তাহার দুই পুত্রকে ছাড়িয়া গণনা করিতে হইবেক.

প্র. দ্বিতীয় স্থলে কি প্রকারে গণনা করিতে হইবেক?

উ. সে স্থলে যাকোব্ ও যোষেফ্ এবং তাহার পুত্রদ্বয়কে লইয়া গণনা করিতে হইবেক.

প্র. তৃতীয় স্থলে কি প্রকারে গণনা করিতে হইবেক?

উ. সে স্থলে যাকোব্ ও যোষেফ্ এবং তাহার দুই পুত্রকে ছাড়িয়া কিন্তু যাকোবের নয় জন পুত্রবধূকে লইয়া গণনা করিতে হইবেক.

প্র. মরণের পূর্ব্বে যাকোব্ আপন পুত্রগণকে স্বস্থানে ডাকাইয়া কি কথা কহিয়াছিলেন?

উ. তিনি তাহাদের সকলের বিষয়ে ভাবি কথা কহিয়াছিলেন.

প্র. ভাল তাহাদের সকলের বিষয়ে যাকোবোক্ত ভবিষ্যদ্বাক্য না কহিয়া কেবল রিউবেন্ লেবী শিমিয়োন্ যিহুদা এই চারিজনের বিষয়ে তিনি যে২ কথা কহিয়াছিলেন সে সমস্ত কি তুমি বলিতে পার?

উ. হাঁ সে সমস্ত আমি বলিতে পারি.

প্র. যাকোব্ রিউবেনের বিষয়ে কি ভাবি কথা কহিয়াছিলেন?

উ. যাকোব্ এই ভাবি কথা কহিয়াছিলেন যে রিউবেন্ জ্যেষ্ঠাধিকারে বঞ্চিত হইবেক.

প্র. ইহাতে করিয়া তাঁহার বংশীয় লোকেরা কি২ বিষয়ে বঞ্চিত হইয়াছিল?

উ. তাহারা যাজকতা ও প্রভুত্ব এবং দ্বিগুণাংশে বঞ্চিত হইয়াছিল.

প্র. যাকোব্ লেবী ও শিমিয়োনের বিষযে কি ভাবি কথা কহিয়াছিলেন?

উ. যাকোব্ তাহাদের বিষয়ে এই কথা কহিয়াছিলেন যে তাহারা উভয়েই নিজের অধিকারে বঞ্চিত হইয়া অন্য দশ গোষ্ঠীর মধ্যে ছিন্নভিন্ন হইয়া বসতি করিবেব

প্র. যাকোব্ যিহুদার বিষয়ে কি কথা কহিয়াছিলেন?

উ. যাকোব্ তাহার বিষয়ে এই কথা কহিয়াছিলেন যে তাহার বংশে রাজত্ব কর্ম্মের ভার বর্ত্তিবে আর তাহা পরমেশ্বরের অঙ্গীকৃত অভি-ষিক্ত ব্যক্তির আগমনাবধি স্থানান্তর হইবেক নাই.

প্র. যাকোব্ মিসর দেশে কত দিন বাঁচিয়াছিলেন?

উ. তিনি তথায় ১৭ বৎসর মাত্র বাঁচিয়াছিলেন.

নবম উপদেশ।

১—যোষেফের মৃত্যুর পর যাকোবের পুত্রদের পরিবারগণের অতিশয় বৃদ্ধি হইয়াছিল এবং পরমেশ্বর যাকোব্‌কে যে নাম দিয়াছিলেন তদনুসারে সেই পরিবারগণের লোকেরা ইশ্‌রায়েলের সন্তান বা ইশ্‌রায়েলীয় নামে বিখ্যাত হইয়াছিল। যেহেতুক তাহারা সকলেই যাকোবের বংশোদ্ভব মানুষ ছিল কিন্তু মিসরীয়েরা তাহাদিগকে এব্‌রীয় লোক বলিয়া ডাকিত। পরে মিসর দেশে ইশ্‌রায়েলীয়েরা বহুসংখ্যক হইয়া উঠিলে অনেক বৎসর গতে সেখানে যোষেফ্‌কে জানিত না এমত এক জন ফরৌয়োহ্‌ রাজ্যপ্রাপ্ত হইয়া তাহাদের সহিত অতি কুব্যবহার করিয়াছিল। কেননা সে তাহাদিগকে বিস্তর পরিশ্রমের কর্ম্ম করাইয়া তাহাদের সঙ্গে আপন দাসের ন্যায় ব্যবহার করিত। অপর যখন সেই দুষ্ট নৃপতি দেখিয়াছিল যে আপনার কুব্যবহারেতে করিয়া ইশ্‌রায়েলীয়গণের সংখ্যার বৃদ্ধির হানি করে নাই তখন সে আজ্ঞা করিয়াছিল যে তাহাদের মধ্যে যাবদীয় পুত্রসন্তান জন্মিবেক তাহাদিগকে নদীতে ফেলিয়া দেওয়া যাইবেক। তৎকালে অম্‌রামের ভার্য্যা যোকেবেদ্‌ নাম্নী এক জন স্ত্রীলোকের এক পুত্রসন্তান জন্মিলে পর তিনি সেই শিশুকে পাঁচ মাস ঘরে লুকাইয়া রাখিয়াছিলেন। কিন্তু অবশেষে তিনি তাহাকে আর সংগোপন করিয়া রাখিতে না পারিবাতে পরমেশ্বরের রক্ষা-

বেক্ষণে সমর্পণ করিতে স্থির করিয়াছিলেন। যেহেতুক তিনি বিশ্বাস করিয়াছিলেন যে পরমেশ্বর তাহার প্রার্থনায় কর্ণপাত করত আপন দুগ্ধপোষ্যকে মিসরীয়দের হস্ত হইতে রক্ষা করিবেন। অতএব তিনি নলের একটি পেটরা নির্ম্মাণ করিয়া তন্মধ্যে তাহাকে রাখিয়া দিলে তাহার ভগিনী মিরিয়াম্ তাহার নিকটে দাঁড়াইয়াছিলেন। আর তাহার তথায় দাঁড়াইয়া থাকিবার অভিপ্রায় এই ছিল যে তিনি যেন দেখিতে পান আপন ভ্রাতার কি দশা হয়। পরন্তু সেই শিশুকে নদীর কূলে রাখিয়া দিবার পরেই অবিলম্বে সেই পথ দিয়া ফর্য়োহের কন্যা দাসীগণের সমভিব্যাহারে গমন করিতে২ একটি পেটরা দেখিয়া তাহাদের এক জনকে তাহা আপনার স্থানে আনয়ন করিতে পাঠাইয়াছিলেন। অপর তিনি তাহা খুলিয়া দেখিবামাত্রে তন্মধ্যস্থিত শিশু কাঁদিয়া উঠিয়াছিল তাহাতে তিনি করুণাবিশিষ্টা হইয়া বলিয়াছিলেন এ একজন এব্রীয় শিশু। তদনন্তর তাহার ভগ্নী মিরিয়াম্ তাহাকে স্তনপান করাইবার জন্যে এক এব্রীয় স্ত্রীলোক আনিয়া দিবার কথা ফর্য়োহের পুত্রীকে জিজ্ঞাসা করিলে সে রাজকন্যা তাহাতে সম্মতা হইয়াছিলেন। অতএব মিরিয়াম্ প্রস্থান করত যোকেবেদ্কে তাহার স্থানে ডাকিয়া আনিলে তিনি তাহাকে বলিয়াছিলেন তুমি এই শিশুকে দুগ্ধপান করাও তাহাতে আমি তোমাকে বেতন দিব। এই প্রকারে যোকেবেদ্ নিজ শিশুকে পাইলে সে শিশু তাহার সঙ্গে বড় বালকের বয়স্ পর্য্যন্ত বাস করিয়াছিলেন। পরে ফর্য়োহের কন্যা তাহাকে আপন বাটীতে লইয়া গিয়াছিলেন ও তাহার নাম মোশেহ্ রাখিয়া তাহার

সহিত আত্মজের ন্যায় ব্যবহার করিতেন। কিন্তু মোশেহ্ বয়ঃপ্রাপ্ত হইলে পর ফর্য়োহের কন্যার পুত্র বলিয়া বিখ্যাত হইতে অনিচ্ছু হইয়াছিলেন। যেহেতুক মিসরীয়দের মধ্যে সকলেই প্রতিমা পূজা করিত এবং তিনি আপনার মাতা হইতে অবগত হইয়াছিলেন যে পরমেশ্বরের মনোনীত ইশ্রায়েলীয় লোকের কুলে তাহার জন্ম হইয়াছিল। এতদ্ভিন্ন মোশেহ্ দেব পূজকদের সহিত সুখ ধন প্রতিপত্তি প্রভৃতি ভোগ করা অপেক্ষা বরং পরমেশ্বরের লোকদের সহিত দুঃখ ভোগ করা শ্রেয়ঃ বোধ করিয়াছিলেন। সুতরাং তিনি মিসর ত্যাগ করিয়া মিদিয়ান্ দেশে প্রস্থান করত তথায় বসতি করিয়াছিলেন। ইহার পর তিনি মিদিয়ান্ দেশের যিথ্রো নামা যাজকের কন্যা সিপ্পোরাহ্কে বিবাহ করিয়াছিলেন। আর মোশেহের যে এক জন ভ্রাতা ছিল তাহার নাম অহরোণ্।

প্রশ্ন, যাকোবের মৃত্যুর পর তাহার পুত্রগণের পরিজনদের বৃদ্ধি হইয়াছিল কি না?

উত্তর. হাঁ তাহা হইয়াছিল.

প্র. যোষেফেরও মৃত্যুর পর কি তাহাদের বৃদ্ধি হইয়াছিল?

উ. হাঁ তাহা হইয়াছিল.

প্র. কি নামেতে তাহারা সকলে বিখ্যাত হইয়াছিল?

উ. তাহারা সকলে ইশ্রায়েলের সন্তান নামেতে বিখ্যাত হইয়াছিল.

প্র. কাহার নাম ইশ্রায়েল্?

উ. যাকোবের নাম ইশ্রায়েল্.

প্র. ইশ্রায়েলীয়গণ কাহার-দিগকে কহা যায় ?

উ. ইশ্রায়েলের লোক-গণকে তাহা কহা যায়.

প্র. মিসরীয়েরা তাহাদিগকে কি বলিয়া ডাকিত ?

উ. তাহারা তাহারদিগকে এব্রীয়গণ বলিয়া ডাকিত.

প্র. যোষেফের বিষয় কিছুই জানিত নাই এমত এক ব্যক্তি কি রাজ্যপ্রাপ্ত হইয়াছিল ?

উ. হাঁ এমত এক ব্যক্তি রাজ্য প্রাপ্ত হইয়াছিল.

প্র. মিসরের নৃপতিগণের যে সাধারণ অভিধেয় ছিল তাহা কি ?

উ. সে সাধারণ অভিধেয় ফরয়োহ্.

প্র. যে স্ত্রীলোক আপন পুত্র সন্তানকে নল নির্ম্মিত পেটরাতে রাখিয়া দিয়াছিলেন তাহার নাম কি

উ. তাহার নাম যোকেবেদ.

প্র. এই স্ত্রীলোকের স্বামির নাম কি?

উ. তাহার নাম অম্রাম্.

প্র. সেই শিশুকে দেখিতে পাইয়া কাহার্ করুণোদয় হইয়াছিল ?

উ. ফর্য়োহের কন্যার করুণোদয় হইয়াছিল.

প্র. ফর্য়োহের কন্যা তাহার কি নাম রাখিয়াছিলেন ?

উ. তিনি তাহার নাম মোশেহ্ রাখিয়াছিলেন.

প্র. তাহার মাতা তাহাকে মানুষ করিলে পর ফর্য়োহের কন্যা তাহাকে কি বলিয়া ডাকিতেন ?

উ. তিনি তাহাকে আপনার পুত্র বলিয়া ডাকিতেন.

প্র. মোশেহ্ কি বয়ঃপ্রাপ্ত হইলে পর ফর্য়োহের কন্যার পুত্র বলিয়া বিখ্যাত হইতে ভাল বাসিয়াছিলেন ?

উ. না তিনি তাহা ভাল বাসেন নাই.

প্র. তিনি কি ভোগ করা শ্রেয়ঃ বোধ করিয়াছিলেন?

উ. তিনি পরমেশ্বরের লোকদের সঙ্গে দুঃখ ভোগ করা শ্রেয়ঃ বোধ করিয়াছিলেন.

প্র. পরমেশ্বরের লোক কাহারদিগকে কহা যাইত?

উ. ইশ্রায়েলীয়দিগকে তাহা কহা যাইত.

প্র. মোশেহের স্ত্রীর নাম কি?

উ. সিপ্পোরাহ্ তাহার নাম.

প্র. তাহার শ্বশুরের নাম কি?

উ. যিথ্রো তাহার নাম.

প্র. কোন্ যিথ্রো?

উ. যিনি মিদিয়ানের যাজক তিনি.

প্র. মোশেহের ভ্রাতার নাম কি?

উ. তাহার নাম অহরোণ্.

প্র. তাহার ভগিনীর নাম কি?

উ. মিরিয়াম্ তাহার নাম.

২—যে ফর্য়োহ্ নামে নৃপতি প্রথমে ইশ্রায়েলীয়গণকে দাস্য কর্ম্ম করাইতে আরম্ভ করিয়াছিল তাহার মরণের পর অন্য এক জন অতি দুর্বৃত্ত ফর্য়োহ্ রাজ্যপ্রাপ্ত হইয়া তাহাদের সহিত পূর্ব্বাপেক্ষা অধিক কুব্যবহার করিবাতে তাহাদিগকে অশেষ দুর্গতিতে কালযাপন করিতে হইয়াছিল। অতএব তাহারা আপনাদের উদ্ধার জন্য পরমেশ্বরের উদ্দেশে প্রার্থনা করিলে তিনি তাহাদের প্রার্থনায় কর্ণপাত করিয়া মোশেহের নিকটে প্রজ্বলিত ঝোপে দর্শন দিয়াছিলেন। আর সেই সময়ে মোশেহ্ আপন শ্বশুর যিথ্রোর পশ্বাদি হোরেব্ পর্ব্বতে চরাইতেছিলেন। তদনন্তর পরমেশ্বর তাহাকে আজ্ঞা করিয়াছিলেন তুমি মিসর দেশে যাইয়া ইশ্রায়েলীয় লোকদিগকে কহ যে আমি অবশ্য তাহাদিগকে উদ্ধার করিব এবং তাহাদের পূর্ব্বপুরুষদের প্রতি অর্থাৎ অব্রাহাম্ ইস্হাক্ ও যাকোবের প্রতি

আপন অঙ্গীকৃত কথানুসারে তাহাদিগকে সে দেশ হইতে দুগ্ধ মধু প্রবাহি কিনান্ দেশেতে আনয়ন করিব। ইহার পর পরমেশ্বর পুনর্ব্বার মোশেহের নিকটে দর্শন দিয়া তাহাকে আদেশ করিয়াছিলেন তুমি নিজ ভ্রাতা অহরোণ্কে সঙ্গে লইয়া মিসরীয় রাজা ফর্য়োহের স্থানে গমন কর। আর তাহাকে বল এব্রীয়দের প্রভু পরমেশ্বর কহেন আমার লোকগণকে প্রস্থান করিতে দেও তাহাতে যেন তাহারা অরণ্যেতে গিয়া আমার উদ্দেশে পর্ব্ব পালন করিতে পারে। অপর পরমেশ্বরের আজ্ঞানুসারে মোশেহ্ অহরোণের সমভিব্যাহারে ফর্য়োহের স্থানে গমন করিলে সে তাহাদিগকে বলিয়াছিল পরমেশ্বর কে যে তাহার কথা শুনিব আমি তাহাকে জানি না এবং ইশ্রায়েলীয় লোকদিগকে প্রস্থান করিতে দিব না। পরে সেই দিবসে ফর্য়োহ্ ইশ্রায়েলীয়গণকে অন্য দিনাপেক্ষা অধিক কর্ম্ম করিতে দিয়াছিল। যেহেতু সে পরমেশ্বরের আজ্ঞার বিপরীত আচরণ করিতে প্রতিজ্ঞা করিয়াছিল।

প্রশ্ন. যে ফর্য়োহ্ নামে নৃপতি ইশ্রায়েলীয়গণকে প্রথমে দাস্য কর্ম্ম করিতে দিয়াছিল তাহার পর যে ফর্য়োহ্ রাজ্যপ্রাপ্ত হইয়াছিল সে তাহাদের সহিত কিরূপ ব্যবহার করিয়াছিল?

উত্তর. সে তাহাদের সহিত খড় নিষ্ঠুরতা পূর্ব্বক ব্যবহার করিয়াছিল.

প্র. যখন মোশেহ্ বয়ঃপ্রাপ্ত হইয়াছিলেন তখন তিনি কি একজন সাধু মানুষ হইয়াছিলেন?

উ. হাঁ তিনি সাধু হইয়াছিলেন.

প্র. মিসরীয়েরা পরমেশ্বরের লোকদের সহিত কুব্যবহার করিলে তিনি কি তাহাদের প্রতি কৃপাদৃষ্টি করিয়াছিলেন?

উ. হাঁ তিনি তাহা করিয়াছিলেন.

প্র. পরমেশ্বর মোশেহের স্থানে কিরূপে দর্শন দিয়াছিলেন?

উ. তিনি তাহার স্থানে প্রজ্বলিত ঝোপেতে দর্শন দিয়াছিলেন.

প্র. মোশেহের দ্বারা পরমেশ্বর তাহাদের স্থানে কি অঙ্গীকার করিয়া পাঠাইয়াছিলেন?

উ. তিনি তাহাদিগকে মিসরীয়দের হস্ত হইতে উদ্ধার করিবার কথা অঙ্গীকার করিয়া পাঠাইয়াছিলেন,

প্র. তিনি ফর্‌য়োহ্‌কে কি আজ্ঞা করিয়া পাঠাইয়াছিলেন?

উ. তিনি তাহাকে এই আজ্ঞা করিয়া পাঠাইয়াছিলেন যে সে যেন তাঁহার লোকগণকে প্রস্থান করিতে দেয় তাহাতে যেন তাহারা তাঁহার সেবা করিতে পারে.

প্র. তিনি কাহারদের দ্বারা এই আজ্ঞা করিয়া পাঠাইয়াছিলেন?

উ. মোশেহ্‌ ও অহরোণের দ্বারা তিনি তাহা আজ্ঞা করিয়া পাঠাইয়াছিলেন

প্র. ফর্‌য়োহ্‌ কি পরমেশ্বরের আজ্ঞা মানিয়াছিল?

উ. না সে তাহা মানে নাই

প্র. তবে সে কি বলিয়াছিল?

উ. সে তাঁহার লোকদিগকে প্রস্থান করিতে না দিবার কথা বলিয়াছিল.

প্র. পরে সে তাহারদের সহিত কিরূপ ব্যবহার করিয়াছিল?

উ. সে তাহাদিগের সহিত পূর্ব্বাপেক্ষা অধিক নিষ্ঠুরতা পূর্ব্বক ব্যবহার করিয়াছিল.

প্র. সে কি একজন বড় দুর্বৃত্ত মানুষ ছিল না?

উ. হাঁ সে তদ্রূপ মানুষ ছিল বটে.

৩— ফরয়োহ্ ইশ্রায়েলীয় লোকদিগকে প্রস্থান করিতে দিতে অসম্মত হইলে পর পরমেশ্বর অনেক অদ্ভুত লক্ষণ দেখাইয়াছিলেন। তাহাতে করিয়া যেন মিসরীয় ও পৃথিবীস্থ তাবৎ অন্যা২ মানুষ জানিতে পারে যে অব্রাহাম্ ইস্থাক্ ও যাকোবের ঈশ্বরই কেবল সত্য ঈশ্বর। অপর যখন মোশেহ্ পরমেশ্বরের সেবক স্বরূপে নিজ হস্তস্থিত যষ্টি বিস্তার করিতেন তখনি পরমেশ্বর কোন না কোন অলৌকিক কর্ম্ম বা অদ্ভুত লক্ষণ দ্বারা আপনার সর্ব্ব শক্তি প্রকাশ করত মিসরীয়গণকে শাস্তি প্রদান করিতেন। কিন্তু মিসরে যে২ মড়ক হইয়াছিল তাহাদের মধ্যে কোন মড়ক ইশ্রায়েলীয় লোকদের প্রতি ঘটে নাই। আর পূর্ব্বোক্ত যষ্টিকে পরমেশ্বরের দণ্ড কহা যায়।

ফরয়োহ্ ও তাহার দাসগণের সাক্ষাতে মোশেহ্ পরমেশ্বরের আজ্ঞানুসারে নিজ যষ্টি বিস্তার করিয়া দিনে২ মিসরীয়দের মধ্যে যে সমস্ত মড়ক ডাকিয়া আনিয়াছিলেন তাহাদের বৃত্তান্ত এই। যথা।

১— মিসর দেশের নদীর ও অন্যা২ জলাশয়ের জল রক্তময় হইয়া গিয়াছিল।

২— মিসরের রাজার শয়নঘর এবং অন্যং সমস্ত গৃহ করিয়া দেশের সর্ব্বত্রে ভেক আসিয়া ব্যাপিয়াছিল।

৩— সেখানে ভূমির ধূলি উকুণ হইয়া গেলে তদ্দ্বারা মানুষে ও পশুতে বড় দুঃখ পাইয়াছিল।

৪— মশকের ঝাঁকের অতিশয় প্রাদুর্ভাব হইবাতে মিসরদেশ বিনষ্ট হইতে আরম্ভ হইয়াছিল।

৫— পশ্বাদির মধ্যে মহামারী হইলে মিসরের তাবৎ পশুর বিনাশ হইয়াছিল।

৬— মিসরে মানুষ ও পশুর মধ্যে ফোড়া ও ফোস্কা হইয়াছিল।

৭— সেখানে ঘোর ঝড়ী মেঘগর্জ্জন বিদ্যুৎ শিলাবৃষ্টি প্রভৃতি হইয়াছিল।

৮— শিলাবৃষ্টি হইতে যেং বৃক্ষ ও তৃণাদি বাঁচিয়াছিল সে সমস্ত অবশিষ্ট বৃক্ষ ও তৃণ পঙ্গপালে ভক্ষণ করিয়া ফেলিয়াছিল।

৯— সেখানে এমত ঘোর অন্ধকার হইয়াছিল যে তিন দিবস কোন মিসরীয় লোক ঘরের বাহিরে যাইতে পারে নাই ও কিছু মাত্র দেখিতে পায় নাই।

১০— মিসরের তাবৎ প্রথম জাত সন্তানের বধ হইয়াছিল।

এই সকল মড়ক যেমত একেং ঘটিয়াছিল তেমনি ফরৌহ্ প্রত্যেক মড়ক ঘটন সময়ে মোশেহ্ ও অহরোণ্‌কে মিনতি করিয়াছিল তোমরা প্রার্থনা কর তাহাতে যেন মড়কের ক্ষান্তি হয়। আর ইহার পর আমি পরমেশ্বরের সেবা করণার্থে ই্শরায়েলীয় লোকদিগকে প্রস্থান করিতে দিব এই অঙ্গীকার

সে করিয়াছিল। কিন্তু যৎক্ষণাৎ বারম্বার মড়ক থামিয়াছিল তৎক্ষণাৎ সে আপন মন কঠিন করিয়া নিজ অঙ্গীকার লঙ্ঘন পূর্ব্বক তাহাদিগকে প্রস্থান করিতে দেয় নাই।

প্রশ্ন. ফরয়োহ্ এবং মিসর দেশীয়দিগকে শাস্তি প্রদান পূর্ব্বক আপন শক্তি প্রকাশ করিবার জন্য পরমেশ্বর তাহাদের মধ্যে কি প্রেরণ করিয়াছিলেন?

উত্তর. তিনি তাহাদের মধ্যে মড়ক প্রেরণ করিয়াছিলেন.

প্র. তাহাদের নদীর জল কি হইয়া গিয়াছিল?

উ. তাহা রক্তময় হইয়া গিয়াছিল.

প্র. কি কদর্য্য জন্তু তাহাদের গৃহেতে আসিয়া ব্যাপিয়াছিল?

উ ভেকে তাহা করিয়াছিল'

প্র. দেশের ভূমির ধূলি কি হইয়া গিয়াছিল?

উ. তাহা উকুণ হইয়া গিয়াছিল.

প্র. কিসেতে মিসর দেশের পশ্বাদি বিনষ্ট করিয়াছিল?

উ. মহামারীতে সে সমস্ত বিনষ্ট করিয়াছিল.

প্র. মনুষ্য ও পশুর গাত্রে কি হইয়াছিল?

উ. ফোস্কা হইয়াছিল.

প্র. আকাশে কি ভয়ানক মড়ক হইয়াছিল?

উ. ঝড় মেঘগর্জ্জন বিদ্যুৎ ও শিলাবৃষ্টি ইত্যাদি হইয়াছিল.

প্র. পরমেশ্বর বৃক্ষ ও তৃণাদি খাইয়া ফেলিতে কোন্ জন্তুকে পাঠাইয়াছিলেন?

উ. তিনি তাহা করিবার জন্যে পঙ্গপালকে পাঠাইয়াছিলেন.

প্র. তাহার পর কি মড়ক হইয়াছিল?

উ. তাহার পর এমত ঘোর অন্ধকার হইয়াছিল যে তাহাতে করিয়া লোককে হাঁতড়াইতে হইয়াছিল.

প্র. সর্ব্বশেষে কি মড়ক হইয়াছিল?

উ. সর্ব্বশেষে তাবৎ প্রথমজাতের বধ হইয়াছিল.

প্র. এই সকল মড়কের মধ্যে কোন মড়ক কি ইশ্রায়েলীয় মানুষদের প্রতি ঘটিয়াছিল?

উ. না তাহা ঘটে নাই.

[প্র. যোষেফ্ যে ফর্য়োহ্ রাজার স্বপ্ন ব্যাখ্যা করণানন্তর মিসর দেশে উন্নতি প্রাপ্ত হইয়াছিলেন তাহার নাম কি?

উ. তাহার নাম সৌফিস.

প্র. যখন যাকোব্ সপরিবারে মিসর দেশে আগমন করিয়াছিলেন তৎকালে সে স্থানে যে ফর্য়োহ্ রাজত্ব করিতেছিলেন তাহার নাম কি?

উ. তাহার নাম সেনসৌফিস.

প্র. এই নৃপতির পর যে ফর্য়োহ্ রাজ্যপ্রাপ্ত হইয়াছিলেন তিনিকি ইশ্রায়েলীয় লোকদিগের উপরে অত্যাচার করিয়াছিলেন?

উ. না তিনি কিম্বা তাহার পর কতিপয় ফর্য়োহ্ও তাহাদের সহিত তদ্রূপ কুব্যবহার করেন নাই.

প্র. কিন্তু যে ফর্য়োহ্ তাহাদের সহিত অত্যন্ত কুব্যবহার করিয়াছিল তাহার নাম কি?

উ. তাহার নাম রমেসেস্ মিয়ামুন.

প্র. এই ভূপালের রাজ্য-শাসনকালীন কি মোশেহের জন্ম হইয়াছিল?

উ. হাঁ ইহারই রাজত্ব সময়ে মোশেহের জন্ম হইয়াছিল.

প্র. যে ফরয়োহের রাজত্ব-কালে পরমেশ্বর মোশেহ্ ও অহরোণের দ্বারা মিসরে অলৌকিক কর্ম্ম সমস্ত করিয়াছিলেন তাহার নাম কি?

উ. তাহার নাম অমে-নোফিস.

প্র. অম্রাম্ ও যোকেবেদের প্রথম সন্তানের নাম কি?

উ. মিরিয়াম্ তাহার নাম.

প্র. অহরোণ্ মিরিয়াম্ হইতে কত ছোট?

উ. তিনি তাহার হইতে চারি বৎসরের ছোট.

প্র. তবে কি মোশেহ্ তাহা-দের উভয়াপেক্ষা ছোট?

উ. হাঁ তিনি তাহাদের উভ-য়াপেক্ষা ছোট.

প্র. যিথ্রোর আদি পুরুষ কে?

উ. মিদিয়ান্ তাহার আদি-পুরুষ.

প্র. এই মিদিয়ান্ কে?

উ. ইনি অব্রাহামের ঔরসে কিটূরাহের গর্ব্ভজাত সন্তান.

প্র. মোশেহের দুই পুত্রের নাম কি২?

উ. তাহাদের এক জনের নাম গের্শোম্ ও অন্যের নাম এলীয়েষের্.

প্র. ইহাদের মধ্যে জ্যেষ্ঠ কে?

উ. গের্শোম্.

প্র. এলীয়েষেরের ত্বক্‌ছেদ কোথায় হইয়াছিল?

উ. তাহার ত্বক্‌ছেদ মিদি-য়োনে হয় নাই কিন্তু যখন মোশেহ্ সপরিবারে মিসরে গমন করিতেছিলেন তখন তাহা পথিমধ্যে হইয়া-ছিল.

প্র. এই ব্যাপার হইতে কি প্রতিপন্ন হইতেছে?

উ. এই প্রতিপন্ন হইতেছে যে পরমেশ্বর আপনাদিষ্ট বিধান সমস্ত পালনের অপেক্ষা করিয়া থাকেন.

প্র. মিসর দেশ হইতে ইশ্রায়েলীয় লোকদের উদ্ধার ব্যাপারে অহরোণ্ মোশেহ্কে কি বিশেষ সহকারিত্ব করিয়াছিলেন?

উ. তিনি বক্তৃতা করিয়া তাহার সহকারিত্ব করিয়াছিলেন.

প্র. মিসর দেশে যে দশ মড়ক হইয়াছিল সে সমস্ত হইতে কি প্রতিপন্ন হইয়াছিল?

উ. এই প্রতিপন্ন হইয়াছিল যে অব্রাহাম্ ইস্থাক্ ও যাকোবের ঈশ্বরই সত্য পরমেশ্বর কিন্তু মিসরীয়দের দেবতাগণ মিথ্যা যেহেতু তাঁহারা তাহাদিগকে মড়ক হইতে রক্ষা করিতে পারে নাই.]

দশম উপদেশ

১— মিসরীয়দের মধ্যে শেষ মড়ক পাঠাইবার পূর্ব্বে পরমেশ্বর মোশেহ্‌কে আজ্ঞা করিয়াছিলেন ইশ্‌রায়েলীয় লোকদিগকে কহ যে তাহারা প্রত্যেক পরিবারেতে একং মেষশাবক বধ করে এবং তাহার রক্ত আপনাদের গৃহের দ্বারের কাষ্ঠের উপরে লাগাইয়া দেয়। তাহাতে করিয়া যেন তাহাদের এই প্রত্যয়ের চিহ্নস্বরূপ হয় যে পরমেশ্বর মিসরের সমস্ত প্রথমজাত সংহার করিলেও আমাদের প্রথমজাতগণকে রক্ষা করিবেন। আর তাহা করিলে পর তাহাদিগকে কহ যে তাহারা পূর্ব্বোক্ত শাবকের মাংসের ভোজ প্রস্তুত করিয়া তাহা তাড়ীশূন্য রূটী ও তিক্ত শাকের সহিত ভক্ষণ করে। এতদ্ভিন্ন তাহাদিগকে কহ যে তাহারা যেন প্রস্থান করিবার নিমিত্তে তাবৎ বিষয় নিষ্পন্ন করত স্বহস্তে যষ্টি লইয়া ভোজনে উপবিষ্ট হয়। অনন্তর পরমেশ্বরের আদেশানুসারে ইশ্‌রায়েলীয় লোকেরা কর্ম্ম করিলে পর দুই প্রহর রাত্রি সময়ে তিনি মিসরীয়দের প্রথমজাতদিগকে সংহার করিতে আপন দূতকে প্রেরণ করিয়াছিলেন। তাহাতে মিসর দেশের সর্ব্বত্রে বড় রোদন হইয়াছিল কেননা মিসরে এমত কোন গৃহ ছিল নাই যে তাহাতে একজনও মরে নাই কিন্তু ইশ্‌রায়েলের সন্তানদের মধ্যে এক ব্যক্তিও নষ্ট হয় নাই।

অপর ফরয়োহ্‌ রজনীযোগে মোশেহ্‌ ও অহরোণ্‌কে ডাকাইয়া বলিয়াছিল "তোমরা ও ইশ্‌রায়েলের সন্তানেরা উঠিয় আমার লোকদের মধ্যে হইতে বাহির হও এবং তোমর

আপনাদের মেষপাল ও গবাদি পাল সকলকে সঙ্গে করিয়া লইয়া যাও আর আমাকেও আশীর্ব্বাদ কর"। তখন যাহাতে তাহারা সেই দেশ হইতে প্রস্থান করে মিসরীয়েরা এমত উদ্যোগ করিয়াছিল কেননা তাহারা কহিয়াছিল "আমরাও সকলে মৃতকল্প"। তদনন্তর ইশ্রায়েলীয় লোকেরা শিশু প্রভৃতি ব্যতিরেকে ছয়লক্ষ পুরুষ পদব্রজে মিসর হইতে যাত্রা করিয়াছিলেন। আর তাহারা মিসর দেশেতে ৪৩০ বৎসর প্রবাস করিয়াছিলেন এবং যখন তাহারা তথায় হইতে প্রস্থান করেন তখন মোশেহ্ যোষেফের কথানুসারে তাহার অস্থি তাহাদের সহিত লইয়া গিয়াছিলেন। পরে পরমেশ্বর তাহাদিগকে সেই সময়াবধি করিয়া নিস্তার পর্ব্ব বৎসরে২ পালন করিতে আজ্ঞা করিয়াছিলেন। তাহাতে যেন তাহারা স্মরণে রাখেন যে পরমেশ্বর মিসরীয়দের সংহারকালীন তাহাদের গৃহ সমস্ত ত্যাগ করিয়া গিয়াছিলেন ও তাহাদিগকে দাসত্বাগার হইতে উদ্ধার করিয়া আনিয়াছিলেন।

প্রশ্ন. পরমেশ্বর মিসরীয়দের মধ্যে যে শেষ মড়ক পাঠাইয়াছিলেন তাহা কি?
উত্তর. তাহা তাহাদের প্রথমজাতগণের সংহার.
প্র. এস্থলে প্রথমজাতগণেতে কাহারদিগকে বুঝাইতেছে?
উ. তাহাদের জ্যেষ্ঠ সন্তানদিগকে বুঝাইতেছে.
প্র. মিসরের তাবৎ প্রথমজাত কি নষ্ট হইয়াছিল
উ. হাঁ তাহা হইয়াছিল.
প্র. ইশ্রায়েলীয়দের প্রথমজাতগণের মধ্যে কেহ কি মরিয়াছিল?
উ. না তাহাদের মধ্যে কেহ মরে নাই.

প্র. ফরুয়োহ্ মোশেহ্ও অহরোণ্কে মিনতি করত কি করিতে কহিয়াছিল?

উ. সে তাহাদিগকে সমস্ত ইশ্রায়েলীয় লোককে লইয়া যাইতে কহিয়াছিল.

প্র. পরমেশ্বর যে তাহাদের প্রথমজাতগণকে রক্ষা করিবেন ইহা প্রত্যয় করণের চিহ্নস্বরূপে আপনাদের প্রস্থান করিবার পূর্ব্বে তাহারা সকলে কি করিতে আজ্ঞা প্রাপ্ত হইয়াছিলেন?

উ. তাহারা একটি মেষশাবক বধ করিয়া তাহার রক্ত আপনাদের গৃহের কাষ্ঠের উপরে লাগাইয়া দিতে আজ্ঞা প্রাপ্ত হইয়াছিলেন.

প্র. সেই মেষ শাবকের মাংস লইয়া তাহারা কি করিতে আদেশ পাইযাছিলেন?

উ. তাহারা তাহা ভোজন করিতে আদেশ পাইয়াছিলেন.

প্র. তাহারা তাহার সহিত আর কি ভক্ষণ করিতে আদেশ পাইয়াছিলেন?

উ. তাহারা তাহার সহিত তিক্ত শাক ও তাড়ীশূন্য রুটী ভোজন করিতে আদেশ পাইয়াছিলেন.

প্র. তাহারা তাহা কিরূপে ভোজন করিতে আদেশ পাইয়াছিলেন?

উ. তাহারা তাহা ত্বরায় করিতে আদেশ পাইয়াছিলেন.

প্র. তাহারা কি তদ্রূপ করিয়াছিলেন?

উ. হঁা তাহারা তদ্রূপই করিয়াছিলেন.

প্র. দুই প্রহর রাত্রিসময়ে কি ঘটিয়াছিল?

উ. সেই সময়ে মিসরের প্রথমজাতগণকে সংহার করিতে পরমেশ্বর আপন দূতকে প্রেরণ করিয়াছিলেন.

প্র. তাহাতে তখন ফরুয়োহ্ মোশেহ্ ও অহরোণকে কি করিতে বিনতি করিয়াছিল ?

উ. সে তাহাদিগকে তাবৎ ইশ্রায়েলীয় লোককে সঙ্গে লইয়া প্রস্থান করিতে বিনতি করিয়াছিল.

প্র. তাহারা সকলে কি প্রস্থান করিয়াছিলেন ?

উ. হাঁ তাহারা সকলেই প্রস্থান করিয়াছিলেন

প্র. প্রস্থান কালীন তাহাদের কত সংখ্যা ছিল ?

উ. তৎকালীন তাহারা স্ত্রী লোক ও শিশু ব্যতিরেকে সর্ব্বশুদ্ধ ছয় লক্ষ পুরুষ মানুষ ছিলেন.

প্র. যোষেফের অধ্যক্ষতায় সময়ে তাহারা সর্ব্বশুদ্ধ কয়জন মিসর দেশে গমন করেন ?

উ. সর্ব্বশুদ্ধ ৬৬ জন.

প্র. পরমেশ্বর অব্রাহাম্ ইস্‌খাক্ ও যাকোবের বংশকে যেরূপ বৃদ্ধি করিবার অঙ্গীকার করিয়াছিলেন তদ্রূপ তিনি কি তাহার বৃদ্ধি করেন নাই ?

উ. হাঁ তিনি তদ্রূপই তাহার বৃদ্ধি করিয়াছিলেন.

২— অনন্তর ইশ্রায়েলীয় লোকগণ প্রস্থান করিয়াছেন ইহা ফরুয়োহ্ শুনিলে পর সে আপনার রথ প্রস্তুত করিয়া ও মিসর দেশস্থ তাবৎ রথে যোদ্ধাদিগকে লইয়া বহু সৈন্যের সমভিব্যাহারে তাহাদের পশ্চাৎধাবন করিয়াছিল। অতএব যখন ইশ্রায়েলীয়েরা দেখিয়াছিলেন যে ফরুয়োহ্ ও তাহার সেনা সমূহ নিকটবর্ত্তী হইয়াছে এবং আপনাদের পলায়ন করিবার পথ নাই

তখন তাহারা অত্যন্ত ত্রাসান্বিত হইয়াছিলেন। পরন্তু পরমেশ্বর মোশেহ্কে তাহাদের সম্মুখস্থ সুফ্ সাগরের উপরে নিজ যষ্টি হস্তে লইয়া বিস্তার করিতে আজ্ঞা করিয়াছিলেন। তাহাতে সেই সাগরের জল দক্ষিণে ও বামে দুই ভাগ হইয়া প্রাচীর স্বরূপ হইয়া দাঁড়াইলে ইশ্রায়েলের সন্তানেরা তাহার মধ্য স্থল দিয়া শুষ্ক ভূমির উপরে চলিয়া গিয়া অন্য পারে উত্তরিয়াছিলেন। কিন্তু ফরয়োহ্ ও তাহার সৈন্যগণ তথায় দিয়া তাহাদের পশ্চাদ্বর্ত্তী হইলে জল পুনর্ব্বার স্বস্থানে ফিরিয়া আসিয়াছিল। সুতরাং ফরয়োহের রথ অশ্বারূঢ় সৈন্যসামন্ত প্রভৃতি তন্মধ্যে মগ্ন হইয়া গিয়াছিল তাহাতে তাহাদের মধ্যে এক প্রাণীও বাঁচে নাই। এইরূপে পরমেশ্বর সেই দিবসে ইশ্রায়েল্কে মিসরীয়দের হস্ত হইতে উদ্ধার করিয়াছিলেন। আর ইশ্রায়েল্ তাহাদিগকে সাগরের তীরে মৃত পড়িয়া থাকিতে দেখিয়াছিলেন। এমত হইলে পর লোকেরা পরমেশ্বরকে ভয় করত তাঁহাতে ও তাঁহার দাস মোশেহেতে বিশ্বাস করিয়াছিলেন।

প্রশ্ন. যখন ফরয়োহ্ শুনিয়াছিল যে ইশ্রায়েলীয় লোকেরা প্রস্থান করিয়াছেন তখন সে কি করিয়াছিল?

উত্তর. তখন সে আপন রথ ও অশ্বারূঢ় সমূহ সঙ্গে লইয়া তাহাদের পশ্চাৎ ধাবন করিয়াছিল.

প্র. তাহাতে পরমেশ্বর আপনার লোকগণকে তাহার ও তাহার সেনার হস্ত হইতে কিরূপে রক্ষা করিয়াছিলেন?

উ. তাহাতে তিনি সুফ্ সাগর বিভক্ত করিয়াছিলেন.

প্র. সুফ্ সাগরের মধ্যে কিসের উপর দিয়া তাঁহার লোকেরা গমন করিয়াছিলেন?

উ. তাহারা শুষ্ক ভূমির উপর দিয়া গমন করিয়াছিলেন.

প্র. মিসরীয়েরাও কি শুষ্ক ভূমির উপর দিয়া গমন করিয়াছিল?

উ. না তাহারা তাহা করে নাই.

প্র. তাহাদের কি হইয়াছিল?

উ. তাহারা সকলে জলের মধ্যে মগ্ন হইয়া গিয়াছিল.

প্র. এপ্রকার উদ্ধার কি অত্যাশ্চর্য্য নহে?

উ. হাঁ ইহা অত্যাশ্চর্য্য বটে.

প্র. পরমেশ্বর মিসর দেশে যে সমস্ত অদ্ভুত ক্রিয়া করিয়াছিলেন তদ্দ্বারা কি ব্যক্ত হইয়াছে?

উ. তদ্দ্বারা এই ব্যক্ত হইয়াছে যে তিনিই কেবল সত্য ঈশ্বর.

প্র. ইশ্‌রায়েলীয় লোকগণ মিসর দেশে কতকাল প্রবাস করিয়াছিলেন?

উ. তাহারা সে স্থানে ৪৩০ বৎসর প্রবাস করিয়াছিলেন.

প্র. পরমেশ্বর ইশ্‌রায়েলীয়দিগকে আপনাদের প্রথমজাতগণের রক্ষার স্মরণার্থে বৎসরে২ কি পর্ব্ব পালন করিতে আজ্ঞা করিয়াছিলেন?

উ. তিনি তাহার জন্যে তাহাদিগকে নিস্তার পর্ব্ব পালন করিতে আজ্ঞা করিয়াছিলেন.

[প্র. পরমেশ্বর যে মিসর দেশে ইশ্‌রায়েলীয় মনুষ্য ও পশুগণের প্রথমজাতদিগকে রক্ষা করিয়াছিলেন তাহার জন্যে তাঁহার লোকদের মধ্যে কি নিয়ম স্থির হইয়াছিল?

উ. তাহার জন্যে তাহাদের মধ্যে এই নিয়ম স্থির হইয়াছিল যে তাহারা মনুষ্য ও পশুগণের প্রথমজাতদিগকে পরমেশ্বরের প্রতি প্রতিষ্ঠিত করিয়া দেন.

প্র. যখন ইশ্রায়েলীয় লোকেরা মিসর হইতে প্রস্থান করেন তখন তাহাদের সঙ্গে কতকগুলিন বিদেশীয় মানুষ কি প্রস্থান করিয়াছিল ?

উ. হাঁ তখন তাহাদের সঙ্গে অনেক বিদেশীয় মানুষ প্রস্থান করিয়াছিল বটে.

প্র. যখন ইশ্রায়েলীয় লোকেরা মিসর হইতে প্রস্থান [illegible]বন তখন তাহারা কি[illegible] হইতে ধনাদি চা[illegible]ইয়া গিয়াছিলেন ?

উ. [illegible] তাহা তাহারা করিয়াছিলেন বটে.

প্র. তাহারা গোশেনের প্রধান নগরী রয়্মিষেষ্ হইতে কোথায় যাত্রা করিয়াছিলেন ?

উ. তাহারা তথায় হইতে স্কোথে যাত্রা করিয়া শিবির স্থাপন করিয়াছিলেন.

প্র. এই স্থান হইতে তাহারা কোথায় যাত্রা করিয়াছিলেন ?

উ. এখান হইতে তাহারা এথানে যাত্রা করিয়া শিবির স্থাপন করিয়াছিলেন.

প্র. যদিও পিলেষ্টীয়দের দেশ দিয়া যাইবার সোজা পথ ছিল তথাপি কেন পরমেশ্বর আপন লোকগণকে প্রান্তবের মধ্য দিয়া বক্রপথে গমন করাইয়াছিলেন ?

উ. কারণ তিনি শঙ্কা করিয়াছিলেন পাছে সেই জাতি ইশ্রায়েলীয় লোকগণের সহিত যুদ্ধ করিলে তাহারা ভয় পাইয়া মিসরে ফিরিয়া যাইতে চাহেন.

প্র. তবে কি তাঁহার তাহাদিগকে বক্র পথ দিয়া গমন করণের শুদ্ধ এই অভিপ্রায় ছিল ?

উ. না শুদ্ধ তাহা নহে কিন্তু আরও বোধ হয় যে তাহাদের সম্মুখে বহু কাল অলৌকিক কর্ম্ম করিলে ও অদ্ভুত লক্ষণ দেখাইলে পর তাঁহাতে যেন তাহাদের দৃঢ় বিশ্বাস ও ভক্তি হয় এজন্য তিনি তাহাদিগকে বক্র পথ দিয়া ৪০ বৎসর প্রান্তরের মধ্যে গমন করাইয়াছিলেন.

প্র. তিনি তাহাদিগকে কিসের দ্বারা দিবসে ও রাত্রিতে চালাইতেন?

উ. তিনি তাহাদিগকে দিবসে মেঘস্তম্ভ ও রাত্রিতে অগ্নিস্তম্ভদ্বারা চালাইতেন.

প্র. অগ্নি মেঘস্তম্ভ দ্বারা তাহাদের কি বিশেষ উপকার হইত?

উ. এই বিশেষ উপকার হইত যে দিবসে তাহারা মেঘস্তম্ভদ্বারা রৌদ্র হইতে রক্ষিত হইত ও রাত্রিতে তাহারা অগ্নিস্তম্ভদ্বারা দীপ্তি পাইত সুতরাং তাহারা এইরূপে রাত্রি দিনে চলিতে চাহিলে চলিতে পারিত.

প্র. যখন মিসরীয়েরা ইশ্রায়েলীয়দের সঙ্গ ধরিয়াছিল তখন তাহারা কোথায় শিবির স্থাপন করিয়াছিল?

উ. তখন তাহারা সুফ্ সাগরের তীরে গমন করিয়া পীহহীরোথের নিকটে শিবির স্থাপন করিয়াছিল.

প্র. পরমেশ্বর যে ইশ্রায়েলীয়গণকে মিসরীয়দে[illegible]স্ত হইতে সুফ্ সাগরে [illegible]র করিয়াছিলেন তাহা[illegible]ন্যে মোশেহ্ কি কোন স্ত[illegible]গীত গান করিয়াছিলেন?

উ. হাঁ তজ্জন্যে তিনি মিরিয়ামের অহরোণের ও অন্য সকল ইশ্রায়েলীয় লোকের সমভিব্যাহারে তাহা করিয়াছিলেন.

একাদশ উপদেশ।

১— যদিও পরমেশ্বর ইশ্‌রায়েলীয় লোকদের নিস্তারজন্য এতাদৃশ আশ্চর্য্য অলৌকিক কর্ম্মসকল করিয়াছিলেন তথাপি তাহারা কোন আশাভঙ্গের বিষয় ঘটিবামাত্রে ক্ষুণ্নমনা হইয়াছিল। অতএব যে সময়ে তাহারা শূরের প্রান্তরের মধ্য দিয়া গমন করিতেছিল তৎকালীন তাহাদের অতিশয় জলের অভাব হইলে প্রথমে যে জলাশয়ের স্থানে আসিয়া উপস্থিত হইয়াছিল তাহার জল তাহারা তিক্ত দেখিয়া তৎক্ষণাৎ মোশেহ ও অহরোণের বিরুদ্ধে বচসা করিতে উপক্রম করিয়াছিল। তাহাতে পরমেশ্বর সেই তিক্ত জলকে মিষ্টস্বাদ করিয়া দিয়াছিলেন। তদনন্তর তাহারা এলীম্ নামে এক মনোরম্য স্থানে উত্তীর্ণ হইয়া তথায় অবস্থিতি করত আরাম করিলে পর পুনর্ব্বার যাত্রা করিতে আরম্ভ করিয়াছিল। কিন্তু তাহাদের খাদ্য দ্রব্যাদির অভাব হইবাতে তাহারা আশু আরবার বচসাপূর্ব্বক মিসর দেশ কেন ত্যাগ করিয়া আসিয়াছি ইহা বলিয়া বিলাপ করিয়াছিল। এমত হইলে পরমেশ্বর তাহাদের নিমিত্তে স্বর্গ হইতে আহারের সামগ্রী বর্ষণ করিতে অঙ্গীকার করিয়া ৪০ বৎসর তাহাদিগের ভোজনের জন্য মান্না প্রেরণ করিয়াছিলেন। সেই মান্নার আকৃতি গোল দানার ন্যায় এবং তাহার স্বাদ অতিমিষ্ট ও তাহা প্রতিদিন প্রাতঃকালে ভূমির উপরে শুক্ল নীহারবৎ পড়িয়া থাকিত। আর পরমেশ্বরের আজ্ঞানুসারে তাহারা তাহার কিঞ্চিৎ প্রত্যহ

সদ্যঃ২ সংগ্রহ করত পিষ্টক করিয়া খাইত। কিন্তু যদি তাহারা তাহার কিছু সন্ধ্যাকাল পর্য্যন্ত রাখিয়া দিত তবে তাহা বিগড়াইয়া গিয়া কোন কাযের হইত না সুতরাং তাহা তাহাদিগকে ফেলিয়া দিতে হইত। আর বিশ্রাম বারে যেন তাহাদিগকে মান্না সংগ্রহ করিতে না হয় ইহার নিমিত্তে সপ্তাহের ষষ্ঠ দিনে তাহারা তাহার দ্বিগুণাংশ সংগ্রহ করিবার আজ্ঞা পাইয়াছিল। এই রূপে বিশ্রাম দিবসে স্বর্গ হইতে মান্না না পড়িলেও সেই দিবসের জন্যে পূর্ব্বদিনে যাহা সংগৃহীত হইত তাহা ভাল থাকিত। অপর পরমেশ্বর মোশেহ্‌কে এক ঘট পরিপূর্ণ মান্না সংগ্রহ করিয়া ভাবি পুরুষদের কারণ রাখিয়া দিতে আদেশ করিয়াছিলেন এবং সেই ঘটের ভিতরে যে মান্না ছিল তাহা অনেক বৎসর পর্য্যন্ত না বিগড়াইয়া যাইয়া ভাল ছিল

প্রশ্ন. মিসর দেশ ত্যাগ করিয়া গেলে পর ইশ্‌রায়েলীয় লোকেরা কি সন্তুষ্টমনা ও কৃতজ্ঞ হইয়া থাকিয়াছিল?

উত্তর. না তাহারা তদ্রূপ থাকে নাই বরং বচসা করিয়াছিল.

প্র. প্রান্তরেতে আপনাদের প্রতি কি ঘটিবার কথা তাহারা কহিয়াছিল?

উ. তাহারা কহিয়াছিল যে আমরা ক্ষুধার্ত্ত হইয়া মরিয়া যাইব.

প্র. তাহাতে তাহাদের জন্যে পরমেশ্বর কি পাঠাইবার অঙ্গীকার করিয়াছিলেন?

উ. তিনি স্বর্গ হইতে খাদ্য দ্রব্য পাঠাইবার অঙ্গীকার করিয়াছিলেন.

প্র. সেই খাদ্য দ্রব্যের নাম কি?

উ. তাহার নাম মান্না.

প্র. কতবার তাহা স্বর্গ হইতে পড়িত?

উ. তাহা প্রতি সপ্তাহের ছয় দিন করিয়া পড়িত.

প্র. কেন তাহা সপ্তম দিবসে পড়িত নাই?

উ. কেননা সে দিবস বিশ্রাম-দিন ছিল.

প্র. সে দিবসের আহারার্থে তাহাদের কি করিতে হইত?

উ. ষষ্ঠ দিবসে তাহাদিগকে অন্য দিনাপেক্ষা দ্বিগুণাংশ মান্না সংগ্রহ করিতে হইত.

প্র. সেই খাদ্য দ্রব্য তাহারা কত বৎসর ভক্ষণ করিয়াছিল?

উ. তাহা তাহারা ৪০ বৎসর ভক্ষণ করিয়াছিল.

২—পরে জল যে স্থানে নাই এমত এক স্থানে ইশ্রায়েলীয় লোকেরা ভ্রমণ করিতে২ আসিয়া পঁহুছিলে পর তাহারা মোশেহর বিরুদ্ধে বচসা করত জিজ্ঞাসা করিয়াছিল "কেন তুমি আমাদিগকে ও আমাদের সন্তানগণকে তৃষ্ণার্ত্ত হইয়া প্রান্তরের মধ্যে নষ্ট হইতে মিসর দেশ হইতে বাহির করিয়া আনিলা"। যেহেতু সকল কষ্ট সময়ে তাহারা এই প্রকার ব্যবহার করিয়া থাকিত। ইহাতে করিয়া মোশেহ্ দুঃখিত হইয়াছিলেন ও পরমেশ্বরের কোপ হইয়াছিল। কিন্তু পরমেশ্বর অব্রাহাম্ ইস্হাক্ ও যাকোব্ নামে নিজ বিশ্বাসি ভক্তদের অনুরোধে তাহাদের কৃতঘ্ন বংশকে রক্ষা করিয়াছিলেন। অপর তিনি মোশেহ্কে আপনার যষ্টিদ্বারা এক প্রস্তরযুক্ত শৈলেতে আঘাত করিতে আজ্ঞা করিয়াছিলেন। তাহাতে মোশেহ্ তদ্রূপ করিবামাত্রে সেই শৈল হইতে জল নির্গত হইলে পর লোকেরা যথেষ্ট জল পাইয়াছিল।

প্রশ্ন. যখন ইশ্রায়েলীয় লোকদের জলের অভাব হইয়াছিল তখন তাহারা কি প্রকার ব্যবহার করিয়াছিল?

উত্তর. তখন তাহারা বচসা করিয়াছিল.

প্র. তৎকালে তাহারা কি প্রযুক্ত আপনাদের মরণের কথা বলিয়াছিল?

উ. তৃষ্ণা প্রযুক্ত.

প্র. তাহাতে পরমেশ্বর মোশেহ্‌কে কি করিতে আজ্ঞা করিয়াছিলেন?

উ. তিনি তাহাকে শৈলেতে আঘাত করিতে আজ্ঞা করিয়াছিলেন.

প্র. পরমেশ্বরের আজ্ঞানুসারে মোশেহ্ করিলে পর প্রস্তরযুক্ত শৈল হইতে কি নির্গত হইয়াছিল?

উ. তাহাহইতে জল নির্গত হইয়াছিল.

প্র. এইরূপ ব্যবহারদ্বারা ইশ্রায়েলীয় লোকেরা কি আপনাদিগকে অতি কৃতঘ্ন করিয়া প্রতিপন্ন করে নাই?

উ. হাঁ তাহারা তাহা করিয়াছিল বটে.

প্র. পরমেশ্বর কি তাহাদের প্রতি বড় সদয় ছিলেন না?

উ. হাঁ তিনি তাহাদের প্রতি বড় সদয় ছিলেন.

৩—যখন ইশ্রায়েলীয় লোকেরা ভ্রমণ করিতে২ সীনায়্ পর্বতের তলে উত্তরিয়াছিল তখন পরমেশ্বর মোশেহ্‌কে সেই পর্বতোপরি ডাকিয়া আজ্ঞা করিয়াছিলেন তাহাদিগকে কহ যে যদি তাহারা আমার কথা শুনে ও আমার আজ্ঞা পালন করে তবে আমি তাহাদিগকে আপনার লোক করিয়া গ্রহণ করিব ও তাহাদিগকে পৃথিবীস্থ তাবৎ অন্য২ জাতির অপেক্ষা আশীর্বাদ করিব। অতএব মোশেহ্ তাহাদের নিকটে পরমেশ্বরের সমুদয় বাক্য কহিলে পর তাহারা সকলে একত্রে উত্তর করত

বলিয়াছিল "পরমেশ্বর যাহা২ কহিয়াছেন সে সমস্ত আমরা করিব"।

অনন্তর তৃতীয় দিনে পরমেশ্বর সীনায় পর্ব্বতে নামিলে তাহা ধূমময় হইয়াছিল যেহেতুক তিনি তাহার উপরে অগ্নিতে নামিয়াছিলেন। তাহাতে সমুদায় পর্ব্বত অতিশয় কাঁপিয়াছিল এবং সেখানে বিদ্যুৎ মেঘগর্জ্জন ও অত্যন্ত উচ্চৈঃস্বরে তূরীধ্বনি হইয়াছিল। আর পরমেশ্বর তথায় হইতে দশ আজ্ঞার সমস্ত কথা কহিয়া মোশেহ্‌কে দুই প্রস্তরের তক্তা দিয়াছিলেন৷ এই তক্তাদ্বয়েতে স্বয়ং পরমেশ্বরের অঙ্গুলীদ্বারা অর্থাৎ কোন সৃষ্ট জীবের দ্বারা নয় কিন্তু তাঁহার শক্তিদ্বারা ঐ এক আজ্ঞা লিখিত ছিল। তাহাতে করিয়া ইশ্‌রায়েল্ যেন সে সকল আজ্ঞা স্মরণে রাখিয়া যাবজ্জীবন তৎপালনে ত্রুটি না করেন।

প্রশ্ন. যখন ইশ্‌রায়েলীয় লোকেরা সীনায়্ পর্ব্বতের নিকটে শিবির স্থাপন করিয়াছিল তখন পরমেশ্বর তাহাদিগের জন্যে কি কহিয়াছিলেন?

উত্তর. তখন তিনি তাহাদের জন্যে দশ আজ্ঞা কহিয়াছিলেন.

প্র. তৎকালীন পর্ব্বত কিরূপ দেখা গিয়াছিল?

উ. তখন তাহা ধূমময় দেখা গিয়াছিল.

প্র. তৎকালীন তথায় কি শুনা গিয়াছিল?

উ. তখন তথায় বিদ্যুৎ মেঘগর্জ্জন ও অতি উচ্চৈঃস্বরে তূরীধ্বনি শুনা গিয়াছিল.

প্র. দশ আজ্ঞার সমুদয় কথার যেন বিস্মরণ না হয় ইহার জন্যে পরমেশ্বর মোশেহ্কে কি দিয়াছিলেন?

উ. ইহার জন্যে তিনি তাহাকে প্রস্তরের দুই তক্তা দিয়াছিলেন.

প্র. তাহাদের উপরে কি লিখিত ছিল?

উ. দশ আজ্ঞা লিখিত ছিল.

৪—সীনায় পর্ব্বত হইতে ব্যবস্থার্পণের পর মোশেহ্ নিয়ত ৪০ দিন তাহার উপর বাস করিয়াছিলেন ইহাতে করিয়া ইশ্রায়েলীয় লোকেরা বোধ করিয়াছিল যে তিনি আর সেখান হইতে কখন প্রত্যাগমন করিবেন নাই। অতএব তাহারা দুষ্টতা ও কৃতঘ্নতাপূর্ব্বক অহরোণের নিকটে আগ্রহ করিয়া কহিয়াছিল মিসরীয়েরা যেমত দেবতাদের পূজা করিয়া থাকে তুমি তৎসদৃশ স্বর্ণের এক বাছুর বা প্রতিমা নিতান্ত নির্ম্মাণ কর। তাহাতে তিনি তাহা নির্ম্মাণ করিলে পর তাহারা বলিয়াছিল "হে ইশ্রায়েল্ যে দেবতা তোমাকে মিসর দেশ হইতে বাহির করিয়া আনিয়াছেন তাহা এই"। তদনন্তর তাহারা মিসরীয়দের পূজাকরণের রীত্যনুসারে সেই প্রতিমার কাছে কলরব পূর্ব্বক নৃত্যাদি করিয়াছিল। পরে মোশেহ্ নিজ ভৃত্য যিহোশুয়ের সমভিব্যাহারে পর্ব্বত হইতে নামিয়া আসিয়া তাহাদের কলরব শুনিয়াছিলেন। আর যখন তিনি সেই কলরবের হেতু অবগত হইয়াছিলেন তখন তিনি এমন দুঃখিত ও ক্রোধান্বিত হইয়াছিলেন যে, তিনি আপনার হস্ত হইতে ব্যবস্থার তক্তাদ্বয় ক্ষেপণ করিয়া ভাঙ্গিয়া ফেলিয়াছিলেন। যেহেতুক তাহারা

তদুপরি লিখিত আজ্ঞা লঙ্ঘন করিয়াছিল। সেই দিবসে ইশ্রায়েলীয় লোকদের মধ্যে অনেক ব্যক্তি স্বর্ণ নির্ম্মিত বাছুর পূজার পাপের জন্যে বধ হইয়াছিল। কিন্তু অবশিষ্ট মানুষেরা অনুতাপ পূর্ব্বক অত্যন্ত খেদান্বিত হইলে তাহাদের পাপের ক্ষমার নিমিত্তে মোশেহ্ পরমেশ্বরকে বিনতি করিয়াছিলেন। অপর পরমেশ্বর তাহাদের এই ভারি দুষ্টতা ক্ষমা করিয়াছিলেন কেননা মোশেহ্ তাহাদের জন্যে সাধ্যসাধনা করিয়াছিলেন এবং তাহারা অব্রাহাম্ ইস্থাক্ ও যাকোবের বংশজাত ছিল।

প্রশ্ন. সীনায়্ পর্ব্বতে মোশেহ্ কয় দিন বাস করিয়াছিলেন ?

উত্তর. তিনি তথায় ৪০ দিন বাস করিয়াছিলেন.

প্র. যাবৎ তিনি তথায় ছিলেন তাবৎ ইশ্রায়েলীয় লোকেরা কি মহাপাপ করিয়াছিল ?

উ. তাহারা এক স্বর্ণ নির্ম্মিত বাছুর পূজা করিয়াছিল.

প্র. তাহাতে মোশেহ্ কি করিয়াছিলেন ?

উ. তিনি প্রস্তরের তক্তা ভাঙ্গিয়া ফেলিয়াছিলেন.

প্র. তিনি কেন এমন করিয়াছিলেন ?

উ. যেহেতুক তাহারা পরমেশ্বরের আজ্ঞা লঙ্ঘন করিয়াছিল.

প্র. তাহাতে কি পরমেশ্বর তাহাদের প্রতি বড় ক্রোধান্বিত হন নাই ?

উ. হাঁ তিনি বড় ক্রোধান্বিত হইয়াছিলেন.

প্র. অবশেষে তাহারা কি বড় দুঃখিত হয় নাই ?

উ. হাঁ তাহারা বড় দুঃখিত হইয়াছিল.

প্র. তাহাদের ক্ষমার নিমিত্তে পরমেশ্বরকে কে বিনতি করিয়াছিলেন?
উ. মোশেহ্ তাহা করিয়াছিলেন.

প্র. তাহাতে কি পরমেশ্বর তাহাদিগকে ক্ষমা করিয়াছিলেন?
উ. হাঁ তিনি তাহা করিয়াছিলেন.

৫— পরে মোশেহ্ দ্বিতীয়বার পর্ব্বতে আরোহণ করিলে পর পরমেশ্বর তাহাকে প্রথম প্রস্তরের তক্তার ন্যায় পুনরায় দুই তক্তাতে আজ্ঞা লিখিয়া দিয়াছিলেন। তাহাতে করিয়া তাঁহার ইশ্রায়েল্কে আপন লোক করিয়া গ্রহণ করণের প্রমাণ পাওয়া গিয়াছিল। অপর পরমেশ্বর মোশেহ্কে আবাস নিয়মসিন্দুক ও অন্য২ পবিত্র দ্রব্যাদি নির্ম্মাণ করিতে আদেশ করিয়াছিলেন। এই আবাস এক প্রকার তাম্বুগৃহ স্বরূপ ছিল। আর তাহা ব্যবধান বস্ত্র ও তক্তার সহিত এমত নির্ম্মিত হইয়াছিল যে তাহার গড়ন খণ্ড২ করিয়া খুলা যাইবাতে তাহা সহজে স্থানান্তরে লইয়া যাইতে পারা যাইত। এবং যখন লোকেরা কোন স্থানে অবস্থিতি করিত তখন সেখানে তাহারা তাহার মধ্যে সাধারণে ভজনা করিত। নিয়মের সিন্দুক একপ্রকার সিন্দুক ছিল ও তাহার ভিতরে সাক্ষ্যরূপ দুই প্রস্তরের তক্তা রক্ষিত ছিল এবং তাহার আবরণের দুই মুড়াতে সোণাতে মোড়া খোদা দুই কিরূব্ ছিল। এতদ্ভিন্ন সেই কিরূবদের পক্ষ বিস্তারিত হওত পরস্পরের মিলন হইয়াছিল। এই আবরণের নাম করুণাসন্ এবং কিরূবদের মধ্যে পরমেশ্বর নিজ তেজ প্রকাশ করিতেন। আবাসের এক

ভাগকে অতি পবিত্র স্থান কহা যাইত৺ও তাহা অন্যং ভাগ হইতে বিচ্ছেদবস্ত্র নামে এক সুন্দর ব্যবধানদ্বারা পৃথক্ হইয়াছিল। সেই বিচ্ছেদবস্ত্র কিরূব্গণের আকৃতির সহিত শোভিত ছিল এবং এই অতি পবিত্র স্থানে নিয়মের সিন্দুক স্থাপিত ছিল। এতদ্ব্যতিরেকে এক মেজ এক দীপবৃক্ষ দুই ধূপ-বেদি হোমবেদি ইত্যাদি নির্ম্মিত হইয়াছিল। অধিকন্তু অহরোণ্ প্রধান যাজকপদে ও তাহার পুত্রেরা যাজকদের পদেতে নিযুক্ত হইবেন তজ্জন্য পরমেশ্বর তাহাদের কারণ পবিত্র বস্ত্র প্রস্তুত করিতে মোশেহ্কে আজ্ঞা করিয়াছিলেন। আরও তিনি তাহাকে লেবীয় নামে বিখ্যাত লেবীর গোত্রজাত সকল লোককে আবা-সের কর্ম্ম করিতে অর্থাৎ তাহা নামাইতে ও উঠাইতে এবং তাহার তাবৎ বিষয় সুধারা মতে রাখিতে আদেশ করিয়া-ছিলেন। পরে মোশেহ্ পরমেশ্বরের আদেশানুসারে সমস্ত দ্রব্য প্রস্তুত করিয়াছিলেন। আর আবাস দেখিতে অতি সুন্দর ছিল এবং অহরোণের বস্ত্র সমূহও বড় উত্তম ছিল। অনন্তর আবাস সমাপ্ত হইলে পর তাহা স্থাপিত হইয়াছিল ও তাহার মধ্যে নিয়মের সিন্দুক রাখা গিয়াছিল এবং পরমেশ্বরের আজ্ঞানুসারে অহরোণ্ ও অন্যং যাজকেরা আপনং বস্ত্র পরিধান করিয়া বলিদানাদি কর্ম্ম করিয়াছিল। আর পরমেশ্বর যেমন অঙ্গীকার করিয়াছিলেন তদ্রূপ তিনি করুণাসনের উপরে কিরূবগণের মধ্যে আপনার তেজ প্রকাশ করিতেন।

প্রশ্ন. সাধারণের ভজনালয়ের নিমিত্তে পরমেশ্বর মোশেহ্‌কে কি নির্ম্মাণ করিতে আদেশ করিয়াছিলেন?

উত্তর. তিনি তাহাকে তদর্থে আবাস নির্ম্মাণ করিতে আদেশ করিয়াছিলেন.

প্র. তিনি তাহাকে সাক্ষ্যরূপ তক্তাদ্বয় রাখিবার জন্যে কি নির্ম্মাণ করিতে আদেশ করিয়াছিলেন?

উ. তিনি তাহাকে তদর্থে নিয়মের সিন্দুক নির্ম্মাণ করিতে আদেশ করিয়াছিলেন.

প্র. নিয়মের সিন্দুক কি রূপ ছিল?

উ. তাহা এক প্রকার সিন্দুক স্বরূপ ছিল.

প্র. তাহার আবরণের নাম কি?

উ. করুণাসন.

প্র. করুণাসনের উপরে কি খোদা গিয়াছিল?

উ. দুই কিরূব্ খোদা গিয়াছিলঃ

প্র. সাক্ষ্যরূপ তক্তা কাহাকে কহ?

উ. যে প্রস্তরের তক্তাদ্বয় পরমেশ্বরের অঙ্গুলীদ্বারা লিখিত হইয়াছিল তাহাকে কহি.

প্র. কিরূব্‌দ্বয়ের মধ্যে পরমেশ্বর কি প্রকাশ করিতে অঙ্গীকার করিয়াছিলেন?

উ. তিনি তথায় নিজ তেজ প্রকাশ করিতে অঙ্গীকার করিয়াছিলেন.

প্র. আবাসের যে ভাগে নিয়মের সিন্দুক স্থাপিত ছিল তাহার নাম কি?

উ. তাহার নাম অতিপবিত্র স্থান.

প্র. অতিপবিত্র স্থানের সম্মুখে যে ব্যবধান ঝুলিত তাহার নাম কি?

উ. তাহার নাম বিচ্ছেদবস্ত্র

প্র. প্রধান যাজকের পদে কে নিযুক্ত হইয়াছিলেন?

উ অহরোণ্.

প্র. কাহারা যাজকদের পদে নিযুক্ত হইয়াছিলেন?
উ. অহরোণের পুত্রগণ.
প্র. তাহাদিগকে পরমেশ্বরের সেবক করিয়া প্রভেদ করিবার জন্যে তাহাদের কি কোন বিশেষ বস্ত্র হইয়াছিল?
উ. হাঁ তদর্থে তাহাদের বিশেষ বস্ত্র হইয়াছিল.
প্র. আবাসের কর্ম্ম করিবার নিমিত্তে কোন্ গোত্র পৃথক্ হইয়াছিল?
উ. লেবীর গোত্র পৃথক্ হইয়াছিল.
প্র. তাহারা কি সংজ্ঞায় বিখ্যাত হইয়াছিল?
উ. তাহারা লেবীয়গণ সংজ্ঞায় বিখ্যাত হইয়াছিল.
প্র. মোশেহ্ ও অহরোণ্ কোন্ গোত্রজাত ছিলেন?
উ. তাহারা লেবীর গোত্রজাত ছিলেন.
প্র. পরমেশ্বরের আদেশানুসারে সমস্তবিষয় নিষ্পন্ন হইলে পর যখন আবাস স্থাপিত হইয়াছিল তখন তিনি করুণাসনের উপরে কিরূবদের মধ্যে কি প্রকাশ করিয়াছিলেন?
উ. তখন তিনি তদুপরি আপন তেজ প্রকাশ করিয়াছিলেন.
প্র. ইহাতে করিয়া কি প্রমাণ পাওয়া যাইতেছে না যে যাহা২ কৃত হইয়াছিল সে সমস্তে পরমেশ্বর সন্তুষ্ট হইয়া আবাসকে ভজনালয় করিয়া গ্রাহ্য করিয়াছিলেন?
উ. হাঁ ইহাতে করিয়া সে প্রমাণ পাওয়া যাইতেছে বটে.

৬—যখন ইশ্রায়েলীয় লোকেরা কোন স্থানে অবস্থিতি করিত তৎকালীন সেখানে আবাস স্থাপিত হইলে তাহারা

তাহার চতুর্দ্দিগে আপন২ তাম্বু বসাইত। এই সময়ে তাহারা যাক্কোবের পুত্ত্রদের নামে বিখ্যাত বার গোত্রে বিভক্ত ছিল। আর আবাসের উপরে সর্ব্বদা এক মেঘস্তম্ভ অবস্থান করিত তাহাতে করিয়া তাহারা জানিতে পারিত যে পরমেশ্বর তথায় বিরাজমান আছেন। এই মেঘস্তম্ভ রাত্রিকালে অগ্নিস্তম্ভের ন্যায় প্রকাশ পাইত। যখন পূর্ব্বোক্ত মেঘস্তম্ভ আবাসের উপর হইতে ঊর্দ্ধে নীত হইত তখন তাহারা তাহার পশ্চাৎ২ গমন করিতে সঙ্কেত পাইত। অপর যে পর্য্যন্ত মেঘস্তম্ভ স্থগিত না হইত তদবধি তাহারা নিয়মের সিন্দুক স্থানান্তরে বহন করত লইয়া যাইত। কিন্তু তাহা স্থগিত হইলে পর সেই সিন্দুক বাহকেরা অবস্থিতি করিত এবং পুনর্ব্বার আবাস স্থাপিত হইত। এই সময়ে ইশ্রায়েলীয় লোকগণ পরমেশ্বরের লোক বলিয়া বিখ্যাত হওত পৃথিবীস্থ তাবৎ জাতি হইতে পৃথক্ হইয়াছিল। এই প্রভেদের চিহ্নার্থে তাহারা বিশ্রামবার পুণ্য করিয়া পালন করিতে আজ্ঞা পাইয়াছিল। এতদ্ভিন্ন তাহারা পরমেশ্বরের অন্য সমস্ত আজ্ঞা পালন করিতে বাধিত ছিল।

প্রশ্ন. কি লক্ষণদ্বারা ইশ্রায়েলীয় লোকেরা জানিত যে পরমেশ্বর বিরাজমান আছেন?

উত্তর. তাহারা মেঘস্তম্ভের লক্ষণদ্বারা তাহা জানিতে পারিত.

প্র. এই স্তম্ভ রাত্রিকালে কিরূপ প্রকাশ পাইত?

উ. রাত্রিকালে তাহা অগ্নিস্তম্ভের ন্যায় প্রকাশ পাইত.

প্র. এক স্থান হইতে অন্য স্থানে গমন করিতে হইবেক ইহার কি কোন সঙ্কেত ইশ্রায়েলীয় লোকেরা পাইয়াছিল?

উ. হাঁ মেঘস্তম্ভ ঊর্দ্ধে নীত হইলেই তাহারা তাহা করিবার সঙ্কেত পাইত.

প্র. আবাস স্থাপন করিতে ও তাম্বু বসাইতে হইবেক ইহার কি কোন সঙ্কেত তাহাদের মধ্যে ছিল?

উ. হাঁ মেঘস্তম্ভ স্থগিত হওন তাহাদের মধ্যে তাহা করিবার সঙ্কেত ছিল.

প্র. যখন ইশ্রায়েলীয় লোকগণ পৃথিবীস্থ তাবৎ জাতি হইতে পৃথক্ হইয়াছিল তখন তাহারা কাঁহার লোক হইয়াছিল?

উ. তখন তাহারা পরমেশ্বরের লোক হইয়াছিল.

প্র. এই প্রভেদ প্রকাশ করিবার জন্যে তাহারা কি করিতে আজ্ঞা পাইয়াছিল?

উ. তাহার জন্যে তাহারা বিশ্রামবার পুণ্য করিয়া পালন করিতে আজ্ঞা পাইয়াছিল.

প্র. এতদ্ভিন্ন তাহারা আরও কি করিতে আজ্ঞা পাইয়াছিল?

উ. তাহারা পরমেশ্বরের সমস্ত আজ্ঞা পালন করিতে আজ্ঞা পাইয়াছিল.

প্র. অন্য২ জাতি কাহাদের উপাসনা করিত?

উ. তাহারা দেবদেবীর উপাসনা করিত.

প্র. তাহারা কি বিশ্রামবার পবিত্র করিয়া পালন করিত?

উ. না তাহারা তাহা করিত নাই.

প্র. পরমেশ্বর কাহাঁদের অনুরোধে ইশ্রায়েলকে আপন লোক করিয়া মনোনীত করিয়াছিলেন?

উ. অব্রাহাম্ ইস্‌থাক্ ও যাকোবের অনুরোধে.

প্র. স্বর্গ ও পৃথিবীর পরম সৃষ্টিকর্ত্তার মনোনীত লোক হওয়া কি বড় সম্ভ্রম ও গৌরবের বিষয় নহে?

উ. হাঁ তাহা বড় সম্ভ্রম ও গৌরবের বিষয় বটে.

[প্র. সুফ্‌সাগর হইতে শূরের প্রান্তরে গমন করিতে২ ইশ্রায়েলীয় লোকেরা মারাহেতে আসিয়া উপস্থিত হইলে পরমেশ্বর কি প্রকারে তাহার তিক্ত জলকে সুস্বাদু করিয়াছিলেন?

উ. তাঁহার আজ্ঞানুসারে মোশেহ্ সেই জলেতে এক বিশেষ কাষ্ঠ মগ্ন করিলে পর তাহা সুস্বাদু হইয়াছিল.

প্র. মারাহ্ হইতে এলীমে অবস্থিতিকরণানন্তর তাহারা সীনের প্রান্তরে যাত্রা করিতে২ যে অলৌকিক আহার পাইয়াছিল তাহার নাম কি?

উ. তাহার নাম মান্না অর্থাৎ এ কি কিম্বা এই অংশ যেহেতুক যখন তাহা পড়িতে আরম্ভ হয় তখন তাহারা তাহা দেখিয়া পরস্পর কহিয়াছিল এ কি এবং তাহা প্রত্যেক ব্যক্তির জন্যে এক২ ওমের্ করিয়া সংগৃহীত হইত.

প্র. সীনের প্রান্তর হইতে খোরের্ পর্ব্বতে যাইতে২ তাহারা রিফিদীমে আসিয়া উপস্থিত হইলে পর তাহাদের সহিত কোন্ জাতির যুদ্ধ হইয়াছিল?

উ. তথায় তাহাদের সহিত অমালেকীয়দের যুদ্ধ হইয়া-

প্র. অমালেকীয়েরা যে আশ্চর্য্যরূপে পরাজিত হইয়াছিল তাহা কি?

উ. অহরোণ্ ও থূর্ মোশেহ্কে এক প্রস্তরোপরি বসাইয়া এক জন একদিগে ও অন্যজন অন্যদিগে সমস্তদিন তাহার হস্ত তুলিয়া ধরিলে তাহারা পরাজিত হইয়াছিল.

প্র. অমালেকীয়দের আদি পুরুষ কে?

উ. অমালেক্.

প্র. অমালেক্ কাহার পুত্র?

উ. সে এলীফাষের পুত্র.

প্র. এলীফাষ্ কাহার পুত্র?

উ. সে এষৌর পুত্র.

প্র. যখন ইশ্রায়েলীয়েরা অরবীয় অরণ্য মধ্যে দিয়া গমন করিতেছিল তখন মোশেহের শ্বশুর যিথ্রো কি তাহার ভার্য্যা ও পুত্র-দ্বয়ের সমভিব্যাহারে তাহার সহিত সাক্ষাৎ করিতে আসিয়াছিল?

উ. হাঁ তাহারা চারি জন তাহার স্থানে আগমন করিয়াছিল.

প্র. মোশেহ্ যিথ্রোর পরামর্শেতে কি করিয়াছিলেন?

উ. তিনি তাহার পরামর্শেতে কএক কর্ম্মক্ষম ব্যক্তিকে আপনার অধীনে লোকদের মধ্যে সহস্রপতি শতপতি পঞ্চাশৎপতি ও দশপতির পদে নিযুক্ত করিয়াছিলেন.

প্র. ইহাতে করিয়া মোশেহের কি বিশেষ উপকার হইয়াছিল ?

উ. ইহাতে করিয়া তাহার এই বিশেষ উপকার হইয়াছিল যে তাহাকে সকল কর্ম্মের ভার সহিতে হইত না কেননা পূর্ব্বোক্ত বিচারপতিগণ ক্ষুদ্র২ বিষয় সমস্ত নির্ব্বাহ করিত সুতরাং তিনি কেবল মহাবিচারসকল নিস্পন্ন করিতেন.

প্র. পরমেশ্বর মোশেহের দ্বারা ইশ্রায়েলীয় লোককে যে ব্যবস্থা দিয়াছিলেন তাহাকে কয় অংশে বিভক্ত কহা যায়?

উ. তাহাকে তিন অংশে বিভক্ত কহা যায়.

প্র. সে তিন অংশ কি২ ?

উ. নীতিবিষয়ক ও ক্রিয়াকলাপবিষয়ক এবং রাজ্যশাসন বিষয়ক.]

দ্বাদশ উপদেশ।

১—ইশ্রায়েলীয় লোকেরা পারাণ্ প্রান্তরে আসিয়া উপস্থিত হইলে পর পরমেশ্বর তাহাদিগকে আজ্ঞা করিয়াছিলেন তোমরা গিয়া কিনান্ নিবাসি দেবপূজক জাতিগণকে দূরীকরণ পূর্ব্বক তাহাদের দেশ অধিকার করিয়া লও। কিন্তু যদিও তিনি তাহাদের কারণ এতাদৃশ আশ্চর্য্য ব্যাপার সমস্ত করিয়াছিলেন তথাপি তাহারা কিনান্ দেশ কিরূপ ও তন্নিবাসি মানুষেরাই বা কি প্রকার ইহা পূর্ব্বে লোক পাঠাইয়া নির্ণয় না করিলে কিনা-নীয়দের বিপক্ষে গমন করিতে সাহস করে নাই। অতএব তিনি মোশেহ্কে প্রত্যেক গোত্রজাত এক২ ব্যক্তি লইয়া ১২ জন মানুষকে প্রেরণ করিতে আদেশ করিয়াছিলেন। অপর তাহারা সেই দেশ দেখিয়া ৪০ দিনের পর ফিরিয়া আসিয়াছিল এবং প্রত্যাগমনকালীন তাহারা আপনাদের সঙ্গে তথায় হইতে এক থলুয়া দ্রাক্ষাফল ও অন্য২ নানাবিধ উত্তম ফল আনিয়াছিল। আর সেই দ্রাক্ষাফলের থলুয়া এমত বড় ছিল যে তাহা দুই জন লোককে বহিয়া আনিতে হইয়াছিল। অনন্তর যিফুন্নেহের পুত্র কালেব্ কহিয়াছিলেন "চল আমরা একবারে গিয়া ঐ দেশ অধিকার করি" কেননা তিনি পরমেশ্বরের অঙ্গীকৃত কথাতে প্রত্যয় করিয়াছিলেন। এই কালেব্ চরদের মধ্যে এক জন ছিলেন। পরে মোশেহের দাস নূনের পুত্র যিহোশুয় তাহার

কথাতে সম্মত হইয়াছিলেন। পরন্তু অন্য দশ চরেরা সে দেশের অখ্যাতি করিয়া কহিয়াছিল যে তাহার লোকেরা বৃহৎকায় ও তাহার তাবৎ নগর বৃহৎ সুতরাং আমাদের নিশ্চয় বোধ হইতেছে ইশ্রায়েল্লীয়েরা তাহাদিগকে পরাস্ত করিতে পারিবেক নাই। ইহার পর সকল লোক পরমেশ্বরের অঙ্গীকারে বিশ্বাস না করিয়া কলরব পূর্ব্বক সমস্ত রাত্রি রোদন করিয়াছিল এবং মোশেহ্ ও অহরোণের বিরুদ্ধে বচসা করত বলিয়াছিল হায় আমাদের মরণ কেন মিসর দেশে হয় নাই। আরও তাহারা কহিয়াছিল আমরা যেন সপরিজনে প্রান্তরেতে মরি কেবল ইহার জন্যে পরমেশ্বর আমাদিগকে সে স্থান হইতে বাহির করিয়া আনিয়াছেন। এতদ্ভিন্ন তাহারা এক অধ্যক্ষকে মনোনীত করিয়া তাহার সমভিব্যাহারে মিসর দেশে প্রত্যাগমন করিতে পরস্পর স্থির করিয়াছিল। ইহাতে করিয়া পরমেশ্বরকে বিরক্ত করিলে তিনি দশ জন চারের উপরে মড়ক পাঠাইয়াছিলেন তাহাতে তাহারা সেই দিবসেই প্রাণত্যাগ করিয়াছিল। কিন্তু কালেব্ ও যিহোশুয় বাঁচিয়াছিলেন ও পরমেশ্বর তাহাদিগকে অঙ্গীকার করিয়াছিলেন যে তোমরা কিনান্ দেশে গমন করিয়া তাহা অধিকার করিবা। তদনন্তর তিনি বলিয়াছিলেন এই বর্ত্তমান পুরুষের লোকেরা আমার অঙ্গীকারে অবিশ্বাস করত কিনান্ দেশ অবজ্ঞা করিয়াছে অতএব ইহারা ৪০ বৎসরাবধি প্রান্তরের মধ্যে ভ্রমণ করিলে পর অবশেষে ইহাদের সকলে বিনষ্ট হইবেক। কিন্তু অব্রাহাম্ ইস্‌হাক্ ও যাকোবের প্রতি আমি যে অঙ্গীকার করিয়াছি তাহার অনুরোধে ইহাদের সন্তানগণ সেই দেশ অধিকার করিবেক।

প্রশ্ন. যখন ইশ্রায়েলীয় লোকগণ পারাণ্ প্রান্তরে ছিল তখন পরমেশ্বর তাহাদিগকে কি করিতে আজ্ঞা করিয়াছিলেন?

উত্তর. তখন তিনি তাহাদিগকে কিনান্ দেশে গমন করিয়া তাহা অধিকার করিয়া লইতে আজ্ঞা করিয়াছিলেন.

প্র. তাহারা প্রথমে কি করিতে ইচ্ছা করিয়াছিল?

উ. তাহারা প্রথমে চরগণকে প্রেরণ করিতে ইচ্ছা করিয়াছিল.

প্র. সেই কর্ম্মে কয় জন মানুষ গিয়াছিল?

উ. তাহাতে ১২ জন মানুষ গিয়াছিল.

প্র. চরেরা প্রেরিত হইলে পর পরমেশ্বর কি তাহাদিগকে সেই দেশ দিতে প্রবৃত্ত হন নাই?

উ. হাঁ তিনি তাহা করিতে প্রবৃত্ত হইয়াছিলেন.

প্র. কেন তিনি কিনান্ দেশ নিবাসি লোকদিগকে দূর করিয়া দিতে আজ্ঞা করিয়াছিলেন?

উ. কেননা তাহারা দুষ্ট লোক ছিল.

প্র. যখন চরেরা ফিরিয়া আসিয়াছিল্ তখন তাহারা কি বলিয়াছিল?

উ. তখন তাহারা বলিয়াছিল যে ইশ্রায়েলীয় লোকেরা সেই দেশ নিবাসিদিগকে দূর করিয়া দিতে সক্ষম হইবেক নাই.

প্র. এই কথা ১২ জন চরেরাই কি বলিয়াছিল?

উ. না তাহাদের মধ্যে কেবল দশ জন তাহা বলিয়াছিল.

প্র. এই কথার বিপরীত কথা যে দুই জন কহিয়াছিলেন তাহাদের নাম কি২?

উ. কালেব্ ও যিহোশুয় তাহাদের নাম.

প্র. চরদের হইতে সম্বাদ পাইলে পর ইশ্রায়েলীয় লোকেরা কি করিবার কথা কহিয়াছিল ?

উ. তাহারা এক ব্যক্তিকে অধ্যক্ষ করিয়া তাহার সঙ্গে মিসর দেশে ফিরিয়া যাইবার কথা কহিয়াছিল.

প্র. সেই দশ জন চরকে পরমেশ্বর কি প্রকারে শাস্তি দিয়াছিলেন ?

উ. তিনি তাহাদিগকে মড়ক দ্বারা বিনাশ করিয়াছিলেন.

প্র. তিনি কালেব্ ওযিহোশুয়কে কি অঙ্গীকার করিয়া ছিলেন ?

উ. তিনি এই অঙ্গীকার করিয়াছিলেন যে তাহারা কিনান্ দেশেতে গমন করিবেক.

প্র. ইশ্রায়েলীয় লোকেরা যে পরমেশ্বরের কথাতে বিশ্বাস করে নাই ও অঙ্গীকৃত কিনান্ দেশের বিষয়ে অবজ্ঞা করিয়াছিল তজ্জন্য তিনি তাহাদিগকে কিরূপ শাস্তি দিবার কথা বলিয়াছিলেন ?

উ. তিনি এইরূপ শাস্তির কথা বলিয়াছিলেন যে তাহারা প্রান্তরেতে ৪০ বৎসরাবধি ভ্রমণ করিয়া শেষে তথায় প্রাণত্যাগ করিবেক.

প্র. তবে তিনি কাহাদের কিনান্ দেশাধিকারের কথা বলিয়াছিলেন ?

উ. তিনি তাহাদের সন্তানগণের তদধিকারের কথা বলিয়াছিলেন.

২—মোশেহ্ ও অহরোণের বড় বিশ্বাস ছিল বটে কিন্তু তাহারা এক বিষয়ে পরমেশ্বরের নিকটে অপরাধ করিয়াছিলেন। ইহার জন্যে তিনি তাহাদিগকে ইশ্রায়েলীয় লোকদের সহিত কিনান্ দেশে যাইতে না দিয়া শাস্তি দেওয়া শ্রেয়ঃ বোধ করিয়া-

ছিলেন। কারণ যখন তাহারা বচসা করিয়াছিল তখন মোশেহ্ ক্রোধান্বিত হইয়া জল বাহির করিবার জন্যে শৈলেতে আঘাত করিয়াছিলেন কিন্তু পরমেশ্বর তাহাকে তাহার প্রতি কেবল কথা কহিতে আজ্ঞা করিয়াছিলেন। আর অহরোণ্ বলিয়া-ছিলেন "হে অত্যাচারিগণ আমরা কি তোমাদের জন্যে এই শৈল হইতে জল বাহির করিব"। সুতরাং তিনি এপ্রকার কথনদ্বারা পরমেশ্বরের প্রতি সেই আশ্চর্য্য ব্যাপার আরোপ করেন না। পরে অহরোণ্ হোর্ পর্ব্বতে মরিলে পর তাহার পুত্র এলিয়াষীর্ তাহার পরিবর্ত্তে মহা যাজকপদে নিযুক্ত হই-য়াছিলেন। অনন্তর যখন মোশেহ্ জানিতে পারিয়াছিলেন যে আপনার মরণকাল আসন্নপ্রায় তখন তিনি লোকদিগকে অনুশাসন করিয়াছিলেন যে তোমরা পরমেশ্বরকে ত্রাস করত যাবজ্জীবন প্রকৃতরূপে তাঁহার সেবা করিও। অধিকন্তু পরমে-শ্বর আপন লোকগণের কারণ যে২ ব্যবস্থা প্রদান করিয়াছিলেন সে সমস্ত মোশেহ্ তাঁহার আদেশানুসারে এক পুস্তকেতে লিখিয়াছিলেন। আর তাঁহার আজ্ঞাবহ হইয়া থাকিলে তাহাদের যদ্রূপ আশীর্ব্বাদরূপ পুরস্কার হইবেক কিন্তু তাঁহাকে পরিত্যাগ করিয়া দেবদেবীর পশ্চাদ্বর্ত্তী হইলে তাহাদের উপর তাঁহার যে অভিশাপ বর্ত্তিবে সে সমস্ত মোশেহ্ তাহাদিগকে জ্ঞাপন করিয়াছিলেন। এতদ্ব্যতিরেকে তিনি তাহাদিগকে অনুশাসন করিয়াছিলেন তোমরা আপনাদের সন্তানগণকে পরমেশ্বরকে ভয় ও তাঁহার সেবা করিতে উপদেশ করিও। অবশেষে মোশেহের অনুশাসনকথা সমাপ্ত হইলে পর পরমেশ্বর তাহাকে নিবো পর্ব্বতে আরোহণ করিতে আদেশ

করিয়াছিলেন। তাহাতে যেন তিনি মরিবার পূর্ব্বে অঙ্গীকৃত দেশ অবলোকন মাত্র করিতে পারেন। অপর তিনি তাহা দেখিলে পর পরমেশ্বরের কথানুসারে তাহার মরণ হইয়াছিল। এমত হইলে তাহার নিমিত্তে ইশ্রায়েলীয় লোকেরা অনেক দিবস শোক করিয়াছিল। আর তাহার জন্যে তাহাদের এ প্রকার শোক করিবার সুন্দর কারণ ছিল কেননা তিনি তাহাদের মধ্যে বিশ্বস্ততা পূর্ব্বক মধ্যস্থ ও বন্ধুর কর্ম্ম করিয়াছিলেন। পরে মোশেহের মৃত্যুর পূর্ব্বে যখন ইশ্রায়েলীয় লোকেরা দেবপূজক জাতিগণকে দূরীকরণ পূর্ব্বক অঙ্গীকৃত দেশাধিকার করিতে গিয়াছিল তখন পরমেশ্বর নূনের পুত্র যিহোশুয় নামে মোশেহের দাসকে তাহাদের অধ্যক্ষতা করিতে নিযুক্ত করিয়াছিলেন।

প্রশ্ন. মোশেহ্ ও অহরোণ্ কি কিনান্ দেশের ভিতরে গমন করিয়াছিলেন ?

উত্তর. না তাহারা তাহা করেন নাই.

প্র. কেন পরমেশ্বর মোশেহকে তথায় গমন করিতে দেন নাই ?

উ. কেননা তিনি শৈলেতে আঘাত করিয়াছিলেন.

প্র. কেন পরমেশ্বর অহরোণ্কে তথায় গমন করিতে দেন নাই ?

উ. কেননা অহরোণ্ কহিয়াছিলেন "আমরা কি শৈল হইতে জল বাহির করিব".

প্র. অন্য২ সমস্ত বিষয়ে মোশেহ্ ও অহরোণ্ কি পরমেশ্বরেতে বিশ্বাস করিয়াছিলেন?

উ. হাঁ তাহা তাহারা করিয়াছিলেন.

প্র. কোথায় তাহারা আপনাদের সৎকর্ম্মের ফল প্রাপ্ত হইবার প্রত্যাশা করিতে পারেন?

উ. তাহারা স্বর্গেতে তাহা প্রাপ্ত হইবার প্রত্যাশা করিতে পারেন.

প্র. মোশেহের মরণকাল আসন্ন হইলে তিনি কি করিয়াছিলেন?

উ. তিনি ইশ্রায়েলীয় লোকদিগকে অনুশাসন করিয়াছিলেন.

প্র. তিনি তাহাদিগকে কি করিতে অনুশাসন করিয়াছিলেন?

উ. তাহারা যেন পরমেশ্বরের সেবা করে ও নিজ সন্তানগণকে তদ্রূপ করিতে শিক্ষা দেয় ইহা করিতে তিনি তাহাদিগকে অনুশাসন করিয়াছিলেন.

প্র. সেমত করিলেপর তাহাদের প্রতি পরমেশ্বরের কি প্রদান করিবার কথা মোশেহ্ কহিয়াছিলেন?

উ. তিনি তাহাদিগকে তাঁহার আশীর্ব্বাদ প্রদান করিবার কথা কহিয়াছিলেন.

প্র. তাহারা পরমেশ্বরকে ত্যাগ করত দেবদেবীর পূজা করিলে তাহাদের উপর কি বর্ত্তিবার কথা মোশেহ্ কহিয়াছিলেন ?

উ. তিনি তাহাদের উপর তাঁহার অভিশাপ বর্ত্তিবার কথা কহিয়াছিলেন.

প্র. আপন ব্যবস্থা সমস্তের বিস্মরণ যেন না হয় ইহার জন্যে পরমেশ্বর মোশেহ্কে কি করিতে আজ্ঞা করিয়াছিলেন ?

উ. তজ্জন্যে তিনি তাহাকে সে সমস্ত এক পুস্তকেতে লিখিতে আজ্ঞা করিয়াছিলেন.

প্র. মোশেহ্ অঙ্গীকৃত দেশ অবলোকন করিবার জন্য কোন পর্ব্বতের উপর আরোহণ করিয়াছিলেন ?

উ. তিনি তজ্জন্য নিবো পর্ব্বতোপরি আরোহণ করিয়াছিলেন.

প্র. তিনি কি সেই স্থানে মরিয়াছিলেন ?

উ. হাঁ তিনি তথায় মরিয়াছিলেন.

প্র. অহ্রোণের মৃত্যু কোথায় হইয়াছিল ?

উ. তাহার মৃত্যু হোর্ পর্ব্বতের উপরে হইয়াছিল.

প্র. মোশেহ্ ইশ্রায়েলীয় লোকগণের কি ছিলেন ?

উ. তিনি তাহাদের বিশ্বস্ত বন্ধু ও মধ্যস্থ ছিলেন.

প্র. অহ্রোণ্ কি মহা যাজকের কর্ম্ম বিশ্বস্ততা পূর্ব্বক করেন নাই ?

উ. হাঁ তিনি তাহা করিয়াছিলেন.

প্র. তাহার পরিবর্ত্তে কে মহা যাজকের পদে নিযুক্ত হইয়াছিলেন ?

উ. তাহার পুত্র এলিয়াষার্ সে পদে নিযুক্ত হইয়াছিলেন.

প্র. মোশেহের পরে কে ইশ্রায়েলীয় লোকদের শাসন ও অধ্যক্ষতা করিয়াছিলেন?
উ যিহোশুয় তাহা করিয়াছিলেন.

প্র. মোশেহ্ ও অহরোণের জন্য তাহারা কি বড় শোক করে নাই?
উ. হাঁ তাহা তাঁহারা করিয়াছিল.

[প্র. যে দুই ব্যক্তি আবাসাদি নির্ম্মাণ করণে নিযুক্ত হইয়াছিলেন তাহাদের নাম কি২?
উ. তাহাদের এক জনের নাম বিসলেল্ ও অন্য জনের নাম অহোলীআব্.

প্র. এই দুই জন কি এক বংশজাত?
উ. না প্রথম ব্যক্তি যিহুদার কিন্তু দ্বিতীয় ব্যক্তি দানের বংশজাত.

প্র. মোশেহ্ পরমেশ্বরের নিকটে পর্ব্বতোপরি কয়বার আরোহণ করিয়াছিলেন?
উ. তিনি তাহা বারদ্বয় করিয়াছিলেন.

প্র. তিনি কি তথায় প্রত্যেক বারই ৪০ দিন করিয়া অবস্থান করিয়াছিলেন?
উ. হাঁ তিনি তাহা করিয়াছিলেন.

প্র. যাবৎ ইশ্রায়েলীয় লোকগণ প্রান্তরের মধ্যে ভ্রমণ করিয়াছিল তাবৎ তাহাদের গাত্রের বস্ত্র ও পায়ের জুতা কি জীর্ণ হইয়া ছিঁড়িয়া গিয়াছিল?
উ. না সেরূপ হয় নাই.

প্র. যে দুই ব্যক্তি পরমেশ্বরের নিয়োজিত অগ্নির অর্থাৎ বেদিস্থিত স্বর্গীয় অগ্নির পরিবর্ত্তে সামান্য অগ্নিতে ধূনা পোড়াইয়াছিল তাহাদের নাম কি?

উ. তাহাদের নাম নাদাব ও অবীহূ.

প্র. ইহারা কি অহরোণের পুত্রদ্বয়?

উ. হাঁ তাহারা তাহার পুত্রদ্বয়.

প্র. পূর্ব্বোক্ত অবিহিত কর্ম্ম প্রযুক্ত ইহাদের কি শাস্তি হইয়াছিল?

উ. তৎপ্রযুক্ত তাহাদিগকে পরমেশ্বর অগ্নি প্রেরণ করত দগ্ধ করিয়া মারিয়াছিলেন.

প্র. পরমেশ্বর যে অহরোণের কুলকে যাজকতা কর্ম্মে নিযুক্ত করিয়াছিলেন ইহার প্রমাণার্থে তিনি কি বিশেষ আশ্চর্য্য লক্ষণ দেখাইয়াছিলেন?

উ. তিনি এই আশ্চর্য্য লক্ষণ দেখাইয়াছিলেন যে অহরোণের যষ্টি আবাসের মধ্যে রাখিয়া দিলে পর আগামি প্রাতে তাহা মুকুলিত ও পুষ্পিত হইয়া বাদাম ফল ধরিয়াছিল.

প্র. এই যষ্টি কোথায় রাখিয়া দেওয়া গিয়াছিল?

উ. তাহা নিয়ম সিন্দুকের ভিতরে রাখিয়া দেওয়া গিয়াছিল.

প্র. ইশ্রায়েলীয় লোকেরা প্রান্তরের মধ্যে ভ্রমণ করিতেং যেং ছয় বিশেষ অপরাধ করিয়াছিল সে সমস্ত কি কহিতে পার?

উ. হাঁ সে সমস্ত কহিতে পারি.

প্র. তাহারা প্রথমতঃ কি অপরাধ করিয়াছিল?

উ. তাহারা স্বর্ণের বাছুর পুজা করিয়াছিল.

প্র. এই অপরাধের কারণ পরমেশ্বর তাহাদিগকে কি শাস্তি দিয়াছিলেন?

উ. ইহার কারণ তাহাদের মধ্যে তিন সহস্র লোক বধ হইয়াছিল.

প্র. তাহারা দ্বিতীয়তঃ কি অপরাধ করিয়াছিল?

উ. তাহারা মাংসভোজনের নিমিত্ত বচসা করিয়াছিল.

প্র. এই অপরাধের কারণ পরমেশ্বর তাহাদিগকে কি শাস্তি দিয়াছিলেন?

উ. ইহার কারণ তিনি তাহাদের মধ্যে ভাটুই পক্ষির মাংসভোজনের দ্বারা মড়ক প্রেরণ করিয়াছিলেন.

প্র. তাহারা তৃতীয়তঃ কি অপরাধ করিয়াছিল?

উ. তাহারা দশ জন চরের দ্বারা কিনান্ দেশের কুসম্বাদ পাইয়া পুনরায় মিসর দেশে ফিরিয়া যাইতে বাসনা করিয়াছিল.

প্র. এই অপরাধের কারণ পরমেশ্বর তাহাদিগকে কি শাস্তিদিয়াছিলেন?

উ. তিনি আশু সেই দশ জন চারকে মড়ক দ্বারা সংহার করিয়াছিলেন আর ইশ্রায়েলীয় লোকদের মধ্যে যাবদীয় ব্যক্তি বিংশতি বৎসরের অধিক বয়স্ক ছিল সে সকলেই প্রান্তরের মধ্যে প্রাণ ত্যাগ করিয়াছিল.

প্র. তাহারা চতুর্থতঃ কি অপরাধ করিয়াছিল?

উ. তাহাদের মধ্যে কোরাহ্ দাথান্ অবীরাম্ এই তিন জন অন্য অনেকানেক ব্যক্তির সহিত অহরোণ্ ও মোশেহের বিপক্ষে বিরুদ্ধাচার করিয়াছিল

প্র. তাহারা মোশেহের বিরুদ্ধে কি বলিয়াছিল?

উ. তাহারা তাহার বিরুদ্ধে এই বলিয়াছিল যে তাহাদের উপর কর্ত্তৃত্ব করিবার তাহার কোন অধিকার নাই.

প্র. তাহারা অহরোণের বিরুদ্ধে কি বলিয়াছিল

উ. তাহারা তাহার বিরুদ্ধে এই বলিয়াছিল যে যাজকতা ধর্ম্মে তাহার ও তাহার কুলের কোন বিশেষ অধিকার নাই.

প্র. এই অপরাধের কারণ পরমেশ্বর তাহাদিগকে কি শাস্তি দিয়াছিলেন?

উ. তিনি তাহাদিগকে ভূমিকম্পদ্বারা আর তাহাদের সঙ্গিগণকে অগ্নিদ্বারা সংহার করিয়াছিলেন.

প্র. তাহারা পঞ্চমতঃ কি অপরাধ করিয়াছিল

উ. তাহারা মান্নার অনাদর করিয়াছিল এবং পথশ্রান্তি প্রযুক্ত অসন্তুষ্টি প্রকাশ করিয়াছিল.

প্র. এই অপরাধের কারণ পরমেশ্বর তাহাদিগকে কি শাস্তি দিয়াছিলেন?

উ. তিনি তাহাদের মধ্যে অগ্নিবৎ সর্প প্রেরণ করিয়া তদ্দংশনদ্বারা তাহাদের অনেককে সংহার করিয়াছিলেন.

প্র. যে সকল লোক অগ্নিবৎ সর্পের দ্বারা দংশিত হইয়াছিল তাহারা কি প্রকারে সুস্থ হইয়াছিল?

উ. তাহারা মোশেহ্ কর্ত্তৃক দণ্ডাগ্রে উত্থাপিত পিত্তলের সর্প দর্শনদ্বারা সুস্থ হইয়াছিল.

প্র. তাহারা যন্ততঃ কি অপরাধ করিয়াছিল?

উ. তাহারা মোয়াবের ও মিদিয়ানের কন্যাদের সহিত ব্যভিচার করিয়াছিল আর তাহারা তাহাদের দেবপূজায়ও আসক্ত হইয়াছিল.

প্র. এই অপরাধের কারণ পরমেশ্বর তাহাদিগকে কিরূপ শাস্তি দিয়াছিলেন?

উ. তিনি তাহাদের মধ্যে ২৪ সহস্র লোককে মড়ক দ্বারা সংহার করিয়াছিলেন আর প্রায় এক সহস্র ব্যক্তিকে উদ্বন্ধনদ্বারা বধ করাইয়াছিলেন.

প্র. কে তাহাদিগকে এই অপরাধ করিতে কুপ্রবৃত্তি দিয়াছিল?

উ. দুষ্ট ভবিষ্যদ্বক্তা বিলয়াম্ তাহা করিয়াছিল.

প্র. কেন সে তাহা করিয়াছিল?

উ. কারণ পরমেশ্বর তাহাকে বালাকের বাসনানুসারে ইশ্রায়েলীয় লোকগণকে অভিশাপ দিতে দেন নাই.]

ত্রয়োদশ উপদেশ।

১— মোশেহের মৃত্যুর পর পরমেশ্বর প্রতিজ্ঞা করিয়াছিলেন যে আমি যদ্রূপ মোশেহের সহায় ছিলাম তদ্রূপ যিহোশুয়ের সহায় হইব এবং কিনান্ দেশ অধিকার করিয়া স্বইতে ইশ্রায়েলীয় লোকগণকে তথায় আনয়ন করিব। তদনন্তর যিহোশুয় ইশ্রায়েলের শিবিরের মধ্য দিয়া গমন করত অধ্যক্ষদিগকে বলিয়াছিলেন তোমরা লোকসমূহকে আপনাদের নিমিত্তে খাদ্য সামগ্রী লইয়া প্রস্তুত হইতে কহ। যেহেতুক তাহাদিগকে তিন দিনের মধ্যে যর্দেন্ নদী পার হইয়া যাইতে হইবেক। অপর লোকেরা সেই নদীর নিকটে আসিয়া উপস্থিত হইলে যিহোশুয় অধ্যক্ষগণকে তাহাদের শিবিরের মধ্য দিয়া গমন করণার্থে প্রেরণ করিয়াছিলেন। তাহাতে যেন তাহারা তাহাদিগকে নিয়মের সিন্দুকের পশ্চাৎ২ চালাইয়া আনিতে পারেন। পরে তিনি যাজকদিগকে কহিয়াছিলেন "আপনারা নিয়মের সিন্দুক উঠাইয়া লইয়া লোকগণের অগ্রে২ পার হইয়া যাউন"। অতএব তাহারা সেই সিন্দুক বহিয়া লইয়া তদ্রূপ করিবার উপক্রম করত যর্দেনের তীরপ্লাবিত জলে পদার্পণ করিবামাত্রে তাহার জল বিভাগ হওত দুই পার্শ্বে রাশীকৃত হইয়া থাকিয়াছিল। এমত হইলে সিন্দুকবাহি যাজকগণ অগ্রে২ ও

লোকসমূহ তাহাদের পশ্চাৎ২ যরদেনের মধ্য দিয়া শুষ্ক ভূমির উপরে চলিয়া গিয়াছিলেন। এই প্রকারে তাহাদের পূর্ব্বপুরুষেরাও সুফ্‌সাগরের মধ্য দিয়া গমন করিয়াছিলেন। অনন্তর তাহারা পার হইয়া গেলে পর যিহোশুয় পরমেশ্বরের আজ্ঞানুসারে তাহাদের মধ্যে প্রত্যেক বংশজাত এক২ জন করিয়া দ্বাদশ ব্যক্তিকে যরদেনের মধ্যস্থান হইতে প্রত্যেকে এক২ প্রস্তর করিয়া বারো প্রস্তর তুলিয়া আনিতে প্রেরণ করিয়াছিলেন। আর তাহার পর তিনি তাহাদের আনীত পাথর সমূহ পূর্ব্বোক্ত অলৌকিক ব্যাপারের স্মরণার্থে স্থাপন করিয়াছিলেন। ইহার কারণ এই ছিল যে যখন ভাবি সময়ে তাহাদের সন্তানেরা কিম্বা সন্তানদের সন্তানগণ জিজ্ঞাসা করিবে এই প্রস্তর সমস্তের অভিপ্রায় কি তখন তাহাদিগকে উত্তর করা যাইবেক যে পরমেশ্বর আপন লোকদের পার হওনের জন্যে যরদেনের জল শুকাইয়া ফেলিয়াছিলেন। তদনন্তর কিনানীয় রাজাগণ ইশ্রায়েলীয় লোকদের যরদেন্ পার হওনের কথা শ্রবণানন্তর ত্রাসযুক্ত হইয়া আপনাদের বলবন্ত মানুষদিগকে একত্র করত স্ব২ নগরসকল প্রাচীরদ্বারা বেষ্টিত করিয়াছিল। আর অবিলম্বে যিরীখো নগর অবরুদ্ধ হইয়াছিল। যেহেতুক তাহা যরদেন্ নদী হইতে বিস্তর দূর ছিল না কিন্তু পরমেশ্বর তাহা নিজ লোকদের হস্তে সমর্পণ করিতে প্রতিজ্ঞা করিয়াছিলেন। অতএব যাজকেরা প্রত্যহ সিন্দুক বহন করিয়া সেই নগর প্রদক্ষিণ পূর্ব্বক তূরীধ্বনি করিতে আদিষ্ট হইয়াছিলেন। এতদ্ভিন্ন তাহাদের তদ্রূপ করণকালে ইশ্রায়েলীয় যোদ্ধৃগণকে নীরব হইয়া তাহাদের পশ্চাৎ২ গমন করিতে হইত।

পরন্তু যাজকেরা সপ্তম দিবসে তূরী বাজাইলে পর যিহোশুয় লোকসমূহকে কহিয়াছিলেন "তোমরা কলরব কর" এবং তাহারা কলরব করিলে পর পরমেশ্বর পূর্ব্বোক্ত নগরের প্রাচীরকে ভূমিসাৎ করিয়াছিলেন। এমত হইলে তাহারা উঠিয়া গিয়া তাহা জয় করত তন্মধ্যস্থিত তাবৎ মানুষকে পরমেশ্বরের আদেশানুসারে বধ করিয়াছিল। যেহেতু এই মানুষেরা দুষ্টদেবপূজক ছিল। এইপ্রকারে পরমেশ্বর আপন লোকগণকে কিনান্ দেশে যিরীখো নগর প্রদান করিয়াছিলেন। এই সময়াবধি স্বর্গ হইতে মান্না পড়িবার নিবৃত্তি হইয়াছিল কেননা এইক্ষণে আহারের জন্যে তাহাদের ঠাঁই শস্যাদি ছিল। পরে যিহোশুয় ইশ্রায়েলীয় লোকদের সমভিব্যাহারে অনেকানেক ভূপতিকে পরাস্ত করত বহু নগর জয় করিয়া লইয়া তন্নিবাসি দুষ্টগণকে পরমেশ্বরের আজ্ঞানুসারে বধ করিয়াছিলেন।

প্রশ্ন. মোশেহের মৃত্যুর পর পরমেশ্বর যিহোশুয় ও তদধীনস্থ লোক সমূহকে কি করিতে আজ্ঞা করিয়াছিলেন?

উত্তর. তিনি তাহাদিগকে আজ্ঞা করিয়াছিলেন তোমরা যাইয়া কিনান্ দেশ অধিকার করিয়া লও.

প্র. যিহোশুয় তাহাদের শিবিরের মধ্য দিয়া গমন করত তাহাদিগকে কি আয়োজন করিতে আদেশ করিয়াছিলেন?

উ. খাদ্য সামগ্রী.

প্র. কেন তাহারা এরূপ আয়োজন করিতে আজ্ঞা প্রাপ্ত হইয়াছিল?

উ. কেননা মান্নাপতনের নিবৃত্তির কথা ছিল.

প্র. কেন তাহার নিবৃত্তির কথা ছিল?

উ. কারণ তাহাতে লোকদের আর প্রয়োজন ছিল না.

প্র. তাহারা কি যিহোশুয়ের সমভিব্যাহারে যাত্রা করিতে সম্মত ছিল?

উ. হাঁ তাহারা তাহা করিতে সম্মত ছিল.

প্র. কিনান্ দেশেতে তাহারা কোন্ নগর প্রথমে জয় করিয়া লইতে আজ্ঞা পাইয়াছিল?

উ. যিরীখো নগর.

প্র. যিরীখো ও ইশ্রায়েলীয় লোকদের মধ্যে কোন্ নদীর ব্যবধান ছিল?

উ. যর্দেন্ নদীর ব্যবধান ছিল.

প্র. তাঁহারা কিরূপে তাহা পার হইয়া গিয়াছিল?

উ. পরমেশ্বর তাহাদের জন্যে তাহার জল বিভাগ করিয়াছিলেন.

প্র. কাহারা অগ্রে২ গমন করিয়াছিলেন?

উ. সিন্দুকবাহি যাজকেরা অগ্রে২ গমন করিয়াছিলেন.

প্র. সেই নদীর মধ্যস্থল হইতে কি তুলিয়া আনিতে যিহোশুয় দ্বাদশ জনকে আদেশ করিয়াছিলেন?

উ. তিনি তাহাদিগকে সে স্থান হইতে দ্বাদশ প্রস্তর তুলিয়া আনিতে আদেশ করিয়াছিলেন.

প্র. তাহারা সকলে পার হইয়া গেলে পর পুনর্ব্বার নদীর জল কি স্বস্থানে ফিরিয়া আসিয়াছিল?

উ. হাঁ তাহা পুনরায় ফিরিয়া আসিয়াছিল.

প্র. তাহারা নদীর অন্য পারে উত্তরিলে পরমেশ্বর তাহাদিগকে কি করিতে আজ্ঞা করিয়াছিলেন ?

উ. তিনি তাহাদিগকে সিন্দুক লইয়া যিরীখো নগর প্রদক্ষিণ করিতে আদেশ করিয়াছিলেন.

প্র. যাজকেরা কি করিতে আজ্ঞা পাইয়াছিলেন ?

উ. তাহারা তূরী বাজাইতে আজ্ঞা পাইয়াছিলেন.

প্র. তাহারা কি সেই রূপ করিয়াছিলেন ?

উ. হাঁ তাহারা তদ্রূপই করিয়াছিলেন.

প্র. তাহাতে যিরীখোর লোকেরা কি তাহাদিগকে তাড়াইয়া দিতে বাহির হইয়া আসিয়াছিল ?

উ. না তাহারা তাহা করে নাই.

প্র. কেন তাহারা তাহা করে নাই ?

উ. কেননা তাহারা ত্রাসযুক্ত হইয়াছিল.

প্র. সপ্তম দিবসে কয়বার সেই নগর প্রদক্ষিণ করিতে পরমেশ্বর যাজকগণকে আদেশ করিয়াছিলেন ?

উ. তাহাদিগকে তিনি তাহা সাত বার প্রদক্ষিণ করিতে আদেশ করিয়াছিলেন

প্র. তাহারা তাহা করিলে পর যিহোশূয় তাহাদিগকে কি করিতে বলিয়াছিলেন ?

উ. তিনি তাহাদিগকে কলরব করিতে বলিয়াছিলেন

প্র. তাহারা কলরব করিবা-মাত্রে কি হইয়াছিল ?

উ. সেই নগরের প্রাচীর সমূহ ভূমিসাৎ হইয়া গিয়াছিল.

প্র. কেন তাহাদের এরূপ দশা হইয়াছিল ?

উ. কারণ পরমেশ্বর তাহাদের পতন করাইয়াছিলেন.

প্র. ইশ্রায়েলীয় লোকেরা কি সেই নগর জয় করিয়া লইয়াছিল?

উ. হাঁ তাহারা তাহা জয় করিয়া লইয়াছিল

প্র. তন্মধ্যস্থ দুষ্ট লোকদিগের প্রতি কি করিতে পরমেশ্বর তাহাদিগকে আজ্ঞা করিয়াছিলেন ?

উ. তিনি তাহাদের সকলকে বধ করিতে আজ্ঞা করিয়াছিলেন.

প্র. যিহোশুয় কি ইশ্‌রায়েলীয় লোকদের সমভিব্যাহারে অন্য২ অনেক নগর জয় করেন নাই?

উ. হাঁ তিনি তাহা করিয়াছিলেন.

২—যখন যিহোশুয় কতিপয় কিনানীয় রাজার বিরুদ্ধে যুদ্ধ করিতেছিলেন তৎকালীন তাঁহারা তাহার সম্মুখ হইতে পলায়ন করিলে তিনি পরমেশ্বরের উদ্দেশে প্রার্থনা করত ইশ্‌রায়েলের সাক্ষাতে কহিয়াছিলেন "হে সূর্য্য তুমি গিবিয়োনের উপরে এবং হে চন্দ্র তুমি আয়ালোন্ তলভূমিতে স্থগিত হও"। তাহাতে যে পর্য্যন্ত তাহার লোকেরা আপনাদের শত্রুগণের প্রতিহিংসা না করিয়াছিল তদবধি সূর্য্য ও চন্দ্র স্থগিত হইয়া দাঁড়াইয়া ছিল অনন্তর নিজ জয়াদি কর্ম্ম নিষ্পন্ন হইলে পর যিহোশুয় ইশ্‌রায়েলীয় লোকদিগকে পরমেশ্বরের আজ্ঞানুসারে কিনান্ দেশ গুলিবাঁট দ্বারা বিভাগ করিয়া দিয়াছিলেন। কিন্তু তিনি আপনিও কালেব্‌ই অধিকাংশ পাইয়াছিলেন এবং তাহাদের ব্যতীত অন্য২ যাহারা মিসর দেশ হইতে বাহির হইয়া আসিয়াছিল তাহারা সকলেই প্রান্তরেতে মরিয়া গিয়াছিল। এই প্রকারে ইশ্‌রায়েলীয় লোকদের পূর্ব্বপুরুষদের প্রতি পরমেশ্বর যে দেশ দিবার অঙ্গীকার করিয়াছিলেন সে সমুদয় দেশ তিনি তাহাদিগকে দিলে পর তাহারা অবশেষে তাহা অধিকার করিয়া লইয়া তথায় বাস করিয়াছিল। আর

তিনি তাহাদিগকে বিশ্রাম ও কুশল দিয়াছিলেন ও আপনাদের শত্রুগণকে তাহাদের হস্তে অর্পণ করিয়াছিলেন। অতএব তিনি অব্রাহাম্ ইস্‌হাক্ ও যাকোব্ এবং ইশ্রায়েলের বংশের প্রতি যে২ মঙ্গল অঙ্গীকার করিয়াছিলেন সে সকলের মধ্যে কিছুর অন্যথা হয় নাই কিন্তু সে সকলই সিদ্ধ হইয়াছিল।

প্রশ্ন. যিহোশুয়ের প্রার্থনাতে পরমেশ্বর কি অলৌকিক আশ্চর্য্য ক্রিয়া করিয়াছিলেন?

উত্তর. তিনি সূর্য্য ও চন্দ্রকে স্থগিত হইয়া দাঁড় করাইয়াছিলেন.

প্র. লোকদের সমভিব্যাহারে যিহোশুয় কিনান্‌দেশের অধিকাংশ জয় করিলে পর তিনি কি স্থাপন করিয়াছিলেন?

উ. তিনি আবাস স্থাপন করিয়াছিলেন.

প্র. তাহার পর তিনি কি করিয়াছিলেন?

উ. তিনি লোকদের মধ্যে সেই দেশ গুলিবাঁটদ্বারা বিভাগ করিয়া দিয়াছিলেন.

প্র. সেই বিভাগ কিরূপে হইয়াছিল?

উ. প্রত্যেক গোষ্ঠীর নিমিত্তে গুলিবাঁট ফেলিলে যে২ অংশ যাহার২ ভাগে পড়িয়াছিল সে২ সেই২ অংশ লইয়াছিল.

প্র. পরমেশ্বর অব্রাহাম্ ইস্‌হাক্ ও যাকোবের প্রতি যাহা২ অঙ্গীকার করিয়াছিলেন সে সমস্ত কি তিনি ইশ্রায়েলীয় লোকদিগকে দেন নাই?

উ. হাঁ তিনি সে সমস্ত তাহাদিগকে দিয়াছিলেন.

প্র. যদি তাহারা পরমেশ্বরের সেবা বিশ্বস্ততা পূর্ব্বক করে তবে তাহাদের প্রতি তাঁহার কি করিবার কথা যিহোশুয় বলিয়াছিলেন?

উ. তিনি তাহাদিগকে তাঁহার আশীর্ব্বাদ করিবার কথা বলিয়াছিলেন.

প্র. কিন্তু যদি তাহারা দেব দেবীর পূজা করে তবে তিনি তাহাদিগকে কাহাদের হস্তে তাঁহার সমর্পণ করিবার কথা কহিয়াছিলেন?

উ. তিনি তাহাদিগকে আপনাদের শত্রুগণের হস্তেতে তাঁহার সমর্পণ করিবার কথা কহিয়াছিলেন.

৩—পরমেশ্বর আপন লোকদিগকে বিশ্রাম দিলে পর বহুকাল গতে যিহোশুয় তাহাদের তাবৎ গোষ্ঠীকে শিকেমেতে একত্র করত তাহাদিগকে তাঁহার অনুগ্রহ স্মরণ করাইয়া এই অনুশাসন করিয়াছিলেন যে তোমরা দেব দেবীর পূজা না করিয়া তাহাকে প্রকৃতরূপে ও ভক্তিপূর্ব্বক সেবা করিও! আরও তিনি তাহাদিগকে বলিয়াছিলেন যদি তোমরা এমত করহ তবে তিনিও তোমাদিগকে আপনার মনোনীত লোক করিয়া গণনা করত নিয়ত আশীর্ব্বাদ করিবেন। কিন্তু যদি তোমরা তাঁহাকে পরিত্যাগ কর তবে তিনিও তোমাদিগকে নিজ শত্রুদের হস্তেতে সমর্পণ করিবেন। ইহার পর লোকেরা যিহোশুয়ের সম্মুখে গুরুতর দিব্য করত কহিয়াছিল যে "আমাদের প্রভু পরমেশ্বরের সেবা আমরা করিব ও তাঁহারই কথায় আমরা বশীভূত হইব"। তদনন্তর তিনি তাহাদিগকে ও তাহাদের পুত্র পৌত্র প্রভৃতিকে সেই দিব্য স্মরণ করাইবার জন্য এক প্রস্তর স্থাপন করাইয়াছিলেন। পরে পরমেশ্বরের ভক্ত যিহো-

শুয় ১১০ বৎসর বয়সেতে লোকান্তর গমন করিলে পর ইশ্রায়েলীয় লোকেরা তাহার নিমিত্তে বিলাপ করিয়াছিল।

প্রশ্ন. কি নিমিত্তে যিহোশুয় এক প্রস্তর স্থাপন করাইয়াছিলেন?

উত্তর. তিনি ইশ্রায়েলীয় লোকদিগকে আপনাদের প্রতিজ্ঞা ও পরমেশ্বরের কথা স্মরণ করাইবার নিমিত্তে তাহা স্থাপন করাইয়াছিলেন.

প্র. তাহারা কি প্রতিজ্ঞা করিয়াছিল?

উ. তাহারা ভক্তি পূর্ব্বক পরমেশ্বরের সেবা ও আজ্ঞাপালন করিতে প্রতিজ্ঞা করিয়াছিল.

প্র. তাহার পর অবিলম্বে যিহোশুয় কি লোকান্তর গমন করিয়াছিলেন?

উ. হাঁ তিনি তাহা করিয়াছিলেন.

প্র. যৎকালীন তিনি লোকান্তর গমন করেন তখন তাঁহার কত বয়স্ হইয়াছিল?

উ. তখন তাঁহার ১১০ বৎসর বয়স্ হইয়াছিল.

প্র. যিহোশুয় কি একজন বড় সাধু মানুষ ছিলেন না?

উ. হাঁ তিনি এক জন বড়সাধু মানুষ ছিলেন.

[প্র. যিরীখো নগরের পতন হইলে পর ইশ্রায়েলীয়েরা কি তন্নিবাসি কোন প্রাণিকে সাধারণ বিনাশ হইতে রক্ষা করিয়াছিল?

উ. হাঁ তাহারা রাখাব্ ও তাহার পরিজনকে রক্ষা করিয়াছিল যেহেতুক এই স্ত্রীলোক ইশ্রায়েলীয় চরগণকে লুকাইয়া রাখিয়াছিল.

প্র. ইশ্রায়েলীয়েরা কি আয়্ নগর একবারে পরাজয় করিতে পারিয়াছিল ?

উ. না তাহারা তাহা পারে নাই কারণ তাহাদের মধ্যে আথান্ নামে এক ব্যক্তি যিরী-খোর অভিশপ্ত কিঞ্চিৎ দ্রব্য লুকাইয়া রাখিবাতে পরমেশ্বর তাঁহাদিগকে শত্রু কর্ত্তৃক পরাজিত হইতে দিয়াছিলেন কিন্তু তাহারা আথা-নকে সপরিবারে বধ করত অনুতাপ করিলে পর তিনি তাহাদিগের হস্তে আয়্কে সমর্পণ করিয়াছিলেন.

প্র. গিবিয়োনীয় লোকেরা ইশ্রায়েলীয় গণের স্থানে যে ছল করিয়া রক্ষা পাইয়াছিল তাহা কি ?

উ. সেই ছল এই যে তাহারা পুরাতন কূপ ও বস্ত্র এবং শুষ্ক রুটীদ্বারা আপনাদিগকে দূর দেশস্থ মানুষ করিয়া প্রতিপন্ন করিয়াছিল.

প্র. এই প্রতারণা প্রকাশ পাইলে যিহোশুয় গিবিয়ো-নীয়দিগকে কি কর্ম্মে নিযুক্ত করিয়াছিলেন ?

উ. তিনি তাহাদিগকে পরমেশ্বরের বেদির ও মণ্ডলীর নিমিত্তে কাষ্ঠচ্ছেদন ও জল-বহন কর্ম্মে নিযুক্ত করিয়াছিলেন.

প্র. যিহোশুয়ের অধ্যক্ষতা-কালীন ইশ্রায়েলীয় লোকেরা কি সমুদয় কিনান্ দেশ জয় করিয়া লইয়াছিল ?

উ. না তৎকালে তাহারা সেই দেশের একত্রিংশৎ নৃপতিকে পরাস্ত করিয়া কিঞ্চিৎ সময় বিশ্রাম করিয়াছিল.

প্র. কিনান্ দেশের কোন্ স্থানে তাহারা প্রথমে আবাস স্থাপন করিয়াছিল?

উ. প্রথমে তাহারা শীলহেতে আবাস স্থাপন করিয়াছিল এবং তাহা তথায় শিমূয়েলের সময় পর্য্যন্ত তিন শত বৎসরের অধিক ছিল.

প্র. যর্দেনের পূর্ব্ব পারে ইশ্রায়েলের কোন গোষ্ঠী কি বসতি করিয়াছিল?

উ. হাঁ সে পারে রিউবেনের ও গাদের বংশ এবং মনাশেহের অর্দ্ধ বংশ বসতি করিয়াছিল.

প্র. যিহোশুয়ের মৃত্যুর পর ইশ্রায়েলীয় লোকেরা কি তাবৎ কিনানীয় জাতিকে স্বদেশ হইতে তাড়াইয়া দিয়াছিল?

উ. না তাহারা তাহা করে নাই যেহেতুক দাবিদের সময়েও কিনানেতে যিবূশীয় ও পিলেষ্টীয় গণ বাস করিতেছিল.]

চতুর্দ্দশ উপদেশ।

১—যিহোশুয়ের সময়ের লোকেরা আপনাদের প্রতিজ্ঞানুসারে পরমেশ্বরের সেবা করিয়াছিলেন। কিন্তু তাহারা লোকান্তরে গমন করিলে পর তাহাদের সন্তানগণ অর্থাৎ পরপুরুষের লোকেরা তাঁহার উপাসনা ত্যাগ করত চতুর্দ্দিগস্থ জাতিদের দেব দেবীর পূজাতে আসক্ত হইয়াছিল। তাহাতে করিয়া পরমেশ্বর ক্রুদ্ধ হওত তাহাদের উপর শত্রুবর্গকে অত্যাচার করিতে দিয়াছিলেন। পরন্তু যৎকালীন তাহারা অনুশোচন করিয়া তাঁহার প্রতি ফিরিয়াছিল তখন তিনি তাহাদের উদ্ধার জন্য কএক জন বিচারকর্ত্তাকে উত্থাপন করিয়াছিলেন। আর যে২ বিচারকর্ত্তৃগণকে পরমেশ্বর ইশ্রায়েলীয় লোকদের উদ্ধারের নিমিত্তে প্রেরণ করিয়াছিলেন তাহাদের নাম এই২ অর্থাৎ

১ অৎনীয়েল্	৫ গিদিয়োন্	৯ শিম্শোন্
২ এহূদ্	৬ তোলায়্	১০ এলী
৩ শম্গর্	৭ যায়ীর্	১১ শিমূয়েল্
৪ দিবোরাহ্ ও বারাক্	৮ যিফ্তাথ্	

দিবোরাহ্ ও বারাকের কালে পরমেশ্বর ইশ্রায়েল্‌কে দেবদেবীর পূজার নিমিত্তে কিনান্ দেশের রাজা যাবীনের হস্তে সমর্পণ করিয়াছিলেন। এই রাজার সৈন্যাধ্যক্ষের নাম সীসিরা ও ইহার ৯০০ লৌহ নির্ম্মিত স্যন্দন ছিল এবং এ ইশ্রায়ে-

লীয়গণকে অত্যন্ত ক্লেশ দিয়াছিল। এমত হইলে পরমেশ্বর তাহাদিগের উদ্ধার জন্যে দিবোরাহ্ নাম্নী আচার্য্যানীকে বিচার কর্ত্রীর কর্ম্ম করিতে উথাপন করিয়াছিলেন। অপর দিবোরাহ্ বারাক্কে ডাকিয়া পাঠাইলে তিনি দশ সহস্র লোক সঙ্গে লইয়া আগমন করিয়াছিলেন। তাহাতে সীসিরাও আপন সমস্ত মানুষ ও স্যন্দন একত্র করিয়াছিল। কিন্তু পরমেশ্বর বারাকের সম্মুখে তাহার তাবৎ সৈন্য সামন্তকে খড়্গদ্বারা বধ করাইয়াছিলেন। তদনন্তর সে নিজ স্যন্দন হইতে নামিয়া পদব্রজে খেবেরের ভার্য্যা যায়েলের তাম্বুতে পলায়ন করিয়াছিল। পরে যৎকালীন সে তথায় নিদ্রা যাইতেছিল তখন তিনি এক মুদ্গর লইয়া তাহার কপালের ভিতরে এক গজাল চালাইয়া দিবাতে সে প্রাণত্যাগ করিয়াছিল। যেহেতুক তিনি জানিতেন যে সে পরমেশ্বরের লোকদের বিপক্ষে সংগ্রাম করিতেছিল। এই প্রকারে ইশ্রায়েলের উদ্ধার হইয়াছিল।

প্রশ্ন. যিহোশুয়ের মৃত্যুর পর লোকেরা কি পরমেশ্বরেতে বিশ্বাস করিয়াছিল?

উত্তর. না তাহারা তাহা করে নাই.

প্র. তাহারা কিরূপে তারি অপরাধ করিয়াছিল?

উ. তাহারা দেবদেবীর পূজা করিয়াছিল.

প্র. ইহার নিমিত্তে পরমেশ্বর তাহাদিগকে কি প্রকার শাস্তি দিয়াছিলেন?

উ. ইহার নিমিত্তে তিনি তাহাদিগকে আপনাদের শত্রুগণের হস্তে সমর্পণ করিয়াছিলেন.

প্র. তাহারা অনুশোচন করিলে পর পরমেশ্বর কি করিয়াছিলেন?
উ. তিনি তাহাদের উদ্ধারের জন্যে বিচারকর্ত্তৃগণকে উত্থাপন করিয়াছিলেন.
প্র. যে আচার্য্যাণী বারাকের সমভিব্যাহারে তাহাদিগকে কিনানীয়দের রাজা যাবীনের হস্ত হইতে উদ্ধার করিয়াছিলেন তাহার নাম কি?
উ. তাহার নাম দিবোরাহ্.
প্র. যাবীনের যে সৈন্যাধ্যক্ষকে অন্য এক স্ত্রীলোক বধ করিয়াছিলেন তাহার নাম কি?
উ. তাহার নাম সীসিরা.
প্র. এই যে স্ত্রীলোক তাহাকে শঙ্জাল দ্বারা বিদীর্ণ করিয়া বধ করিয়াছিলেন তাহার নাম কি?
উ. তাহার নাম যায়েল্ ও তিনি খেবেরের ভার্য্যা ছিলেন.

২—গিদিয়োনের কালে মিদিয়ানীয়েরা ও অমালেকীয়েরা ইশ্রায়েলীয় লোকদের উপরে দৌরাত্ম্য পূর্ব্বক তাহাদের ক্ষেত্রের শস্যাদি নষ্ট করিয়াছিল। কেননা এই ব্যক্তিরা আপনাদের পশ্বাদি ও তাম্বু এবং অসংখ্যক উষ্ট্র সঙ্গে লইয়া তাহাদের স্থানে আগমন করিয়াছিল। এমত হইলে ইশ্রায়েলীয় লোকেরা খাতে ও গুহাতে পলায়ন পূর্ব্বক আপনাদিগকে সংগোপনে রাখিতে বাধিত হইয়াছিল। কিন্তু তাহারা পরমেশ্বরের উদ্দেশে কাকুক্তি করিলে পর তিনি তাহাদের শত্রুগণকে পরাস্ত করিবার জন্যে গিদিয়োন্‌কে প্রেরণ করিয়াছিলেন। অপর তিনি তাহাকে আজ্ঞা করিয়াছিলেন তুমি আপনার সহিত কেবল তিন শত মানুষ লইবা ও তাহাদের প্রতিজনের হস্তেতে এক২

কলসী দিবা এবং সেই কলসীর মধ্যে এক২ প্রদীপ থাকিবে। অতএব তাহারা পরমেশ্বরের কথাক্রমে গমন করিয়াছিল আর তৎকালীন তাহাদের তাবৎ প্রদীপ কলসীর ভিতরে লুক্কায়িত ছিল। সুতরাং যখন তাহাদের ক্ষুদ্র দল মিদিয়ানীয়দের শিবিরের মধ্যে আসিয়া উপস্থিত হইয়াছিল তখন তাহারা তাহা দেখিতে পায় নাই। অনন্তর তাহারা সকলে একবারে স্ব২ কলসী ভাঙ্গিয়া চীৎকার করিয়া কহিয়াছিল "পরমেশ্বরের ও গিদিয়োনের খড়্গ"। তাহাতে তাবৎ মিদিয়ানীয় সেনা পলায়ন করিয়াছিল। ইত্যবসরে অন্য২ইশ্রায়েলীয় লোকেরা একত্র হওত তাহাদের পশ্চাদ্ধাবন করিলে তাহাদের মধ্যে এক দিবসে ১২০ সহস্র ব্যক্তি মারা পড়িয়াছিল। আর সেই ব্যক্তিরা সকলেই দেবদেবীর পূজা করিত। ইহার পর ইশ্রায়েলীয় লোকেরা বিস্তর ঐশ্বর্য্য প্রাপ্ত হইয়া গিদিয়োনের কালে চল্লিশ বৎসর সুস্থিরে কালক্ষেপ করিয়াছিল।

প্রশ্ন. যখন ইশ্রায়েলীয় লোকদের উপরে মিদিয়ানীয়েরা দৌরাত্ম্য করিয়াছিল তখন তাহাদের উদ্ধারের জন্যে পরমেশ্বর কাহাকে উত্থাপন করিয়াছিলেন?

উত্তর. তিনি তজ্জন্য গিদিয়োন্‌কে উত্থাপন করিয়াছিলেন.

প্র. মিদিয়ানীয়দের বহুসংখ্যক সৈন্যের বিপক্ষে কত লোক সঙ্গে লইয়া গমন করিতে পরমেশ্বর তাহাকে আজ্ঞা করিয়াছিলেন?

উ. তিনশত লোক মাত্র.

প্র. ইহারা কি হস্তেতে করিয়া লইয়া যাইতে আদিষ্ট হইয়াছিল ?

উ. ভাঙ্গা কলসী ও প্রদীপ.

প্র. যখন তাহারা কলরব করিয়া কহিয়াছিল "পরমেশ্বরের ও গিদিয়োনের খড়্গ" তখন কি হইয়াছিল ?

উ. তখন সেই বহু সৈন্য পলায়ন করিয়াছিল.

প্র. মিদিয়ানীয়দের হস্ত হইতে ইশরায়েলীয় লোকেরা কি উদ্ধৃত হইয়াছিল ?

উ. হাঁ তাহারা তাহা হইয়াছিল.

৩—ইশ্রায়েলের সন্তানেরা পুনর্ব্বার পরমেশ্বরের গোচরে মন্দ ব্যবহার করিলে তিনি তাহাদিগকে চল্লিশ বৎসরের জন্যে পিলেষ্টীয়দের হস্তে সমর্পণ করিয়াছিলেন। পরে তিনি তাহাদের উদ্ধারের উপক্রম করণার্থে শিম্শোন্‌কে উত্থাপন করিয়াছিলেন। এই শিম্শোন্ সকলাপেক্ষা অধিক বলবান ছিলেন। যেহেতু পিলেষ্টীয়দিগকে পরাস্ত করিবার নিমিত্তে পরমেশ্বর তাহাকে অতিশয় বল দিয়াছিলেন। কিন্তু তিনি তাহাকে আপন মস্তকের কেশ কদাপি ক্ষৌরী করিতে নিষেধ করিয়াছিলেন এবং তিনি তাহা করিলে যে নিজ শক্তিতে বঞ্চিত হইবেন ইহা পরমেশ্বর তাহাকে তর্জ্জনপূর্ব্বক কহিয়াছিলেন।

অপর কএকবার পরমেশ্বরের আত্মা শিম্শোন্‌কে পিলেষ্টীয়দের সহিত যুদ্ধ করিতে প্রবৃত্তি দিলে তিনি আশ্চর্য্য২ ব্যাপার সম্পন্ন করিয়াছিলেন।

যখন যিহুদার লোকেরা তাহাকে রজ্জুতে বাঁধিয়া পিলেষ্টীয়দের হস্তে সমর্পণ করিয়াছিল তখন সেই রজ্জু সকল অগ্নিতে দগ্ধশণের ন্যায় হইয়া যাইবাতে তাহার হস্ত হইতে বন্ধন খুলিয়া গেলে তিনি এক গর্দ্দভের হনু লইয়া তদ্দ্বারা এক সহস্র পিলেষ্টীয় মানুষকে বধ করিয়াছিলেন। অধিকন্তু যৎকালীন তিনি অসাহেতে থাকিয়া শুনিয়াছিলেন যে পিলেষ্টীয়েরা তাঁহাকে বধ করিতে মনস্থ করিয়াছে তৎকালীন তিনি দুই প্রহর রাত্রিকালে গাত্রোত্থান করত সেই নগরের হুড়কাকপাটসুদ্ধ দ্বার উঠাইয়া স্কন্ধে করিয়া লইয়া এক পর্ব্বতোপরি গমন করিয়াছিলেন।

প্রশ্ন. ইশ্রায়েলীয়দের উপর পিলেষ্টীয়েরা দৌরাত্ম্য করিলে পরমেশ্বর কাহাকে উত্থাপন করিয়াছিলেন?

উত্তর. তখন তিনি শিম্শোন্‌কে উত্থাপন করিয়াছিলেন.

প্র. কি নিমিত্তে শিম্শোন্ বিখ্যাত ছিলেন?

উ. তাহার অতিশয় বলের নিমিত্তে.

প্র. কি নিমিত্তে তিনি এতাদৃশ বল পাইয়াছিলেন?

উ. পিলেষ্টীয়দের হস্ত হইতে ইশ্রায়েলীয়দিগকে উদ্ধারের উপক্রম করিবার নিমিত্তে.

প্র. তিনি কি করিতে নিষিদ্ধ হইয়াছিলেন?

উ. তিনি আপনার কেশ ক্ষৌরী করিতে নিষিদ্ধ হইয়াছিলেন.

প্র. ইহা করিলে কি ঘটিবার কথা ছিল ?

উ. তাহার নিজবল হারাইবার কথা ছিল.

প্র. যৎকালীন পিলেষ্টীয়েরা তাহাকে রজ্জুতে বন্ধন করিয়াছিল তখন তিনি কি প্রকারে আপনার বল প্রকাশ করিয়াছিলেন ?

উ. তখন তিনি সেই রজ্জু সমস্ত ছিড়িয়া ফেলিয়া আপনার বল প্রকাশ করিয়াছিলেন.

প্র. তিনি এক সহস্রলোককে কিসের দ্বারা বধ করিয়াছিলেন ?

উ. এক গর্দ্দভের হনু দ্বারা.

প্র. তাহারা তাঁহাকে অসাহ্ নগরে বদ্ধ করিয়া রাখিলে তিনি কি প্রকারে নিজবল প্রকাশ করিয়াছিলেন ?

উ. তিনি তাহার দ্বার স্কন্ধে করিয়া লইয়া চলিয়া গিয়াছিলেন.

৪—ইহার পর দিলীলাহ্ নাম্নী একজন পিলেষ্টীয় স্ত্রীলোকের সহিত শিম্শোনের প্রীতি হইয়াছিল। অতএব পীলেষ্টীয়দের অধ্যক্ষেরা দিলীলাহ্কে বলিয়াছিল ": তুমি শিম্শোন্কে ভুলাও তাহাতে করিয়া যেন সে আমাদিগকে কহিয়া দেয় কিসে তাহার শক্তি অবস্থিতি করে নতুবা আমরা কিসের দ্বারা তাহাকে পরাস্ত করিয়া দুঃখ দিতে পারি ইহা করিলে আমরা প্রতিজনে তোমাকে একাদশ শত রূপার মুদ্রা দিব"। সুতরাং তাহাদের যাচঞার বিষয় শিম্শোন্ যে কহিয়া দেন ইহার জন্যে দিলীলাহ্ তাহার নিকটে মিনতি করিয়াছিল। কিন্তু শিম্শোন্ তাহাকে দুইবার প্রতারণা করিয়াছিলেন। অবশেষে সে তাহাকে নিতান্ত আগ্রহ করিলে পর তিনি বলি-

য়াছিলেন "যদি আমি পরমেশ্বরের আজ্ঞা লঙ্ঘন পুরঃসর ক্ষৌরী হই তবে আমি অন্য মানুষদের ন্যায় হইব"। অতএব শিম্‌শোন্ নিদ্রা যাইতেছেন ইতিমধ্যে দিলীলাহ্ তাহার মস্তকের সাত কেশগুচ্ছ ক্ষৌরী করাইলে পরমেশ্বর তাহার হইতে বল লইয়াছিলেন।

অনন্তর পিলেষ্টীয়েরা শিম্‌শোন্‌কে লইয়া তাহার চক্ষু বাহির করিয়া আনিয়া তাহাকে পিত্তলের শৃঙ্খলেতে বদ্ধ করত কারাগারে পেষণ কর্ম্ম করিতে দিয়াছিল। কিন্তু পরমেশ্বর তাহাকে পুনর্ব্বার শক্তি দিলে পর তাহারা জানিতে পারে নাই। এই হেতুক যখন তাহারা আপনাদের দেবতাগণের স্থানে এক মহোৎসব করিয়াছিল তখন তাহারা তাহার সহিত রহস্য করিবার নিমিত্তে তাহাকে সেই দেব মন্দিরে আনাইয়াছিল। পরে তাহারা তাহাকে স্তম্ভদ্বয়ের মধ্যে দাঁড় করাইলে তিনি সেই দুই স্তম্ভ ধরিয়া পরমেশ্বর যেন আমাকে এখন একবার মাত্র শক্তি দেন ইহার জন্য তাঁহার উদ্দেশে প্রার্থনা করিয়াছিলেন। অপর তিনি আপনার সমস্ত বলের সহিত নত হইয়া পড়িলে সেই গৃহ অধ্যক্ষগণের ও তন্মধ্যস্থিত তাবৎ লোকের উপরে পড়িয়া গিয়াছিল। তাহাতে তিনি আপনিই তাহাদের সঙ্গে মরিয়া গিয়াছিলেন। এই প্রকারে তিনি জীবদ্দশায় যত ব্যক্তিদিগকে বধ করিয়াছিলেন তদপেক্ষা মৃত্যুকালীন অধিক ব্যক্তিকে বধ করিয়াছিলেন। পরে তাহার পিতা ও ভ্রাতৃবর্গ তথায় আসিয়া তাহার কবর দিয়াছিলেন।

প্রশ্ন. কি কহিয়া দিতে শিম্‌শোন্‌ এক জন দুষ্ট স্ত্রীলোক কর্ত্তৃক প্রবৃত্তি পাইয়াছিলেন?

উত্তর. কি প্রকারে নিজ শক্তিতে বঞ্চিত হইবেন তাহা কহিয়া দিতে তিনি প্রবৃত্তি পাইয়াছিলেন.

প্র. সেই স্ত্রীলোকের নাম কি?

উ. দিলীলাহ্‌ তাহার নাম.

প্র. সে কি করিবার চেষ্টা করিয়াছিল?

উ. তিনি নিদ্রা গেলে পর সে তাহার কেশ ক্ষৌরী করিয়া দিতে চেষ্টা করিয়াছিল.

প্র. তাহাতে করিয়া কি তিনি আপনার শক্তি হারাইয়াছিলেন?

উ. হাঁ তিনি তদ্দ্বারা তাহা হারাইয়াছিলেন.

প্র. পরমেশ্বর কেন তাহা তাহার হইতে লইয়াছিলেন?

উ. তিনি তাহাকে শাস্তি দিবার নির্মিত্তে তাহা করিয়াছিলেন.

প্র. শিম্‌শোনের নিকটে দিলীলাহ্‌ কাহাদিগকে আনিয়াছিল?

উ. পিলেষ্টীয়দিগকে.

প্র. তাহারা কি তাহার বিরুদ্ধে প্রবল হইতে পারিয়াছিল?

উ. হাঁ তাহারা তাহা হইতে পারিয়াছিল.

প্র. তাহারা তাহার সহিত কিরূপ ব্যবহার করিয়াছিল?

উ. তাহারা তাহার চক্ষু বাহির করিয়া তাহাকে শৃঙ্খলেতে বদ্ধ করত কারাগারে পেষণ কর্ম্ম করিতে দিয়াছিল.

প্র. তাহার কেশ কি পুনর্ব্বার বাড়িলে তিনি আরবার শক্তি পাইয়াছিলেন?

উ. হাঁ তিনি তাহা পাইয়াছিলেন.

প্র. কেন পরমেশ্বর তাহাকে পুনরায় শক্তি দিয়াছিলেন?

উ. তিনি যেন পিলেষ্টীয়দিগকে শাস্তি দিতে পারেন ইহার জন্যে.

প্র. আপনাদের কৌতুকের নিমিত্তে পিলেষ্টীয়েরা কি করিয়াছিল ?

উ. তাহারা তজ্জন্য শিম্‌শোন্‌কে আনিতে পাঠাইয়াছিল.

প্র. কোথায় তাহারা তাহাকে লইয়া গিয়াছিল?

উ. তাহারা তাহাকে দাগোনের গৃহেতে লইয়া গিয়াছিল.

প্র. দাগোন্‌ কি ?

উ. সে এক বিশেষ প্রতিমা.

প্র. যখন শিম্‌শোন্‌ সে স্থানে ছিলেন তখন তিনি কি করিয়াছিলেন ?

উ. তখন তিনি সেই গৃহ ধরিয়া ফেলিয়া দিয়াছিলেন.

প্র. তাহাতে তন্মধ্যস্থিত তাবৎ লোক কি মরিয়া যায় নাই ?

উ. হাঁ তাহারা মরিয়া গিয়াছিল.

প্র. শিম্‌শোন্‌ও কি মরিয়াছিলেন ?

উ. হাঁ তিনিও মরিয়াছিলেন.

[প্র. অৎনীয়েল্‌ ইশ্‌রায়েলীয়গণকে কাহা হইতে রক্ষা করিয়াছিলেন ?

উ. তিনি তাহাদিগকে মেসপটমিয়ার রাজা কূশন্‌ রিশিয়াথায়িম্‌ হইতে রক্ষা করিয়াছিলেন.

প্র. এহূদ্‌ তাহাদিগকে কাহা হইতে রক্ষা করিয়াছিলেন ?

উ. তিনি তাহাদিগকে মোয়াবের রাজা এগ্লোন্‌ হইতে রক্ষা করিয়াছিলেন.

প্র. এই রাজা কি প্রকার মরিয়াছিল ?

উ. যৎকালীন এহূদ্‌ তাহার স্থানে কর দিতে গিয়াছিলেন তখন তিনি তাহার উদরের মধ্যে খড়্গ চালাইয়া তাহাকে বধ করিয়াছিলেন.

প্র. শম্‌গর্‌ তাহাদিগকে কাহা-দিগ হইতে রক্ষা করিয়াছিলেন?
উ. তিনি তাহাদিগকে পিলে-ষ্টীয়দিগ হইতে রক্ষা করিয়া-ছিলেন.
প্র. তিনি এক গোচরাণের পাঁচনীদ্বারা কতজন পিলে-ষ্টীয়কে বধ করিয়াছিলেন?
উ. ছয়শত ব্যক্তিকে.
প্র. যায়েলের স্বামী খেবের্‌ কোন্‌ বংশজাত ছিলেন?
উ. তিনি যিথ্‌রোর বংশজাত ছিলেন যেহেতু তিনি তাহার পুত্র খোবাবের কুলে জন্মিয়া ছিলেন.
প্র. গিদিয়োনের মৃত্যুর পরই কি তোলয়্‌ বিচারপতিপদে নিযুক্ত হইয়াছিলেন?
উ. না যেহেতু তৎপরেই অবীমেলেক্‌ সেই পদ অন্যায় করিয়া ৩ বৎসরের জন্যে অধিকার করিয়া রাখিয়া-ছিল.
প্র. এই অত্যাচারী কি আপন পিতার তাবৎ পুত্রকে নষ্ট করিয়াছিল?
উ. হাঁ সে একজন ব্যতীত তাবৎকেই নষ্ট করিয়া-ছিল.
প্র. এই অবশিষ্ট ব্যক্তির নাম কি?
উ. ইহার নাম যোথাম্‌.
প্র. তোলয়্‌ কি বহু সংগ্রা-মাদি করিয়াছিলেন?
উ. না তিনি তাহা করেন নাই কিন্তু বোধ হয় তাহার কালে লোক কুশলে ও সুধারামতে কালক্ষেপ করিয়াছিল.
প্র. যায়ীর কি প্রকার বিচার-পতি ছিলেন?
উ. বোধ হয় তাহার সময়ে ইশ্রায়েলীয়েরা শত্রুগণ দ্বারা ক্লেশ পাইয়াছিল আর তাহারা দেব দেবী পূজাতে আসক্ত হইয়াছিল.

প্র. যিফ্‌থাথ্‌ ইশ্‌রায়েলীয়-গণকে কাহাদিগ হইতে রক্ষা করিয়াছিলেন?

উ. তিনি তাহাদিগকে অম্মনীয়দিগ হইতে রক্ষা করিয়াছিলেন.

প্র. তিনি জয়ী হইয়া আসিয়া আপন কন্যার প্রতি কি করিয়াছিলেন?

উ. তিনি তাহাকে আপন কৃত মানতানুসারে পরমেশ্বরের প্রতি সমপর্ণ করিয়া দিয়াছিলেন.

প্র. যিফ্‌থাথের মৃত্যুর পরই শিম্‌শোন্‌ কি বিচারপতির পদে নিযুক্ত হইয়াছিলেন?

উ. না তৎপরেই ইব্‌সান্‌ এলোন্‌ ও অব্‌দোন্‌ অনুক্রমে সেই পদে নিযুক্ত হইয়াছিলেন.

প্র. কেন পরমেশ্বর শিম্‌শোনকে নিজকেশ ক্ষৌরী করিতে নিষেধ করিয়াছিলেন?

উ. কারণ তিনি একজন নাষারীয় ব্রতী ছিলেন.]

পঞ্চদশ উপদেশ।

১—শিম্শোনের মৃত্যুর পর ইশ্রায়েলের মধ্যে এলী মহা যাজক ও বিচারপতির কর্ম্ম করিয়াছিলেন। তৎকাল এলকানাহের ভার্য্যা থনাহ্ নাম্নী এক জন স্ত্রীলোক আপন স্বামির সমভিব্যাহারে শীলোহেতে গমনানন্তর সেখানে পরমেশ্বরের নিকটে প্রার্থনা করত কহিয়াছিলেন যদি পরমেশ্বর আমাকে এক পুত্র সন্তান দেন তবে আমি যাবজ্জীবন তাঁহার সেবা করণার্থে তাহাকে তাঁহার প্রতিপ্রতিষ্ঠিত করিয়া দিব। যেহেতুক তিনি সন্তানহীনা ছিলেন।

অপর পরমেশ্বর থনাহের যাচনীয় প্রদান করিবাতে তাহার এক পুত্র সন্তান হইলে পর তিনি তাহার নাম শিমূয়েল্ রাখিয়াছিলেন এবং সে শিশু স্তনপান ত্যাগ করিলে পর তিনি তাহাকে এলীর সহিত বাস করিতে তাহার নিকটে আনিয়া দিয়াছিলেন। পরে এলী শিমূয়েল্কে আবাসের কর্ম্ম করিতে নিযুক্ত করিয়াছিলেন এই প্রকারে শিমূয়েল্ শৈশবাবস্থা পর্য্যন্ত পরমেশ্বরের ভজন সাধনে প্রবৃত্ত হইলে তাহার মাতা প্রতি বৎসর তাহার নিমিত্তে একখানি করিয়া উত্তরীয় বস্ত্র সঙ্গে লইয়া শীলোহেতে গমন করিতেন। এলী নিজে উত্তম মানুষ

ছিলেন বটে কিন্তু খোফ্নী ও ফীনিথাস্ তাহার পুত্রদ্বয় বড় দুর্বৃত্ত ছিল। অপর তিনি তাহাদিগকে দুষ্ট আচরণের নিমিত্তে যাজকের পদ হইতে চ্যুত না করিয়া কেবল মৃদুরূপে অনুযোগ করিয়াছিলেন। ইহাতে করিয়া পরমেশ্বর বিরক্ত হইয়া এক আচার্য্যকে এলীর স্থানে প্রেরণ করিলে তিনি তাহাকে জ্ঞাপন করিয়াছিলেন যে তোমার বংশ হইতে যাজন কর্ম্ম স্থানান্তর হইবেক ও তোমার দুই পুত্র খোফ্নী ও ফীনিথাস্ এক দিনেই প্রাণত্যাগ করিবে। অনন্তর শিমূয়েল্ বয়ঃপ্রাপ্ত হইলে পর পরমেশ্বর তাহাকে আচার্য্যের পদে নিযুক্ত করিয়াছিলেন এবং সমস্ত ইশ্রায়েল্ তাহাকে সমাদর করিত।

প্রশ্ন. শিম্শোনের পর ইশ্রায়েলের বিচারকর্ত্তার পদে কে নিযুক্ত হইয়াছিলেন?
উত্তর. এলী সেই পদে নিযুক্ত হইয়াছিলেন.

প্র. বিচারপতির কর্ম্ম ব্যতীত তাহার অন্য কি কর্ম্ম ছিল?
উ. তদ্ভিন্ন তাহার প্রধান যাজকের কর্ম্ম ছিল.

প্র. তাহার কালে যে স্ত্রীলোক শীলোহেতে ভজনার্থে গমন করিত তাহার নাম কি?
উ. তাহার নাম খনাহ্.

প্র. পরমেশ্বর তাহাকে এক পুত্র প্রদান করিলে তিনি কি করিবার দিব্য করিয়াছিলেন?
উ. তিনি যাবজ্জীবন তাহাকে পরমেশ্বরের প্রতি প্রতিষ্ঠিত করিয়া দিবার দিব্য করিয়াছিলেন.

প্র. পরমেশ্বর কি খনাহের যাচনীয় প্রদান করিয়াছিলেন?
উ. হাঁ তিনি তাহা করিয়াছিলেন.

প্র. তিনি সেই পুত্রের কি নাম রাখিয়াছিলেন ?

উ. তিনি তাহার নাম শিমূয়েল্ রাখিয়াছিলেন.

প্র. স্তনপানত্যাগ করাইবা মাত্রেই তিনি শিশু শিমূয়েল্কে লইয়া কি করিয়াছিলেন ?

উ. তিনি তাহাকে এলীর নিকটে আনিয়া পরমেশ্বরের প্রতি সমর্পণ করিয়া দিয়াছিলেন.

প্র. কেন তিনি তাহাকে এলীর নিকটে লইয়া গিয়াছিলেন ?

উ. কারণ এলী প্রধান যাজক ছিলেন.

প্র. এলীর পুত্রেরা কি ভাল মানুষ ছিল ?

উ. না তাহারা বড় দুর্বৃত্ত ছিল.

প্র. এলী কি তাহাদিগকে উপযুক্ত মতে শাস্তি দিয়াছিলেন ?

উ. না তিনি তাহা দেন নাই.

প্র. তিনি কি তাহাদের দোষের নিমিত্তে তাহাদিগকে অনুযোগ করিয়াছিলেন ?

উ. হাঁ তিনি তাহা করিয়াছিলেন.

প্র. কিন্তু যখন তাহারা তাহার কথা তুচ্ছতাচ্ছল্য করিয়াছিল তখন তাহাদিগকে শাস্তি দেওয়া কি তাহার বিহিত ছিল না ?

উ. হাঁ তাহা তাহার বিহিত ছিল বটে.

প্র. এলীর পুত্রদিগ হইতে শিমূয়েল্ শিশু কি দুষ্ট আচরণ শিখিয়াছিলেন ?

উ. না তিনি তাহা শিখেন নাই.

প্র. এলীর নিকটে আসিয়া কি বলিবার জন্যে পরমেশ্বর এক আচার্য্যকে প্রেরণ করিয়াছিলেন?

উ. এই বলিবার জন্যে যে যাজন কর্ম্ম তাহার বংশ হইতে স্থানান্তর হইবেক ও তাহার পুত্রদ্বয় এক দিনে মরিবে.

প্র. পরমেশ্বর শিমূয়েল্‌কে কি পদে নিযুক্ত করিয়াছিলেন?

উ. তিনি তাহাকে আচার্য্যের পদে নিযুক্ত করিয়াছিলেন.

২—এলীর কালে পিলেষ্টীয়েরা ইশ্‌রায়েলের বিপক্ষে সংগ্রাম করিলে পরমেশ্বর তাহাদিগকে জয়ী হইতে দিয়াছিলেন। অতএব এই সংগ্রামেতে ইশ্‌রায়েলীয়দের মধ্যে ৩০ সহস্র ব্যক্তি মারা পড়িয়াছিল। ইহার পর ইশরায়েলীয়েরা লোক পাঠাইয়া শিবিরের মধ্যে ঈশ্বরের সিন্দুক আনাইলে খোফ্‌নী ও ফীনিখাস্‌ তাহার সঙ্গে২ গমন করিয়াছিল। কিন্তু পরমেশ্বরের আজ্ঞা ব্যতীত তাহা এরূপে স্থানান্তর করা কখনো উচিত ছিল না। সুতরাং পরমেশ্বর ইশ্‌রায়েলীয়দের শাস্তির জন্যে ও আপনাকে পিলেষ্টীয়দের নিকটে সত্য ঈশ্বর করিয়া প্রতিপন্ন করিবার নিমিত্তে তাহাদিগকে সেই সিন্দুক অধিকার করিয়া লইতে দিয়াছিলেন। আর সেই দিবসে খোফ্‌নী ও ফীনিখাস্‌ বধ হইয়াছিল। পরে এলীর স্থানে এই সম্বাদ আইলে তিনি পিছন হইয়া পড়িয়া গলদেশ ভঙ্গপূর্ব্বক প্রাণত্যাগ করিয়াছিলেন

প্রশ্ন. এলীর কালে ইশ্‌রায়েলের শত্রু কাহারা ছিল?

উত্তর. পিলেষ্টীয়েরা.

প্র. ইশ্‌রায়েলের প্রাচীনগণ রণক্ষেত্রে কি লইয়া গিয়াছিল?

উ. তাহারা তথায় পরমেশ্বরের সিন্দুক লইয়া গিয়াছিল.

প্র. তাহাদিগকে এরূপ করিতে পরমেশ্বর কি আজ্ঞা করিয়াছিলেন?

উ. না তিনি তাহা করেন নাই.

প্র. তাহার সঙ্গে২ কোন্২ যাজক গমন করিয়াছিল?

উ. খোফ্‌নী ও ফীনিখাস্.

প্র. তাহারা কাহার পুত্র ছিল?

উ. তাহারা এলীর পুত্র ছিল.

প্র. ইশ্‌রায়েলীয়দের শাসন জন্য পরমেশ্বর পিলেষ্টীয়দিগকে কি অধিকার করিয়া লইতে দিয়াছিলেন?

উ. আপন সিন্দুক.

প্র. ইশ্‌রায়েলীয়দের মধ্যে কত লোক বধ হইয়াছিল?

উ. ৩০ সহস্র লোক.

প্র. খোফ্‌নী ও ফীনিখাসের কি দশা হইয়াছিল?

উ. তাহারা মারা পড়িয়াছিল.

প্র. যখন এলী শুনিয়াছিলেন যে তাহার দুই পুত্র মরিয়াছে ও পরমেশ্বরের সিন্দুক পিলেষ্টীয়েরা অধিকার করিয়া লইয়াছে তখন তিনি কিরূপ ব্যাকুল হইয়াছিলেন?

উ. তখন তিনি পিছন হইয়া পড়িয়া গলদেশ ভাঙ্গিয়াছিলেন.

প্র. পরমেশ্বরের সিন্দুক হারাণ কি ইশ্‌রায়েলীয়দের পক্ষে বড় ঘোর দুরদৃষ্টের বিষয় ছিল না?

উ. হাঁ তাহা তাহাদের পক্ষে বড় দুরদৃষ্টের বিষয় ছিল বটে.

৩— পিলেষ্টীয়েরা পরমেশ্বরের সিন্দুক দাগোনের ঘরের ভিতরে লইয়া গিয়াছিল এবং প্রত্যূষে দাগোন্ তাহার সম্মুখে ভূমির উপর পড়িয়া রহিয়াছিল। আর তাহারা তাহাকে স্বস্থানে স্থাপন করিলে পর পরদিবসের প্রাতঃকালে তাহারা পুনর্ব্বার দেখিয়াছিল যে সে ভাঙ্গাচূরা হইয়া নীচে পড়িয়া রহিয়াছে। এমত হইলে কেবল তাহার ধড় অবশিষ্ট ছিল। পরে পরমেশ্বর পিলেষ্টীয়দিগকে আপন সিন্দুক অধিকার করিয়া লওন প্রযুক্ত মড়ক প্রেরণ করত শাস্তি দিয়াছিলেন। অতএব তাহারা তাহা দেশের চতুর্দ্দিগে এক স্থান হইতে অন্য স্থানে পাঠাইয়াছিল। কিন্তু তাহা যেখানে গিয়াছিল সেখানেই লোকদের মধ্যে মড়ক হইয়াছিল। অবশেষে তাহারা তাহা এক নূতন শকটেতে করিয়া ফিরাইয়া পাঠাইলে পর ইশ্রায়েলীয় লোকেরা তাহা আনন্দ পূর্ব্বক গ্রহণ করিয়াছিল এবং তাহা অবীনাদাবের বাটীতে বিংশতি বৎসর ছিল।

প্রশ্ন. পিলেষ্টীয়েরা পরমেশ্বরের সিন্দুক কোথায় রাখিয়া দিয়াছিল?

উত্তর. তাহারা তাহা দাগোনের ঘরের ভিতরে রাখিয়া দিয়াছিল.

প্র. দাগোন্ সংজ্ঞায় কাহাকে বুঝায়?

উ. এই সংজ্ঞায় এক বিশেষ প্রতিমাকে বুঝায়.

প্র. যখন ঈশ্বরের সিন্দুক দাগোনের মন্দিরেতে ছিল তখন সে প্রতিমার কি দশা হইয়াছিল?

উ. তখন সে তাহার সম্মুখে উবুড় হইয়া মৃত্তিকায় পড়িয়াছিল.

প্র. পিলেষ্টীয়েরা স্বস্থানে সেই প্রতিমাকে রাখিয়া দিলে পর পরদিনের প্রাতে কি হইয়াছিল?

উ. তাহা পুনর্ব্বার নীচে পড়িয়া ভাঙ্গিয়া চূর্ণ হইয়া গিয়াছিল.

প্র. পিলেষ্টীয়েরা যে এই দেবের আদর করত পরমেশ্বরের অনাদর করিয়াছিল ইহার জন্যে তিনি তাহাদিগকে কি প্রকার শাস্তি দিয়াছিলেন?

উ. এ জন্য তিনি তাহাদের মধ্যে মড়ক প্রেরণ করিয়াছিলেন.

প্র. তখন তাহারা কি করিতে স্থির করিয়াছিল?

উ. তখন তাহারা পূর্ব্বোক্ত সিন্দুক ফিরাইয়া পাঠাইতে স্থির করিয়াছিল.

প্র. ইশ্রায়েলের লোকেরা কি তাহা পাইতে বড় হৃষ্টচিত্ত হয় নাই?

উ. হাঁ তাহারা তদ্রূপ হইয়াছিল.

প্র. কে তাহা নিজ বাটীতে লইয়া রাখিয়াছিল?

উ. অবীনাদাব্.

প্র. সে স্থানে তাহা কত কাল ছিল?

উ. তথায় তাহা বিংশতি বৎসর ছিল.

[প্র. শিমূয়েল্ কোন্ বংশজাত?

উ. তিনি লেবীর বংশজাত.

প্র. তাহার পিতার নাম কি?

উ. তাহার নাম এল্কানাহ্.

প্র. শিমূয়েলের বিমাতার নাম কি?

উ. তাহার নাম পিনিন্নাহ.

প্র. এই সময়ে বৎসরের মধ্যে কয়বার শীলোহেতে গিয়া ভজন করিবার প্রথা ইশ্রায়েলীয়দের মধ্যে ছিল?

উ. তিন বার মাত্র.

প্র. এলী কাহার কুলোদ্ভব?

উ. তিনি ঈথামারের কুলোদ্ভব.

প্র. পরমেশ্বর কি প্রথমে ঈথামারের বংশের উপর মহা যাজকতার ভার দিয়াছিলেন?

উ. না তিনি তাহার ভার প্রথমে অহ্রোণের জ্যেষ্ঠপুত্র এলিয়াষারের বংশের উপরে দিয়াছিলেন.

প্র. তবে কি কারণ বশতঃ তাহার ভার ঈথামারের বংশের উপরে প্রদত্ত হইয়াছিল?

উ. তাহা ধর্ম্ম পুস্তকে দৃষ্ট হয় না.

প্র. কিন্তু এলীর পুত্রেরা অনাচরণ ও কুব্যবহার করিলে পর মহা যাজকতার ভার কি পুনরায় পরমেশ্বর এলিয়াষারের বংশের উপরে অর্পণ করিবার কথা কহেন নাই?

উ. হঁা তিনি তাহা কহিয়াছিলেন.

প্র. তবে কখন তাহার ভার পুনরায় ঈথামারের বংশ হইতে এলিয়াষারের বংশের উপরে অর্পিত হইয়াছিল?

উ. রাজা শলোমোনের কালে.

প্র. শলোমোন্ মহাযাজকতার বিষয়ে কি করিয়াছিলেন?

উ. তিনি সেই পদ ঈথামারের কুলোদ্ভব অবিয়াথার্ হইতে লইয়া এলিয়াষারের কুলোদ্ভব সাদোক্কে প্রদান করিয়াছিলেন.]

ষোড়শ উপদেশ।

১—শিমূয়েল্ বৃদ্ধ মানুষ হইলে তাহার নিকটে ইশ্‌রায়েলের সন্তানগণ আগমন করত কহিয়াছিল "অন্য সমস্ত জাতির ন্যায় আমাদিগের মধ্যে বিচারপতির কর্ম্ম করিবার জন্যে এক রাজা নিযুক্ত করিয়া দিউন"। ইহাতে তিনি অসন্তুষ্ট হওত পরমেশ্বরের উদ্দেশে প্রার্থনা করিয়াছিলেন। পরন্তু তাহাদের রাজা পাওনবিষয়ে পরমেশ্বর সম্মত হইয়া শিমূয়েল্‌কে আজ্ঞা করিয়াছিলেন তুমি কীশের পুত্র শৌল্‌কে ইশ্‌রায়েলের রাজপদে নিযুক্ত কর। অপর যৎকালীন শৌল্ আপন পিতার হারাণ গর্দ্দভান্বেষণ করিতে২ রামাহেতে আসিয়া উপস্থিত হইয়াছিলেন তখন তিনি ঐ ব্যাপারের বাস্পমাত্র জানিতেন না। কিন্তু তৎকালে শিমূয়েল্ তাহাকে নিজ ভবনে নিমন্ত্রণ করিয়া আনিয়া তন্মস্তকোপরি এক পাত্র তৈল ঢালিয়া দিয়া তাহার প্রতি বলিয়াছিলেন পরমেশ্বর তোমাকে রাজার পদে নিযুক্ত হইতে মনোনীত করিয়াছেন। এই শৌল্ অন্য সকল লোকাপেক্ষা স্কন্ধাবধি উচ্চ ছিলেন। পরে শিমূয়েল্ ইশ্‌রায়েলীয় লোকদের নিকটে কহিয়াছিলেন "পরমেশ্বর যাহাকে মনোনীত করিয়াছেন তাহাকে দেখ তাহার ন্যায় তোমাদের মধ্যে কেহ নাই"। তাহাতে তাহারা কলরব করত বলিয়াছিল "ঈশ্বর রাজাকে চিরজীবী করিয়া রাখুন"। তদনন্তর শিমূয়েল্

শৌল্‌কে রাজনীতি জ্ঞাপন করত তাহা এক পুস্তকেতে লিখিয়া দিয়াছিলেন। এই রূপে শৌল্‌ ইশ্‌রায়েলের উপরে রাজত্ব প্রাপ্ত হইয়া প্রথমে লোক সমূহকে পরমেশ্বরের কথানুসারে শাসন করিয়াছিলেন। আর তিনি তাহাদিগকে যুদ্ধে গমন করাইলে তাহারা আপনাদের শত্রুগণকে পরাস্ত করিয়াছিল। কিন্তু কএক বৎসর রাজত্ব করিলে পর তিনি পরমেশ্বরের আজ্ঞা অমান্য করিয়াছিলেন। অনন্তর পরমেশ্বর আপনার আজ্ঞা লঙ্ঘনের নিমিত্তে তাহাকে অনুযোগ করিবার অভিপ্রায়ে শিমূয়েল্‌কে তাহার নিকটে প্রেরণ করিয়াছিলেন। তাহাতে শিমূয়েল্‌ শৌল্‌কে কহিয়াছিলেন "কেননা তুমি পরমেশ্বরের বাক্য অগ্রাহ্য করিয়াছ তিনিও তোমার রাজা থাকন অগ্রাহ্য করিয়াছেন"। অপর শিমূয়েল্‌ প্রস্থান করিবার নিমিত্তে উদ্যত হইলে শৌল্‌ তাহার বস্ত্রের অগ্রভাগ ধরিবাতে তাহা চিরিয়া গিয়াছিল। তাহাতে তিনি তাহাকে বলিয়াছিলেন " পরমেশ্বর তোমা হইতে ইশ্‌রায়েলের রাজ্য চিরিয়াছেন এবং তিনি তাহা তোমাপেক্ষা তোমার এক জন উত্তম প্রতিবাসিকে দিয়াছেন"। ইহার পর শিমূয়েল্‌ শৌলের সহিত আর সাক্ষাৎ করিতে আসেন নাই। কিন্তু তথাপি তিনি তাহার জন্যে বিলাপ করিয়াছিলেন।

প্রশ্ন. এলীর মৃত্যুর পর ইশ্‌রায়েলের উপরে কে বিচারপতির কর্ম্ম করিয়াছিলেন?

উত্তর. শিমূয়েল্‌ তাহা করিয়াছিলেন.

প্র. বিচারপতির পদ ব্যতিরেকে তাহার অন্য কি পদ ছিল?

উ. ভবিষ্যদ্বক্তার পদ ছিল.

প্র. তিনি কি ভাল মানুষ ছিলেন?

উ. হাঁ তিনি ভাল মানুষ-ছিলেন.

প্র. তিনি বৃদ্ধ হইলে ইশ্রা-য়েলীয় লোকেরা তাঁহাকে কি করিতে যাচ্ঞা করিয়াছিল?

উ. তাহারা তাঁহাকে আপ-নাদের কারণ এক রাজা নিযুক্ত করিয়া দিতে যাচ্ঞা করিয়াছিল.

প্র. তাহাদের উপরে কেহ কি রাজা ছিলেন না?

উ. হাঁ তাহাদের উপরে এক জন রাজা ছিলেন.

প্র. তবে এই সময়ে কাহাকে তাহাদের রাজা করিয়া কহা যায়?

উ. স্বয়ং পরমেশ্বরকে.

প্র. অন্য২ জাতির ন্যায় তাহা-দের রাজা পাইবার যাচ্ঞাতে শিমূয়েল্ কি সন্তুষ্ট হইয়া-ছিলেন?

উ. না তিনি তাহা হন নাই.

প্র. পরমেশ্বর শিমূয়েল্কে কি করিতে আজ্ঞা করিয়া-ছিলেন?

উ. তিনি তাহাকে তাহাদের উপরে এক রাজাকে নিযুক্ত করিতে আজ্ঞা করিয়া-ছিলেন.

প্র. কাহাকে ইশ্রায়েলের উপর রাজা করিয়া অভিষেক করিতে পরমেশ্বর শিমূয়ে-ল্কে আজ্ঞা করিয়াছিলেন?

উ. কীশের পুত্র শৌল্কে.

প্র. শিমূয়েল্ তাহাকে কি প্রকারে রাজা করিয়া অভি-ষেক করিয়াছিলেন?

উ. তিনি এক পাত্র তৈল লইয়া তাহার মস্তকোপরি ঢালিয়া দিয়াছিলেন.

প্র. শাউলের রাজা হওয়া ইশ্রায়েলীয় লোকেরা কি ভাল বাসিয়াছিল?

উ. হাঁ তাহারা তাহা ভাল বাসিয়াছিল.

প্র. শৌল্ কি একজন বিক্রান্ত মানুষ ছিলেন ?

উ. হাঁ তিনি তাহা ছিলেন.

প্র. তিনি কি ইশ্রায়েলের বিপক্ষগণকে পরাস্ত করিয়াছিলেন ?

উ. হাঁ তিনি তাহা করিয়াছিলেন.

প্র. তিনি কি সর্ব্বসময়ে পরমেশ্বরের আজ্ঞা মান্য করিয়াছিলেন ?

উ. না তিনি তাহা করেন নাই.

প্র. এরূপ অনাজ্ঞাবহতার নিমিত্তে তাহা হইতে নিকাশ লইতে পরমেশ্বর কাহাকে প্রেরণ করিয়াছিলেন ?

উ. তিনি শিমূয়েল্‌কে তজ্জন্য প্রেরণ করিয়াছিলেন.

প্র. এই অপরাধের জন্যে তাহাকে পরমেশ্বরের কি শাস্তি দিবার কথা তিনি কহিয়াছিলেন ?

উ. তিনি তাহার রাজ্য থাকন অগ্রাহ্য করিবার কথা কহিয়াছিলেন.

প্র. শৌল্ শিমূয়েলের বস্ত্রের অগ্রভাগ ধরিলে পর কি হইয়াছিল ?

উ. তাহা চিরিয়া গিয়াছিল.

প্র. তাহার চিরিয়া যাওন ব্যাপারকে কিসের লক্ষণ করিয়া শিমূয়েল্ ব্যক্ত করিয়াছিলেন ?

উ. পরমেশ্বর শৌল্ হইতে রাজ্য চিরিয়া লইয়াছেন ইহার লক্ষণ করিয়া তিনি তাহা ব্যক্ত করিয়াছিলেন.

প্র. ইহার পর শিমূয়েল্ কি শৌলের সহিত আর সাক্ষাৎ করিতে গিয়াছিলেন ?

উ. না তিনি আর যান নাই.

২—পরে শৌল্ অগ্রাহ্য হইলে পরমেশ্বর শিমূয়েলের নিকটে ব্যক্ত করিয়াছিলেন যে বীৎলেখেমীয় যিশয়ের পরিবারে আমি অন্য এক ব্যক্তিকে ইশ্রায়েলের রাজা করিয়া মনোনীত করিয়াছি। আর তিনি তাহাকে আজ্ঞা করিয়াছিলেন বীৎলেখেমে যিশয়ের বাটীতে যাও এবং সেখানে আমি যাহার নাম করিব তাহাকে অভিষেক কর। . অতএব শিমূয়েল্ বীৎলেখেমে গমন করত যিশয়ের সকল পুত্রকে ডাকাইলে পর যিশয়্ তাহাদের সাত জনকে তাহার সম্মুখে দিয়া চলিয়া লইয়া গিয়াছিল। তাহাতে শিমূয়েল্ বলিয়াছিলেন পরমেশ্বর ইহাদিগকে মনোনীত করেন নাই। তদনন্তর তিনি যিশয়কে অনুজ্ঞা করিয়াছিলেন তোমার কনিষ্ঠ পুত্র দাবিদকে লোক পাঠাইয়া ডাকিয়া আনহ। সেই সময়ে দাবিদ্ আপন পিতার মেষপাল চরাইতে ছিলেন। অপর যিশয়্ দাবিদ্কে ডাকিয়া পাঠাইয়া শিমূয়েলের সম্মুখে আনিয়া দিলে তিনি পরমেশ্বরের আদেশানুসারে তাহাকে নিজ ভ্রাতৃগণের সাক্ষাতে অভিষেক করিয়াছিলেন। সেই অবধি করিয়া শৌলের পরিবর্ত্তে পরমেশ্বর দাবিদ্কে আশীর্ব্বাদ করিয়াছিলেন। ফলতঃ যদিও ইশ্রায়েলের শত্রুবর্গকে পরাস্ত করণের কথা দাবিদেরই ছিল তথাপি যাবৎ শৌলের পরলোক গমন না হইয়াছিল তাবৎ তাহাকে ইশ্রায়েলের রাজা বলিয়া প্রতিপন্ন করা যাইত।

প্রশ্ন. শৌল্কে অগ্রাহ্য করিয়া পরমেশ্বর কাহাকে রাজা হইতে মনোনীত করিয়াছিলেন?

উত্তর. দাবিদ্কে.

প্র. দাবিদ্ কে ছিলেন?

উ. তিনি যিশয়ের পুত্র ছিলেন.

প্র. যখন শিমূয়েল্ দাবিদ্‌কে রাজা করিয়া অভিষেক করিবার জন্যে তাহার পিতার বাটীতে গমন করিয়াছিলেন তখন তিনি কি কর্ম্মে নিযুক্ত ছিলেন?

উ. তখন তিনি মেষপাল চরাইতে ছিলেন.

প্র. তিনি কি যিশয়ের জ্যেষ্ঠ পুত্র ছিলেন?

উ. না তিনি তাহার কনিষ্ঠ পুত্র ছিলেন.

প্র. তাহার অভিষেক হইবামাত্রেই তিনি কি শৌলের পদে নিযুক্ত হইয়াছিলেন?

উ. না তৎপরেই তিনি তাহা হন নাই.

৩—যৎকালীন শিমূয়েল্ দাবিদ্‌কে অভিষেক করিয়াছিলেন তখন তাহার বয়স অত্যল্প ছিল। পরন্তু যাবৎ পরমেশ্বর তাহাকে পশুপালন কর্ম্ম হইতে আহ্বান করিতে উপযুক্ত বুঝেন নাই তাবৎ তিনি সেই কর্ম্মে প্রবৃত্ত ছিলেন। পরে ইশ্রায়েলীয়দের ও পিলেষ্টীয়দের মধ্যে যুদ্ধ হইয়াছিল এবং পিলেষ্টীয়দের মধ্যে গোলিয়াথ্ নামে এক জন বৃহৎকায় বিকটমূর্ত্তি বলবান্ মানুষ ছিল। এই বীর প্রত্যহ অস্ত্র শস্ত্র পরিধান পূর্ব্বক সজ্জা করত হস্তে একটা বৃহৎ বড়শা লইয়া বাহিরে আসিয়া ইশ্রায়েলের সৈন্যের নিকটে উচ্চৈঃস্বরে কহিত" আমার সহিত যুদ্ধ করিতে এক জন লোককে পাঠাইয়া দেও তাহাতে সে ব্যক্তি যদি আমাকে যুদ্ধে পরাস্ত করিয়া বধ করিতে পারে তবে আমরা (অর্থাৎ পিলেষ্টীয়েরা) তোমাদের দাস হইব। কিন্তু যদি আমি তাহাকে পরাস্ত করিয়া বধ করিতে পারি তবে তোমরা আমাদের দাস হইয়া দাসত্ব কর্ম্ম করিবা"। এ কথা শৌল্ ও ইশ্রায়েলীয় লোকদের কর্ণ-

গোচর হইলে তাহারা অত্যন্ত শঙ্কাকুল হইয়াছিল। তাহাতে শৌল্ বলিয়াছিলেন "যদ্যপি কেহ বৃহৎকায়ের সহিত যুদ্ধ করত তাহাকে বধ করিতে পারে তবে আমি আপন কন্যাকে তাহার প্রতি ভার্য্যা করিয়া অর্পণ করিব"।

যে সকল লোক শৌলের সঙ্গে যুদ্ধে গমন করিয়াছিল তাহাদের মধ্যে যিশয়ের তিন জ্যেষ্ঠপুত্র ছিল। পরে যিশয় দাবিদকে আপন ভ্রাতাদের স্থানে শিবিরের মধ্যে উপঢৌকন লইয়া যাইতে প্রেরণ করিয়াছিলেন। অতএব দাবিদ্ নিজ মেষপাল একজন রাখালের নিকটে থুইয়া রণক্ষেত্রে উপস্থিত হইলেই ঐ বৃহৎকায় পূর্ব্ব মত বাহিরে আসিয়া ইশ্রায়েলের সৈন্যের সম্মুখে আস্পর্দ্ধা করিতেছিল। এমত হইলে দাবিদ্ সমীপে দণ্ডায়মান লোকদিগকে তাহার বিষয় জিজ্ঞাসাবাদ করিতেছেন ইতিমধ্যে সেই পিলেস্টীয়ের সহিত সংগ্রাম করিবার ইচ্ছা পরমেশ্বর তাহার মনে উদয় করিয়া দিয়াছিলেন। অপর শৌল্ দাবিদের কথা শ্রুত হইয়া তাহাকে ডাকিয়া পাঠাইলে তিনি তাহার স্থানে বলিয়াছিলেন "ঐই পিলেস্টীয় প্রযুক্ত কাহারো হৃদয় যেন ভরসাহীন না হয় কারণ আমি তোমার দাস যাইয়া তাহার সহিত যুদ্ধ করিব"। অতএব শৌল্ দাবিদ্কে আপনার সজ্জা দিয়া সসজ্জ করিলে পর তিনি তাহাকে বলিয়াছিলেন "আমি ইহার সহিত যাইতে পারি না"। সুতরাং তিনি সেই সজ্জা ত্যাগ পুরঃসর আপন যষ্টি হস্তে লইয়াছিলেন। এতদ্ভিন্ন তিনি পাঁচ চিক্কণ প্রস্তর এক সরোবর হইতে বাছিয়া রাখালের ঝুলিতে করিয়া লইয়াছিলেন। আর তাহার হাতে তাহার ফিঙ্গা ছিল। অনন্তর সেই পিলেস্টীয় দাবিদ্কে দেখিয়া তুচ্ছ-

তাচ্ছল্য করত আপনার দেবতার নামে তাহাকে শাপ দিয়া-ছিল। এমত সময়ে দাবিদ্ আপন ঝুলির ভিতর হইতে এক প্রস্তর বাহির করিয়া ফিঙ্গাতে পাক দিয়া তাহার কপালে আঘাত করিলে সে ভূমিতে অধোমুখ হইয়া পড়িয়া গিয়াছিল। তাহাতে দাবিদ্ বৃহৎকায়ের নিজের খড়্গ তাহার পার্শ্ব হইতে বাহির করিয়া লইয়া তাহাকে বধ করত তাঁহার শিরশ্ছেদন করিয়াছিলেন। এই প্রকারে পিলেষ্টীয়েরা আপনাদের বীরের মৃত্যু দেখিয়া পলায়ন করিলে পর ইশ্রায়েলীয়েরা তাহাদের পশ্চাদ্ধাবন করিয়া মহাজয় প্রাপ্ত হইয়াছিল। ইহার পর দাবিদ্ সেই পিলেষ্টীয়ের মুণ্ড লইয়া শৌলের স্থানে আনিয়া দিয়াছিলেন তাহাতে ইশ্রায়েলের মধ্যে মহানন্দ হইয়াছিল।

প্রশ্ন. শৌলের সহিত সহবাস করিবার পূর্ব্বে দাবিদ্ কি কর্ম্ম করিতেন ?
উত্তর. তখন তিনি আপন পিতার মেষপালন কর্ম্ম করি-তেন.
প্র. শৌলের কালে কে ইশ্-রায়েলের কাছে আস্পর্দ্ধা করিয়াছিল ?
উ. গোলিয়াথ্.
প্র. সে কে ছিল ?
উ. এক জন বড় বৃহৎকায় ছিল.
প্র. সে কোন্ জাতির মানুষ ছিল ?
উ. সে এক জন পিলেষ্টীয় ছিল.

প্র. সেই সময়ে ইশ্রায়েলীয় ও পিলেষ্টীয় লোকদের মধ্যে কি যুদ্ধ হইযাছিল?

উ. হাঁ তাহা হইয়াছিল.

প্র. গোলিয়াথের সহিত যুদ্ধ করে এমত কোন সাহসি মানুষ কি ইশ্রায়েলের শিবিরের মধ্যে ছিল?

উ. না এমত মানুষ ছিল না.

প্র. এই বৃহৎকায়ের তর্জ্জনেতে করিয়া শৌল্ আপনি ও তাহার লোকেরা কি ভয় পাইয়াছিল?

উ. হাঁ তাহারা উভয়েই ভয় পাইয়াছিল.

প্র. যিশয়্ দাবিদ্‌কে কি কর্ম্মে শিবিরস্থানে পাঠাইয়াছিলেন?

উ. নিজ ভ্রাতাদের নিকটে উপঢৌকন লইয়া যাইতে.

প্র. এই বৃহৎকায় ইশ্রায়েলের নিকটে কয় দিন আস্পর্দ্ধা করিলে পর দাবিদ্ শিবিরস্থানে গিয়া উপস্থিত হইয়াছিলেন

উ. চল্লিশ দিন.

প্র. দাবিদ্ কি তাহাকে দেখিয়াছিলেন?

উ. হাঁ তিনি তাহাকে দেখিয়াছিলেন.

প্র. যখন দাবিদ্ তাহাকে ইশ্রায়েলের নিকটে আস্পর্দ্ধা করিতে শুনিয়াছিলেন তখন তিনি কি করিতে ইচ্ছা করিয়াছিলেন?

উ. তখন তিনি তাহার সহিত যুদ্ধ করিতে ইচ্ছা করিয়াছিলেন.

প্র. এই বলবান্ বৃহৎকায়ের সহিত যুদ্ধ করিবার জন্যে দাবিদ্কে কে ইচ্ছুক করিয়াছিলেন ?

উ. পরমেশ্বর তাহাকে তজ্জন্য ইচ্ছুক করিয়াছিলেন.

প্র. দাবিদ্ যে এই বৃহৎকায়ের সহিত যুদ্ধ করিবেন ইহাতে শৌলের কি সম্মতি ছিল ?

উ. হাঁ ইহাতে তাহার সম্মতি ছিল.

প্র. দাবিদ্ কি গোলিয়াথের ন্যায় অস্ত্র শস্ত্রে সসজ্জ হইয়া গমন করিয়াছিলেন ?

উ. না তিনি সসজ্জ হইয়া গমন করেন নাই.

প্র. তিনি কিরূপ অস্ত্র সঙ্গে করিয়া লইয়া গিয়াছিলেন ?

উ. কতক গুলিন প্রস্তর ও একটি ফিঙ্গা মাত্র.

প্র. তাহাতে এই বৃহৎকায় কি দাবিদ্কে ক্ষুদ্র বীর জ্ঞান করত তুচ্ছতাচ্ছল্য করে নাই?

উ. হাঁ সে তাহা করিয়াছিল.

প্র. সে কি করিয়াছিল ?

উ. সে আপনার দেবতার নামে দাবিদ্কে শাপ দিয়াছিল.

প্র. সে কাহাদিগকে আপনার দেবতা করিয়া বলিয়াছিল ?

উ. প্রতিমাগণকে.

প্র. কে যুদ্ধে জয়ী হইয়াছিলেন ?

উ. দাবিদ্ জয়ী হইয়াছিলেন.

প্র. তিনি কিরূপে এই বৃহৎকায়কে বধ করিয়াছিলেন ?

উ. তিনি তাহার কপালে প্রস্তরাঘাতের দ্বারা তাহাকে বধ করিয়াছিলেন.

প্র. তাহাতে সে কি তৎক্ষণাৎ ভূমিতে পড়িয়া গিয়াছিল?

উ. হাঁ সে পড়িয়া গিয়াছিল.

প্র. তখন দাবিদ্ কি করিয়াছিলেন?

উ. তখন তিনি ঐ বৃহৎকায়ের নিজের খড়্গ লইয়া তাহার শিরশ্ছেদন করিয়াছিলেন.

প্র. তিনি তাহার মুণ্ড কাহার স্থানে লইয়া গিয়াছিলেন?

উ. তিনি তাহা শৌলের স্থানে লইয়া গিয়াছিলেন.

প্র. ঐই বৃহৎকায়ের বধের পর ইশ্রায়েলেতে কি বড় আনন্দ হয় নাই?

উ. হাঁ তথায় বড় আনন্দ হইয়াছিল.

[প্র. এলীর মৃত্যুর পর পরমেশ্বর কাহাকে ইশ্রায়েলের বিচার ও শাসনকর্ত্তার পদে নিযুক্ত করিয়াছিলেন?

উ. শিমুয়েল্ ভবিষ্যদ্বক্তাকে

প্র. শিমুয়েল্ বৃদ্ধ হইলে পর কাহারা সেই পদে নিযুক্ত হইয়াছিল?

উ. তাহার পুত্রদ্বয় যোয়েল্ ও অবিয়াহ্.

প্র. ইহারা আপনাদের কর্ম্ম ন্যায্য ও বিহিত রূপে না করিলে ইশ্রায়েলীয়েরা কি করিয়াছিল?

উ. তাহারা স্বেচ্ছাপূর্ব্বক শিমুয়েল্‌কে এক রাজা নিযুক্ত করিতে অনুরোধ করিয়াছিল.

প্র. শৌল্‌কে সংগোপনে রাজ্যাভিষিক্ত করিবার পর শিমুয়েল্ তাহাকে সকলের সাক্ষাতে কি প্রকারে রাজারপদে নিযুক্ত করিয়াছিলেন?

উ. তিনি গুলিবাঁটদ্বারা তাহা করিয়াছিলেন.

প্র. শৌল্ কোন্ বংশজাত?

উ. তিনি বিন্যামিনের বংশজাত.

প্র. শৌলের যে দুই বিশেষ ক্রিয়াতে পরমেশ্বর অসন্তুষ্ট হইয়াছিলেন সে ক্রিয়াদ্বয় কি?

উ. সে ক্রিয়াদ্বয় এই যে শৌল্ শেষ পর্য্যন্ত শিমূয়েলের অপেক্ষা না করিয়া বলিদানাদি ব্যাপার নিষ্পন্ন করিয়াছিলেন আর পরমেশ্বরের আজ্ঞানুসারে অমালেকীয়দিগকে নিঃশেষে বিনষ্ট করেন নাই.

প্র. দাবিদ্ কোন্ বংশজাত?

উ. তিনি যিহুদাহের বংশজাত.

প্র. তাহার বৃদ্ধ পিতামহীর নাম কি?

উ. সেই স্ত্রীলোকের নাম রূথ্.

প্র. এই রূথের বৃত্তান্ত কিছু কহ?

উ. বিচার কর্ত্তৃগণের কালে ইশ্রায়েলে দুর্ভিক্ষ হইবাতে নয়মী নাম্নী এক স্ত্রীলোক আপন স্বামী এলীমেলেক্ ও পুত্রদ্বয় মথ্লোন্ এবং কিলিয়োনের সমভিব্যাহারে মোয়াব্ দেশে আসিয়া প্রবাস করিয়া তথায় দুই পুত্রের বিবাহ দুই মোয়াবীয় কন্যার সহিত দিয়াছিল। পরে মোয়াবে তাহার স্বামির ও পুত্রদের মৃত্যু হইলে পর সে মথ্লোনের ভার্য্যা রূথের সহিত স্বদেশে প্রত্যাগমন করিয়াছিল। অপর রূথ্ সেখানে আপনার পূর্ব্বস্বামির আত্মীয় বোয়াস্ নামে এক ব্যক্তিকে বিবাহ করিয়াছিলেন.]

সপ্তদশ উপদেশ।

১— শৌলের পুত্র যোনাথান্ ও দাবিদের মধ্যে পরস্পর বন্ধুতা ছিল কিন্তু শৌল্ আপনি তাহার প্রতি ঈর্ষ্যা ও বিপক্ষতা করিত। ইহার কারণ এই ছিল যে প্রজাগণ তাহার অপেক্ষা দাবিদ্কে অধিক ভাল বাসিত। সুতরাং তাহার শঙ্কা হইয়াছিল পাছে তাহার পরিবর্ত্তে দাবিদ্ রাজ্যপ্রাপ্ত হন। অতএব শৌল্ আপন পুত্র যোনাথান্ ও নিজ দাসদিগকে দাবিদের বধের আজ্ঞা করিয়াছিল। তাহাতে যোনাথান্ দাবিদ্কে পলায়ন করিতে পরামর্শ দিয়াছিলেন। পরন্তু তাহারা দুই জনে পরস্পর প্রকৃত ও বিশ্বস্ত বন্ধুর ন্যায় ব্যবহার করিবার দিব্য করিয়াছিলেন।

তদনন্তর দাবিদ্ স্থানে২ পলাইয়া বেড়াইতে বাধিত হইয়াছিলেন যেহেতুক শৌল্ তাহার কোন স্থলে বাসের কথা শুনিলেই সেখান হইতে তাহাকে ধরিয়া আনিবার জন্যে লোক প্রেরণ করিত। পরে যখন দাবিদ্ অদুল্লাম্ গুহাতে পলাইয়া গিয়াছিলেন তখন তাঁহার নিকটে অনেক গুলিন মানুষ আগমন করিয়াছিল। এই ব্যক্তিরা শৌলের রাজ্যশাসনেতে দুঃখ পাইবাতে অসন্তুষ্টচিত্ত হইয়াছিল এবং ইহাদের মধ্যে শৌলের কএক জন অতিবিক্রান্ত সেনাপতি ছিল। কিন্তু শৌলের জীবদ্দশায় দাবিদ্ রাজ্যপ্রাপ্তির নিমিত্তে কোন চেষ্টা করেন

নাই। যেহেতুক শৌল্ পরমেশ্বরের আজ্ঞাতে রাজপদাভাবক্ত হইয়াছিল। আর যাবৎ শৌল্ দাবিদ্‌কে বধ করিবার জন্যে সর্ব্বত্রে অন্বেষণ করিয়া বেড়াইতেছিল তাবৎ দাবিদ্ তাহাকে দুই বার বধ করিলে করিতে পারিতেন। কিন্তু শৌল্ এরূপ অবস্থাপন্ন হইলেও তিনি তাহার প্রাণরক্ষা করিয়াছিলেন। যথা। এক সময়ে এমত হইয়াছিল যে দাবিদ্ নিজ লোকদের সঙ্গে এক গুহাতে লুকাইয়া থাকিলে তথায় শৌল্ একাকী গিয়া উপস্থিত হইয়াছিল। তথাপি শৌলকে আঘাত করিতে দাবিদের ইচ্ছা হয় নাই। অতএব তিনি কেবল তাহার বস্ত্রের একাংশ কাটিয়া লইয়াছিলেন। ইহাতে দাবিদের এই অভিপ্রায় ছিল যে শৌল্ যেন জানিতে পারে যে সে তাহার হস্তগত হইয়াছিল। অনন্তর আর এক সময়ে দাবিদ্ আপনার এক জন অবীশয়্ নামক সৈন্যাধ্যক্ষের সহিত শৌল্‌কে নিজ তাম্বুতে নিদ্রা যাইতে এবং তাহার প্রহরিগণকে তন্দ্রাযুক্ত থাকিতে দেখিয়াছিলেন। ইত্যবসরে অবীশয়্ দাবিদ্‌কে নিবেদন করিয়াছিল আপনি যদি অনুমতি করেন তবে আমি গিয়া শৌল্‌কে একবারে ভূমির উপরে মারিয়া রাখিয়া দিই। কিন্তু এ কথাতে দাবিদ্ সম্মত হন নাই। কিন্তু শৌল্ যেন জানিতে পারে যে দাবিদ্ পুনরায় তাহার প্রাণ রক্ষা করিয়াছেন ইহার জন্যে তিনি তাহার বালিশের নিকট হইতে রাজবড়শা ও একটি জলপাত্র লইয়া প্রস্থান করিয়াছিলেন। পরে শৌল্ তাহা অবগত হইলে দাবিদের স্থানে অঙ্গীকার করিয়াছিল যে আমি আর কদাপি তোমার মন্দের চেষ্টা পাইব না।

প্রশ্ন. শৌলের পুত্রদের মধ্যে দাবিদ্‌কে কে ভাল বাসিতেন ?
উত্তর. যোনাথান্.
প্র. যখন শৌল্ শুনিয়াছিল যে লোকে দাবিদের প্রশংসা করে তখন তাহার কি শঙ্কা হইয়াছিল ?
উ. তখন তাহার এই শঙ্কা হইয়াছিল পাছে দাবিদ্ তাহার হইতে রাজ্যপ্রাপ্ত হন.
প্র. তজ্জন্য শৌল্ নিজপুত্র ও দাসগণকে কি করিতে অনুজ্ঞা করিয়াছিল ?
উ. তজ্জন্য শৌল্ দাবিদ্‌কে বধ করিতে তাহাদিগকে অনুজ্ঞা করিয়াছিল.
প্র. তাহাতে যোনাথান্ দাবিদ্‌কে কি করিতে পরামর্শ দিয়াছিলেন ?
উ. যিরূশালেম্ হইতে প্রস্থান করিতে.
প্র. এই দুই জন বন্ধুর পরস্পর পৃথক্ হওয়াতে তাহাদের উভয়েরই কি দুঃখ হয় নাই ?
উ. হাঁ উভয়েরই দুঃখ হইয়াছিল.
প্র. ইহার পর দাবিদের কি হইয়াছিল ?
উ. ইহার পর তিনি স্থানে২ পলাইয়া বেড়াইতে বাধিত হইয়াছিলেন.
প্র. তাহার প্রতি কি করিবার জন্যে শৌল্ চেষ্টা পাইয়াছিল ?
উ. তাহাকে ধরিবার জন্যে শৌল্ চেষ্টা পাইয়াছিল.
প্র. শৌল্ হইতে রাজ্য পাইতে দাবিদ্ কি যত্ন করিয়াছিলেন?
উ. না তিনি এমত যত্ন করেন নাই.
প্র. কেন তিনি এমত যত্ন করেন নাই ?
উ. কারণ শৌল্ রাজপদে অভিষিক্ত হইয়াছিল.
প্র. শৌলের বিরুদ্ধে প্রতিহিংসা করিবার নিমিত্তে দাবিদ্ কি সুযোগ পান নাই?
উ. হাঁ তিনি তাহা পাইয়াছিলেন.

২— যে সময়ে শৌল্ দাবিদের বিপক্ষতা করিতেছিল তৎকালে পিলেষ্টীয়েরা বহু সৈন্য সামন্ত একত্র করিয়া তাহার বিরুদ্ধে যুদ্ধ আরম্ভ করিয়াছিল। তাহাতে শৌল্ তাহাদের সেনাগণকে দেখিয়া অত্যন্ত উদ্বিগ্নচিত্ত হইয়াছিল। যেহেতুক পরমেশ্বর এক্ষণে তাহাকে পরিত্যাগ করিয়াছিলেন ও শিমূয়েল্ও এখন বিদ্যমান ছিলেন না। অতঃপর পিলেষ্টীয়েরা সংগ্রাম করিতে লাগিলে ইশ্রায়েলীয়েরা তাহাদের সম্মুখ হইতে পলায়ন করিয়াছিল। আর শৌল্ কুস্থানে আঘাত পাইবাতে আপনার সৈন্যের সমভিব্যাহারে পলাইয়া যাইতে সমর্থ হয় নাই। অতএব পাছে শত্রুর হস্তে পড়িতে হয় ইহা শৌল্ ভয় করিয়া নিজ অস্ত্রবাহককে বিনতি করিয়াছিল যে সে তাহার অন্তরের মধ্যে খড়্গ চালাইয়া তাহাকে বধ করে। কিন্তু সেই ব্যক্তি তাহা করিতে স্বীকার না করিয়া আপনি আপনাকে বধ করিয়াছিল। তদনন্তর শৌল্ নিজ খড়্গের উপরে পড়িয়া প্রাণত্যাগ করিয়াছিল এবং যোনাথান্ ও শৌলের অন্য দুই জন পুত্র রণক্ষেত্রে বধ হইয়াছিল।

শৌলের মৃত্যুর পরেই দাবিদের নিকটে এক জন মানুষ ছিন্নবস্ত্র ও ধূলাযুক্ত মস্তকে শোককারির বেশে আগমন করিয়াছিল এবং সেই ব্যক্তি দাবিদের স্থানে শৌলের মুকুট ও বলয় আনিয়া তাহাকে শৌল্ ও যোনাথানের মৃত্যুর কথা জ্ঞাপন করিয়াছিল। তাহাতে দাবিদ্ ও তাহার সঙ্গি লোকেরা আপনাদের বস্ত্র চেরণ পূর্ব্বক শৌল ও যোনাথানের নিমিত্তে এবং তাহাদের সঙ্গে অন্য২ যুদ্ধে হত মনুষ্যদের জন্যে অতিশয় শোক ও বিলাপ করিয়াছিল।

প্রশ্ন. শৌল্ আপনার পুত্র-দের সমভিব্যাহারে কাহা-দের সহিত যুদ্ধ করিয়া-ছিল?

উত্তর. পিলেষ্টীয়দের সহিত.

প্র. কাহারা জয়প্রাপ্ত হইয়া-ছিল?

উ. পিলেষ্টীয়েরা জয়প্রাপ্ত হইয়াছিল.

প্র. শৌলের কি দশা হইয়া-ছিল?

উ. শৌল্ আঘাত পাইয়াছিল.

প্র. শৌল্ আপনার প্রাণের শেষ করণার্থে কি চেষ্টা পাইয়াছিল?

উ. শৌল্ আপন খড়্গোপরি পড়িয়া প্রাণত্যাগ করিয়া-ছিল.

প্র. তাহার অস্ত্রবাহকও কি তদ্রূপ করিয়াছিল?

উ. হাঁ সেও তদ্রূপ করিয়া-ছিল.

প্র. কে২ যুদ্ধে বধ হইয়াছিল?

উ. শৌলের তিন পুত্র.

প্র. ইহাদের মধ্যে যোনাথান্ কি এক জন?

উ. হাঁ তিনি এক জন.

প্র. শৌলের মৃত্যুর কথা শুনিয়া দাবিদ্ কি আহ্লাদ করিয়াছিলেন?

উ. না বরঞ্চ তিনি তাহা শুনিয়া শোক করিয়াছিলেন.

[প্র. পরমেশ্বরের আত্মা শৌল্ হইতে অন্তর্হিত হইলে তাহার অন্তরে দুষ্ট আত্মা কি প্রবেশ করে নাই?

উ. হাঁ তাহার অন্তরে দুষ্ট আত্মা প্রবেশ করিয়াছিল.

প্র. যৎকালীন এই আত্মা দ্বারা শৌলের ক্লেশ ও দুঃখ হইত তখন সে কিসের দ্বারা উপশম পাইত?

উ. তখন সে দাবিদের বীণা-বাজানদ্বারা উপশম পাইত.

প্র. তবে বাণাবাদকের কর্ম্মোপলক্ষে শৌলের সহিত দাবিদের কি প্রথমে আলাপ হয়?

উ. হাঁ তদ্দ্বারাই তাহার সহিত দাবিদের প্রথমে আলাপ হয়.

প্র. শৌলের নিকটে দাবিদ্ কি কেবল বীণাবাদকের কর্ম্ম করিতেন?

উ. না তিনি তাহার জন্যে পিলেষ্টীয়দিগকে যুদ্ধে পরাজয় করিয়াছিলেন.

প্র. শৌল্ মেরাব্ ও মীকাল্ নাম্নী আপন দুই কন্যার বিবাহ্ দাবিদের সঙ্গে দিবার উপলক্ষে তাহাকে যে পিলেষ্টীয়গণের সহিত সংগ্রাম করিতে পাঠায় ইহার তাৎপর্য্য কি ছিল?

উ. ইহার্ তাৎপর্য্য এই ছিল যে দাবিদ্ যেন রণক্ষেত্রে বধ হন.

প্র. শৌলের কোন্ কন্যার সহিত দাবিদের বিবাহ হইয়াছিল?

উ. কনিষ্ঠা কন্যা মীকালের সহিত.

প্র. পরে দাবিদ্ শৌল্ হইতে পলাইয়া কোথায় দুই বার লুকাইয়া ছিলেন?

উ. পিলেষ্টীয়দের দেশে.

প্র. যদবধি তিনি তাহাদের সঙ্গে ছিলেন তাহার মধ্যে এক বারও কি তিনি ইশ্রায়েলের বিরুদ্ধে যুদ্ধ করেন নাই?

উ. না তিনি তাহা একবারও করেন নাই.

প্র. তিনি শৌলের ক্রোধ হইতে আপন পিতার পরিজনকে কোথায় রাখিয়া বাঁচাইয়াছিলেন?

উ. মোয়াবের রাজার দেশে.

প্র. কেন শৌল্ পরমেশ্বরের যাজকগণকে বধ করাইয়াছিল?

উ. কারণ সে তাহাদিগকে দাবিদের সপক্ষ করিয়া জ্ঞান করিয়াছিল.

প্র. ঐন্দোরে একজন ভূতড়িয়া স্ত্রীলোকের বাটীতে শৌল্কে কি কথিত হইয়াছিল?

উ. এই কথিত হইয়াছিল যে তাহার ও তাহার পুত্রদ্বয়ের মরণ আগামি কল্য হইবে.

প্র. শৌলের মৃত্যু হইলে পর দাবিদ্ কি খেব্রোণে গিয়া যিহুদাহ্ গোষ্ঠীর, উপরে রাজা হইয়াছিলেন?

উ. হাঁ তিনি তাহা হইয়াছিলেন.

প্র. শৌলের পুত্র ইশ্বোশেথ্ কাহাদের উপরে রাজত্ব করিয়াছিল?

উ. অন্য দশ গোষ্ঠীর উপরে.

প্র. অব্নের্ সৈন্যাধ্যক্ষ তাহাকে ছাড়িয়া আইলে পর তাহার কি দশা হইয়াছিল?

উ. তাহার নিজের দুই জন দাস তাহাকে বধ করিয়াছিল.

প্র. ইহার পর তাহার অধীনস্থ লোকেরা কি দাবিদের স্থানে আসিয়াছিল?

উ. হাঁ তাহারা তাহা করিয়াছিল.

প্র. দাবিদ্ খেব্রোণে কত দিন রাজত্ব করেন?

উ. সাত বৎসর ছয় মাস এবং তাহার পর তিনি যিরূশালেমে আগমন করিয়াছিলেন.]

অষ্টাদশ উপদেশ।

১— শৌলের মৃত্যুর পর দাবিদ্ রাজসিংহাসনোপরি উপবেশন করেন। অপর তিনি কিরয়থ-যিয়ারীমস্থ অবীনাদাবের বাটী হইতে পরমেশ্বরের সিন্দুক আনিবার জন্যে তথায় যাজকগণের ও লেবীয়দের সমভিব্যাহারে গমন করিয়াছিলেন। যেহেতুক এলীর পরলোক গমনানন্তর পিলেষ্টীয়েরা পূর্ব্বোক্ত সিন্দুক ফিরিয়া পাঠাইলে পর তাহা সেই সময়াবধি করিয়া বিংশতি বৎসর এই স্থানে ছিল। পরে তাহা সেখান হইতে দাবিদ্ নগর সীয়োনেতে আনীত হইয়াছিল। আর তৎকালীন দাবিদ্ আপন রাজকীয় বস্ত্র ছাড়িয়া মসীনা বস্ত্র পরিহিত যাজক ও লেবীয়গণের মধ্যে মিশিয়া তাহাদের সঙ্গে পরমেশ্বরের সিন্দুকের সম্মুখে নানাপ্রকার বাদ্য যন্ত্র বাজাইয়াছিলেন। এই রূপে দাবিদ্ এবং তাবৎ ইশ্রায়েলের বংশজাত লোক পরমেশ্বরের সিন্দুক কলরব নৃত্য ও তূরীধ্বনি পূর্ব্বক আনয়ন করিলে তাহা স্বস্থানে অর্থাৎ দাবিদ্ তজ্জন্য যে আবাস নির্ম্মাণ করিয়াছিলেন তাহার মধ্যে স্থাপিত হইয়াছিল।

পরন্তু দাবিদ্ নিজ রাজ্যে স্থিরীকৃত হইয়া মোশেহের ব্যবস্থানুসারে হোমাদি উৎসর্গ করিয়াছিলেন। অপর সে সমস্তের শেষ হইলে পর তিনি আপন প্রজাগণকে আশীর্ব্বাদ করিয়াছিলেন। আরও তিনি স্ত্রী পুরুষ করিয়া সমুদয় ইশ্রায়েলীয় লোকের মধ্যে প্রত্যেক ব্যক্তিকে এক২ রুটী ও এক২ বড়

মাংসখণ্ড এবং এক২ পাত্র দ্রাক্ষারস বিতরণ করিয়াছিলেন। ইহার পর তাবৎ মানুষ স্ব২ ঘরে প্রস্থান করিয়াছিল।

দাবিদ্ ভক্তি পূর্ব্বক পরমেশ্বরের সেবা করিতেন সুতরাং তিনি দেবদেবীর উপাসনা না করিয়া বরং তাহাদিগকে ঘৃণা করিতেন। অতএব পরমেশ্বর তাহাকে আপনার মনোগত লোক করিয়া বিখ্যাত করিয়াছিলেন এবং তাহাকে সকল শত্রুর উপর জয় প্রদান করিয়াছিলেন। তাহাতে পৃথিবীস্থ তাবৎ রাজ্যাপেক্ষা তাহার রাজ্যের অধিক বৃদ্ধি হইয়াছিল। আর যে সকল দেবপূজক জাতিগণ পূর্ব্বে পরাস্ত হয় নাই দাবিদ্ তাহাদিগকে পরাভূত করত বহু ধন লইয়াছিলেন।

প্রশ্ন. শৌলের মৃত্যুর পর কে রাজা হইয়াছিলেন?

উত্তর. দাবিদ্.

প্র. যখন দাবিদ্ সমুদয় রাজ্য প্রাপ্ত হইয়াছিলেন তখন তিনি যিরূশালেমে কি আনাইয়াছিলেন?

উ. তখন তিনি তথায় পরমেশ্বরের নিয়ম সিন্দুক আনাইয়াছিলেন.

প্র. সেই সিন্দুক বিংশতি বৎসর কোথায় ছিল?

উ. তাহা অবীনাদাবের বাটীতে ছিল.

প্র. সেই বাটী কোথায় ছিল?

উ. তাহা কির্ যথ্—যিয়ারীমে ছিল.

প্র. তৎকালীন দাবিদ্ কি প্রকারে আপনার আনন্দ প্রকাশ করিয়াছিলেন?

উ. তিনি নৃত্যাদিদ্বারা তাহা প্রকাশ করিয়াছিলেন.

প্র. কেন তিনি নৃত্যাদি করিয়াছিলেন?

উ. কারণ সে সময়ে তদ্রূপ করিবার প্রথা ছিল.

প্র. পূর্ব্বোক্ত বণটীতে সিন্দুক কোথায় রাখা গিয়াছিল?

উ. তাহা দাবিদ্ কর্ত্তৃক প্রস্তুত আবাসের মধ্যে রাখা গিয়াছিল.

প্র. দাবিদ্ ইশ্রায়েলের রাজা হইলে পর তিনি কি পরমেশ্বরের উপাসনা ও আজ্ঞা পালন করিয়াছিলেন?

উ. হাঁ তিনি তাহা করিয়াছিলেন.

প্র. তিনি কি কদাপি দেব দেবীর পূজা করেন নাই?

উ. না তিনি কদাপি তাহা করেন নাই.

প্র. এ প্রযুক্ত পরমেশ্বর তাহাকে কি বলিয়া বিখ্যাত করিয়াছিলেন?

উ. এ প্রযুক্ত তিনি তাহাকে আপনার মনোগত লোক বলিয়া বিখ্যাত করিয়াছিলেন.

২—যদিও দাবিদ্ দেবদেবীর পূজাতে না আসক্ত হইয়া কেবল পরমেশ্বরের সেবা করিতেন তথাপি তিনি এক বিষয়ে বড় পাপ করিয়াছিলেন। যেহেতুক তাহার মন থিতীয় ঊরীয়াহের ভার্য্যা বথ্শেবাতে অনুরক্ত হইয়াছিল। এই ব্যক্তি তাহার এক জন বিক্রান্ত সৈন্যাধ্যক্ষ ছিল। পরে দাবিদ্ ঊরীয়াহ্কে বধ করাইলে পর সে মরিয়াছিল এবং তদনন্তর তিনি লোক পাঠাইয়া বথ্শেবাকে আনয়ন করিলে সেই স্ত্রী লোক তাহার ভার্য্যা হইয়াছিল।

অপর দাবিদ্‌কে অনুযোগ করিবার জন্যে পরমেশ্বর নাথান্‌ আচার্য্যকে তাহার স্থানে পাঠাইয়াছিলেন। পরন্তু তিনি আপন অপরাধের কারণ অনুতাপ করত প্রজাগণের গোচরে আপনাকে নম্র করিলে পরমেশ্বর তাহাকে প্রাণে না মারিয়া তাহার উপর অনেক ক্লেশ আসিতে দিয়াছিলেন। যথা প্রথমে তাহার নবজাত সন্তান নষ্ট হইয়াছিল তৎপরে তাহার পুত্রদের মধ্যে পরস্পর বিবাদ হইবাতে অব্‌শালোম্‌ আপন ভ্রাতা অম্‌নোন্‌কে বধ করিয়াছিল। ইহাতে করিয়া দাবিদের অতিশয় শোক হইয়াছিল।

প্রশ্ন. দাবিদ্‌ যে মহাপাপ করেন তাহা কি?

উত্তর. তাহা এই যে তিনি ঊরীয়াহ্‌কে বধ করাইয়া তাহার ভার্য্যাকে গ্রহণ করিয়াছিলেন.

প্র. তাহাকে তজ্জন্য অনুযোগ করণার্থে পরমেশ্বর কাহাকে প্রেরণ করিয়াছিলেন?

উ. নাথান্‌ আচার্য্যকে.

প্র. দাবিদ্‌ অনুতাপ করিলে পর পরমেশ্বর কি তাহার প্রাণ রক্ষা করিয়াছিলেন?

উ. হাঁ তিনি তাহা করয়াছিলেন.

প্র. তবে পরমেশ্বর কি বলিয়াছিলেন যে দাবিদ্‌ শাস্তি পাইবেন না?

উ. না তিনি এমত বলেন নাই.

প্র. কোথায় হইতে তাহার দুঃখ উৎপন্ন হইবার কথা ছিল?

উ. তাহার নিজ পরিবার হইতে.

প্র. তাহার পরিজনের মধ্যে প্রথমে কি অমঙ্গল হয়?

উ. তাহার নবজাত সন্তান নষ্ট হইয়াছিল

প্র. তৎপরে কি হইয়াছিল ?

উ. তৎপরে তাহার সন্তানদের মধ্যে বিবাদ হইয়াছিল.

প্র. তাহাদের মধ্যে যাহার নাম অব্‌শালোম্‌ সে কি করিয়াছিল ?

উ. সে নিজ ভ্রাতা অম্‌নোন্‌কে বধ করিয়াছিল.

৩— ইহার পর অব্‌শালোম্‌ আপনার জন্যে রথ ও অশ্ব এবং অগ্রে গমনকারি পঞ্চাশ লোককে প্রস্তুত করিয়াছিল। এই রূপে সে আপনার প্রতি সমস্ত ইশ্‌রায়েলের মন হরণ করিতে চেষ্টা করিয়াছিল। তাহাতে যেন তাহারা তাহাকে আপন পিতা দাবিদের পরিবর্ত্তে রাজা করে। পরে সে দাবিদের বিপরীতে যুদ্ধ করিবার নিমিত্তে অনেক সৈন্য একত্র করিয়াছিল। এমত হইলে পর এক জন দূত দাবিদের নিকটে আসিয়া কহিয়াছিল যে "অব্‌শালোমের পক্ষে অর্থাৎ তাহাকে রাজা করণে ইশ্‌রায়েলীয় লোকদের মন হইয়াছে"।

অপর দাবিদ্‌ শঙ্কা করিয়াছিলেন পাছে অব্‌শালোম্‌ তাহাকে বধ করে নতুবা সে আপনিই মারা পড়ে। অতএব তিনি যিরূশালেমস্থ তাবৎ সঙ্গি অনুচরকে কহিয়াছিলেন "চল আমরা উঠিয়া পলায়ন করি"। পরে রাজা বাটীর বাহির হইলে তাহার পরিজনগণ তাহার সহিত গমন করিয়াছিল। এই রূপে যখন দাবিদ্‌ অব্‌শালোম্‌ হইতে পলায়ন করেন তখন তিনি যৈতুন পর্ব্বতের পথ দিয়া গমন করিয়াছিলেন। আর গমন করিতে২ তিনি ক্রন্দন করিয়াছিলেন এবং তৎকালীন তাহার মস্তক আচ্ছাদিত ও তাহার পা অনাচ্ছাদিত ছিল। এই

সময়ে যে সমস্ত লোক তাহার সঙ্গে যায় তাহারাও প্রত্যেকে আপনং মস্তক আচ্ছাদন করত রোদনপূর্ব্বক গমন করিয়াছিল।

যদিও অব্‌শালোম্‌ দুষ্টতাপূর্ব্বক আপনার পিতার বিরুদ্ধে সৈন্য একত্র করত যুদ্ধে গমন করিয়াছিল তথাপি দাবিদ্‌ তাহাকে ভাল বাসিতেন। যখন অব্‌শালোমের পক্ষ লোকদের সহিত সংগ্রাম করণার্থে ইশ্‌রায়েলীয়গণ একত্র হইয়া আসিয়াছিল তখন দাবিদ্‌ তাবৎ অধ্যক্ষকে ইহা দৃঢ় আজ্ঞা করত কহিয়াছিলেন যে "তোমরা আমার অনুরোধে অব্‌শালোমের সহিত কোমল ব্যবহার করিও"। কিন্তু একজন এতাদৃশ অনাজ্ঞাবহ পুত্র যে শাস্তি না পায় ইহা পরমেশ্বরের অভিমত নহে। অতএব যখন অব্‌শালোম্‌ খচরারূঢ় হইয়া এলাবৃক্ষের নীচে দিয়া গমন করিতেছিল তৎকালীন তাহার চিকণ ও বহু দর্পবিষয়ক কেশ সেই বৃক্ষের শাখাতে জড়াইয়া গিয়াছিল। আর ইতিমধ্যে তাহার নীচস্থ বহনকারি খচর তাহাকে ছাড়িয়া যাইবাতে সে তথায় উদ্বদ্ধ হইয়া ঝুলিতেছিল। ইত্যবসরে যোয়াব্‌ নামে দাবিদের একজন সেনাপতি তাহাকে এলা বৃক্ষের শাখায় উদ্বদ্ধ দেখিয়া তাহাকে সেই অবস্থাতে বড়্‌শাদ্বারা বধ করিয়াছিল। এমত হইলে অব্‌শালোমের সঙ্গি লোকেরা পলায়ন করিয়াছিল। পরে সংগ্রাম সমাপ্ত হইলে পর রাজার নিকটে একজন দূত এই সংবাদ লইয়া আসিয়াছিল যে পরমেশ্বর মহাশয়ের শত্রুর প্রতিহিংসা করিয়াছেন। তাহাতে দাবিদ্‌ জিজ্ঞাসা করিয়াছিলেন "যুব পুরুষ অব্‌শালোম্‌ কি কুশলে আছে"। পরন্তু তাহার মরণের কথা অবগত হইলে রাজা অত্যন্ত ব্যাকুল হওত রোদন-

পূর্ব্বক কাতরোক্তি করিয়াছিলেন যথা। "হায় আমার পুত্র অব্‌শালোম্ হায় আমার পুত্র আমার পুত্র অব্‌শালোম্ যদি আমি তোমার পরিবর্ত্তে মরিতাম হায় অব্‌শালোম্ হায় আমার পুত্র আমার পুত্র"। অনন্তর দাবিদ্ যিরুশালেমে নিজ বাটীতে প্রত্যাগমন করিলে পর প্রজাগণ আনন্দ করিয়াছিল।

প্রশ্ন. অব্‌শালোম্ কি করিতে চেষ্টা করিয়াছিল?

উত্তর. সে প্রজাগণের মন আপনার পিতা হইতে হরণ করিতে চেষ্টা করিয়াছিল.

প্র. কেন সে এমত করিয়াছিল?

উ. কারণ সে যেন দাবিদের পরিবর্ত্তে আপনাকে রাজা করিতে পারে.

প্র. এই মন্ত্রণাতে অনেক ব্যক্তি কি অব্‌শালোমের সঙ্গী হইয়াছিল?

উ. হাঁ অনেকেই তাহা হইয়াছিল.

প্র. দাবিদ্ ও তাহার সঙ্গি লোকেরা যে রোদন করিতে২ যৈতুন পর্ব্বতে গমন করিয়াছিলেন তদবলোকন কি দুঃখের বিষয় ছিল না?

উ. হাঁ তাহা দুঃখের বিষয় ছিল বটে.

প্র. দাবিদের সঙ্গে বহু লোক কি গমন করেন নাই?

উ. হাঁ তাহার সঙ্গে অনেকে গমন করিয়াছিলেন বটে.

প্র. অব্‌শালোমের বিপরীতে দাবিদ্ রাজা কি যুদ্ধে গমন করিয়াছিলেন?

উ. না তিনি তাহা করেন নাই.

প্র. তিনি আপন সৈন্যাধ্যক্ষগণকে কি আজ্ঞা করিয়াছিলেন?

উ. তিনি তাহাদিগকে এই আজ্ঞা করিয়াছিলেন যে তোমরা আমার অনুরোধে অব্‌শালোমের সহিত কোমল ব্যবহার করিও.

প্র. তদ্দ্বারা ইহা কি প্রতিপন্ন হয় নাই যে যদিও অব্‌শালোম্ অনাজ্ঞাবহ ছিল তথাপি দাবিদ্ তাহাকে ভাল বাসিতেন?

উ. হাঁ ইহা প্রতিপন্ন হইয়াছিল বটে.

প্র. দাবিদের না অব্‌শালোমের সেনা জয়ী হইয়াছিল?

উ. দাবিদের.

প্র. যৎকালীন অবশালোম্ খচরারূঢ় হইয়া গমন করিতেছিল তখন তাহার কি দশা হইয়াছিল?

উ. তখন এলাবৃক্ষেতে তাহার মস্তকের কেশ বদ্ধ হইয়া গিয়াছিল.

প্র. যখন দাবিদের এক জন সেনাপতি যোয়াব্ তাহাকে এলাবৃক্ষে ঝুলিতে দেখিয়াছিল তখন সে তাহার প্রতি কি করিয়াছিল?

উ. তখন সে তাহাকে বড়শা দ্বারা বধ করিয়াছিল.

প্র. এই রূপে অব্‌শালোম্ কি আপনার সাধু পিতার বিপক্ষে রাজদ্রোহ প্রযুক্ত সমুচিত দণ্ড পায় নাই?

উ. হাঁ সে তাহা পাইয়াছিল.

প্র. দাবিদ্ কি তাহার মরণে আনন্দ করিয়াছিলেন?

উ. না তিনি তাহা না করিয়া বরং শোক করিয়াছিলেন.

৪—দাবিদ্ বড় বৃদ্ধ হইলে অদোনীযাহ্ নামে আর এক জন পুত্র আপনাকে রাজা করিয়া ব্যক্ত করিলে অনেকে তাহার সহকারিত্ব করিয়াছিল। কিন্তু পরমেশ্বর দাবিদ্‌কে কহিয়াছিলেন যে তাহার পরে শলোমোন্ রাজত্ব করিবেক। অতএব যখন দাবিদ্ শুনিয়াছিলেন যে অদোনীযাহ্ রাজা হইয়াছে তখন তিনি সাদোক্ যাজক ও নাথন্ ভবিষ্যদ্বক্তাকে ডাকাইয়া ইহা বলিয়াছিলেন যে তোমরা শলোমোন্‌কে ইশ্রায়েলের উপরে রাজ্যাভিষিক্ত কর। অপর সাদোক্ ভবিষ্যদ্বক্তা শলোমোন্‌কে অভিষেক করিলে পর তুরী বাজাইবাতে তাবৎ মানুষ কহিয়াছিল "পরমেশ্বর শলোমোন্ রাজাকে রক্ষা করুন"। এই প্রকারে দাবিদ্ শলোমোন্‌কে রাজা করিলে পর তিনি আপন রাজ্যস্থ সকল প্রধান২ লোককে একত্র করণ পূর্ব্বক তাহাদিগকে জ্ঞাপন করিয়াছিলেন যে আমার এমত বাসনা হইয়াছিল যে আমি আবাসের পরিবর্ত্তে পরমেশ্বরের নিমিত্তে এক গৃহ অর্থাৎ মন্দির নির্ম্মাণ করি। কিন্তু পরমেশ্বরের অভিমত এই যে শলোমোন্ তাহা নির্ম্মাণ করেন। এতদ্ভিন্ন তিনি তাহাদিগকে বলিয়াছিলেন যে মন্দির নির্ম্মাণের জন্যে আমি স্বর্ণরূপা করিয়া বহু ধন এবং অন্য যে২ দ্রব্য ইশ্রায়েলের শত্রুগণ হইতে লইয়াছি সে সমস্তও সঞ্চয় করিয়া রাখিয়াছি। আরও তিনি তাহাদিগকে বিনতি করিয়াছিলেন যে তাহারা যেন এই মহৎ কর্ম্মে তাহার পুত্র শলোমোনের সহকারিত্ব করেন। পরে দাবিদ রাজা আপন পুত্র শলোমোন্‌কে আজ্ঞা করিয়াছিলেন যে তুমি একচিত্তে ও ইচ্ছুক মনে পরমেশ্বরের সেবা করিও তাহাতে তিনি তোমাকে আশীর্ব্বাদ পূর্ব্বক সুখে রাখিবেন। তদনন্তর শলোমোন্ আপন পিতা

দাবিদের রাজসিংহাসনে বসিলে সকল প্রধান২ লোক তাহার বশীভূত হইয়াছিলেন। আর দাবিদ্ রাজা দীর্ঘ আয়ুঃ ও প্রচুর ধন সম্পত্তি ভোগানন্তর অনেক বয়সে পরলোকগমন করেন।

প্রশ্ন. দাবিদ্ বড় বৃদ্ধ হইলে তাহার কোন্ পুত্র আপনাকে রাজা করিয়া ব্যক্ত করিয়াছিল?

উত্তর. অদোনীয়াহ্.

প্র. দাবিদ্ নিজ পুত্রদের মধ্যে কাহাকে আপনার পরিবর্ত্তে রাজত্ব করিতে নিযুক্ত করিয়াছিলেন?

উ. শলোমোন্‌কে.

প্র. কেন তিনি শলোমোন্‌কে নিযুক্ত করিয়াছিলেন?

উ. কারণ পরমেশ্বর তাহাকে মনোনীত করিয়াছিলেন.

প্র. দাবিদ্ রাজা শলোমোন্‌কে রাজ্যাভিষিক্ত করিয়া ব্যক্ত করিতে কাহাকে আজ্ঞা করিয়াছিলেন

উ. সাদোক যাজককে.

প্র. তিনি সাদোকের সঙ্গে কাহাকে যাইতে আদেশ করিয়াছিলেন?

উ. নাথান্ ভবিষ্যদ্বক্তাকে.

প্র. যৎকালীন শলোমোনের অভিষেক হইয়াছিল তখন লোকেরা কি বলিয়াছিল?

উ. পরমেশ্বর শলোমোন্ রাজাকে রক্ষা করুন.

প্র. পরমেশ্বরের গৃহনির্ম্মাণ করণার্থে দাবিদ্ কি দিয়াছিলেন?

উ. যে২ ধনাদি তিনি সঞ্চয় করিয়াছিলেন সে সমস্ত.

প্র. দাবিদ্ কি আপনার প্রতি পরমেশ্বরের তাবৎ অনুগ্রহের কারণ তাঁহার ধন্যবাদ করেন নাই?

উ. হাঁ তিনি তাহা করিয়াছিলেন.

প্র. শলোমোন্‌কে কি দিতে দাবিদ্‌ পরমেশ্বরের নিকটে প্রার্থনা করিয়াছিলেন ?

উ. নিষ্ঠ চিত্ত.

প্র. শলোমোন্‌ ভক্তি পূর্ব্বক পরমেশ্বরের সেবা করিলে তাহার প্রতি তাঁহার কি করিবার কথা দাবিদ্‌ কহিয়াছিলেন ?

উ. তাহাকে তাঁহার আশীর্ব্বাদ করিবার কথা.

প্র. ইহার কিঞ্চিৎকাল পরে দাবিদ্‌ কি পরলোকগমন করিয়াছিলেন ?

উ. হাঁ ইহার কিঞ্চিৎকাল পরেই তিনি পরলোকগমন করিয়াছিলেন.

প্র. তিনি কত দিন রাজত্ব করিয়াছিলেন ?

উ. চল্লিশ বৎসর.

প্র তিনি কি এক জন অতি বড় রাজা ছিলেন না ?

উ. হাঁ তিনি এক জন অতি বড় রাজা ছিলেন বটে.

প্র. তিনি কি কদাপি দেবদেবীর পূজা করিয়াছিলেন ?

উ. না তিনি তাহা করেন নাই.

প্র. তিনি কি প্রকৃত রূপে ও ভক্তিপূর্ব্বক পরমেশ্বরের সেবা করিয়াছিলেন ?

উ. হাঁ তিনি তাহা করিয়াছিলেন.

[প্র. যিরূশালেমে আসিয়াই দাবিদ্‌ প্রথমে কি করিয়াছিলেন ?

উ. তিনি যিবূষীয়দিগ হইতে সীয়োন্‌ কাড়িয়া লইয়া তাহার নাম দাবিদ্‌ নগর রাখিয়াছিলেন.

প্র. কেন পরমেশ্বর দাবিদ্‌কে মন্দির নির্ম্মাণ করিতে দেন নাই ?

উ. কারণ দাবিদ্‌ বহু রক্ত পাত করিয়াছিলেন.

প্র. নাথান্ দাবিদ্‌কে যে দৃষ্টান্ত কথাদ্বারা চেতনা দিয়াছিলেন তাহা কি?

উ. তাহা এই যে এক জন ধনি মানুষের বহু মেষপাল থাকিলেও সে আপন দরিদ্র প্রতিবাসির মেষবৎসকে কাড়িয়া লইয়াছিল.

প্র. দাবিদ্ আপন লোকদের গণনা করণদ্বারা অপরাধ করিলে পরমেশ্বর কয় প্রকার শাস্তি দিবার কথা কহিয়াছিলেন?

উ. তিন প্রকার অর্থাৎ সাত বৎসর দুর্ভিক্ষ নতুবা তিন মাস যুদ্ধ কিম্বা তিন দিন মড়ক.

প্র. তিন দিনের মড়কদ্বারা কত লোক মরিয়াছিল?

উ. ৭০ সহস্র লোক.

প্র. অব্‌শালোমের প্রধান মন্ত্রী কে ছিল?

উ. অহীথোফেল্.

প্র. তাহার কি দশা হইয়াছিল?

উ. সে অবশেষে উদ্বন্ধন দ্বারা আপনার প্রাণ নষ্ট করিয়াছিল.

প্র. অদোনীযাহের শেষদশা কি হইয়াছিল?

উ. সে প্রথমে শলোমোনের বশতাপন্নহইলে রক্ষা পাইয়াছিল বটে কিন্তু পরিশেষে অন্য দোষ প্রযুক্ত তাহার কর্ত্তৃক বধ হইয়াছিল.

প্র. দাবিদ্ যে এক জন মহাকবি ও ভবিষ্যদ্বক্তা ছিলেন ইহার প্রমাণ কোথায় পাওয়া যায়?

উ. গীত পুস্তকেতে.

প্র. তিনি সর্ব্বশুদ্ধ কত কাল রাজত্ব করিয়াছিলেন?

উ. চল্লিশ বৎসর.]

ঊনবিংশতি উপদেশ।

১—শলোমোনের পিতা দাবিদের মরণের পর পরমেশ্বর তাহার স্থানে রাত্রিকালে স্বপ্নযোগে দর্শন দিয়া কহিয়াছিলেন "আমি তোমাকে কি প্রদান করিব"। তাহাতে শলোমোন্ আপনাকে জ্ঞানবৎ ও বুদ্ধিমৎ মন দিতে পরমেশ্বরের নিকটে প্রার্থনা করিয়াছিলেন। এই প্রার্থনাতে পরমেশ্বর সন্তুষ্ট হইয়া শলোমোন্‌কে এমত জ্ঞানদান করিয়াছিলেন যে তাহার ন্যায় জ্ঞানি মনুষ্য কদাপি জন্মে নাই। আরও পরমেশ্বর তাহাকে এতদ্রূপ ধন সম্ভ্রম ও প্রতিপত্তি প্রদান করিয়াছিলেন যে তাহার ন্যায় কখন কোন ভূপালের ধন সম্ভ্রম কি প্রতিপত্তি হয় নাই। পরে শলোমোন্ নিজ রাজ্যে সুস্থির হইলে পর তিনি কারিকরগণকে একত্র করিয়া যিরূশালেমে পরমেশ্বরের গৃহ অর্থাৎ মন্দির নির্ম্মাণ করাইয়াছিলেন।

এই গৃহ অতি চমৎকার ছিল এবং ইহার ভিত্তিসমূহ সোণাতে মোড়া ছিল আর ইহার মেঝিয়া ও তাবৎ ব্যবহার্য্য দ্রব্য নির্ম্মল স্বর্ণনির্ম্মিত ছিল। অপর পরমেশ্বরের মন্দিরের নির্ম্মাণ সমাপ্ত হইলে নিয়মসিন্দূক তন্মধ্যস্থ পবিত্র স্থানে আনীত হইয়াছিল। পূর্ব্বোক্ত সিন্দূকের ভিতরে প্রস্তরের তক্তাদ্বয় রক্ষিত ছিল। এই দুই পরমেশ্বরের অঙ্গুলীদ্বারা লিখিত তক্তা

মোশেহ্ পূর্ব্বে সীনায়্ পর্ব্বতে পান। তদনন্তর যাজকগণ পবিত্র স্থান হইতে বাহির হইলে পরমেশ্বরের তেজেতে নিজ গৃহ পরিপূর্ণ হইবাতে তাহারা তাহার মধ্যে থাকিতে পারে নাই। অপর শলোমোন্ পরমেশ্বরের মন্দিরের প্রাঙ্গনের মধ্যে যে এক পিত্তলময় মঞ্চ নির্ম্মাণ করাইয়াছিলেন তদুপরি আপনি হাঁটু পাতিয়া পরমেশ্বরের উদ্দেশে প্রার্থনা করিয়াছিলেন। এই প্রার্থনায় তিনি বিনতি করিয়াছিলেন যে পরমেশ্বর নিজ মন্দিরে অর্পিতব্য যাচ্ঞা ও নিবেদনে কর্ণপাত করত আপনার লোক ইশ্রায়েল্কে আশীর্ব্বাদ করেন। আর যখন শলোমোনের প্রার্থনার সমাপ্তি হইয়াছিল তখন তিনি দণ্ডায়মান হওত উচ্চৈঃস্বরে পরমেশ্বরের গুণানুবাদপূর্ব্বক আপন লোক ইশ্রায়েল্কে আশীর্ব্বাদ করিয়াছিলেন। এতদ্ভিন্ন তিনি বলিদানাদি উৎসর্গ করণানন্তর সাত দিন উৎসব পালন করিয়া অষ্টম দিবসে লোকসমূহকে বিদায় করিয়াছিলেন। এমত হইলে তাহারা রাজাকে আশীর্ব্বাদ করত হৃষ্টচিত্তে স্ব২ তাম্বুতে প্রত্যাগমন করিয়াছিল। আর তাহারা আপনাদের প্রত্যাগমনের পূর্ব্বে দাবিদের ও তাহার লোক ইশ্রায়েলের প্রতি পরমেশ্বরের দত্ত অনুগ্রহ সমস্তের কারণে তাঁহার ধন্যবাদ করিয়াছিল।

প্রশ্ন. শলোমোন্ কি আপন রাজত্বের প্রথমে পরমেশ্বরকে ভাল বাসেন নাই ?

উত্তর. হাঁ তিনি তাহা করিয়াছিলেন.

প্র. যৎকালীন পরমেশ্বর শলোমোনের স্থানে দর্শন দিয়া তাহাকে জিজ্ঞাসা করিয়াছিলেন তুমি কি যাচ্ঞা কর তখন তিনি কিসের জন্যে প্রার্থনা করিয়াছিলেন ?

উ. বুদ্ধিমৎ মনের জন্যে.

প্র. তাহার এই প্রার্থনাতে পরমেশ্বর কি সন্তুষ্ট হন নাই ?

উ. হাঁ তিনি তাহা হইয়াছিলেন.

প্র. পরমেশ্বর কি তাহাকে অতিশয় জ্ঞান প্রদান করিবার অঙ্গীকার করেন নাই ?

উ. হাঁ তিনি তাহা করিয়াছিলেন.

প্র. এতদ্ব্যতিরেকে তিনি তাহাকে আর কি দিবার অঙ্গীকার করিয়াছিলেন ?

উ. ধন ও সম্ভ্রম.

প্র. পরমেশ্বর কি শলোমোনের প্রতি নিজ অঙ্গীকার সমস্ত পূর্ণ করিয়াছিলেন ?

উ. হাঁ তিনি তাহা করিয়াছিলেন.

প্র. শলোমোন্ কি তাবৎ মানুষ্যাপেক্ষা অধিক জ্ঞানী ধনবান ও সম্ভ্রান্ত হন নাই ?

উ. হাঁ তিনি তাহা হইয়াছিলেন.

প্র. তিনি কি পরমেশ্বরের নিমিত্তে এক মন্দির নির্ম্মাণ করেন নাই?

উ. হাঁ তিনি তাহা করিয়াছিলেন.

প্র. এই মন্দির কি এক বড় সুন্দর চমৎকার গৃহ ছিল না ?

উ. হাঁ তাহা তদ্রূপ ছিল.

প্র. তাহার ভিতর দিগ কিসে মোড়া ছিল ?

উ. স্বর্ণেতে.

প্র. তাহার পাত্রাদি কিসে নির্ম্মিত হইয়াছিল ?

উ. নির্ম্মল সোণাতে.

প্র. পরমেশ্বরের গৃহ নির্ম্মাণ সাঙ্গ হইলে পর তন্মধ্যে কি আনীত হইয়াছিল?

উ. তাঁহার নিময়সিন্দুক এবং দাবিদ্ কর্ত্তৃক আয়োজিত দ্রব্য সমস্ত.

প্র. পরমেশ্বরের গৃহের মধ্যে নিয়মসিন্দুক কি অতিশয় সমারোহ পূর্ব্বক আনীত হয় নাই?

উ. হঁা তাহা তদ্রূপেই আনীত হইয়াছিল.

প্র. এই মন্দিরে অর্পিতব্য প্রার্থনা সমস্তে কর্ণপাত করণার্থে শলোমোন্ কি পরমেশ্বরের স্থানে বিনতি করেন নাই?

উ. হঁা তিনি তাহা করিয়াছিলেন.

প্র. শলোমোনের প্রার্থনাকালীন কিসেতে পরমেশ্বরের মন্দির পরিপূর্ণ হইয়াছিল?

উ. তাহা তৎকালীন পরমেশ্বরের তেজেতে পরিপূর্ণ হইয়াছিল.

প্র. যখন ইশ্রায়েলীয় লোকেরা পরমেশ্বরের তেজেতে তাঁহার গৃহকে পরিপূর্ণ হইতে দেখিয়াছিল তখন তাহারা কি করিয়াছিল?

উ. তখন তাহারা ভূমির উপর দণ্ডবৎ পূর্ব্বক পরমেশ্বরের আরাধনা ও গুণানুবাদ করিয়াছিল.

২— দূরস্থ শিবাদেশের রাণী শলোমোনের সুখ্যাতির কথা শুনিয়া আপনার সঙ্গে স্বর্ণ বহুমূল্য মণি সুগন্ধি দ্রব্যাদি লইয়া অনেক লোক ও উষ্ট্রের সমভিব্যাহারে যিরূশালেমে আগমন করিয়াছিল। পরে শলোমোন্ হস্তিদন্তময় স্বর্ণে মোড়া নিজ সিংহাসনের উপরে বসিলে শিবার রাণী তাহার জ্ঞানের পরীক্ষা করিবার জন্যে বহু নিগূঢ় প্রশ্ন করিয়াছিল। তাহাতে শলো-

মোন্ সে তাবৎ প্রশ্নের উত্তর করিয়াছিলেন। এই প্রকারে শিবার রাণী শলোমোনের জ্ঞান অবগত হইলে এবং পরমেশ্বরের মন্দির ও তাহার নিজের বৃহৎ বাটী ও তাহার রাজ্যের সুনিয়ম দেখিলে পর সে রাজ্ঞী তাহাকে বলিয়াছিল" আমি আপন দেশে থাকিয়া তোমার কর্ম্ম ও জ্ঞানের যে সুখ্যাতি শুনিয়াছি তাহা সত্য। তথাপি আমি তাহা প্রত্যয় করি নাই কিন্তু তাহার অর্দ্ধেক আমাকে কথিত হয় নাই। যদ্রূপ আমি শুনিয়াছিলাম তদপেক্ষা তোমার জ্ঞান ও ঐশ্বর্য্য অধিক হয়"। ইহার পর সেই রাণী ইশ্রায়েলের প্রভু পরমেশ্বরের ধন্যবাদ করিয়াছিল। আর শলোমোন্ তাহাকে রাজকীয় উপঢৌকন দিলে পর সে আপন দেশে তাহার অনুচরগণের সহিত প্রত্যাগমন করিয়াছিল। পরন্তু সে যদ্রূপ শলোমোনের জ্ঞান ও গৌরবের বিষয় শুনিয়াছিল এবং দেখিয়াছিল তদ্রূপ সে তথায় ব্যক্ত করিয়াছিল।

প্রশ্ন. কে শলোমোনের জ্ঞানের কথা শুনিয়াছিল?

উত্তর. শিবার রাণী.

প্র. কেন সে যিরূশালেমে আগমন করিয়াছিল?

উ. শলোমোনের জ্ঞান নিগূঢ় প্রশ্নদ্বারা পরীক্ষা করিবার জন্যে সে তথায় আগমন করিয়াছিল

প্র. শলোমোন্ কি তাহার তাবৎ প্রশ্নের উত্তর করিয়াছিলেন?

উ. হাঁ তিনি তাহা করিয়াছিলেন.

প্র. শিবার রাণী কি তাহার জ্ঞান দেখিয়া সম্যক্রূপে আশ্চর্য্য হয় নাই?	প্র. সে কি তাহার রাজ্যের ঐশ্বর্য্য ও মহত্ত্ব দেখিয়া বিস্ময়াপন্ন হয় নাই?
উ. হাঁ সে তাহা হইয়াছিল বটে.	উ. হাঁ সে তাহা হইয়াছিল.

৩— শলোমোন্ রাজা অনেক বৎসরাবধি পরমেশ্বরের সেবা পূর্ব্বক আপনার জ্ঞানের সদ্ব্যবহার করিয়াছিলেন বটে। কিন্তু বৃদ্ধাবস্থাতে তিনি দেবপূজকদের কএক জন কন্যাকে বিবাহ করিলে সেই স্ত্রীগণ তাহার মন মিথ্যাদেবতাতে আসক্ত করিয়াছিল। সুতরাং তিনি এই দেবদের কারণ বেদি নির্ম্মাণ করিয়াছিলেন। ইহাতে করিয়া পরমেশ্বর শলোমোনের প্রতি ক্রুদ্ধ হওত কহিয়াছিলেন "আমি তোমা হইতে রাজ্য কাড়িয়া লইয়া তোমার দাসকে তাহা দিব। কিন্তু আমার দাসদাবিদের অনুরোধে তোমার বর্ত্তমানে তাহা করিব না তথাপি তোমার পুত্রের কালে তাহা করিব কিন্তু আমার দাস দাবিদের অনুরোধে তাহাকে এক গোষ্ঠী দিব"।

তদনন্তর পরমেশ্বর যারাবিয়াম্ নামক ব্যক্তির স্থানে এক ভবিষ্যদ্বক্তাকে প্রেরণ করিয়াছিলেন। তাহাতে যেন সেই ভবিষ্যদ্বক্তা তাহার নিকটে ইহা বলেন যে "পরমেশ্বর এমত কহেন যে আমি শলোমোনের হস্ত হইতে রাজ্য কাড়িয়া লইব এবং তোমাকে দশ গোষ্ঠী দিব আর তুমি আমার দাস দাবিদের পথে চলিলে আমি তোমার সহায় হইব"। পরে শলোমোনের পরলোকগমন হইলে তাহার পুত্র রিথবিয়াম্ রাজ্য প্রাপ্ত হইয়াছিল। কিন্তু পরমেশ্বর আপন কথানুসারে যারাবিয়ামকে দশ গোষ্ঠী দিয়াছিলেন।

প্রশ্ন. শলোমোন্ কি প্রথমে আপন ঐশ্বর্য্যের সদ্ব্যবহার করিয়াছিলেন?

উত্তর. হাঁ তিনি তাহা করিয়াছিলেন.

প্র. শলোমোন্ কি অনেক স্ত্রী বিবাহ করেন নাই?

উ. হাঁ তিনি তাহা করিয়াছিলেন.

প্র. এই স্ত্রীগণ তাহার মন কিসে আসক্ত করাইয়াছিল?

উ. মিথ্যা দেবতাগণেতে.

প্র. দেবপূজার জন্যে পরমেশ্বর কি শলোমোনের প্রতি ক্রুদ্ধ হন নাই?

উ. হাঁ তিনি ক্রুদ্ধ হইয়াছিলেন.

প্র. তাহাকে শাস্তি দিবার নিমিত্তে পরমেশ্বর কি করিবার কথা কহিয়াছিলেন?

উ. তিনি তাহার পুত্র হইতে রাজ্য কাড়িয়া লইয়া আর এক জনকে দিবার কথা কহিয়াছিলেন.

প্র. শলোমোন্ দেবপূজা করিলেও কাহার অনুরোধে পরমেশ্বর তাহাকে রাজত্ব করিতে দিয়াছিলেন?

উ. তাহার পিতা দাবিদের অনুরোধে

প্র. পরমেশ্বর দাবিদের অনুরোধে শলোমোনের পুত্রকে কি দিবার কথা কহিয়াছিলেন?

উ. এক গোষ্ঠী.

প্র. কাহার নিকটে তাহার দশ গোষ্ঠী পাইবার কথা বলিতে পরমেশ্বর এক ভবিষ্যদ্বক্তাকে প্রেরণ করিয়াছিলেন?

উ. যারাবিয়ামের নিকটে.

প্র. যারাবিয়াম্ দাবিদের পথানুগামী হইলে পরমেশ্বর তাহার প্রতি কি অঙ্গীকার করিয়াছিলেন?

উ. আমি তোমার সহায় হইব এই অঙ্গীকার তিনি করিয়াছিলেন.

প্র. ইহার পর অচিরে শলোমোনের পরলোক গমন কি হইয়াছিল?

উ. হাঁ তৎপরেই তাহার পরলোক গমন হইয়াছিল.

[প্র. শলোমোন্ যে দুই স্ত্রী লোকের বিষয়ে সূক্ষ্মবিচার দ্বারা আপনার প্রখর বুদ্ধি প্রকাশ করিয়াছিলেন তাহা কি?

উ. তাহা এই যে দুই স্ত্রী লোক এক জীবৎ শিশুকে আপন২ সন্তান বলিয়া বিবাদ করিলে তিনি তাহাকে নিজ মাতার হস্তে অর্পণ করিয়াছিলেন.

প্র. কি রূপে তিনি শিশুর নিজ মাতাকে জানিতে পারিয়াছিলেন?

উ. এই রূপে যে তিনি শিশুকে দুই ভাগ করিয়া কাটিতে আজ্ঞা করিলে তাহার আপনার মাতা স্নেহ প্রযুক্ত তাহা করিতে দেয় নাই.

প্র. শলোমোন্ যে পর্ব্বতোপরি মন্দির নির্ম্মাণ করিয়াছিলেন তাহার নাম কি?

উ. তাহার নাম মরীয়াহ্.

প্র. যারাবিয়ামের স্থানে পরমেশ্বর যে ভবিষ্যদ্বক্তাকে পাঠাইয়াছিলেন তাহার নাম কি?

উ. তাহার নাম অহীযাহ্.

প্র. যারাবিয়াম্ রাজদ্রোহ করিবার যে সুন্দর নতা পাইয়াছিল তাহা কি?

উ. তাহা এই যে রাজা গৃহাদি নির্ম্মাণ করিবার জন্যে প্রজাদিগ হইতে অধিক কর লইতে আরম্ভ করিয়াছিলেন.

প্র. শলোমোন্ কি আপন অপরাধের জন্যে অনুতাপ করিয়াছিলেন?

উ. হাঁ তিনি ও তাহার পিতা দাবিদ্ উভয়েই আপন২ পাপের জন্যে অনুতাপ করিয়াছিলেন। ইহা গীত ও প্রচারি পুস্তক পাঠ করিলেই বোধ হইবেক.

বিংশতি উপদেশ।

১—শলোমোন্ যে সমুদয় ইশ্রায়েলের রাজ্য শাসন করিয়াছিলেন তাহা তাহার মরণের পর দুই ভাগে বিভক্ত হইয়া যিহূদাহ্ ও ইশ্রায়েল্ রাজ্য নামে বিখ্যাত হইয়াছিল। যিহূদাহ্ রাজ্যের অধীনে যিহূদাহ্ ও বিন্যামিন্ এই দুই গোষ্ঠী ছিল। কিন্তু ইশ্রায়েল্ রাজ্যের অধীনে অন্য দশ গোষ্ঠী ছিল। এই উভয় রাজ্যই আপন২ কতিপয় নৃপতি কর্ত্তৃক শাসিত হয়। কিন্তু যে নৃপালগণ ইশ্রায়েলের উপর রাজত্ব করিয়াছিল তাহাদের মধ্যে এক জনও সাধু রাজা ছিল না। এই নৃপতিদের মধ্যে যারাবিয়াম্ ইশ্রায়েলের প্রথম রাজা ছিল এবং সে প্রথমে ইশ্রায়েলীয়দিগকে দেবপূজায় আসক্ত করে। যেহেতুক দুই স্বর্ণময় গোবৎস স্থাপনদ্বারা সে তাহাদিগকে যিরূশালেমের মন্দিরে পরমেশ্বরের আরাধনা করণার্থে যাইতে নিষেধ করিয়াছিল। অপর ইশ্রায়েলের ভূপালদের মধ্যে আখাব্ নামক অন্য এক রাজা সীদোনের রাজার কন্যা যীষেবেল্কে বিবাহ করিয়াছিল। এই স্ত্রীলোক বড় দুর্বৃত্তা ছিল এবং আপনার স্বামিকে অতি ঘৃণার্হ কর্ম্মে কুপ্রবৃত্তি দিত। আর ইশ্রায়েলে যেন দেবগণ ব্যতীত অন্য কাহারো আরাধনা না হয় এতদর্থে সে কোন স্থানে পরমেশ্বরের ভবিষ্যদ্বক্তৃগণের উদ্দেশ পাইলে তাহাদিগকে বধ করাইত। সুতরাং পরমেশ্বর আপন ভবিষ্যদ্বক্তৃদের মধ্যে শ্রেষ্ঠ এলিযাহ্ নামা

ভবিষ্যদ্বক্তার প্রাণ রক্ষা না করিলে সে তাহাকেও বধ করাইত। এই এলিযাহ্ এক জন বড় সাধু মানুষ ছিলেন এবং ইনি দেবার্চনা সমূলঘাতে নষ্ট করিতে বহু যত্ন করেন। পরন্তু ইনি অনেক পরীক্ষা হইতে উত্তীর্ণ হইলে পরমেশ্বর ইহাকে অগ্নিময় রথে আরোহণপূর্ব্বক স্বর্গে লইয়াছিলেন। তদনন্তর এলীশায় পরমেশ্বরের ভবিষ্যদ্বক্তার পদে নিযুক্ত হন এবং এলিযাহের জীবদ্দশায় তাহার পরিচর্য্যা করেন। পরে যৎকালীন এলীশায় বৈৎ-য়েল্ নামক স্থানে যাইতেছিলেন তখন কতিপয় অল্পবয়স্ক ব্যক্তি বাহিরে আসিয়া তাহার সহিত সাক্ষাৎ করত তাহাকে বিদ্রূপপূর্ব্বক কহিয়াছিল "হে টাকপড়া আরোহণ কর হে টাকপড়া আরোহণ কর"। কিন্তু পরমেশ্বর আপন ভবিষ্যদ্বক্তার এই বিদ্রূপকারিদিগকে বিনা শাস্তিতে থাকিতে দেন নাই। তিনি বন হইতে দুই প্রচণ্ড ভালূক পাঠাইলে তাহারা আসিয়া সেই দুষ্ট ব্যক্তিদের বিয়াল্লিশ জনকে খণ্ড২ করিয়া বিদীর্ণ করিয়াছিল। কেননা তাহারা আপনাদের ব্যবহারে ব্যক্ত করিয়াছিল যে তাহারা পরমেশ্বরকে ভয় কিম্বা তাঁহার সেবকদিগকে সমাদর করিত না।

অপর পূর্ব্বে এলিযাহ্ দৈবাদেশানুসারে যে ভবিষ্যৎ কথা কহিয়াছিলেন অর্থাৎ কুক্কুরগণ আখাবের রক্ত চাটিয়া পান করিবে ও যীষেবেলের মাংস ভক্ষণ করিবে সে কথা এক্ষণে পূর্ণ হইয়াছিল। কারণ আখাব্ যুদ্ধে হত হইলে তাহার রক্ত নিজ রথের মধ্যে দিয়া পড়িবাতে কুক্কুরগণ তাহা চাটিয়া পান করিয়াছিল। আর যিহূ নামে ইশ্রায়েলের রাজার আজ্ঞাতে যীষেবেল্ আপন গবাক্ষ হইতে নিক্ষিপ্তা হইলে পর সেই রাজা

লোকদিগকে তাহাকে কবরে দিতে আদেশ করিয়াছিল। তাহাতে তাহারা তাহার মস্তকের খুলি ও পদ ও হস্ততল ব্যতিরেকে অন্য কিছুই পায় নাই। যেহেতুক কুক্কুরগণ তাহার দেহের অন্য২ অংশ খাইয়া ফেলিয়াছিল।

প্রশ্ন. শলোমোনের মৃত্যুর পর তাহার রাজ্য কয় অংশে বিভক্ত হইয়াছিল ?

উত্তর. তাহা দুই অংশে বিভক্ত হইয়াছিল.

প্র. এই দুই অংশের নাম কি২ ?

উ. এই অংশদ্বয়ের নাম ইশ্রায়েল্ রাজ্য এবং যিহুদাহ্ রাজ্য.

প্র. ইশ্রায়েল্ রাজ্যের অধীনে কয় গোষ্ঠী ছিল ?

উ. দশ গোষ্ঠী.

প্র. যিহুদাহ্ রাজ্যের অধীনে কয় গোষ্ঠী ছিল ?

উ. দুই গোষ্ঠী.

প্র. ইশ্রায়েলের রাজাদের মধ্যে কেহ কি উত্তম রাজা ছিল ?

উ. না তাহাদের মধ্যে কেহই উত্তম রাজা ছিল না.

প্র. তাহাদের মধ্যে প্রথম রাজা কে ছিল?

উ. যারাবিয়াম্.

প্র. ইহারই স্থানে কি শলোমোনের কালে এক ভবিষ্যদ্বক্তা প্রেরিত হইয়াছিলেন ?

উ. হাঁ ইহারই স্থানে তৎকালে এক ভবিষ্যদ্বক্তা প্রেরিত হইয়াছিলেন.

প্র. সে কি পরমেশ্বরের সেবা করিত ?

উ. না সে তাহা করিত নাই.

প্র. কি২ প্রতিমা সে স্থাপন করিয়াছিল ?

উ. দুই স্বর্ণময় গোবৎস.

প্র. ইশ্রায়েলের যে রাজা যীষেবেল্‌কে বিবাহ করিয়াছিল তাহার নাম কি ?

উ. তাহার নাম আখাব্.

প্র. যীষেবেল্ কি প্রকার স্ত্রীলোক ছিল ?

উ. সে এক জন বড় দুষ্টা স্ত্রীলোক ছিল.

প্র. সে কাহাদিগকে বধ করাইয়াছিল ?

উ. পরমেশ্বরের ভবিষ্যদ্বক্তৃগণকে.

প্র. কি অভিপ্রায়ে সে এমত করিয়াছিল ?

উ. এই অভিপ্রায়ে যে তাবৎ লোক প্রতিমাপূজা করে.

প্র. যে ভবিষ্যদ্বক্তাকে পরমেশ্বর তাহার ক্রোধ হইতে রক্ষা করিয়াছিলেন তাহার নাম কি ?

উ. তাহার নাম এলিযাহ্.

প্র. এলিযাহ্ সমূলঘাতে কি নষ্ট করিবার চেষ্টা করিয়াছিলেন ?

উ. প্রতিমাপূজা.

প্র. পরমেশ্বর এলিযাহ্কে কিরূপ পুরস্কার করিয়াছিলেন ?

উ. তিনি তাহাকে এক অগ্নিময় রথেতে করিয়া স্বর্গে লইয়াছিলেন.

প্র. তাহার পর কে পরমেশ্বরের ভবিষ্যদ্বক্তা হইয়াছিলেন ?

উ. এলীশায়্.

প্র. এই এলীশায়্কে কতিপয় বালক ও বালিকা বিদ্রূপ করিয়া যে কথা কহিয়াছিল তাহা কি ?

উ. তাহা এই "হে টাকপড়া আরোহণ কর হে টাকপড়া আরোহণ কর"

প্র. এ জন্য পরমেশ্বর তাহাদিগকে কিরূপ শাস্তি দিয়াছিলেন ?

উ. এ জন্য তিনি তাহাদিগকে খণ্ড২ করিয়া বিদীর্ণ করণার্থে দুই প্রচণ্ড ভালূক প্রেরণ করিয়াছিলেন.

প্র. এলিযাহ্ আখাবের বিষয়ে কি ভয়ঙ্কর ভবিষ্যৎ কথা কহিয়াছিলেন ?

উ. তিনি তাহার বিষয়ে এই ভবিষ্যৎ কথা বলিয়াছিলেন যে কুক্কুরগণ তাহার রক্ত চাটিয়া পান করিবেক.

প্র. তিনি যীষেবেলের বিষয়ে কি ভবিষ্যৎ কথা বলিয়াছিলেন ?

উ. তিনি তাহার বিষয়ে এই ভবিষ্যৎ কথা কহিয়াছিলেন যে কুক্কুরগণ তাহার মাংস ভক্ষণ করিবেক.

প্র. এতাবৎ কথা কি পূর্ণ হইয়াছিল ?

উ. হাঁ সে সমস্তই পূর্ণ হইয়াছিল.

২— আখাবের পর ইশ্রায়েলে অনেকে রাজত্ব করে আর তাহারা সকলেই দুষ্ট দেবপূজক ছিল। তথাপি তাহারা যেন অনুতাপ করণার্থে চেতনা পায় তজ্জন্য পরমেশ্বর বারম্বার তাহাদের স্থানে আপন ভবিষ্যদ্বক্তৃগণকে প্রেরণ করিয়াছিলেন। এই নৃপতিদের মধ্যে হোশেয় শেষ রাজা ছিল। ইহার কালে আশূরের রাজারা ইশ্রায়েলের বিপক্ষে যুদ্ধে গমন করত ইহাকে ও ইহার অধীনস্থ দশ গোষ্ঠীকে বন্দী করিয়া লইয়া গিয়াছিল। এই প্রকারে ইশ্রায়েল্ রাজ্যের শেষ হইলে পর তাহা পুনর্ব্বার সংস্থাপিত হয় নাই। কিন্তু যিহুদাহ রাজ্য অনেক বৎসরাবধি ছিল।

প্রশ্ন. ইশ্‌রায়েলের রাজা ও প্রজাগণকে অনুতাপ করণার্থে চেতনা দিবার জন্যে পরমেশ্বর কাহাদিগকে তাহাদের স্থানে প্রেরণ করিয়াছিলেন ?

উত্তর. আপন ভবিষ্যদ্বক্তৃগণকে.

প্র. ইশ্‌রায়েলের শেষ রাজা কে ছিল ?

উ. হোশেয়্.

প্র. কাহারা তাহার বিপক্ষে যুদ্ধে গমন করিয়াছিল ?

উ. আশূরের রাজারা তাহা করিয়াছিল.

প্র. তাহাতে হোশেয়ের ও তাহার অধীনস্থ দশ গোষ্ঠীর কি দশা হইয়াছিল ?

উ. তাহারা বন্দিদশা প্রাপ্ত হইয়াছিল.

প্র. এমত হইলে কিসের শেষ হইয়াছিল ?

উ. ইশ্‌রায়েল্ রাজ্যের শেষ হইয়াছিল.

প্র. কেন পরমেশ্বর তাহার শেষ করিয়াছিলেন ?

উ. কারণ তাহাতে প্রতিমা-পূজা হইত.

প্র. যাকোবের বংশসংক্রান্ত কোন্ রাজ্য অবশিষ্ট ছিল ?

উ. যিহুদাহ্ রাজ্য.

[প্র. শলোমোন্ কতকাল রাজত্ব করিয়াছিলেন ?

উ. চল্লিশ বৎসর.

প্র. ইশ্‌রায়েলে সর্ব্বশুদ্ধ কয় জন রাজা রাজত্ব করে ?

উ. সর্ব্বশুদ্ধ ঊনবিংশতি জন.

প্র. তাহাদের নাম কি২ ?

উ. তাহাদের নাম এই২ অর্থাৎ প্র-যারাবিয়াম্ নাদাব্ বাশা এলাহ্ সিম্রী ওম্রী আখাব্ অখসিয়াহ্ যিহোরাম্ যিহু যিহোয়াখস্ যোয়াশ্ দ্বি-যারাবিয়াম্ সিখরিয়াহ্ শল্লুম্ মিনখেম্ পিকখিয়াহ্ পেখক হোশেয়.

প্র. ইহাদের মধ্যে এক জনও কি উত্তম রাজা ছিল না ?

উ. না এক জনও না.

প্র. রিখবিয়ামের কালে যিহুদীয়েরা প্রতিমাপূজায় আসক্ত হইলে পরমেশ্বর তাহাদিগকে কিরূপে শাস্তি দিয়াছিলেন ?

উ. তিনি মিসরের রাজা শীশক্‌কে যিরূশালেমের বিরুদ্ধে আসিয়া তন্মধ্যস্থিত মন্দির ও রাজবাটীর তাবৎ ধনাদি লইয়া যাইতে দিয়া তাহাদিগকে শাস্তি দিয়াছিলেন.

প্র. এলিযাহের আশ্চর্য্য ক্রিয়ার কথা কি কিছু কহিতে পার?

উ. হাঁ তাহা কহিতে পারি তিনি বৃষ্ট্যভাবে দুর্ভিক্ষ সময়ে সীদোন্‌স্থ সরিফৎ নিবাসিনী এক বিধবার তৈল ও ময়দা অলৌকিকরূপে বাড়ান ও তাহার মৃত পুত্রকে সজীব করেন। পুনশ্চ তিনি অখসিয়াহ্ রাজ কর্ত্তৃক প্রেরিত দুই সেনাপতিকে ও তাহাদের সঙ্গস্থ লোকগণকে স্বর্গ হইতে অগ্নিদ্বারা নষ্ট করেন.

প্র. এলীশায়ের আশ্চর্য্য ক্রিয়ার কথা কি কিছু কহিতে পার ?

উ. হাঁ তাহা কহিতে পারি। তিনি এলিযাহের বস্ত্রদ্বারা যর্দ্দেনের জল আঘাত করিলে তাহা দুই ভাগে বিভক্ত হইয়াছিল। আর তিনি নামান্ কুষ্ঠিকে যর্দেনে স্নানদ্বারা সুস্থ করাইয়াছিলেন এবং তাহার কুষ্ঠরোগ আপন ভৃত্য গেহসির উপরে আনেন। এতদ্ভিন্ন তিনি লৌহময় কুড়ালির ফলা জলের উপরে ভাসান ও শুনেমীয়া স্ত্রীলোকের মৃত পুত্রকে সজীব করেন। পুনশ্চ তিনি এক বিধবার গৃহে অলৌকিক রূপে তৈল বাড়াইয়া তাহার ঋণ পরিশোধের উপায় করিয়া দেন এবং তিনি যিরীখোসমীপস্থ মন্দ জলে লবণ ক্ষেপণদ্বারা তাহা ভাল করেন.

প্র. অপর ইশ্‌রায়েল্‌ রাজ্যের লোকেরা উত্তরোত্তর প্রতিমাপূজায় আসক্ত হইলে পর পরমেশ্বর তাহা-দিগকে কিরূপ শাস্তি দিয়াছিলেন?

উ. তিনি প্রথমে আশূরীয় রাজা তিগলৎ — পিলেষের্‌ বা অর্‌বেসিশ্‌কে তাহাদের অনেককে বন্দী করিয়া লইয়া যাইতে দেন। তৎপরে তিনি শল্‌মন্নেষের্‌ নামক রাজার দ্বারা তাহাদের রাজ্যের বিনাশ করেন। অবশেষে তিনি পূর্ব্বোক্ত রাজার পৌত্র এসর্‌হদ্দোন্‌কে তাহাদের অবশিষ্ট লোককে আশূরে বন্দী করিয়া লইয়া যাইতে দেন.

প্র. ইশ্‌রায়েল্‌ রাজ্যের এই প্রকারে পতন হইলে পর সেখানে কি কোন লোক জন বাস করে নাই?

উ. হাঁ আশূর হইতে এসর্‌-হদ্দোন্‌ কর্ত্তৃক দেবপূজক জাতীয় লোকেরা প্রেরিত হইলে পর তাহারা সেখানে বসতি করিয়াছিল.

প্র. এই ব্যক্তিরা কি সম্পূর্ণ রূপে যিহূদীয় ধর্ম্ম অবলম্বন করিয়াছিল?

উ. না তাহা তাহারা প্রথমে করে নাই কিন্তু পরে তাহা-দের সঙ্গে অনেক ইশ্‌রায়েলীয় লোক আসিয়া বাস করিলেপর তাহারা প্রতিমাদি পূজা ছাড়িয়া পরমেশ্বরের আরাধনার্থে গিরিসিমে এক মন্দির নির্ম্মাণ করিয়াছিল.]

একবিংশতি উপদেশ।

১— শলোমোনের রাজ্য বিভক্ত হইলে পর তাহার পুত্র রিখবিয়াম্ যিহুদাহের উপরে প্রথমে রাজত্ব করে। এই নৃপতি বড় নির্বোধ ছিল সুতরাং সে আপনার ন্যায় কতিপয় নির্বুদ্ধি যুব মানুষের মন্ত্রণাতে প্রাচীন মন্ত্রিগণের পরামর্শ অবজ্ঞা করিয়াছিল। অতএব সে এই প্রকারে নিজ প্রজাদিগের অসন্তুষ্টি জন্মাইলে তাহারা তাহার অধীনতা ত্যাগ করত যারাবিয়ামের অধীনস্থ হইয়াছিল। একথা ইশ্রায়েলের রাজাদের বৃত্তান্তে পূর্ব্বে লিখিয়াছি। যিহুদাহেতে ঊনবিংশতি রাজা ও এক জন রাজ্ঞী রাজত্ব করিয়াছিল। এই রাজ্ঞীর নাম অথলিয়াহ্ এবং সে বড় এক জন দুর্বৃত্তা স্ত্রীলোক ছিল। কারণ সে রাজ্য প্রাপণার্থে আপন পৌত্রাদিকে নষ্ট করত রাজকীয় বংশের লোপ করিতে যত্ন করিয়াছিল। কিন্তু তাহাদের মধ্যে এক জন শিশু নিজ পিতৃভগিনী যিহোশেবা কর্ত্তৃক রক্ষা পান। এই শিশুর নাম যোয়াশ্ এবং ইহাকে যিহোশেবা অথলিয়াহ্ হইতে লুকাইয়া যিহোয়াদা নামে প্রধান যাজকের স্থানে আনিয়াছিলেন। পরে সেই প্রধান যাজক যোয়াশ্ শিশুকে ছয় বৎসর মন্দিরের মধ্যে গোপন করিয়া রাখিলে পর তিনি তাহাকে বাহিরে আনিয়া রাজা করিয়া ব্যক্ত করিয়াছিলেন। আর তিনি তাহার মস্তকোপরি মুকুট দিবাতে তাবৎ

লোক বলিয়াছিল " পরমেশ্বর রাজাকে চিরজীবী করিয়া রাখুন"। পরন্তু অথলিয়াহ্ এই কলরব শুনিয়া মন্দিরে ত্বরায় গমন করিলে যিহোয়াদা যাজকের আজ্ঞানুসারে সেনাপতি ও সৈন্যাধ্যক্ষগণ তাহাকে সেখান হইতে বাহির করিয়া আনিয়া বধ করিয়াছিল। এই প্রকারে যোয়াশ্ রাজ্য প্রাপ্ত হইয়া যিহোয়াদার জীবদ্দশা পর্য্যন্ত পরমেশ্বরের সেবা করিয়াছিলেন। কিন্তু সেই সাধু মহাযাজকের মৃত্যুর পরে এই যুব রাজা ও তাহার প্রধান লোকগণ পরমেশ্বরের মন্দির ত্যাগ করত প্রতিমাপূজায় আসক্ত হইয়াছিল।

প্রশ্ন. শলোমোনের রাজ্য বিভক্ত হইলে পর কে যিহুদাহের উপরে প্রথমে রাজত্ব করে?

উত্তর. রিথবিয়াম্.

প্র. এ কাহার পুত্র?

উ. এ শলোমোনের পুত্র.

প্র. কেন তাহার অধীনস্থ দশ গোষ্ঠী তাহাকে ত্যাগ করিয়া গিয়াছিল?

উ. কারণ সে কতিপয় যুব মানুষের পরামর্শ শুনিয়াছিল.

প্র. কিন্তু কাহাদের পরামর্শ শুনা তাহার বিহিত ছিল?

উ. প্রাচীন মন্ত্রিগণের.

প্র. যে রাণী রাজ্য প্রাপণার্থে আপন পৌত্রাদিকে নষ্ট করিয়াছিল তাহার নাম কি?

উ. তাহার নাম অথলিয়াহ্.

প্র. তাহার যে এক জন পৌত্র রক্ষা পাইয়াছিল তাহার নাম কি?

উ. তাহার নাম যোয়াশ্.

প্র. কে তাহার প্রাণ রক্ষা করিয়াছিলেন?

উ. তাহার পিতৃভগিনী যিহোশেবা.

প্র. ছয় বৎসরের জন্যে তিনি কোথায় লুক্কায়িত ছিলেন?

উ. মন্দিরের মধ্যে.

প্র. যে উত্তম মহাযাজক তাহাকে তন্মধ্যে গোপনে রাখেন তাহার নাম কি?

উ. তাহার নাম যিহোয়াদা.

প্র. ছয় বৎসরের শেষে যিহোয়াদা কি করিয়াছিলেন?

উ. তিনি যোয়াশ্‌কে রাজ্যাভিষিক্ত করিয়াছিলেন.

প্র. যোয়াশের দুষ্টা পিতামহী অথলিয়াহের কি দশা হইয়াছিল?

উ. তাহার বধ হইয়াছিল.

প্র. যোয়াশ্‌ কি এক জন ভাল নৃপতি ছিলেন?

উ. হাঁ যিহোয়াদার জীবদ্দশা পর্য্যন্ত তিনি তদ্রূপ ছিলেন বটে.

প্র. তৎপরে তাহার কিসেতে আসক্তি হইয়াছিল?

উ. প্রতিমাপূজাতে.

প্র. আপন রাজত্বের শেষে কি তাহার সুখ হইয়াছিল?

উ. না তাহা হয় নাই.

২—যিহুদাহের যে রাজার নাম থিষ্‌কিয়াহ্‌ তিনি এক জন অতিভাল নৃপতি ছিলেন। এই রাজা দাবিদের পথানুগামী হওত যিহুদাহ্‌স্থিত তাবৎ প্রতিমার বিনাশ করিয়াছিলেন। আর যিহুদাহের সকল রাজাপেক্ষা ইশ্‌রায়েলের প্রভু পরমেশ্বরেতে তাহার অধিক বিশ্বাস ছিল। সুতরাং পরমেশ্বরের আশীর্ব্বাদ তাহার উপরে থাকাতে তিনি বড় ঐশ্বর্য্যবান হইয়াছিলেন। অপর ইহার কালে আশূরের রাজা সন্‌খেরীব্‌ যিরূশালেমের বিপক্ষে বহু সৈন্য প্রেরণ করিয়াছিল। পরন্তু সন্‌-

খেরীবের স্থান হইতে রব্‌শাকেহ্‌ আসিয়া খিষ্‌কিয়াহ্‌ রাজাকে তুচ্ছতাচ্ছল্য ও অমর পরমেশ্বরকে নিন্দা করিলে সেই রাজা আপন বস্ত্র চিরিয়া চট পরিধান করত পরমেশ্বরের মন্দিরে গমন পুরঃসর যিশয়িয়াহ্‌ ভবিষ্যদ্বক্তাকে ডাকিয়া পাঠাইয়াছিলেন। এমত হইলে খিষ্‌কিয়াহ্‌ যেন পরমেশ্বরেতে ভরসা রাখিবার উৎসাহ পান এতদর্থে পরমেশ্বর যিশয়িয়াহের প্রমুখাৎ তাহার নিকটে সম্বাদ পাঠাইয়াছিলেন। এই সম্বাদে পরমেশ্বর বলিয়াছিলেন যে আশূরের রাজা তাহার হানি করিতে পারিবেক না। বরঞ্চ সে আপন দেশে প্রত্যাগমন করণানন্তর খড়্গদ্বারা হত হইবে। অপর সেই রাত্রিতেই পরমেশ্বরের দূত আশূরীয়দের শিবিরের মধ্যে ১৮৪ সহস্র ব্যক্তিকে সংহার করিলে ইস্রায়েলীয় লোকেরা প্রত্যূষে গাত্রোত্থান করিয়া আপনাদের শত্রুগণকে মৃতশরীর হইয়া থাকিতে দেখিয়াছিল। অতএব আশূরের রাজা সন্‌খেরীব্‌ প্রস্থান করত নিনিবেহেতে ফিরিয়া আসিয়াছিল। পরে সে আপন দেব নিস্‌রোকের মন্দিরে আরাধনা করিতেছে ইত্যবসরে নিজ পুত্রদ্বয় অদ্রম্মেলেক্‌ ও শরয়েসর্‌ তাহাকে খড়্গদ্বারা বধ করিলে সে প্রাণত্যাগ করিয়াছিল। এই রূপে পরমেশ্বর যে ভবিষ্যৎ কথা আপন ভবিষ্যদ্বক্তা যিশয়িয়াহ্‌ দ্বারা কহিয়াছিলেন তদনুসারে তাহার মরণ হইয়াছিল।

প্রশ্ন. খিষ্‌কিয়াহ্‌ কি এক জন ভাল রাজা ছিলেন?

উত্তর. হাঁ তিনি তদ্রূপ রাজা ছিলিন বটে

প্র. তিনি কাহার পথানুগামী হইয়াছিলেন?

উ. দাবিদের.

প্র. পরমেশ্বর কি খিষ্কিয়াহের প্রতি অনুগ্রহ প্রকাশ করেন নাই?

উ. হাঁ তিনি তাহা করিয়াছিলেন.

প্র. খিষকিয়াহ্ কাহাকে ডাকিয়া পাঠাইয়াছিলেন?

উ. যিশয়িয়াহ্ ভবিষ্যদ্বক্তাকে.

প্র. যিশয়িয়াহ্ কি তাহাকে পরমেশ্বরেতে ভরসা রাখিবার উৎসাহ দেন নাই?

উ. হাঁ তিনি তাহা দিয়াছিলেন.

প্র. সন্খেরীবের প্রতি কি ঘটিবার কথা যিশয়িয়াহ্ কহিয়াছিলেন?

উ. তাহার স্বদেশে খড়্গদ্বারা মরিবার কথা.

প্র. সেই রাত্রিতে পরমেশ্বরের দূত কি করিয়াছিলেন?

উ. তিনি আশরীয়গণকে সংহার করিয়াছিলেন.

প্র. তাহাদের সংখ্যা কতছিল?

উ. ১৮৪ সহস্র.

প্র. খিষ্কিয়াহ্ রাজা ও তাহার লোক সমূহ কি আপনাদের শত্রুগণকে মৃতশরীর দেখিয়া অত্যন্ত চমৎকৃত হন নাই?

উ. হাঁ তাহারা তাহা হইয়াছিলেন.

প্র. সন্খেরীবের কি দশা হইয়াছিল?

উ. সে আপন পুত্রদ্বয় কর্ত্তৃক হত হইয়াছিল.

প্র. যখন তাহার পুত্রেরা তাহাকে বধ করে তখন সে কি করিতেছিল?

উ. তখন সে নিস্রোকের ঘরে আরাধনা করিতেছিল.

প্র. নিস্রোক্ সংজ্ঞায় কাহাকে বুঝায়?

উ. এক বিশেষ প্রতিমাকে.

৩— খিষ্‌কিয়াহের পুত্র মিনশেহ্‌ আপন পিতার পরলোক-গমনের পর যিহুদাহে রাজত্ব করিয়াছিল। কিন্তু সে খিষ্‌কিয়াহের সদ্দৃষ্টান্তানুসারে চলে নাই। যেহেতুক সে খিষ্‌কিয়াহ্‌ কর্ত্তৃক বহিষ্কৃত প্রতিমা সমূহ পুনঃসংস্থাপন পুরঃসর এক দেবতার খোদিত মূর্ত্তি পরমেশ্বরের মন্দিরে স্থাপন করিয়া তাহার আরাধনা করিয়াছিল। অতএব পরমেশ্বর ক্রোধ করত মিনশেহ্‌কে আশূরের রাজার হস্তে সমর্পণ করিলে সেই রাজা তাঁহাকে পিত্তলের শৃঙ্খলে বদ্ধ করিয়া বাবেলেতে লইয়া গিয়াছিল। অপর মিনশেহ্‌ এইরূপে দুঃখে পড়িলে পর সে আপনাকে নম্র করিয়া পরমেশ্বরের স্থানে ক্ষমা প্রার্থনা করিবাতে তিনি তাহাকে শত্রুর হস্ত হইতে উদ্ধার করিয়াছিলেন। তাহাতে সে আপনার রাজ্যে প্রত্যাগমন করিয়া পরমেশ্বরের মন্দির হইতে পূর্ব্বোক্ত প্রতিমা বাহির করিয়া দিয়া লোকদিগকে তাঁহার আরাধনা করিতে আজ্ঞা করিয়াছিল।

প্রশ্ন. মিনশেহ্‌ কে ছিল ?
উত্তর. সে খিষ্‌কিয়াহের পুত্র ছিল.

প্র. সে কি যিহুদাহের এক জন রাজা ছিল ?
উ. হাঁ সে তাহার এক জন রাজা ছিল.

প্র. সে কি এক জন উত্তম রাজা ছিল ?
উ. না সে এক জন উত্তম রাজা ছিল না.

প্র. পরমেশ্বরের ঘরে সে কি স্থাপন করিয়াছিল ?
উ. এক খোদিত প্রতিমা.

প্র. ইহার জন্যে মিনশেহ্‌ কিরূপ শাস্তি পাইয়াছিল ?
উ. এজন্য সে আশূরের রাজার হস্তে সমর্পিত হইয়াছিল.

প্র. যখন মিনশেহ্ দুঃখে পড়িয়াছিল তখন সে কিরূপ ব্যবহার করিয়াছিল ?

উ. তখন সে আপনাকে নম্র করিয়া পরমেশ্বরের স্থানে ক্ষমার প্রার্থনা করিয়াছিল.

প্র. তাহাতে পরমেশ্বর কি তাহাকে আপন রাজ্যেতে পুনর্ব্বার সংস্থাপন করিয়াছিলেন ?

উ. হাঁ তিনি তাহা করিয়াছিলেন.

প্র. যিরূশালেমে প্রত্যাগমন করিলে পর মিনশেহ্ কি পরমেশ্বরের ঘর হইতে পূর্ব্বোক্ত প্রতিমা বাহির করিয়া দিয়াছিল ?

উ. হাঁ সে তাহা করিয়াছিল.

প্র. সে যিহূদাহের লোকদিগকে কি করিতে আজ্ঞা করিয়াছিল ?

উ. কেবল পরমেশ্বরের আরাধনা করিতে.

৪— মিনশেহের পরে যিহূদাহে অনেকে রাজত্ব করিয়াছিল। ইহাদের মধ্যে যোশিয়াহ্ নামে রাজা বড় ভাল ছিলেন। তিনি পূর্ব্ব রাজাদের সংস্থাপিত প্রতিমাসমূহের বিনাশ করিয়াছিলেন। আর তিনি যিহূদাহের তাবৎ নৃপতির অপেক্ষা দাবিদের পথে অধিক অনুগমন করেন। কিন্তু তাহার পর যাহারা রাজ্য প্রাপ্ত হয় তাহারা পুনর্ব্বার প্রতিমা স্থাপন করিয়াছিল। এই রাজাদের মধ্যে সিদিকিয়াহ্ শেষ রাজা ছিল। ইহার কালে বাবেলের রাজা নিবূকদ্‌নেস্‌সর্ যিরূশালেমের বিরুদ্ধে আগমন করিলে পরমেশ্বর সেই নগর তাহার হস্তে সমর্পণ করিয়াছিলেন। তাহাতে সে যিরূশালেম্ ও তন্মধ্যস্থিত মন্দির দগ্ধ করণপূর্ব্বক অনেককে বধ করিয়া অবশিষ্ট লোককে সিদিকিয়াহের সঙ্গে বাবেলে বন্দী করিয়া লইয়া গিয়া-

ছিল। যেহেতুক যিহুদাহের রাজা ও তাহার প্রজা উভয়েই এমত দুর্বৃত্ত হইয়াছিল যে পরমেশ্বর তাহাদের চেতনার জন্যে ভবিষ্যদ্বক্তৃগণকে প্রেরণ করিলেও তাহারা তাহাদের কথায় অবধান করে নাই। এই প্রকারে যিহুদাহের রাজা ও তাহার প্রজারা পরমেশ্বরকে ত্যাগ করত আপনাদিগকে প্রতিমা পূজাতে আসক্ত করিলে তিনি সেই রাজ্যের শেষ করিয়াছিলেন। কিন্তু তিনি আপন সেবক দাবিদের অনুরোধে ৭০ বৎসরের শেষে তাঁহার পুনঃসংস্থাপন করিবার কথা নিজ ভবিষ্যদ্বক্তৃগণের দ্বারা অঙ্গীকার করিয়াছিলেন।

প্রশ্ন. যিহুদাহে যে এক জন উত্তম রাজা রাজত্ব করেন তাহার নাম কি?

উত্তর. তাহার নাম যোশিয়াহ্.

প্র. তিনি পুনর্ব্বার কি স্থাপন করিয়াছিলেন?

উ. পরমেশ্বরের আরাধনা.

প্র. তাহার পর যিহুদাহে আর কি উত্তম রাজা হইয়াছিল?

উ. না তাহা হয় নাই.

প্র. যিহুদাহের শেষ রাজা কে ছিল?

উ. সিদিকিয়াহ্.

প্র. সে কি এক জন ভাল রাজা ছিল?

উ. না সে এক জন ভাল রাজা ছিল না.

প্র. তাহার কালে কে যিরূশালেমের বিপক্ষে আগমন করিয়াছিল?

উ. বাবেলের রাজা নিবূকদ্‌নেস্‌সর.

প্র. এই রাজা কি সেই নগর জয় করিয়া লইয়াছিল?

উ. হাঁ সে তাহা করিয়াছিল.

প্র. সে কি২ দগ্ধ করিয়াছিল?

উ. পরমেশ্বরের মন্দির ও যিরূশালেমস্থ অন্য২ গৃহ.

প্র. যিরূশালেমের বিনাশের কালে যে২ যিহুদাহ্স্থ লোক মারা পড়ে নাই তাহাদের ও সিদিকিয়াহের কি দশা হইয়াছিল ?

উ. তাহারা বন্দী হইয়া বাবেলে আনীত হইয়াছিল.

প্র. কেন পরমেশ্বর যিহুদাহ্ রাজ্য বিনষ্ট হইতে দিয়াছিলেন ?

উ. কারণ তাহার রাজা ও প্রজা উভয়ে তাঁহাকে পরিত্যাগ করত প্রতিমা স্থাপন করিয়াছিল.

প্র. তবে কি সেই রাজ্যের পুনঃ সংস্থাপনের কথা ছিল না ?

উ. হাঁ তদ্রূপ কথা ছিল বটে.

প্র. যিহুদাহের বন্দি দশা কত কাল থাকে ?

উ. ৭০ বৎসর.

[প্র. যিহুদাহের ঊনবিংশতি রাজার ও এক জন রাণীর নাম কি২ ?

উ. তাহাদের নাম এই২ অর্থাৎ বিখবিয়াম্ অবিযাহ আসা যিহোশাফাট্ যিহোরাম্ অখসিয়াহ্ অথলিয়া বা অথলিয়াহ্‌রাণী যোয়াশ্ অমসিয়াহ্ অসরিয়াহ্ বা উস্সিয়াহ্ যোথাম্ আখাস্ খিষ্কিয়াহ্ মিনশেহ্ অম্মোন্ যোশিয়াহ্ যিহোয়াহাস্ যিহোয়াকীম্ যিহোয়াকীন্ বা কোনিয়াহ্ সিদিকিয়াহ্.

প্র.ইহাদের চরিত্র কিরূপ ছিল?

উ. ইহাদের মধ্যে কতিপয় রাজা অতি উত্তম ও ধার্ম্মিক ছিলেন এবং কেহ২ বড় দুর্বৃত্ত ছিল আর অন্য কএক জন বড় ভাল কিম্বা বড় মন্দ ছিল না.

প্র. ইহাদের মধ্যে যে কএক জন রাজার কালে যিহুদাহেতে ধর্ম্মানুষ্ঠানের বৃদ্ধি হয় তাহাদের নাম কি২ ?

উ. তাহাদের নাম উস্সিয়াহ্ যোথাম্ খিষ্কিয়াহ্ ও যোশিয়াহ্.

প্র. কয় বার নিবূকদ্নেসর যিরূশালেম্ জয় করিয়া তাহার ধনাদি লইয়া যায় ?

উ. সে তাহা তিন বার করে অর্থাৎ যিহোয়াকীমের রাজত্ব কালে ও তাহার পুত্র যিহোয়াকীনের রাজত্বকালে এবং সিদিকিয়াহের রাজত্ব কালে.

প্র. সিদিকিয়াহের পূর্ব্ব নাম কি ছিল ?

উ. তাহার পূর্ব্ব নাম মত্তানিয়াহ্ ছিল.

প্র. কাহার দ্বারা বা কোন্ সময়ে তাহার নামের পরিবর্ত্তন হয় ?

উ. যৎকালীন নিবূকদ্নেসর তাহাকে রাজা করে তখন সে তাহার নামের পরিবর্ত্তন করে.

প্র. সিদিকিয়াহের বাবেলে আনীত হওন ও তাহার বাবেল্ না দেখন এই শুনিতে দুই বিপরীত ভবিষ্যৎকথা কি তাহার চক্ষুহীন হইয়া বাবেলে যাওয়াতে পূর্ণ হয় নাই ?

উ. হাঁ তাহা পূর্ণ হইয়াছিল বটে.

প্র. পরে যিহুদাহে অবশিষ্ট লোকদের উপর গিদলিয়াহ্ অধ্যক্ষ পদে নিযুক্ত হইলে পর কেন তাহারা তাহার অধীনে অনেক দিন থাকিতে পারে নাই ?

উ. কারণ ইশ্মাএল্ গিদলিয়াহ্কে এক ভোজে বধ করিলে পর তাহারা মিসর দেশে পলায়ন করত তথায় প্রবাস করিয়াছিল.

প্র. অপর নিবূকদ্নেস্সর সেই দেশ জয় করিলে পর কতিপয় যিহুদীয় কি স্বদেশে ফিরিয়া আসে নাই ?

উ. হাঁ। কতিপয় যিহুদীয় তথায় ফিরিয়া আসিয়াছিল বটে.]

দ্বাবিংশতি উপদেশ।

১— যে সকল লোক বন্দিদশায় বাবেলে আনীত হয় তাহাদের মধ্যে দানীয়েল্ ভবিষ্যদ্বক্তা এবং তাহার তিন জন বন্ধু শদ্রক্ মেশক্ অবেদ্নিগো ছিলেন। অপর বাবেলের রাজা নিবূকদ্নেস্সর্ বড় মাঠে এক স্বর্ণময় প্রতিমা স্থাপন করত পরমেশ্বরের পরিবর্ত্তে তাহার নিকটে আরাধনা করিবার আজ্ঞা প্রত্যেক ব্যক্তিকে করিয়াছিল। এতদ্ভিন্ন সে বলিয়াছিল যে যদ্যপি কেহ এতদ্রূপ না করে তবে তাহাকে অগ্নিময় কুণ্ডে নিক্ষেপ করা যাইবে। পরন্তু শদ্রক্ মেশক্ অবেদ্নিগো রাজার আজ্ঞা না মানিয়া পরমেশ্বরের ভজন সাধনেই প্রবৃত্ত ছিলেন। অতএব নিবূকদনেস্সরের আদেশানুসারে তাহারা বস্ত্রপরিহিত হইয়া বদ্ধহস্তে অগ্নিকুণ্ডে নিক্ষিপ্ত হইলে পরমেশ্বর অগ্নিকে তাহাদিগকে দগ্ধ করিতে দেন নাই। তাহাতে তাহারা তন্মধ্যে ভূমির উপরের ন্যায় ভ্রমণ করিয়াছিলেন। যখন সে রাজা ইহা দেখিয়াছিল তখন সে তাহাদিগকে উচৈঃস্বরে ডাকিয়া কহিয়াছিল "হে অমর পরমেশ্বরের ভক্ত শদ্রক্ মেশক্ অবেদ্নিগো তোমরা অগ্নির মধ্য হইতে বাহির হইয়া আইস"। তাহাতে তাহারা তন্মধ্য হইতে ক্ষত না হইয়া বাহির হইয়া আসিয়াছিলেন। তদনন্তর নিবূকদ্নেস্সর্ শদ্রক্ মেশক্ ও অবেদনিগোর শত্রুগণকে অগ্নিকুণ্ডে

ফেলাইলে তাহারা তৎক্ষণাৎ মরিয়া গিয়াছিল। ইহার পর নিবূকদ্নেস্সর রাজা আপন প্রজালোককে শদ্রক্ মেশক্ ও অবেদ্নিগোর ঈশ্বরের আরাধনা করিতে আজ্ঞা করিয়াছিল।

প্রশ্ন. যিরূশালেম্ বিনষ্ট হইবার কিঞ্চিৎ পূর্ব্বে যে যুব ভবিষ্যদ্বক্তা বন্দিদশায় বাবেলেতে আনীত হইয়াছিলেন তাহার নাম কি?

উত্তর. দানীয়েল্ তাহার নাম.

প্র. তাহার তিন জন বন্ধুর নাম কি২?

উ. শদ্রক্ মেশক্ অবেদ্নিগো তাহাদের নাম.

প্র. এই তিন যুব মানুষ কিসের দ্বারা নিবূকদ্নেস্সরকে বিরক্ত করিয়াছিলেন?

উ. তাহা কর্ত্তৃক স্থাপিত স্বর্ণময় প্রতিমার আরাধনা করিতে অস্বীকার দ্বারা.

প্র. ইহার জন্যে সে তাহাদিগকে কি শাস্তি দিয়াছিল?

উ. সে তাহাদিগকে জ্বলন্ত অগ্নির কুণ্ডে ফেলিয়া দিয়াছিল.

প্র. তবে তাহারা যে অগ্নিতে দগ্ধ হইয়া মরিয়া যায় নাই ইহার কারণ কি?

উ. ইহার কারণ এই যে পরমেশ্বর তাহাদিগকে রক্ষা করিয়াছিলেন.

২— নিবূকদ্নেস্সর্ যিহূদাহ্ ব্যতীত অন্য২ বহু রাজ্য জয় পুরঃসর আপন পরাক্রম ও মহত্ত্ব প্রযুক্ত দর্প করিয়াছিল। অতএব পরমেশ্বর তাহা হইতে বুদ্ধি কাড়িয়া লইয়া তাহাকে পশুবৎ

করত শাস্তি দিয়াছিলেন। তাহাতে সে নিজ রাজ্য হইতে দূরীকৃত হওত বলদের সঙ্গে তৃণাদি ভক্ষণ করিয়াছিল। অবশেষে তাহার লোম কুরল পক্ষির পক্ষের ন্যায় ও তাহার নখ বিহঙ্গমের নখের তুল্য হইয়াছিল। পরন্তু কিঞ্চিৎকাল গতে পরমেশ্বর নিবূকদ্‌নেস্‌সর্‌কে পুনরায় বুদ্ধি প্রদান করিলে সে আপন রাজ্য পুনঃপ্রাপ্ত হইয়াছিল। আর সে পরমেশ্বরকে স্বর্গের রাজা করিয়া স্বীকার পূর্ব্বক কহিয়াছিল যে তাঁহার তাবৎ কর্ম্ম সত্য ও তাঁহার পথ বিচারসিদ্ধ এবং তিনি দর্পে চলনকারিগণকে নত করিতে পারেন।

প্রশ্ন. নিবূকদ্‌নেস্‌সর্‌ আপন অহঙ্কার প্রযুক্ত কিরূপ শাস্তি পাইয়াছিল?

উত্তর. সে আপন বুদ্ধিতে বঞ্চিত হইয়া রাজ্য হইতে দূরীকৃত হইয়াছিল.

প্র. পরে পরমেশ্বর কি তাহাকে পুনর্ব্বার বুদ্ধি প্রদান করিয়াছিলেন?

উ. হাঁ তিনি তাহা করিয়াছিলেন.

প্র. তখন সে কি স্বীকার করিয়াছিল?

উ. তখন সে এই স্বীকার করিয়াছিল যে প্রভু পরমেশ্বরই স্বর্গ ও পৃথিবীর রাজা.

৩— নিবূকদ্‌নেস্‌সরের পরে বাবেলে অনেকে রাজত্ব করে। অবশেষে সেখানে বেল্‌শস্‌সর্‌ নামে এক ব্যক্তি রাজ্যপ্রাপ্ত হইয়াছিল। এই অতি দুর্বৃত্ত নৃপতি আপন সহস্র প্রধান

লোকের নিমিত্তে ভোজ প্রস্তুত করণানন্তর পরমেশ্বরকে বিরক্ত করিয়াছিল। যেহেতুক এ রাজা সেই ভোজোপলক্ষে নিবূকদ্‌নেস্‌সর কর্ত্তৃক যিরূশালেমের মন্দিরের উপহৃত পাত্র সমস্ত আনাইয়া আপনার প্রধান লোকদের সহিত মদিরাপান করত স্বর্ণ রূপা পিত্তল লৌহ কাষ্ঠ প্রস্তর প্রভৃতি নির্ম্মিত দেবদের প্রশংসা করিয়াছিল। অপর সেই রাত্রিই বেল্‌শসর হত হইয়াছিল এবং মিদীয়দের রাজা দারিয়ুস্‌ বাবেল্‌ জয় করিয়া লইয়া তাহার রাজ্য প্রাপ্ত হইয়াছিলেন। এই রূপে দারিয়ুস্‌ রাজা হইলে পর তিনি দানিয়েল্‌কে সকল অধ্যক্ষের উপরিস্থ পদে নিযুক্ত করিয়া তাহার বড় সমাদর করিয়াছিলেন। কিন্তু কতিপয় দুষ্ট লোক এই মহা ভবিষ্যদ্বক্তার প্রতি দ্বেষ করত রাজাকে এই অনুজ্ঞা প্রচার করিতে পরামর্শ দিয়াছিল যে ত্রিশ দিন কেহ আপন ভজনসাধন করিতে পারিবেক না সুতরাং যদি কেহ এ আজ্ঞার বিরুদ্ধ কর্ম্ম করে তবে তাহাকে সিংহ গর্ত্তে নিক্ষেপ করা যাইবেক। এমত হইলেও দানিয়েল্‌ আপন রীত্যনুসারে পরমেশ্বরের নিকটে প্রার্থনাদি করা ত্যাগ না করিবাতে তাহার বিপক্ষগণ তাহাকে সিংহের গর্ত্তে নিক্ষেপ করিবার জন্যে আগ্রহ করিয়াছিল। তাহাতে দানিয়েল্‌ সিংহগর্ত্তে নিক্ষিপ্ত হইলে পর রাজা তাহার বিষয় সমস্ত রাত্রি ভাবিতে২ উদ্বিগ্ন হওত নিদ্রা যাইতে পারেন নাই। অতএব তিনি পরদিন অতি প্রত্যূষে গাত্রোত্থান করিয়া সিংহগর্ত্তের সমীপে গমন করত দানিয়েল্‌কে সজীব ও নিরাপদ দেখিয়াছিলেন। কেননা পরমেশ্বর সিংহগণকে তাহাকে আঘাত

করিতে দেন নাই। তদনন্তর দানিয়েল্ ভবিষ্যদ্বক্তা সিংহগর্ত্ত হইতে বাহির হইয়া আইলে পর তাহার ক্ষেপনকারিদিগকে তন্মধ্যে নিক্ষিপ্ত করিবাতে তৎক্ষণাৎ সিংহগণ তাহাদিগকে গ্রাস করিয়া ফেলিয়াছিল। আর দারিয়ুসের মৃত্যুর পর পারসের রাজা কোরেশ তাহার পরিবর্ত্তে রাজত্ব করিয়াছিলেন। এই কোরেশ্ দারিয়ুসের সঙ্গে বাবেল্ জয় করিয়া লন।

প্রশ্ন. বাবেলের যে দুর্বৃত্ত নৃপতি আপন প্রধান লোকদের সহিত পরমেশ্বরের মন্দিরের স্বর্ণময় পাত্রেতে করিয়া মদিরা পান করে তাহার নাম কি?

উত্তর. তাহার নাম বেল্শসর.

প্র. যখন তাহারা পূর্ব্বোক্ত পাত্র সমূহেতে করিয়া পান করে তখন তাহারা কাহাদের প্রশংসা করিয়াছিল?

উ. তাহারা আপনাদের স্বর্ণ রূপা পিত্তল লৌহ কাষ্ঠ প্রস্তর প্রভৃতি নির্ম্মিত দেবগণের প্রশংসা করিয়াছিল.

প্র. ইহাতে করিয়া তাহারা কি পরমেশ্বরের সম্মানের ত্রুটি করে নাই?

উ. হাঁ তাহারা তাহা করিয়াছিল বটে.

প্র. সেই রাত্রিতে কি ঘটিয়াছিল?

উ. সেই রাত্রিতে বেলশসর হত হইয়াছিল.

প্র. কে তাহার রাজ্য প্রাপ্ত হইয়াছিলেন?

উ. মিদীয়দের রাজা দারিয়ুস্.

প্র. দারিয়ুস্ দানিয়েলের সহিত কি প্রকার ব্যবহার করিয়াছিলেন?

উ. তিনি তাহাকে সকল অধ্যক্ষের উপর পদ দিয়াছিলেন.

প্র. রাজার আজ্ঞার বিপরীতে দানিয়েল্ পরমেশ্বরের নিকটে প্রার্থনাদি করণে আসক্ত থাকিলে তাহার প্রতি কি ঘটিয়াছিল?

উ. তিনি সিংহগর্ত্তে নিক্ষিপ্ত হইয়াছিলেন.

প্র. তাহাতে সিংহগণ কি তাহাকে খাইয়া ফেলিয়াছিল?

উ. না তাহারা তাহাকে খাইয়া ফেলে নাই.

প্র. কে তাহাকে রক্ষা করিয়াছিলেন?

উ. পরমেশ্বর.

প্র. কাহাকে সিংহগণ এক মুহূর্ত্তে খাইয়া ফেলিয়াছিল?

উ. দানিয়েলের বিপক্ষগণকে.

৪— পারসের রাজা কোরেশের জন্মের দুই শত বৎসর পূর্ব্বে যিশয়িয়াহ্ ভবিষ্যদ্বক্তা এই ভবিষ্যৎ কথা বলিয়াছিলেন যে কোরেশ্ নামা এক ব্যক্তি ইশ্রায়েলীয় লোকদিগকে আপনাদের দেশে পুনঃস্থাপন করিবেন। এতদ্ভিন্ন যিরিমিয়াহ্ ভবিষ্যদ্বক্তা এই ভবিষ্যদুক্তি করিয়াছিলেন যে তাহারা বাবেলে সপ্ততি বৎসর বন্দির অবস্থায় থাকিয়া পুনরায় স্বদেশে প্রত্যাগমন করত যিরূশালেম্ পুনর্নির্ম্মাণ করিবে। এই সত্তর বৎসরের শেষ হয় ২ এমত সময়ে দারিয়ুসের মরণ হইলে পর পরমেশ্বর কোরেশ্‌কে বাবেল্ রাজ্য প্রদান করিয়াছিলেন। অপর এই কোরেশ্‌রাজা যেন ইশ্রায়েলীয় লোকগণকে মুক্ত করত

তাহাদিগকে আপন দেশে যাইয়া যিরূশালেম্ নির্ম্মাণ করিতে দেন এমত ইচ্ছা পরমেশ্বর তাহার হৃদয়ে উদয় করিয়াছিলেন। আর তাহাদের প্রস্থানকালীন কোরেশ্ তাহাদিগকে নিবূকদ্‌নেস্‌সর কর্ত্তৃক যিরূশালেম্ হইতে পরমেশ্বরের মন্দিরের উপহৃত পাত্র সমূহ ফিরিয়া দিয়াছিলেন। অতএব বাবেল্ হইতে বহু ইশ্‌রায়েলীয় লোক স্বদেশে প্রস্থান করিলে পর তথায় তাহারা পরমেশ্বরের গৃহের পত্তন করিয়াছিল। কিন্তু তাহারা এই কর্ম্মে শম্‌রোণীয়দিগ হইতে বিঘ্ন পাইবাতে তাহার সমাপ্তি বিংশতি বৎসর পর্য্যন্ত হয় নাই। পরন্তু অবশেষে সেই মন্দিরের নির্ম্মাণ সমাপ্ত হইলে মহানন্দের সহিত তাহার প্রতিষ্ঠা হইয়াছিল। এই প্রকারে পরমেশ্বর পুনর্ব্বার নিজ লোকদিগকে আশীর্ব্বাদ করিয়াছিলেন। যিহূদাহ্ রাজ্যের অবশিষ্ট লোকেরা তাহাদের বন্ধনাগারের দেশে যিহূদীয়গণ বলিয়া বিখ্যাত হইয়াছিল এবং এক্ষণেও তাহারা সেই নামে পরিচিত হইত। ইহাদের মধ্যে এষ্‌রা নামা এক জন সাধু মানুষ অধ্যাপক বা ব্যবস্থাশিক্ষকের ব্যবসায় করিতেন। এই ব্যক্তি স্ত্রী পুরুষ করিয়া যাবদীয় লোক শ্রবণ করিয়া বুঝিতে পারে তাহাদিগকে এক সভায় একত্র করিয়াছিলেন। আর তিনি তাবৎ উপস্থিত ব্যক্তির সম্মুখে এক উচ্চতর কাষ্ঠাসনে বসিয়া মোশেহের ব্যবস্থাপুস্তক পাঠ করিলে পর লেবীয়গণ তাহাদিগের কর্ণগোচরে তাহার ব্যাখ্যা করিয়াছিল। ইহার পর এষ্‌রা পরম প্রভু পরমেশ্বরের ধন্যবাদ করিলে সকল লোক ঊর্দ্ধবাহু হইয়া এমত হউক এমত হউক বলিয়া উত্তর করণ পূর্ব্বক আপনাদের মস্তক হেঁট করিয়া অধোবদনে পরমেশ্বরের আরাধনা করিয়াছিল।

অতঃপর প্রধান ও সাধারণ লোকেরা উভয়েই পরমেশ্বরের সেবক মোশেহর্পিত পরমেশ্বরের ব্যবস্থানুসারে আচার ব্যবহার এবং তাঁহার সমুদয় আজ্ঞা পালন করিবার প্রতিজ্ঞা করিয়াছিল। আর ইহার পর তাহারা কদাপি প্রতিমাপূজা করে নাই।

প্রশ্ন. যে ব্যক্তির জন্মের দুই শত বৎসর পূর্ব্বে যিশয়িয়াহ্ ভবিষ্যদ্বক্তা তাহার বিষয়ে নাম ধরিয়া ভবিষ্যৎকথা কহিয়াছিলেন সেই ব্যক্তির নাম কি?

উত্তর. তাহার নাম কোরেশ্.

প্র. এই ভবিষ্যদ্বক্তা তাহার বিষয়ে কি ভবিষ্যৎ কথা কহিয়াছিলেন?

উ. ইনি তাহার বিষয়ে এই ভবিষ্যৎকথা কহিযাছিলেন যে তিনি যিহূদাহের লোকদিগকে স্বদেশে পুনঃস্থাপন করিবেন.

প্র. তাহাদের এই বন্দিদশা কত দিন থাকিবার কথা যিরিমিয়াহ্ ভবিষ্যদ্বক্তা ভবিষ্যদুক্তি করিয়াছিলেন?

উ. সপ্ততি বৎসর.

প্র. সত্তর বৎসরের শেষে পরমেশ্বর কাহাকে বাবেল্ রাজ্য প্রদান করিয়াছিলেন?

উ. কোরেশ্কে.

প্র. পরমেশ্বর তাহার হৃদয়ে কি করিবার ইচ্ছা উদয় করিয়াছিলেন?

উ. যিহূদীয়গণকে মুক্ত করিবার ইচ্ছা.

প্র. তিনি কি তাহাদিগকে আপনাদের দেশে প্রত্যাগমন করিতে দিয়াছিলেন?

উ. হাঁ তিনি তাহা করিয়াছিলেন.

প্র. তিনি তাহাদিগকে কি ফিরিয়া দিয়াছিলেন?

উ. মন্দিরের পাত্র সমূহ

প্র. কে যিহুদাহের লোকদিগকে বন্দী করিয়া লইয়া গিয়াছিল?

উ. নিবূকদ্নেস্সর.

প্র. তাহাদের স্বদেশে প্রত্যাগমনানন্তর কি করিবার কথা যিশয়িয়াহ্ ভবিষ্যদ্বক্তি করিয়াছিলেন?

উ. যিরূশালেম্ পুনর্নির্ম্মাণ করিবার কথা.

প্র. তাহারা কি তদ্রূপ করিয়াছিল

উ. হাঁ তাহারা তদ্রূপ করিয়াছিল.

প্র. তাহারা কি মন্দিরও নির্ম্মাণ করিয়াছিল?

উ, হাঁ তাহারা তাহাও করিয়াছিল.

প্র. যৎকালীন যিরূশালেম্ পুনর্নির্ম্মিত হয় তখন লোকদের কর্ণগোচরে কে ব্যবস্থা পাঠ করিয়াছিলেন?

উ. এষরা অধ্যাপক তাহা করিয়াছিলেন.

প্র. যিহুদীয়েরা কি স্বদেশে প্রত্যাগমন করিয়া বড় সুখী হয় নাই?

উ. হাঁ তাহারা সুখী হইয়াছিল বটে.

প্র. কেন পরমেশ্বর তাহাদিগকে সেখান হইতে দূরীকৃত করিয়াছিলেন?

উ. কারণ তাহারা তাঁহাকে পরিত্যাগ করত প্রতিমাপূজায় আসক্ত হইয়াছিল.

প্র. তাহারা কি পরে আর কখনো প্রতিমাপূজা পুনঃস্থাপন করিয়াছিল?

উ. না তাহা তাহারা করে নাই.

৫—যদিও যিহুদীয় লোকেরা বন্ধনাগার হইতে ফিরিয়া আসিয়া প্রতিমাপূজায় আসক্ত হয় নাই তত্রাপি তাহারা মোশেহের ব্যবস্থা অশুদ্ধ ও অন্য২ বহু মন্দ কর্ম্ম করিয়াছিল। অতএব পরমেশ্বর তাহাদিগকে শাস্তি দিবার অভিপ্রায়ে অন্য২ জাতিদের কতিপয় দুর্বৃত্ত রাজাকে তাহাদের উপর দৌরাত্ম্য করিতে ও তাহাদের মধ্যে অনেককে যুদ্ধে বধ করিতে দিয়াছিলেন। পরন্তু শেষে যখন তাহাদের শত্রুগণ তাহাদিগকে প্রতিমাপূজায় আসক্ত করাইতে চাহিলে তাহারা তাহা করিতে সম্মত হয় নাই তখন তিনি তাহাদের উদ্ধার জন্য মত্তথিয়াকে ও তাহার পুত্রদিগকে উত্থাপিন করিয়াছিলেন। এই ব্যক্তিরা অতি সাধু মানুষ ছিলেন। আর মত্তথিয়ার এক জন পুত্রের নাম যিহুদামক্কাবিয়। এই অত্যন্ত বীর্য্যবান্ পুরুষ যুদ্ধে গমন করত পরমেশ্বরের প্রকৃত উপাসকদের দৌরাত্ম্যকারিগণকে বধ করণপূর্ব্বক তাহাদিগকে রক্ষা করিয়াছিলেন। কিন্তু অবশেষে যিহুদামক্কাবিয় কেবল পরমেশ্বরের উপর আপনার ভরসা রাখা বিহিত ইহা বিস্মৃত হওত ইশ্রায়েলীয় লোকদের শত্রু-দিগকে পরাস্ত করিবার জন্যে অতি বিক্রান্ত রোমীয় জাতি হইতে সাহায্য প্রার্থনা করিবাতে পরমেশ্বর তাহাকে যুদ্ধে হত হইতে দিয়াছিলেন। অবশেষে রোমীয়েরা যিহুদা জয় করত তাহা এক রোমীয় প্রদেশ করে। অতএব সেই সময়াবধি যিহুদীয়েরা রোমীয়গণকে বৎসরে২ বহু কর দিলে পর তাহারা তাহাদিগকে আপনাদের ব্যবস্থানুসারে এক জন অধিপতি দ্বারা শাসিত হইতে অনুমতি করিয়াছিল। অপর যখন রোমীয় সম্রাট্

অগস্ত কাইসরের রাজত্বকালে আমাদের প্রভু যিশু খ্রীষ্ট পৃথিবীতে জন্ম গ্রহণ করেন তখন পর্য্যন্ত যিহুদীয়দের এতদ্রূপ অবস্থা ছিল।

প্রশ্ন. আপনাদের দেশে পুনঃ স্থাপিত হইলে পর যিহুদীয়েরা কি অশুদ্ধ করিয়াছিল?

উত্তর. মোশেহের ব্যবস্থা.

প্র. তজ্জন্য পরমেশ্বর তাহাদিগকে কিরূপ শাস্তি দিয়াছিলেন?

উ. তজ্জন্য তিনি অন্য২ জাতিকে তাহাদের বিপক্ষতা করিতে দিয়াছিলেন.

প্র. যখন তাহাদের শত্রুগণ তাহাদিগকে প্রতিমাপূজায় আসক্ত করাইতে চাহিয়াছিল তখন পরমেশ্বর তাহাদের উদ্ধার জন্য কাহাকে উত্থাপন করিয়াছিলেন?

উ. মত্তাথিয়াকে.

প্র. মত্তাথিয়ার যে পুত্র বড় বীর ছিল তাহার নাম কি?

উ. তাহার নাম যিহুদামক্কাবিয়.

প্র. পরমেশ্বর যিহুদামক্কাবিয়কে বহু জয় প্রদান করিলে পর সে যে অনুচিত কর্ম্ম করিয়াছিল তাহা কি?

উ. তাহা এই যে সে রোমীয়দিগ হইতে সাহায্য যাচ্ঞা করিয়াছিল.

প্র. তবে কাঁহার সাহায্যের ভরসা করা তাহার বিহিত ছিল?

উ. পরমেশ্বরের সাহায্যের ভরসা.

প্র. রোমীয়েরা অবশেষে যিহুদা দেশকে কি করিয়াছিল

উ. তাহারা তাহাকে এক রোমীয় প্রদেশ করিয়াছিল.

প্র. ইহার পর যিহুদীয়েরা কি করিতে বাধিত হইয়াছিল?

উ. তাহারা রোমীয়গণকে প্রতি বৎসর কর দিতে বাধিত হইয়াছিল.

প্র. অগস্ত কাইসর কে ছিল?

উ. সে এক জন রোমীয় সম্রাট্ ছিল.

প্র. তাহার রাজত্ব কালে পৃথিবীতে কাঁহার জন্ম হইয়াছিল?

উ. আমাদের প্রভু য়িশু খ্রীষ্টের.

[প্র. যৎকালীন যিহুদীয়েরা বাবেল্ হইতে স্বদেশে ফিরিয়া আইসে তখন তাহাদের উপরে যে দুই জন অধ্যক্ষ ছিলেন তাহাদের নাম কি২?

উ. যিকোনিয়ার পৌত্র সিরুব্বাবেল্ বা শেশ্বসর্ ও যিহোশুয় বা যেশুয় প্রধান যাজক.

প্র. শম্রোণীয়েরা মন্দির পুনর্নির্ম্মাণ করণে সাহায্য করিতে চাহিলেও যিহুদীয়েরা তাহা গ্রহণ না করাতে তাহাদের মধ্যে কি পরস্পর এই অবধি করিয়া গুরুতর বিপক্ষতা জন্মে নাই?

উ. হাঁ তাহা জন্মিয়াছিল বটে.

প্র. কাহারা শম্রোণীয়েরা বলিয়া বিখ্যাত হইয়াছিল?

উ. যে দেবপূজক জাতীয় লোকেরা আশূর হইতে আসিয়া ইশ্রায়েল্ রাজ্যে বসতি করত অবশেষে মোশেহের পঞ্চ পুস্তক গ্রহণ এবং গিরিসিম্ পর্ব্বতোপরি পরমেশ্বরের আরাধনার্থে এক মন্দির নির্ম্মাণ করে তাহারা শম্রোণীয়েরা বলিয়া বিখ্যাত হইয়াছিল.

প্র. দ্বিতীয় মন্দিরে কিসের২ অভাব ছিল?

উ. পরমেশ্বরের নিয়ম সিন্দুক ও সাক্ষাৎকার বা শেকিনাহ্ উরীম্ ও তুম্মীম্ স্বর্গীয় পবিত্র অগ্নি ভবিষ্যৎ কথা কহনশক্তি এই পাঁচের.

প্র. সিরুব্বাবেলের পর যিহুদীয়দের শাসনকর্ত্তা পদে কে নিযুক্ত হইয়াছিলেন?

উ. এষ্রা অধ্যাপক.

প্র. এঁষ্রার পরিবর্ত্তে নিখেমিয়াহ্ শাসনকর্ত্তা পদে নিযুক্ত হইলে সেই অধ্যাপক কি করিয়াছিলেন?

উ. তিনি ধর্ম্মশাস্ত্রের আলোচনা ও পরমেশ্বরের আরাধনার সুনিয়ম করণে প্রবৃত্ত ছিলেন.

প্র. পারসের কোন্ রাজার কালে এষ্রা ও নিখেমিয়াহ্ স্বদেশে প্রত্যাগমন করেন?

উ. অহস্বেরশের বা অর্ত্তসেরক্সেশ্ লঙ্গিগমের কালে.

প্র. এই রাজা যে যিহুদীয়া তরুণীকে আপন রাণী করিয়াছিল তাহার নাম কি?

উ. তাহার নাম এস্তর.

প্র. এই এস্তরের দ্বারা যিহুদীয় লোকেরা হামানের মন্দ চেষ্টা হইতে রক্ষা পাইলে পর মর্দিকয় সেই উদ্ধার স্মরণার্থে যে পর্ব্ব স্থাপন করেন ও যাহা তৎকালাবধি যিহুদীয়দের মধ্যে পালিত হইয়া থাকে তাহার নাম কি?

উ. তাহার নাম পূরীমেরপর্ব্ব.

প্র. যিহুদীয়েরা ক্রমে২ যে ছয় ভিন্নদেশীয় রাজ্যের অধীন হয় সে ছয় রাজ্য কি২?

উ. বাবেলীয় পারসীয় গ্রীষীয় মিসরীয় শূরীয় রোমীয় রাজ্য.

প্র. যাহার দ্বারা যিহুদীয়েরা গ্রীষীয় রাজ্যের অধীন হয় তাহার নাম কি?

উ. তাহার নাম অলেক্সন্দের মহান্.

প্র. যাহার দ্বারা তাহারা মিসরীয় রাজ্যের অধীন হয় তাহার নাম কি?

উ. তাহার নাম প্তোলেমী-সোতের.

প্র. যাহার দ্বারা তাহারা শূরীয় রাজ্যের অধীন হয় তাহার নাম কি?

উ. তাহার নাম অন্তিয়োক মহান.

প্র. ইহার উত্তরাধিকারি অন্তিয়োক ইপিফেনী তাহাদের উপর অত্যন্ত দৌরাত্ম্য করিলে পর পরমেশ্বর তাহাদিগকে কাহাদের দ্বারা উদ্ধার করিয়াছিলেন?

উ. মক্কাবীয়দের দ্বারা.

প্র. ইহাদের আদিপুরুষ কে?

উ. অস্মনিয়.

প্র. এই অস্মনিয় মত্তাথিয়ার কে হয়?

উ. প্রপিতামহ.

প্র. মত্তাথিয়ার পাঁচ পুত্রের নাম কি২?

উ. যিহুদা মক্কাবিয় শিমোন্ এলিয়েসার্ যোনাথান্ যোহন্ হূর্কেন.

প্র. যিহুদা মক্কাবিয় কি শত্রুগণকে দমন করিয়া যিরূশালেমে পরমেশ্বরের আরাধনার্থে মন্দিরের বেদিপ্রভৃতি পুনরুৎসর্গ করেন নাই?

উ. হাঁ তিনি তাহা করিয়াছিলেন.

প্র. এই পূর্ব্বোক্ত উৎসর্গ ব্যাপারের পর্ব্ব কি এই সময়াবধি বৎসর২ পালিত হইত?

উ. হঁা তাহা হইতে আর কেহ২ অনুমান করেন যে যোহনের মঙ্গল সমাচারে আমাদের প্রভুর যে এক উৎসর্গ নামক পর্ব্বে আগমনের কথা লিখিত আছে তাহা এই পর্ব্ব.

প্র. পরে হূর্কেণ ও অরিষ্টোবূল দুই ভ্রাতা পরস্পর বিবাদ করত রোমীয়দের স্থানে সাহায্য চাহিলে পম্পে কি যিহুদা দেশ রোমের অধীনস্থ করে নাই ?

উ. হাঁ সে তাহা করিয়াছিল বটে.

প্র. সে কি হূর্কেণের পক্ষ হইয়াছিল ?

উ. হাঁ সে তাহা হইয়াছিল বটে কিন্তু সে তাহাকে রাজা না হইতে দিয়া কেবল প্রধান যাজকের পদ দিয়াছিল.

প্র. পরে অরিষ্টোবূলের পুত্র অন্তিগোন তাহার পিতৃভ্রাতা হূর্কেণকে পদচ্যুত করত আপনাকে রাজা করিয়া ব্যক্ত করিলে ইদুমীয় অন্তিপতেরের পুত্র হেরোদ্ মহান্ নামে বিখ্যাত ব্যক্তি কি অন্তনি কর্ত্তৃক রোম হইতে যিহুদার রাজার পদে নিযুক্ত হইয়া আসিয়াছিল?

উ. হাঁ সে তদ্রূপ হইয়া আসিয়াছিল বটে.

প্র. যে মক্কাবীয় অরিষ্টোবূল প্রথমে রাজার উপাধি ধারণ করিয়াছিল সে কি অন্তিগোনের পিতা ?

উ. না সে আর এক অরিষ্টোবূল এবং এই অরিষ্টোবূলের প্রায় ৪২ বৎসর পূর্ব্বে বর্ত্তমান ছিল.

প্র. যত দিন শূরীয়দের অধীনে যিহুদা দেশ ছিল তাবৎ যিহুদীয়েরা কি আপনাদের ব্যবস্থানুসারে ও স্বজাতীয় শাসনকর্ত্তার. দ্বারা শাসিত হয় নাই ?

উ. হাঁ তাহারা তদ্রূপ শাসিত হইয়াছিল বটে.]

ত্রয়োবিংশতি উপদেশ।

১—যিহুদার রাজা হেরোদের ও রোমের সম্রাট্ অগস্ত কাইসরের কালে পবিত্র দেশস্থিত গালিল প্রদেশের নাষিরিৎ নামক ক্ষুদ্র নগরে মারিয়া নাম্নী কন্যা বাস করিতেন। এই অসাধারণ পুণ্যবতী স্ত্রীলোক স্বকুলোদ্ভব অর্থাৎ যিহুদাহের গোষ্ঠীর দাবিদের বংশজাত যোষেফ্ নামা এক জন সজ্জন পুরুষের প্রতি বাগ্দত্তা হইয়াছিলেন। অপর পরমেশ্বর গব্রীয়েল্ নামে পবিত্র দূতকে মারিয়ার স্থানে প্রেরণ করিলে সেই দূত তাহাকে জ্ঞাপন করিয়াছিলেন যে যে খ্রীষ্টের মনুষ্য স্বভাব গ্রহণানন্তর নৃকুলের ত্রাণকর্ত্তা হইবার কথা আছে পরমেশ্বর তোমাকেই আপন পুত্রের মাতা করিতে স্থির করিয়াছেন। পরে যোষেফ্ ও মারিয়া যিহুদা দেশের বেৎলেথেম্ নগরে গমন করিতে বাধিত হইয়া তথায় এক গোশালাতে বাস করিয়া আছেন এমত সময়ে পবিত্র শিশুর জন্ম হইয়াছিল। আর সেই রাত্রে যে কএক জন মেষপালক আপন২ মেষপালের প্রহর দিতে ছিল তাহাদের নিকটে পরমেশ্বরের দূত ঐ জন্মের সম্বাদ দিয়াছিলেন। পরন্তু মেষপালকেরা এক স্বর্গবাহিনীকে পরমেশ্বরের প্রশংসা করত ইহা কহিতে শুনিয়াছিল "সর্ব্বোপরিস্থ ঈশ্বরের মহিমা ও পৃথিবীতে শান্তি এবং মনুষ্যগণের মঙ্গল

হউক”। যেহেতুক যিশু নামে অঙ্গীকৃত ত্রাণকর্ত্তার জন্ম হইয়াছিল। ফলতঃ যিশু নামের অর্থই ত্রাণকর্ত্তা। ইহার কিঞ্চিৎ কাল পরে এই শিশুকে প্রণামপূর্ব্বক স্বর্ণ কুন্দুরু গন্ধরসের দর্শনীয় দিতে পূর্ব্বাঞ্চল হইতে কতিপয় পণ্ডিত আসিয়াছিল। তাহাতে করিয়া হেরোদের শঙ্কা হইয়াছিল কেননা তাহারা তাহাকে বলিয়াছিল যে আমরা যিহুদীয়দের রাজাকে প্রণাম করিতে আগমন করিয়াছি। অতএব সে বেৎলেখেম্ ও তাহার চতুর্দ্দিকস্থ তাবৎ শিশুকে বধ করাইয়াছিল। কিন্তু যোষেফ্ পরমেশ্বরের আদেশানুসারে যিশু ও মারিয়াকে লইয়া মিসর দেশে প্রস্থান করিলে পর তাহারা সেখানে হেরোদের মৃত্যু পর্য্যন্ত প্রবাস করিয়াছিলেন। তদনন্তর তাহারা নাযিরিতে ফিরিয়া আইলে যিশু তথায় ত্রিশ বৎসর বয়স পর্য্যন্ত আপন মাতা ও খ্যাত পিতা যোষেফের বশীভূত হইয়া সংগোপনে বাস করিয়াছিলেন।

প্রশ্ন. আমাদের প্রভু যিশু খ্রীষ্টের মাতা কে?
উত্তর. মারিয়া কুমারী.
প্র. মারিয়া কোন্ গোষ্ঠীজাতা?
উ. তিনি যিহুদাহ্ গোষ্ঠীজাতা.
প্র. তিনি কোন্ কুলোদ্ভবা?
উ. তিনি দাবিদের কুলোদ্ভবা.
প্র. তাহার স্বামির নাম কি?
উ. যোষেফ্.
প্র. খ্রীষ্টের পিতা কাঁহাকে কহা যায়?
উ. পরমেশ্বরকে.
প্র. কে মারিয়া কুমারীকে বলিয়াছিলেন যে তিনি খ্রীষ্টের মাতা হইবেন?
উ. গব্রীয়েল্ দূত

প্র. আমাদের ত্রাণকর্ত্তার কোথায় জন্ম হয়?

উ. যিহুদার বৈৎলেখেম্ নগরেতে.

প্র. পরমেশ্বরের দূত কাহাদিগকে আমাদের ত্রাণকর্ত্তার জন্ম জ্ঞাপন করিয়াছিলেন?

উ. কতিপয় মেষপালককে.

প্র. তাহারা কি বিষয়ক গীত গান হইতে শুনিয়াছিল?

উ. পরমেশ্বরের মহিমা এবং মনুষ্যগণের শান্তি ও মঙ্গল বিষয়ক গীত.

প্র. কাহারা এ গীত গান করিয়াছিলেন?

উ. স্বর্গবাহিণী.

প্র. স্বর্গবাহিণী কাহাদিগকে কহা যায়?

উ. দূতগণকে.

প্র. যিশু নামের অর্থ কি?

উ. তাহার অর্থ ত্রাণকর্ত্তা.

প্র. যিহুদীয়গণ কাহাদিগকে কহা যায়?

উ. অব্রাহাম্ ইস্থাক্ ও যাকোবের বংশীয় লোকগণকে.

প্র. অব্রাহাম্ ইস্থাক্ ও যাকোবের অনুরোধে পরমেশ্বর ইশ্রায়েলীয়দিগকে কি করিয়াছিলেন?

উ. তিনি তাঁহাদিগকে আপন মনোনীত লোক করিয়াছিলেন.

প্র. অন্য দেশীয়গণ কাহাদিগকে কহা যায়?

উ. যাহারা পরমেশ্বরের লোক নয় তাহাদিগকে.

প্র. অন্য দেশীয়েরা কাহাদের আরাধনা করিত?

উ. তাহারা দেবদেবীগণের আরাধনা করিত.

প্র. অন্য দেশীয়দের মধ্যে যাহারা প্রথমে খ্রীষ্টের আরাধনা করে তাহারা কে?

উ. তাহারা পূর্ব্ব অঞ্চলস্থ কতিপয় পণ্ডিত.

প্র. যখন এই পণ্ডিতেরা কহিয়াছিল যে আমরা যিহুদীয়দের নবজাত রাজাকে প্রণাম করিতে আসিয়াছি তখন হেরোদ কি করিয়াছিল?

উ. তখন সে বৈৎলেখেমের তাবৎ শিশুকে বধ করাইয়াছিল.

প্র. যিশু কি প্রকারে রক্ষা পাইয়াছিলেন?

উ. যোষেফ তাঁহাকে মিসরে লইয়া গিয়াছিলেন.

প্র. কেন তিনি এমত করিয়াছিলেন?

উ. কারণ পরমেশ্বর তাহাকে স্বপ্নযোগে এমত করিতে আজ্ঞা করিয়াছিলেন.

প্র. যোষেফের কি ব্যবসায় ছিল?

উ. তাহার সূত্রধরের ব্যবসায় ছিল.

২—যিশুর জন্মের ত্রিশ বৎসরের পরে যোহন্ নামে এক মহা ভবিষ্যদ্বক্তা প্রকাশিত হইয়াছিলেন। এই যোহনের পিতা সখরীয় যাজক এবং মারিয়া কুমারীর জ্ঞাতি এলীসবেৎ ইহার মাতা। আর ইহারও জন্ম বিষয়ে গব্‌রীয়েল্ দূত ভবিষ্যৎ কথা বলিয়াছিলেন। যোহন্ পূর্ব্বকালীন ভবিষ্যদ্বক্তৃগণের অপেক্ষা অধিক কঠিনরূপে প্রান্তরের মধ্যে কালক্ষেপ করত পৃথিবীস্থ সমস্ত লোককে অনুতাপ করণের চেতনা দিতেন। কেননা যোহন্ তাহাদিগকে জ্ঞাপন করিয়াছিলেন যে "স্বর্গের রাজ্য সন্নিকট"। তাহাতে যাহারা তাহার উপদেশ গ্রহণ করিত তাহাদিগকে তিনি যর্দ্দেন্ নদীতে বাপ্তাইজ করিতেন। এ প্রযুক্ত সাধু যোহন্ বাপ্তাইজক বলিয়া বিখ্যাত হইয়াছিলেন। অপর যিহুদীয় লোকেরা যোহন্‌কে মেশ্‌শিয়াহ্ বা

খ্রীষ্ট করিয়া স্বীকার করিতে উদ্যত হইলে তিনি তাহাদিগকে কহিয়াছিলেন তোমরা আমার বিষয়ে ভ্রান্ত হইয়াছ কেননা আমি কেবল খ্রীষ্টের অগ্রগামী। অর্থাৎ আমি পুরাতন ভবিষ্যৎ কথানুসারে তাঁহার পথ প্রস্তুত করণার্থে অগ্রে, প্রেরিত হইয়াছি। পরে যিশু বাপ্তাইজ হইবার জন্যে যোহনের স্থানে আসিয়াছিলেন। যেহেতুক সকল ধর্ম্ম সাধন করিবার তাঁহার ইচ্ছা ছিল। আর যোহন্ যিশুর উপরে সদাত্মাকে কপোতের ন্যায় নামিবার বিষয়ে সাক্ষ্য দিয়াছেন। এতদ্ভিন্ন তিনি তাঁহার বিষয়ে পরমেশ্বরের এই বাণী শুনিয়াছিলেন "ইনি আমার প্রিয় পুত্র ইহাঁতে আমি পরমাপ্যায়িত আছি"। পুনশ্চ তিনি যিশুর বিষয়ে কহিয়াছিলেন "জগতের পাপ সংহারি পরমেশ্বরের মেষশাবককে দেখ"!

প্রশ্ন. খ্রীষ্টের জন্মের প্রায় ত্রিশ বৎসরের পরে যে মহা ভবিষ্যদ্বক্তা প্রকাশিত হইয়াছিলেন তাহার নাম কি?

উত্তর. তাহার নাম সাধু যোহন্ বাপ্তাইজক.

প্র. তিনি কাহাদের পুত্র ছিলেন?

উ. তিনি সখরীয় ও এলীসবেতের পুত্র ছিলেন.

প্র. যোহন্ কোথায় বাস করিতেন?

উ. তিনি প্রান্তরের মধ্যে বাস করিতেন.

প্র. ভবিষ্যদ্বক্তৃগণ কি তাহার বিষয়ে কিছু কহিয়াছিলেন?

উ. হাঁ তাহারা তাহার বিষয়ে এই কহিয়াছিলেন যে তিনি মেশশিয়াহের অগ্রগামী হইবেন.

প্র. মেশশিয়াহ্ কাহাকে কহা যায়?

উ. খ্রীষ্টকে.

প্র. খ্রীষ্টের উপদেশাদি কর্ম্মে প্রবৃত্ত হইবার পূর্ব্বে যোহন্ কি আসিয়াছিলেন?

উ. হাঁ তিনি তৎকালেই আসিয়াছিলেন.

প্র. যোহন্ সকল লোককে কি বিষয়ে চেতনা দিয়াছিলেন?

উ. পাপপ্রযুক্ত অনুতাপ করণের বিষয়ে.

প্র. তিনি কিসের সন্নিকট হওনের কথা কহিয়াছিলেন?

উ. স্বর্গ রাজ্যের.

প্র. যাহারা তাহার উপদেশানুসারে চলিয়াছিল তিনি তাহাদিগকে কি করিয়াছিলেন?

উ. তিনি তাহাদিগকে যর্দ্দেন্ নদীতে বাপ্তাইজ করিয়াছিলেন.

প্র. কেন তিনি বাপ্তাইজক বলিয়া বিখ্যাত হইয়াছিলেন?

উ. কারণ তিনি বাপ্তাইজ করিতেন.

প্র. যিহুদীয়েরা প্রথমে তাহাকে কি করিয়া বোধ করিয়াছিল?

উ. মেশশিয়াহ্ করিয়া.

প্র. খ্রীষ্ট কি বাপ্তাইজ হইবার জন্যে যোহনের স্থানে গিয়াছিলেন?

উ. হাঁ তিনি তাহার স্থানে গিয়াছিলেন.

প্র. যৎকালীন আমাদের ত্রাণকর্ত্তা বাপ্তাইজ হন তখন তাঁহার উপরে কাঁহার নমন হইয়াছিল?

উ. সদাত্মার.

প্র. সদাত্মা কে?

উ. পরমেশ্বরের আত্মা.

প্র. সাধু যোহন্ বাপ্তাইজক খ্রীষ্টের বিষয়ে কি বলিয়াছিলেন?

উ. জগতের পাপ সংহারি পরমেশ্বরের মেষশাবককে দেখ.

৩— যিশুর বাপ্তিস্মের পরেই সদাত্মা তাঁহাকে প্রান্তরে লইয়া গেলে পর তিনি তথায় চল্লিশ দিবারাত্রি উপবাস করিয়াছিলেন। আর সেখানে শয়তান তাঁহাকে পরমেশ্বরের অনুমত্যনুসারে বহু পরীক্ষা করিলে পর তিনি সেই দুরাত্মাকে দূর করিয়া দিয়াছিলেন। ইহার পর যিশু গালিলে প্রত্যাগমন করত গেনেসরেৎ নামক হ্রদের নিকটে বাস করিয়াছিলেন। এই স্থানে তিনি অন্দ্রিয় ও তাহার ভ্রাতা শিমোন্ এবং সেবেদীর পুত্রদ্বয় যাকোব্ ও যোহন্ নামে দুই ভ্রাতা এই চারি জন মৎস্যধারিকে আপনার পশ্চাদ্গামী হওনার্থে আহ্বান করিয়াছিলেন। পরে তিনি অন্য২ কতিপয় ব্যক্তিকে বিশেষতঃ মথীয় নামে এক জন চণ্ডাল বা করসঞ্চয়কারিকে আহ্বান করেন্। এই কএক মানুষকে তিনি আহ্বান করিবামাত্রেই তাহারা সকল ছাড়িয়া তাঁহার পশ্চাদ্গামী হইয়াছিল। তদনন্তর অবিলম্বে অনেকে তাঁহার শিষ্য হইয়াছিল। অর্থাৎ অনেকে তাঁহার উপদেশ শ্রবণ করত যত্ন পূর্ব্বক তাহা শিক্ষা করণার্থে তাঁহার স্থানে আসিত। ইহাদের মধ্য হইতে তিনি দ্বাদশ ব্যক্তিকে মনোনীত করিয়া তাহাদের নাম দূত অর্থাৎ প্রেরিত রাখিলে পর তিনি তাহাদিগকে আপন ধর্ম্ম মত প্রচার করিতে পাঠাইয়াছিলেন। এই দ্বাদশ প্রেরিতের নাম এই২ অর্থাৎ শিমোন্ পিতর ও তাহার ভ্রাতা অন্দ্রিয় সেবেদীর পুত্রদ্বয় যাকোব্ ও যোহন্ ফিলিপ্ বর্থলমিয় মথীয় থোমা আল্ফির পুত্র যাকোব্ এবং তাহার ভ্রাতা থদ্দীয় বা যিহুদা কিনানীয় শিমোন্ ও যিশুকে পরহস্তগতকারি যিহুদা ইষ্কারিওতীয়।

প্রশ্ন. যিশুর বাপ্তিস্মের পর তিনি কোথায় গমন করিয়াছিলেন?
উত্তর. তিনি প্রান্তরে গমন করিয়াছিলেন.
প্র. কেন তিনি সেখানে গিয়াছিলেন?
উ. শয়তান কর্ত্তৃক পরীক্ষিত হইবার জন্যে.
প্র. তিনি তথায় কতকাল উপবাস করিয়াছিলেন?
উ. চল্লিশ দিবারাত্রি.
প্র. তিনি কি শয়তান কর্ত্তৃক বাস্তব পরীক্ষিত হইয়াছিলেন?
উ. হাঁ তিনি তাহা বাস্তব হইয়াছিলেন.
প্র. তিনি কি শয়তানের কোন পরীক্ষাতে পরাজিত হইয়াছিলেন?
উ. না তিনি তাহা হন নাই.
প্র. তাহার পর তিনি কি শিষ্যাহ্বান করেন নাই?
উ. হাঁ তিনি তাহা করিয়াছিলেন.
প্র. শিষ্য শব্দের অর্থ কি?
উ. যে কেহ উপদেশ শিক্ষার্থে কোন গুরুর পশ্চাদ্বর্ত্তী হয় তাহাকেই তাহার শিষ্য কহা যায়.
প্র. আমাদের প্রভু কয় জন প্রেরিতকে মনোনীত করিয়াছিলেন?
উ. বার জনকে.
প্র. দূত শব্দের অর্থ কি?
উ. তাহার অর্থ প্রেরিত ব্যক্তি.
প্র. প্রথম চারি প্রেরিতের কি ব্যবসায় ছিল?
উ. তাহারা মৎস্যধারী ছিলেন.

৪—অপর যিশু নগরে২ ও গ্রামে২ দিয়া ভ্রমণ করত সর্ব্বত্রে স্বর্গ রাজ্যের মঙ্গল সমাচার অর্থাৎ এক ত্রাণকর্ত্তার দ্বারা পাপি-

গণের পরিত্রাণের শুভ সম্বাদ প্রচার করিয়াছিলেন। আর তিনি আপনাকে জগতের পরিত্রাণার্থে প্রেরিত ঈশ্বর পুত্র অর্থাৎ কুলপতিগণের প্রত্যাশিত ও বাঞ্ছিত এবং ভবিষ্যদ্বক্তাদের উক্ত মেশ্‌শিয়াহ্‌ বা খ্রীষ্ট করিয়া ব্যক্ত করিয়াছিলেন। এতদ্ভিন্ন তিনি কহিয়াছিলেন যে যাহারা তাঁহাতে বিশ্বাস করত অনুতাপ করিবে তাহারা আপনাদের পাপ ক্ষমা পাইয়া অত্যন্ত জীবন প্রাপ্ত হইবেক। পরন্তু যিশু আপনাকে ঈশ্বর প্রেরিত করিয়া সপ্রমাণ করিবার নিমিত্তে বহু অলৌকিক কর্ম্ম করিয়াছিলেন। তিনি এক মুহর্ত্তে সকল প্রকার রোগ সুস্থ করিয়াছিলেন। তিনি এক কথায় অন্ধকে দর্শনশক্তি মূকুকে বাক্‌শক্তি বধিরকে শ্রবণশক্তি প্রদান করিয়াছিলেন। তিনি ভূতগ্রস্তদিগকে মুক্ত ও মৃতগণকে পুনর্জীবৎ করিয়াছিলেন পুনশ্চ তাঁহার আচার ব্যবহারে সর্ব্ব প্রকার গুণের দৃষ্টান্ত পাওয়া যায়। তিনি নম্রশীল ও মৃদুস্বভাব ছিলেন। তিনি সহিষ্ণুতাপূর্ব্বক দরিদ্রাবস্থার কষ্ট ও মনুষ্যগণের মন্দ চেষ্টা সহ্য করিয়াছিলেন। তিনি অনুতাপোদ্যত পাপিদিগের প্রতি অতি সদয় ছিলেন কিন্তু কঠিনান্তঃকরণ অপরাধিগণের প্রতি তাঁহার সম্পূর্ণ উষ্মা ছিল। তিনি তাবৎ কর্ম্মে আপন পিতার গৌরবের চেষ্টা করিতেন। অধিকন্তু তাঁহার ভক্তি এমত ছিল যে তিনি প্রভাত হইবার অনেক পূর্ব্বে গাত্রোত্থান করত প্রার্থনা করিতেন। কখন বা তিনি প্রার্থনায় সমুদায় রাত্রি কালক্ষেপ করিতেন এবং প্রতিবিশ্রামবারে পরমেশ্বরের ভজনালয়ে গমন করা তাঁহার রীতি ছিল।

প্রশ্ন. খ্রীষ্ট যেং নগর ও গ্রাম দিয়া গমন করিতেন সেখানে তিনি কি করিতেন?
উত্তর. সেখানে তিনি স্বর্গরাজ্যের মঙ্গল সমাচার প্রচার করিতেন.
প্র. মঙ্গল সমাচার কাহাকে কহা যায়?
উ. পরিত্রাণসূচক শুভ সম্বাদকে.
প্র. স্বর্গরাজ্যের অর্থ কি?
উ. তাঁহার অর্থ অনন্ত জীবন ও স্বর্গীয় বিভব.
প্র. খ্রীষ্ট আপনাকে কি করিয়া ব্যক্ত করিয়াছিলেন?
উ. তিনি আপনাকে ভবিষ্যদ্বক্তৃগণ দ্বারা উক্ত মেশ্‌শিয়াহ্ করিয়া ব্যক্ত করিয়াছিলেন.
প্র. তিনি আপনাকে কাঁহার পুত্র করিয়া কহিয়াছিলেন?
উ. পরমেশ্বরের.
প্র. খ্রীষ্ট আপনাকে কিসের দ্বারা ঈশ্বরপুত্র মেশ্‌শিয়াহ্ করিয়া সপ্রমাণ করিয়াছিলেন?
উ. অলৌকিক কর্ম্মদ্বারা.
প্র. তাঁহার আচার ব্যবহারে কিসের দৃষ্টান্ত পাওয়া যায়?
উ. সকল গুণের দৃষ্টান্ত.
প্র. তিনি আপন তাবৎ কর্ম্মে কাঁহার গৌরব প্রকাশ করিয়াছিলেন?
উ. পিতা পরমেশ্বরের.
প্র. তিনি সর্ব্বদা কাহাদের হিত করিয়া বেড়াইয়াছিলেন?
উ. মনুষ্যদের.
প্র. তিনি আপনার শিষ্যগণকে যে প্রার্থনা শিক্ষাইয়াছিলেন সেই প্রার্থনাকে কি কহা যায়?
উ. তাহাকে প্রভুর প্রার্থনা কহা যায়.

৫—খ্রীষ্ট আপন উপদেশ ও অলৌকিক ক্রিয়া দ্বারা সকল মনুষ্যকে এমত আশ্চর্য্য করিয়াছিলেন যে তিনি প্রান্তরে গমন

করিলে অনেকে সেখানেও তাঁহার পশ্চাৎ গমন করিয়াছিল। যিহুদীয় ও অন্য দেশীয় লোক উভয়েই তাঁহাকে দেখিতে ও তাঁহার উপদেশ শুনিতে অত্যন্ত বাঞ্ছা করিত। ইহা অধ্যাপক ও ফিরুশিগণ দেখিলে পর তাহাদের হিংসা জন্মিয়াছিল। আর তাহারা তাঁহার প্রতি বিরক্ত হইয়াছিল যেহেতুক তিনি তাহাদিগকে স্পষ্টরূপে তাহাদের দোষের জন্যে অভিযোগ করিতেন। অধ্যাপকেরা যিহুদীয়দের মধ্যে উপদেশকের কর্ম্ম করিত বটে কিন্তু আমাদের ত্রাণকর্ত্তা তাহাদের মূঢ়তা ও কাপট্য ব্যক্ত করিয়াছিলেন। ফিরুশিরা অন্য২ লোকাপেক্ষা ব্যবস্থার দৃঢ়তর পালনের অভিমান করিত বটে কিন্তু বাস্তব তাহাদের অনেকেই কপটী অহঙ্কৃত ও লোভী ছিল। সুতরাং তাহারা কেবল ধার্ম্মিকতার ভেক দ্বারা মনুষ্যগণকে প্রবঞ্চনা করিত। যিহুদীয়দের যাজকেরা এবং রাজকীয় লোকেরাও যিশুকে দ্বেষ করিত। যেহেতুক তিনি যিরূশালেম্ নগরের ও তন্মধ্যস্থ মন্দিরের আশুভাবি বিনাশের বিষয়ে ভবিষ্যৎকথা কহিয়াছিলেন। সংক্ষেপে কহি যিশুকে অতি দরিদ্র নম্র ও মৃদু দেখিয়া দুর্বৃত্ত যিহুদীয়দের মধ্যে কেহ তাঁহাকে মেশ্শিয়াহ্ করিয়া বিশ্বাস করিতে চাহে নাই। তাঁহার উপদেশ তাহারা ভাল বাসিত না। কেননা তিনি ধন আমোদ প্রমোদ করিয়া তাবৎ ঐহিক সুখদ বিষয়ের অনুচিত আদর নিষেধ করিতেন। আরও তিনি তাঁহার পশ্চাদ্গমনাভিলাষি ব্যক্তিগণকে আপনাদের ক্রুশ লইয়া সমস্ত পার্থিব বস্তুর লালসা ছাড়িয়া দিতে উপদেশ করিয়াছিলেন। অতএব যিশুর বিপক্ষগণ অনেক বার তাঁহার অপমান করত তাঁহাকে প্রস্তরাঘাত করিতে চেষ্টা

করে। অবশেষে তাহারা তাঁহাকে বধ করিতে প্রতিজ্ঞা করিয়াছিল। এ জন্য তাহারা যিহুদা ইস্কারিওতীয় নামক যিশুর এক জন শিষ্যকে লওয়াইলে সে আপন প্রভুকে তাহাদের হস্তগত করিয়া দিবার অঙ্গীকার করিয়াছিল। আর এই দুষ্কর্ম্মের পুরস্কারের স্বরূপে সে তাহাদের সহিত ত্রিশ রূপার মুদ্রার পণ করে। এই ত্রিশ মুদ্রার মূল্য প্রায় তিন পৌণ্ড দশ সিলিং অর্থাৎ প্রায় ৩৫ টাকা।"

প্রশ্ন. অনেকে কি আমাদের ত্রাণকর্ত্তার পশ্চাদ্গামী হইয়াছিল?

উত্তর. হাঁ অনেকেই তাঁহার পশ্চাদ্গামী হইয়াছিল.

প্র. কেহ কি তাঁহার বিপক্ষতা করিয়াছিল?

উ. হাঁ দুর্বৃত্ত যিহুদীয়গণ তাহা করিয়াছিল.

প্র. কেন তাহারা তাঁহাকে দ্বেষ করিত?

উ. কারণ তিনি নম্রতার উপদেশ দিয়াছিলেন.

প্র. কাহারা আমাদের প্রভুর গুরুতর শত্রু ছিল?

উ. অধ্যাপক ও ফিরুশি বর্গ.

প্র. কাহারা অধ্যাপকবর্গ ছিল?

উ. ব্যবস্থোপদেশকেরা.

প্র. কাহারা ফিরুশিবর্গ ছিল?

উ. এক সম্প্রদায় আত্মাভিমানি লোক.

প্র. যাজক ও নিয়ন্তৃগণ যিশু খ্রীষ্টকে দ্বেষ করিয়া তাঁহার প্রতি কি করিবার প্রতিজ্ঞা করিয়াছিল?

উ. তাঁহাকে বধ করিবার.

প্র. তাঁহাকে আপনাদের হস্তগত করিয়া দিতে তাহারা তাঁহার যে শিষ্যকে লওয়াইয়াছিল তাহার নাম কি?

উ. তাহার নাম যিহুদা ইস্কারিওতীয়.

প্র. এই দুষ্কর্ম্মের জন্যে তাহারা যিহুদাকে কি দিয়াছিল?
উ. তাহারা তাহাকে ত্রিশ রূপার মুদ্রা দিয়াছিল.

প্র. কেন যিহুদীয় নিযন্তৃগণ খ্রীষ্টের প্রতি দ্বেষ করিত
উ. কারণ তিনি যিরূশালেমের ও তন্মধ্যস্থ মন্দিরের বিনাশের বিষয়ে ভবিষ্যৎ কথা কহিয়াছিলেন.

৬— নিস্তারপর্ব্বকালীন খ্রীষ্টের বিপক্ষগণ তাঁহাকে ধরিয়া বধ করিবার মনস্থ করিয়াছিল। কিন্তু তিনি আপনাকে তাহাদের হস্তে সমর্পণ করিবার পূর্ব্বে প্রভুর ভোজন নামক সংস্কার স্থাপন করেন। তাহাতে যেন সেই সংস্কার পাপ ও শয়তানের অধীনতা হইতে নৃকুলের উদ্ধারজন্য তাঁহার দত্ত মাংস ও পতিত রক্তের স্মরণার্থে পালিত হয়। পরে তিনি শিষ্যদিগের সহিত যৈতুনপর্ব্বত সমীপস্থ গৈৎশিমিন নামে উদ্যানে গমন করিয়াছিলেন। এই স্থানে তিনি প্রার্থনা করিয়া থাকিতেন। অপর সেখানে যদিও তিনি প্রথমে আপনার ভাবি দুঃখ নিবারণার্থে নিজ পিতাকে বিনতি করিয়াছিলেন। তথাপি তিনি কহিয়াছিলেন আমার "অভিমত নয় কিন্তু তোমার অভিমত সিদ্ধ হউক"। ইত্যবসরে যিহুদা অনেক গুলিন অস্ত্রধারি লোকের সমভিব্যাহারে তথায় আসিয়া উপস্থিত হইলে পর তাহারা যিশুকে ধরিয়া কিয়ফা নামক মহা যাজকের নিকটে লইয়া গিয়াছিল। তদনন্তর সেখানে যিহুদীয়েরা তাঁহার বিপক্ষে মিথ্যা সাক্ষ্য লইয়া তাঁহাকে বধযোগ্য জ্ঞান করিয়া-

ছিল। এই সময়ে যিশুর সকল শিষ্য তাঁহাকে ছাড়িয়া পলায়ন করেন। কেবল পিতর ও যোহন্ তাঁহার শেষদশা দেখিবার অভিপ্রায়ে দূরে থাকিয়া তাঁহার পিছে২ মহা যাজকের অট্টালিকাতে আসিয়া প্রবেশ করিয়াছিলেন। পরন্তু এই স্থানে পিতর ত্রাসবশতঃ আপন প্রভুকে তিন বার অস্বীকার করেন। কিন্তু যে পর্য্যন্ত তাঁহার মৃত্যু না হয় তাবৎ যোহন্ তাঁহাকে ছাড়িয়া যান নাই। ইহার পর যিহুদীয়েরা যিশুকে কিয়ফার বাটী হইতে যিহুদা দেশের রোমীয় শাসনকর্ত্তা পন্তিয় পীলাতের স্থানে লইয়া গেলে সে তাঁহাকে নির্দোষ দেখিয়া নানা প্রকারে মুক্ত করিবার চেষ্টা করিয়াছিল। পরে সেনাগণ খ্রীষ্টকে কোড়াঘাত করত তাঁহার মস্তকোপরি কণ্টকের মুকুট দিয়া ও তাঁহাকে রক্তবর্ণ বস্ত্র পরিধান করাইয়া তাঁহার সহিত বিদ্রূপ করিয়াছিল। যেহেতুক তিনি আপনাকে যিহুদীয়দের রাজা করিয়া বলিয়াছিলেন।

প্রশ্ন. খ্রীষ্টকে বধ করিবার জন্যে তাঁহার বিপক্ষগণ কোন্ সময়ে তাঁহাকে ধরিয়াছিল?

উত্তর. নিস্তারপর্ব্ব সময়ে.

প্র. এই পর্ব্ব কিসের স্মরণার্থে পালিত হইত?

উ. ইশ্রায়েলীয়দের মিসরীয় দাসত্ব হইতে উদ্ধারের স্মরণার্থে.

প্র. নিস্তারপর্ব্বের পরিবর্ত্তে আমাদের ত্রাণকর্ত্তা কি স্থাপন করেন?

উ. প্রভুর ভোজন নামক সংস্কার.

প্র. এই সংস্কার কিসের স্মরণার্থে পালিত হইয়া থাকে?

উ. মনুষ্যগণের পাপের নিমিত্তে খ্রীষ্টের মাংস ও রক্ত প্রদানের স্মরণার্থে.

প্র. রোমীয় অধিপতিগণের অধীনে যিহুদীয়দের কি কাহাকে বধ করিবার কিম্বা বাঁচাইবার শক্তি ছিল ?

উ. না এরূপ শক্তি তাহাদের ছিল না.

প্র. রোমীয় সম্রাট্ নিরোর-কালে ও ফ্লোরোর আধিপত্য সময়ে যিহুদীয়েরা আপনাদের উপরে অত্যন্ত দৌরাত্ম্য প্রযুক্ত রোমীয়দের বিপক্ষে উঠিবাতে কি হইয়াছিল ?

উ. য়িহুদীয় সংগ্রাম আরম্ভ হইয়াছিল.]

চতুর্ব্বিংশতি উপদেশ।

১—নিস্তারপর্ব্বের পর পঞ্চাশ দিনের দিন যিহুদীয়েরা অন্য এক মহোৎসব পালন করিত। এই উৎসব তাহাদের মধ্যে সিনয় পর্ব্বত হইতে ব্যবস্থার্পণের স্মরণার্থক ছিল। এই দিবসে অর্থাৎ যিশু খ্রীষ্টের পুনরুত্থানের পর পঞ্চাশ দিনের দিনে শিষ্যগণ এক স্থানে বসিয়া আছেন এমত সময়ে অকস্মাৎ আকাশ হইতে প্রচণ্ড খরতর বায়ুর শব্দের ন্যায় একটা শব্দ আসিয়া যে গৃহে তাহারা বসিয়াছিলেন সেই তাবৎ গৃহ ব্যাপিয়াছিল। পরে অগ্নির স্বরূপ দ্বিখণ্ড জিহ্বা প্রত্যক্ষ হইয়া প্রতিজনের উপরে স্থগিত হইয়া থাকিয়াছিল। তাহাতে করিয়া ইহার লক্ষণ পাওয়া গিয়াছিল যে সকল জাতির নিকটে তাহাদিগকে অশিক্ষিত ভাষাতে মঙ্গল সমাচার প্রচার করিতে হইবেক। তদনন্তর তাহারা সদাত্মাতে পরিপূর্ণ হইয়া নানা প্রকার ভাষায় কথা কহিতে আরম্ভ করিয়াছিলেন; তাহাতে যিহুদীয়েরা বড় বিস্ময়াপন্ন হইলে সাধু পিতর অন্য২ প্রেরিত-দের নামে তাহাদিগকে এই অলৌকিক ব্যাপারের হেতু জ্ঞাপন করিয়াছিলেন। এতদ্ভিন্ন তিনি তাহাদের নিকটে ভবিষ্যদ্বাণী ব্যাখ্যা পুরঃসর কহিয়াছিলেন যে যে যিশুকে তোমরা ক্রুশে বধ করিয়াছ তিনি পুনরুত্থান করত এক্ষণে আপন অঙ্গী-কারানুসারে সদাত্মাকে প্রেরণ করিয়াছেন। পুনশ্চ তিনি তাহা-

দের নিকটে বলিয়াছিলেন যে যিশুই প্রভু ও খ্রীষ্ট এবং তাঁহার নাম ব্যতীত অন্য কোন নাম লইয়া কেহ পরিত্রাণ পাইতে পারিবেক না। অতএব পিতরের এই উপদেশকথা শুনিয়া তিন সহস্র লোক খ্রীষ্টীয় ধর্ম্ম সত্য বুঝিয়া আপনাদের পাপ স্বীকারপূর্ব্বক বাপ্তাইজ হইয়াছিল। পরন্তু প্রেরিতগণের ও অন্য২ সদাত্মাপ্রাপ্ত ব্যক্তিদের মধ্যে সম্পূর্ণ পরিবর্ত্ত হইয়াছিল। তাহারা ধর্ম্মশাস্ত্রের বোধে সুদীপ্ত হওত তাবৎ মানুষ যে পাপী সুতরাং যিশু খ্রীষ্টে বিশ্বাসদ্বারা কেবল প্রাপ্তব্য পরমেশ্বরের অনুগ্রহেতে তাহাদের প্রয়োজন করে ও তাঁহার রাজ্য ঐহিক রাজ্যের ন্যায় নয় ইত্যাদি অবগত হইয়াছিলেন। এতদ্ব্যতিরেকে তাহাদের অন্তরে পরমেশ্বরের প্রতি অগাধ ভক্তি থাকাতে তাহারা আহ্লাদপূর্ব্বক তাঁহার ইচ্ছা পালন করত দুর্দান্ত সাহসের সহিত তাঁহার সত্য ধর্ম্মের বিষয়ে সাক্ষ্য দিয়াছিলেন।

প্রশ্ন. পঞ্চাশ নামক পর্ব্ব যিহুদীয়দের মধ্যে কিসের স্মরণার্থক ছিল?

উত্তর. তাহা তাহাদের মধ্যে সীনায় পর্ব্বত হইতে ব্যবস্থার্পণের স্মরণার্থক ছিল.

প্র. সেই দিনে প্রেরিতদের উপরে কাঁহার আবির্ভাব হইয়াছিল?

উ. সদাত্মার.

প্র. তাহারা সকলে কি শুনিয়াছিলেন?

উ. প্রচণ্ড খরতর বায়ুর শব্দের ন্যায় এক শব্দ.

প্র. ইহা কিসের লক্ষণ ছিল?

উ. সদাত্মার আবির্ভাবের.

প্র. তাহাদের সকলের মস্তকোপরি কি দেখা গিয়াছিল?

উ. অগ্নির স্বরূপ দ্বিখণ্ড জিহ্বা.

প্র. তাহারা তৎক্ষণাৎ কি করিয়াছিলেন ?

উ. তাহারা তৎক্ষণাৎ নানা ভাষাতে প্রচার করিয়াছিলেন.

প্র. এই নানা ভাষা কহন-শক্তিদানের তাৎপর্য্য কি ছিল ?

উ. এই তাৎপর্য্য ছিল যে প্রেরিতদিগকে সকল জাতির নিকটে প্রচার করিতে হইবেক.

প্র. কে তৎক্ষণাৎ প্রচার করিতে আরম্ভ করিয়াছিলেন ?

উ. সাধু পিতর.

প্র. সেই দিনে যে কএক ব্যক্তি পিতরের প্রচারদ্বারা মঙ্গল সমাচারে বিশ্বাস করিতে প্রবৃত্তি পাইয়াছিল তাহাদের সংখ্যা কত ছিল?

উ. তিন সহস্র.

প্র. সেই সময়াবধি প্রেরিতগণ কি করিতে আহ্লাদ করিতেন ?

উ. মঙ্গল সমাচার প্রচার করিতে.

প্র. মোশেহের ব্যবস্থা যে দিবসে অর্পিত হয় বৎসরের সেই দিবসে মঙ্গল সমাচারের ব্যবস্থা যে অর্পিত হইয়াছিল ইহা কি অতি অবধেয় নহে ?

উ. হাঁ ইহা অতি অবধেয় বটে.

প্র. বিদ্যাহীন প্রেরিতদিগকে নানা ভাষায় মঙ্গল সমাচার প্রচার করিতে শুনা কি বড় আশ্চর্য্যের বিষয় ছিল না ?

উ. হাঁ তাহা বড় আশ্চর্য্যের বিষয় ছিল বটে.

প্র. তাহাদের মধ্যে এমত পরিবর্ত্তন কে করিয়াছিলেন ?

উ. সদাত্মা.

২—যদিও যিহূদীয়দের মধ্যে অনেকেই খ্রীষ্ট ধর্ম্মাবলম্বী হইয়াছিল তথাপি তাহাদের মধ্যে অধিকাংশ লোক প্রেরিত-

দের উপদেশ অগ্রাহ্য করত তাহাদিগের সহিত নিষ্ঠুরতাপূর্ব্বক ব্যবহার করিত। তাহারা মণ্ডলীর পরিচর্য্যের নিমিত্তে প্রেরিত-গণ কর্ত্তৃক নিযুক্ত সাত জন পরিচারকদের মধ্যে স্তিফান্ নামক পরিচারককে বধ করিয়াছিল। এই স্তিফান্ প্রথমে আপন প্রাণার্পণদ্বারা যিশু খ্রীষ্টের ধর্ম্মমতের সত্যতা বিষয়ে সাক্ষ্য দিয়া-ছিলেন। অতএব তাহাকে তদ্বিষয়ক প্রথম সাক্ষী কহা যায়। ইহার কিঞ্চিৎ কাল পরে খ্রীষ্টীয় মণ্ডলীতে অন্য দেশীয়দের আগ-মনের উপক্রম হইয়াছিল। ইহাদের মধ্যে প্রথমে যিনি আগমন করেন তাহার নাম কর্ণিলীয়। ইনি এক জন রোমীয় শতসেনা-পতি বা অধ্যক্ষ ছিলেন। আর ইনি সত্য পরমেশ্বরকে স্বীকার করত তাঁহার নিকটে অনবরত প্রার্থনা করিতেন। এতদ্ভিন্ন ইনি বহুদানাদি করিতেন। অপর পরমেশ্বর এক দূতদ্বারা ইহাকে আজ্ঞা করিয়াছিলেন যে তুমি সাধু পিতরকে ডাকাইয়া পাঠাও। পরন্তু ইহার স্থানে যাইতে পিতর যেন সন্দেহ না করেন এমত প্রত্যাদেশ সেই প্রেরিত স্বর্গ হইতে পাইয়াছিলেন। তদনন্তর পিতর কর্ণিলীয়ের স্থানে আসিয়া উপস্থিত হওত কথা কহিতে আরম্ভ করিলে পর কর্ণিলীয় ও অন্য২ সভাস্থ সকলের উপর সদাত্মার আবির্ভাব হইবাতে তাহারা নানা ভাষা কহনের শক্তি পাইয়াছিলেন। অতএব সাধু পিতর তাহাদিগকে তৎক্ষণাৎ বাপ্তাইজ করাইয়াছিলেন। এইরূপে যিহুদীয়েরা মঙ্গল সমাচার অগ্রাহ্য করিলে অন্য দেশীয়েরা তাহা গ্রহণ করাতে ভিন্ন দেশীয়-দের আহ্বানরূপ নিগূঢ় ব্যাপারের যে কথা উক্ত ছিল তাহা পরিপূর্ণ হইবার আরম্ভ হইয়াছিল। পরে অন্য দেশীয়দিগকে খ্রীষ্টীয় ধর্ম্মে আনিবার নিমিত্তে আমাদের ত্রাণকর্ত্তা আপন

স্বর্গারোহণের পর যে ব্যক্তিকে ত্রয়োদশ প্রেরিত করিয়া আহ্বান করিয়াছিলেন তাহার নাম পৌল এই সাধু পৌল পূর্ব্বে খ্রীষ্টীয় ধর্ম্মের এক জন গুরুতর শত্রু ছিলেন।

প্রশ্ন. যিহুদীয়েরা কি খ্রীষ্টীয়দের সহিত নিষ্ঠুর ব্যবহার করিত নাই?

উত্তর. হাঁ তাহা তাহারা করিত বটে.

প্র. তাহারা কি তাহাদের মধ্যে কাহাকে বধ করে নাই?

উ. হাঁ তাহারা তাহা করিয়াছিল.

প্র. যাহারা মঙ্গল সমাচারের সত্যতাবিষয়ে আপনাদের প্রাণার্পণদ্বারা সাক্ষ্য দিয়াছেন তাঁহাদিগকে কি কহা যায়?

উ. তাহাদিগকে সত্যের সাক্ষী কহা যায়.

প্র. খ্রীষ্টীয় ধর্ম্মের এরূপ প্রথম সাক্ষী কে?

উ. সাধু স্তিফান্.

প্র. অন্য দেশীয়দের মধ্যে যে ব্যক্তি প্রথমে খ্রীষ্টীয় মণ্ডলীতে গৃহীত হন তিনি কে?

উ. তিনি কর্ণিলীয় শতসেনাপতি.

প্র. সাধু পিতরকে ডাকাইয়া আনিতে কে তাহাকে প্রত্যাদেশ করিয়াছিলেন?

উ. এক জন স্বর্গীয় দূত.

প্র. যৎকালীন পিতর প্রচার করিতেছিলেন তখন কর্ণিলীয় ও তাহার সঙ্গিগণের উপরে কাঁহার আবির্ভাব হইয়াছিল?

উ. তখন তাহাদের উপরে সদাত্মার আবির্ভাব হইয়াছিল.

প্র. তদনন্তর সাধু পিতর কি করাইয়াছিলেন?

উ. তিনি তাহাদিগকে বাপ্তাইজ করাইয়াছিলেন.

প্র. অন্য দেশীয়দিগকে আহ্বান করা ইহার অর্থ কি?

উ. ইহার অর্থ এই যে তাহাদিগকে খ্রীষ্টেতে বিশ্বাস করিতে নিমন্ত্রণ করা.

প্র. অন্য দেশীয় জাতিরা কাহাদের পরিবর্ত্তে খ্রীষ্টধর্ম্মাশ্রয় করিয়াছেন?

উ. অবিশ্বাসি যিহুদীয়দের পরিবর্ত্তে.

প্র. পরমেশ্বর কাহাকে অন্য দেশীয়গণের প্রেরিত করিয়া মনোনীত করিয়াছিলেন?

উ. সাধু পৌলকে.

প্র. সাধু পৌল পূর্ব্বে কি প্রকার লোক ছিলেন?

উ. তিনি খ্রীষ্টীয়গণের এক জন গুরুতর শত্রু ছিলেন.

প্র. আমাদের প্রভু কি তাহাকে আপন স্বর্গারোহণের পূর্ব্বে আহ্বান করিয়াছিলেন?

উ. না তৎপরে.

৩—খ্রীষ্ট হইতে প্রাপ্ত আজ্ঞানুসারে প্রেরিতগণ সকল জাতিকে উপদেশ করণার্থে পৃথিবীর সর্ব্বত্রে ছড়িয়া পড়িয়াছিলেন। আর যদিও তাহাদের মধ্যে ভিন্ন২ জন ভিন্ন২ পথ দিয়া গমন করত ভিন্ন২ দেশে প্রচার করিয়াছিলেন তথাপি তাহারা একই ঈশ্বরের আত্মাদ্বারা চালিত হইবাতে তাহাদের সকলেই একই প্রকার উপদেশ দিয়াছিলেন।

আমাদের ত্রাণকর্ত্তা কোন বিষয়ই লিখিয়া উপদেশ করেন নাই কিন্তু তিনি কেবল মুখেই শিক্ষা দিতেন। এই রীতানুসারে প্রেরিতেরাও প্রথমে চলিয়াছিলেন এবং তাহাদের মধ্যে

অনেকে কোন লেখনাদি রাখিয়া যান নাই। সে যাহা হউক তাহারা আপনাদের শিষ্যগণকে শিক্ষা করাইয়া তাহাদিগকে অন্যকে উপদেশ করণে সক্ষম করিতে সর্ব্বদা যত্ন করিতেন। পরন্তু মুখে২ শিক্ষা নিয়ত শুদ্ধ থাকিবার সম্পূর্ণ সম্ভাবনা না থাকাতে পরমেশ্বর তাবৎ পরিত্রাণার্থক তথ্য লিখিতে পবিত্র লেখকগণকে সদাত্মাদ্বারা আদেশ করাইয়াছিলেন। এই তথ্য সমস্তের উদ্দেশ এক্ষণে ধর্ম্ম পুস্তকে পাওয়া যায়।

প্রশ্ন. প্রেরিতেরা কি সর্ব্বদা একত্রে ছিলেন?

উত্তর না তাহারা সর্ব্বদা একত্রে ছিলেন না.

প্র. তবে তাহারা কোথায় গিয়াছিলেন?

উ. সকল দেশে.

প্র. তাহারা সেখানে কি করিয়াছিলেন?

উ. তাহারা সেখানে মঙ্গল সমাচার প্রচার করিয়াছিলেন.

প্র. আমাদের ত্রাণকর্ত্তা কিরূপে উপদেশ করিতেন?

উ. মুখে২.

প্র. প্রেরিতেরা কি তদ্রূপ প্রথমে করিয়াছিলেন?

উ. হাঁ তাহারা তদ্রূপ প্রথমে করিয়াছিলেন.

প্র. তাহাদের মধ্যে কএক জন পরসময়ে কিরূপ বিষয় সমস্ত লিখিয়াছিলেন?

উ. আমাদের ত্রাণের নিমিত্তে প্রয়োজনীয় তথ্য সমস্ত.

প্র. সে সমস্ত তথ্যের উদ্দেশ কোথায় পাওয়া যায়?

উ. ধর্ম্মগ্রন্থে.

প্র. কাঁহার দ্বারা পবিত্র লেখকগণ আদিষ্ট হইয়াছিলেন?

উ. সদাত্মাদ্বারা.

৪— যদবধি অন্য দেশীয়দিগকে লইয়া নূতন মণ্ডলীর স্থাপন না হইয়াছিল তাবৎ মঙ্গল সমাচারের প্রচার পরেও কিঞ্চিৎ কাল যিরূশালেম্ নগর ও যিহুদীয়দের রাজ্য থাকে। অবশেষে আমাদের ত্রাণকর্ত্তার ভবিষ্যৎ কথানুসারে যিরূশালেমের বিনাশের সময় আসিয়া উপস্থিত হইলে পর যিহুদীয়েরা রোমীয়গণের সহিত বিরুদ্ধাচার করিবাতে এক মহা রক্তময় সংগ্রাম আরম্ভ হইয়াছিল। তৎকালীন যিরূশালেম্ অবরুদ্ধ হইবাতে এমত দুর্ভিক্ষ হয় যে এক জন মাতা আপনার সন্তানকে ভক্ষণ করে। কেবল এই অবরোধেতে ১১ লক্ষ লোক নষ্ট হইয়াছিল। অপর ভেস্পাসিয়ন্ সম্রাটের পুত্র তিত যিরূশালেম্ নগর জয় করিয়া তন্মধ্যস্থিত মন্দির দগ্ধ করত তাহার বিনাশ করিয়াছিলেন। এই রূপে যে দুষ্ট নগরে অনেকানেক ভবিষ্যদ্বক্তার বিশেষতঃ আপন রাজা ও ত্রাণকর্ত্তা যিশু খ্রীষ্টের রক্তপাত হইয়াছিল সেই নগরের উপরে পরমেশ্বর শাস্তি আনিয়াছিলেন। ফলতঃ যিহুদীয়েরা তাঁহাকে আপনাদের উদ্ধারকর্ত্তা বলিয়া স্বীকার করণে অনিচ্ছু হইলে পর তাহাদিগকে রোমীয়দের দাসত্ব স্বীকার করিতে হইয়াছিল। আর তাহারা তৎকালে আপনাদের দেশ হইতে দূরীকৃত হইয়া যে দুঃখের অবস্থায় পড়ে সেই অবস্থাতেই তাহারা এক্ষণে ১৮ শত বৎসরের অধিক আছে।

প্রশ্ন. মঙ্গল সমাচার প্রচারের পরে যিরূশালেম্ নগর কি থাকিয়াছিল?
উত্তর. হাঁ তাহা থাকিয়াছিল.

প্র. তাহার ভাবি বিনাশের বিষয়ে কে ভবিষ্যৎ কথা কহিয়াছিলেন?
উ. আমাদের ত্রাণকর্ত্তা তাহা কহিয়াছিলেন.

প্র. যিরূশালেম্ বিনষ্ট হইবার পূর্ব্বে তন্নিবাসিরা কি বড় দুঃখ পায় নাই?

উ. হাঁ তাহা তাহারা পাইয়াছিল.

প্র. কেন যিহুদীয়েরা এরূপ শাস্তি পাইয়াছিল?

উ. কারণ তাহারা আমাদের ত্রাণকর্ত্তাকে ও ভবিষ্যদ্বক্তৃগণকে বধ করিয়াছিল.

প্র. যে২ যিহুদীয় লোক আপনাদের মন্দির দগ্ধ হইবার পর সজীব ছিল তাহাদের কি দশা হইয়াছিল?

উ. তাহারা পরাধীন হইয়া পৃথিবীর সর্ব্বত্রে ছড়িয়া ড়িয়াছিল.

প্র. তাহারা কি এক্ষণে সকল জাতির মধ্যে ছিন্নভিন্ন হইয়া আছে?

উ. হাঁ তাহারা তদ্রূপেই আছে.

প্র. কত কাল তাঁহারা এরূপ অবস্থায় আছে?

উ. ১৮ শত বৎসরের অধিক.

৫—প্রেরিতদের মধ্যে সকলে আপন২ প্রাণার্পণদ্বারা খ্রীষ্টীয় ধর্ম্মের সত্যতা বিষয়ে সাক্ষ্য দিয়াছেন এবং তাহাদের শিষ্যগণের মধ্যে যাহারা ধর্ম্মাধ্যক্ষের পদে নিযুক্ত হইয়াছিলেন তাহাদের প্রায় সকলে তদ্রূপ ব্যবহার করেন। কিন্তু অবিশ্বাসি যিহুদীয় কি অন্য দেশীয় লোকেরা উভয়েই খ্রীষ্টীয় লোকদিগকে ঘৃণা করিত। যেহেতুক প্রতিমাপূজা ও সর্ব্বপ্রকার দুষ্ট

আচরণে খ্রীষ্টীয়দের অত্যন্ত অশ্রদ্ধা ছিল। এতদ্ভিন্ন সম্রাট্‌গণ ও বিচারপতি বর্গ খ্রীষ্টীয়দিগের সহিত বারম্বার নিষ্ঠুর ব্যবহার করা আপনাদের এক কর্ত্তব্য কর্ম্ম বোধ করত তাহাদিগকে স্বদেশ হইতে তাড়াইয়া দেয় ও বা তাহাদিগকে কারাগারে বদ্ধ করে নতুবা তাহাদের প্রাণ পর্য্যন্ত লয়। পরন্তু এই সাধু ব্যক্তিদের মরণে বড় ভয় না থাকিবাতে তাহাদের শাস্তির কারণ নানা প্রকার নিষ্ঠুর দণ্ডের প্রথার সৃষ্টি হইয়াছিল। অর্থাৎ কাষ্ঠময় অশ্ব ও কপিকলের দ্বারা তাহাদের হস্তপদাদি বিস্তার করা লৌহের দন্তবৎ শলাকার দ্বারা তাহাদের মাংস বিদারণ করা অগ্নি ও তাহার খাত এবং ফুটান তৈল ও গলান দস্তার দ্বারা তাহাদিগকে দগ্ধ করিয়া মারা। এতদ্ব্যতিরেকে তাহাদিগকে নিষ্ঠুর পশুদ্বারা ভক্ষণ করাণ ও জীবন্ত থাকিতে তাহাদের চর্ম্ম ও নাড়ী বাহির করিয়া লওন এবং তাহাদিগকে করাতদ্বারা বিদীর্ণ করণ। পুনশ্চ তাহাদের হস্তপদাদি কাটিয়া লওন ও চক্ষু দন্ত বাহির করণ এবং নখাদি বিদারণ করণ। কিন্তু এ সকল শাস্তির কিছুতে করিয়া পূর্ব্বোক্ত ধার্ম্মিক খ্রীষ্টীয় ভক্তগণকে খ্রীষ্টকে অস্বীকারপূর্ব্বক তাঁহার ধর্ম্ম ত্যাগ করিতে প্রবৃত্তি দিতে পারে নাই। যেহেতুক তাহারা জানিতেন যে তাহাদের নিমিত্তে স্বর্গে গৌরববিশিষ্ট পুরস্কার সঞ্চিত আছে সুতরাং তাহারা সর্ব্বদা সেই পুরস্কারে আপনাদের ভরসা অর্পণ করিতেন। যদিও খ্রীষ্টীয়গণ তাহাদের প্রতি নিষ্ঠুর ব্যবহারি রাজাদের বিরুদ্ধে আপনাদিগকে বলদ্বারা রক্ষা করেন নাই তথাপি তাহাদের বধ যত হইত তত তাহাদের দলের বৃদ্ধি হইত। অবশেষে পরমেশ্বরের শক্তিদ্বারা খ্রীষ্টীয় ধর্ম্ম পৃথিবীতে সংস্থাপিত হইয়াছে এবং

তাহা পৃথিবীর অন্তপর্য্যন্ত বর্ত্তমান থাকিবেক। যেহেতুক খ্রীষ্ট আপন মণ্ডলী রক্ষা করিবার অঙ্গীকার করিয়াছেন।

প্রশ্ন. কিরূপে প্রেরিতগণ ও প্রথম. ধর্ম্মাধ্যক্ষেরা মরিয়াছিলেন?

উত্তর. তাহারা খ্রীষ্টধর্ম্মের সত্যতা বিষয়ে সাক্ষ্য দিবার জন্যে আপনাদের প্রাণার্পণ করত মরিয়াছিলেন.

প্র. তাহাদের মধ্যে অনেকেই কি আপনাদের ধর্ম্মের কারণ অতিশয় নিষ্ঠুরতা পূর্ব্বক হত হন নাই?

উ. হঁা তাহারা তদ্রূপে হত হইয়াছিলেন.

প্র. প্রাণ পর্য্যন্ত অর্পণকারি সাক্ষিগণের তাবৎ ভরসা কিসের উপরে ছিল?

উ. স্বর্গের গৌরববিশিষ্ট পুরস্কারের উপরে.

প্র. খ্রীষ্টধর্ম্মের হ্রাস করণার্থে তদ্বিপক্ষগণ বহু চেষ্টা পাইলেও তাহা কি পৃথিবীতে সংস্থাপিত হয় নাই?

উ. হঁা তাহা পৃথিবীতে সংস্থাপিত হইয়াছে.

প্র. কত কাল পর্য্যন্ত তাহা থাকিবেক?

উ. যত কাল পৃথিবী থাকিবে তত কাল.

প্র. কে তাহা রক্ষা করিবেন?

উ. আমাদের প্রভু যিশু খ্রীষ্ট.

[প্র. অবশেষে যিহুদীয়েরা কি রোমীয়দিগ কর্ত্তৃক উচ্ছিন্ন হয় নাই?

উ. হঁা ভেস্পাসিয়নের কালে তিত যিহুদীয়দিগকে উচ্ছিন্ন করিয়াছিল.

প্র. এই সময়াবধি এখন পর্য্যন্ত যিহুদীয় জাতি কি দেশত্যাগী হইয়া পৃথিবীর নানা স্থানে ছিন্নভিন্ন হইয়া আছে?

উ. হাঁ তাহারা তদ্রূপেই আছে বটে.

প্র. আমাদের প্রভুর ঘোষণাদি কর্ম্মে প্রবৃত্ত হইবার পূর্ব্বে তিনি কি যিরূশালেমে আগমন করেন নাই?

উ.হাঁ তিনি মারিয়া ও যোষেফের সঙ্গে তথায় ১২ বৎসর বয়সে আগমন করত মন্দিরে যিহুদীয় পণ্ডিতদের সহিত কথোপকথন করিয়াছিলেন.

প্র. ত্রিশ বৎসর বয়সে ঘোষণাদি কর্ম্মে প্রবৃত্ত হইয়া তিনি কত দিন তাহা করিয়াছিলেন?

উ. বোধ হয় তিন ও অর্দ্ধ বৎসরের অধিক নহে.

প্র. কোথায় খ্রীষ্ট মতাবলম্বিরা প্রথমে খ্রীষ্টীয় সংজ্ঞায় বিখ্যাত হন?

উ. অন্তিয়োখ নগরে.

প্র. হেরোদীয় সম্প্রদায় কি

উ. যে সকল লোক হেরোদ মহানের সপক্ষ ছিল তাহাদিগকে হেরোদীয়গণ কহা যাইত.

প্র. সিদ্বাক ও ফরূশি সম্প্রদায়ের মধ্যে কি ভিন্ন২ মত ছিল?

উ. হাঁ তাহাদের মধ্যে পরস্পর ভিন্ন মত ছিল কারণ সিদ্বুকিগণ স্বর্গীয় দূত মানিত না এবং তাহারা মৃত্যুর পর আত্মার ধ্বংস হয় ইহা বোধ করত পরলোক কিম্বা পুনরুত্থানে বিশ্বাস করিত না, কিন্তু ফিরূশিরা সে সমস্তে বিশ্বাস করিত.]

শুদ্ধিপত্র।

উপদেশ	পত্র পৃষ্ঠা	অশুদ্ধ	শুদ্ধ
প্রথম	৪	মৃত্যুবশী	মৃত্যুবশ
———	৪	খড়্গধারী	খড়্গধারি
———	৬	কাহাদিগের	কাহাদিগকে
———	৬	খড়্গধারী	খড়্গধারি
———	৭	মধ্যে	মধ্য
———	১১	উরোগামী	উরোগামি
দ্বিতীয়	১৩	লোকদিগকে	লোককে
———	১৭	সঙ্গিগণে	সঙ্গিগণ
———	১৭	সন্তুতিগণে	সন্তুতিগণ
———	২১	একাদশ	নবম
———	২২	লোকে	লোক
———	২২	অজ্ঞা	আজ্ঞা
———	২২	ভ্রাতুষ্পত্র	ভ্রাতুষ্পুত্র
———	২৪	লোকদিগকে	লোককে
তৃতীয়	২৭	হইবার	করিবার
———	২৮	তাহাদিগের	তাহাদিগ
চতুর্থ	৩১	বিশ্বাসী	বিশ্বাসি
———	৩১	দেশে	পর্ব্বতে

উপদেশ	পত্র পৃষ্ঠা	অশুদ্ধ	শুদ্ধ
———	৩১	যুবা	যুব
———	৩৪	গূহ	গুহা
———	৩৪	বিশ্বাসী	বিশ্বাসি
———	৩৫	উটেদের	উটদের
———	৩৭	তাহাকে	তাঁহাকে
ষষ্ঠ	৪৯	করিব	করিবেন
———	৫১	একারিক্ত	একাতিরিক্ত
———	৫৩	পদ্দেনাহ্	পদ্দেন্
	৫৬	গূহাতে	গুহাতে
———	৫৭	হারাণেতে	খারাণেতে
———	৫৯	কুলপতিদের	কুলপতির
অষ্টম	৭০-৭১	তাঁহাকে	তাহাকে
———	৭২-৮০	তাঁহারা	তাহারা
———	৭৫-৮৫-৮৬	যিহূদা	যিহূদাহ্
———	৮০	করেন	করণে
———	৮০	ভার্য্য	ভার্য্যা
———	৮৫	যাকোবোক্ত	যাকোবুক্ত
———	৮৬	যিহূদার	যিহূদাহের
নবম	৮৮	সম্মতা	সম্মতা
———	৯২	ছুক্ষ	দুগ্ধ

উপদেশ	পত্র পৃষ্ঠা	অশুদ্ধ	শুদ্ধ
———	৯৫	মানুষে ও পশুতে	মানুষ ও পশুগণ
———	৯৫	জাতসন্তানের	জাতের
———	৯৬	ভেকে	ভেক
দশম	১০০	মধ্যে	মধ্য
———	১০৬	করণের	করাণের
———	১০৭	পারিত	পারিতেন
———	১০৭	করিয়াছিল	করিয়াছিলেন
একাদশ	১০৯	কাযের	কার্য্যের
———	১১০	দিনাপেকা	দিনাপেক্ষা
———	১১৪	ব্যক্তি	ব্যক্তির
———	১১৫	খোদা	খোদিত
———	১১৬	করিয়াছিল	করিয়াছিলেন
———	১২০	দেব দেবীর	দেব দেবীগণের
———	১২০	মধ্যে	মধ্য
দ্বাদশ	১২৭	বিনাশ	বিনষ্ট
———	১৩০	কহিষাছিলেন	কহিয়াছিলেন
———	১৩৩	তাহারা	ইহারা
———	১৩৩	তাহাদিগকে	ইহাদিগকে
———	১৩৫	জবীরাম্	অবীরাম্
ত্রয়োদশ	১৩৭	তীরপ্লাবিত	তীরপ্লাবিত

উপদেশ	পত্র পৃষ্ঠা	অশুদ্ধ	শুদ্ধ
———	১৪৪	তাহাকে	তাঁহাকে
———	১৪৫	তাঁহার	তাহার
———	১৪৭	করিষাছিল	করিয়াছিল
———	১৪৭	করিতে	করিতে-
চতুর্দশ	১৪৮	যিফ্‌তাক্	যিফ্‌থাক্
———	১৫০	আচার্য্যাণী	আচার্য্যানী
———	১৫৩	যিহুদার	যিহুদাহের
———	১৫৪	নতুবা	এবং
———	১৫৫	দেবতাগণের	দেব দাগোনের
পঞ্চদশ	১৬০	তৎকাল	তৎকালে
———	১৬৩	বধ	হত
———	১৬৪	লোক	লোকের
ষোড়শ	১৭০	রাজা	রাজার স্বরূপে
———	১৭০	করিষা	করিয়া
———	১৭১	নিকাশ	কারণ
———	১৭২	চলিয়া	চলাইয়া
সপ্তদশ	১৮৩	শিজ	নিজ
———	১৮৩-১৮৪-১৮৫	বধ	হত

উপদেশ	পত্র পৃষ্ঠা	অশুদ্ধ	শুদ্ধ
অষ্টাদশ	১৮৮-১৮৯	মনোগত	মনোমত
——	১৮৮	জাতিগণ	জাতি
——	১৯২	সংবাদ	সম্বাদ
——	১৯৫	ভবিষ্যদ্বক্তা	যাদুকক
——	১৯৮	বধ	হত
ঊনবিংশতি	২০২	গৃহ	গৃহে
——	২০৪	করিয়া	করাইয়া
——	২০৬	নতা	ছল
বিংশতি	২০৭	করে	করায়
——	২০৮	পূর্ব্বক	করাইয়া
——	২০৮	মধ্যে	মধ্য
——	২১১	সে	এ
একবিংশতি	২১৬	পাইয়াছিল	পাইয়াছিলেন
——	২১৮	ছিলিন	ছিলেন
——	২১৯	সম্থেরীরের	সন্থেরীবের
দ্বাবিংশতি	২২৬	ভক্ত	ভক্তেরা
——	২২৭	জ্বলন্ত	প্রজ্বলিত
——	২২৭	যায়	যান

পদেশ	পত্র পৃষ্ঠা	অশুদ্ধ	শুদ্ধ
———	২৩৫	মস্তথিয়াকে	মস্তাথিয়াকে
———	২৩৯	মাম	নাম

দ্বাবিংশতি	২৪১	রাত্রে	রাত্রিতে
———	২৪৫	তৎকালেই	তাহার পূর্ব্বেই
———	২৪৯	মুকুকে	মুককে
———	২৪৯	সম্পর্ণ	সম্পূর্ণ
———	২৫০	আশ্চর্য্য	চমৎকৃত
———	২৫৩	পতিত	পাতিত
———	২৫৭	রড়	বড়
———	২৫৮	কযা	করা
———	২৬২	করে	করায়
———	২৬২	অধিপতি	অধিপতির
চতুর্ব্বিংশতি	২৬৪	ব্যাথা	ব্যাখ্যা

সর্ব্বত্রে তথায় হইতের পরিবর্ত্তে তথা হইতে পাঠ করিও.